গ্রন্থমালা— ৩

# বুদ্ধ-বংশ

( বাংলা অনুবাদ সমেত )

ভিক্ষু প্রাতিমোক্ষ, ধর্ম্ম সংহিতা. মিলিন্দ প্রশ্ন
প্রভৃতি গ্রন্থ প্রণেতা বুদ্ধ শাসনের বীর্য্য স্তম্ভ
পিটক ত্রয় কোবিদ বৌদ্ধ মিশনের
প্রতিষ্ঠাতা ও সভাপতি

**বিনয়াচার্য্য শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির**

পালি শাস্ত্র বিশারদ

**শ্রীমৎ আর্য্যবংশ স্থবির এবং কবি ৺জ্যোতি পাল**

ভিক্ষু কর্ত্তৃক সংশোধিত

## শ্রীধর্ম্ম তিলক স্থবির

কর্ত্তৃক অনূদিত

**মহাভিক্ষু সমাগমের উদ্বৃত্ত টাকাদ্বারা প্রকাশিত**

১ম সংস্করণ

রেঙ্গুন বৌদ্ধ মিশন প্রেসে মুদ্রিত।

২৪৭৮ বুদ্ধাব্দ

১৯৩৪ খৃষ্টাব্দ

# সমর্পণ

জন্ম-জরা-ব্যাধি-মরণ প্রভৃতি ভব-দুঃখ প্রপীড়িত প্রাণীদের পরিত্রাতা পতিত পাবন ভগবান বুদ্ধগণের অমল জীবন কাহিনী সম্বলিত সমূলানুবাদ বুদ্ধবংশ বঙ্গ ভাষা ভাষী সহৃদয় প্রত্যেক ভ্রাতা ভগ্নিদের করে সমর্পণ করিলাম।

বুদ্ধবংশের সমর্পণ জনিত বিপুল পুণ্যসম্পদ স্বর্গীয় পিতা মাতা প্রমুখ সমস্ত সত্ত্বগণের হিত-সুখ তরে পুলক অন্তরে বিতরণ করিতেছি। তদনুমোদনে সমস্ত জীব-জগত শান্তি সলিলে অবগাহন করিয়া পরিতৃপ্ত হউক, ইহাই আমার আন্তরিক কামনা।

ধর্ম্ম তিলক স্থবির।



Visit: http://www.buddhistdownload.com

# নিবেদন

**পর্ব্বত** তুল্য উত্তাল বাধা-বিঘ্ন অতিক্রম করিয়া বহু আয়াসে সমূল অনুবাদ **বুদ্ধ-বংশ** প্রকাশিত হইল। ইহা অনন্ত জ্ঞানী পরম পবিত্র বুদ্ধগণের অপার মহিমা মাত্র।

বিগত পাঁচ বৎসর পূর্ব্বে যখন বৌদ্ধ মিশন সংগঠিত হয়, তখন মিশনের অন্যতম প্রাণদাতা মদীয় আচার্য্য মহোদয় আমাকে **বুদ্ধবংশ ও সারসংগ্রহ** দুইখানি গ্রন্থ সঙ্কলনের আদেশ করেন। **সারসংগ্রহ** মৎকর্ত্তৃক অনুবাদিত হইয়া দুই বৎসর পূর্ব্বে প্রকাশিত হইয়াছে। আমি তাঁহার আদেশ শিরোধার্য্য করিয়া **বুদ্ধ-বংশ** ও অনুবাদ করিতে প্রবৃত্ত হই। তবে ইহার সম্পাদনায় কতদূর কৃতকার্য্য হইয়াছি, সেই বিচার সহৃদয় পাঠক পাঠিকাদের হাতে। অনুবাদ কালে—মূল গ্রন্থের সহিত অনুবাদের যথাসম্ভব সামঞ্জস্য রাখিবার চেষ্টা করিয়াছি। অথচ— আধুনিক রুচী বাগীশদের রুচী অনুসরণে পুণ্যময় পবিত্র গ্রন্থ, সংস্কার অস্ত্রে সংহার করিবার সাহস করি নাই।' কেহ কেহ হয়তঃ ইহা আমার গোঁড়ামীও বলিতে পারেন।

**বুদ্ধ-বংশের** মুদ্রণ কার্য্য প্রথম—বৌদ্ধ সাহিত্য গগনের উদীয়মান ভাস্কর কবি ৺জ্যোতি পাল ভিক্ষুর প্রযত্নে আরম্ভ হইয়াছিল। তাঁহার অকাল মৃত্যুতে বৌদ্ধ-মিশনের তথা বৌদ্ধ সমাজের সমূহ ক্ষতি হইয়াছে। তাঁহার জীবনের পূত কাহিনী



Visit: http://www.buddhistdownload.com

স্মরণ করিলে—শোকোচ্ছ্বাসে হৃদয় ব্যাকুল হইয়া যায়। সমগ্র বৌদ্ধ-সমাজ আজ তাঁহার অভাব অনুভব করিতেছে। ৺জ্যোতি পালের আকস্মিক তিরোধানে আমাদিগকে বিশেষ অসুবিধায় পড়িতে হইয়াছে এবং বুদ্ধবংশ প্রচারেও অপ্রত্যাশিত বিলম্ব ঘটিয়াছে। এই জন্য অনুরাগী পাঠক-পাঠিকাদের নিকট বাস্তবিকই লজ্জিত।

ইহার সম্পূর্ণ পাণ্ডুলিপি খানি পরমারাধ্য আচার্য্য মহোদয় দেখিয়া দিয়াছেন এবং প্রথম হইতে শেষ পর্য্যন্ত ক্রমিক সংখ্যা যোজনা করিয়া গ্রন্থের গৌরব বৃদ্ধি ও পাঠক বৃন্দের সুবিধা করিয়াছেন। মাননীয় শ্রীমৎ আর্য্য বংশ স্থবির মহোদয় ইহার বহু সংশোধন ও পরিবর্ত্তন করিয়া দিয়াছেন, তাই তাঁহার নিকট চির কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলাম। মাননীয় প্রজ্ঞানন্দ স্থবির মহোদয় সারগর্ভ ভূমিকা লিখিয়া দিয়া প্রকৃত বুদ্ধভক্তির পরিচয় দিয়াছেন। **বুদ্ধ-বংশের** প্রথম সাত ফর্ম্মার সঙ্গে কর্ম্মবীর ৺জ্যোতি পালের কর্ম্মস্মৃতি বিজড়িত। অবশিষ্টাংশ বৌদ্ধ মিশনের অন্যতম হিতৈষী কর্ম্মী মাননীয় শ্রীমৎ প্রজ্ঞানন্দ স্থবির ও আমার সোদর প্রতিম সঙ্ঘ-শক্তি ও বৌদ্ধ-মিশনের সুযোগ্য সম্পাদক শ্রীমৎ শীলালঙ্কার স্থবির মহোদয় দ্বয় অতিশয় নিপুণতার সহিত সম্পন্ন করিয়াছেন। এজন্য আমি তাঁহাদের নিকট অচ্ছেদ্য কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলাম।

ইহার প্রথম বারের পাণ্ডুলিপি খানি আমার স্নেহ ভাজন শিষ্য শ্রীমান ধর্ম্মপ্রিয় ভিক্ষু সুন্দর হস্তাক্ষরে লিখিয়া দিয়া আমার যথেষ্ট সাহায্য করিয়াছে। আমি সরল অন্তরে তাহার সমুন্নত শাসনিক জীবন কামনা করি।



Visit: http://www.buddhistdownload.com

শত চেষ্টায়ও অভ্রান্ত গ্রন্থ প্রকাশ করা যায় না। ভ্রম প্রমাদ পূর্ণ গ্রন্থ জনসমাজে প্রচার করা কোন গ্রন্থকারের অভিপ্রেত নহে, কিন্তু গ্রন্থ সম্পাদনা যে কিরূপ দূরোহ ব্যাপার তাহা বিজ্ঞগণ মাত্রেই অবগত আছেন। অনিচ্ছা সত্ত্বেও গ্রন্থের অনেক স্থানে ত্রুটী বিচ্যুতি রহিয়া যায়। ইহাতেও যে থাকিবে না তাহা নহে।

তবে আশা করি সদাশয় পাঠক পাঠিকাগণ আমার অনিচ্ছাকৃত ত্রুটী নিজগুণে মার্জ্জনা করিবেন। **বুদ্ধবংশ** স্বধর্ম্ম নিষ্ঠ প্রত্যেক বুদ্ধভক্তদের নিকট সমাদৃত হইলে আমার পরিশ্রম সফল মনে করিব।

দিস্সন্তি বে যদি পমাদ ভবেহ দোসা<br>
দোসঞ্ঞুনো তদখিলং পরিসোধয়ন্তু,<br>
মা চেত্থ সত্থ বিমুখা মুখরা খলেদং<br>
দূসেন্তু দুস্সনরতা সুপরিস্সমং মে।

**আষাঢ়ী পূর্ণিমা,**<br>
৯ই শ্রাবণ<br>
২৫শে জুলাই<br>
১৯৩৪ খৃষ্টাব্দ

**শ্রীধর্ম্ম তিলক স্থবির।**<br>
আকিয়াব



Visit: http://www.buddhistdownload.com

# ভূমিকা

পৃথিবীর মধ্যে পূর্ব্ববিদেহ, অপরগোয়ান, উত্তরকুরু এবং জম্বুদ্বীপ নামে চারিটি মহাদ্বীপ আছে। তন্মধ্যে জম্বুদ্বীপ সর্ব্ব-শ্রেষ্ঠ। জম্বুদ্বীপের মধ্যেও আবার মধ্যদেশ সর্ব্বশ্রেষ্ঠ। মধ্য-দেশের সীমা পালিগ্রন্থে নিম্নোক্তরূপে উল্লেখ আছে— "পুরত্থি-মায় দিসায় কজঙ্গলং নাম নিগমো...পুরত্থিমায় দক্খিণায় দিসায় সললবতী নাম নদী...দক্খিণায় দিসায় সেত কণ্ণিকং নাম দিগমো... পচ্ছিমায় দিসায় থূনং নাম ব্রাহ্মণ গামো...উত্তরায় দিসায় উসীরদ্ধজো নাম পব্বতো। এবং পরিচ্ছিন্নে আয়ামতো তিয়োজন সতে বিত্থারতো অড্ঢতিয়োজন সতে পরিক্খেপতো নবয়োজন সতে মজ্ঝিম পদেসো উপ্পজ্জতি।"—পূর্ব্বদিকে কজঙ্গল নিগম (বর্ত্তমান কংকজোল, সাঁওতাল পরগণা, বিহার প্রদেশ), পূর্ব্ব-দক্ষিণদিকে সললবতী নদী, দক্ষিণ দিকে শ্বেতকর্ণিক নিগম (বর্ত্তমান থানেশ্বর, কর্ণালিমণ্ডলে সরস্বতী নদীর নাতিদূরে অবস্থিত), পশ্চিম দিকে থূন নামক ব্রাহ্মণ পল্লী এবং উত্তর দিকে উসীরদ্ধজ নামক পর্ব্বত (হরিদ্বারের নিকটবর্ত্তী পর্ব্বত)। দৈর্ঘ্যে তিনশত যোজন, প্রস্থে আড়াইশত যোজন এবং গোলাকারে নয়শত যোজন পরিমিত স্থান মধ্যদেশ নামে অভিহিত হয়।



Visit: http://www.buddhistdownload.com

এই স্থান স্মরণাতীত কাল হইতে পবিত্রভূমি বলিয়া বৌদ্ধ সাহিত্যে উল্লেখ আছে। জগতে যত বুদ্ধ আবির্ভূত হইয়াছেন এবং হইবেন সকলেরই জন্মস্থান এই মধ্যদেশ। কেবল যে বুদ্ধেরাই এই স্থানে জন্মগ্রহণ করেন তাহা নহে। প্রচ্চেক বুদ্ধ, অগ্রশ্রাবক, অশীতি মহাশ্রাবক, বুদ্ধের মাতা-পিতা, চক্রবর্ত্তী রাজা এবং অন্যান্য বিখ্যাত ব্যক্তিরাও এই স্থানে জন্ম গ্রহণ করিয়া পৃথিবীতে নব ভাবের প্রেরণা দিয়া তাপিত জীবমণ্ডলীর মরু-হৃদয়ে শান্তিধারা বর্ষণ করেন।

বৌদ্ধ-ধর্ম্ম এই পবিত্র ভূমির মূলধর্ম্ম। এই ধর্ম্মের সঙ্গে মানবের নিত্য সম্বন্ধ বিদ্যমান। যখন মানব-সমাজ প্রকৃত ধর্ম্ম ভুলিয়া নানা প্রকারে মিথ্যাদৃষ্টিতে জড়িত হইয়া পড়ে এবং ভোগ পরায়ণ হইয়া রাগ-দ্বেষের বীজ বপন করত দুঃখিত, পীড়িত, সন্তাপিত হইয়া পড়ে তখনই সেই দুঃখ নিবারণ ও কল্যাণের নিমিত্ত পরম কারুণিক মহামানব বুদ্ধ সংসারে প্রাদুর্ভূত হইয়া ধর্ম্মের প্রকৃত স্বরূপ, স্বীয় উপদেশ, চরিত্র প্রভাবে শিখাইয়া দেন। এই কারণে প্রবাহরূপে বৌদ্ধ-ধর্ম্ম অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে এবং অনন্ত কাল থাকিবে। বুদ্ধ সাধারণ মানব নহেন। তিনি অনন্ত জ্ঞান, অপার করুণা এবং অগাধ বিশুদ্ধ গুণের আধার। যেমন রুগ্নের রোগ মুক্তির নিমিত্ত উত্তম ভিষকের আবশ্যকতা থাকে, তেমন ত্রিবিধ দুঃখে তাপিত প্রাণী-সমূহের দুঃখ নিবারণের জন্য নির্দ্দোষ সর্ব্বাঙ্গপূর্ণ মহামানবের আবশ্যকতা চিরকাল ছিল ও চিরকাল থাকিবে। এই জন্য অসংখ্য বৎসর পরে জগতে এক এক জন মহামানব—পূর্ণ পুরুষ—সম্যক-



Visit: http://www.buddhistdownload.com

সম্বুদ্ধরূপে আবির্ভূত হইবার মানসে বোধিসত্ত্ব কঠিন তপস্যা প্রভাবে আধ্যাত্মিক যোগ্যতা লাভের জন্য অনন্তকাল ধরিয়া পারমী পূর্ণ করিয়া প্রস্তুত হইতে থাকেন। বুদ্ধের আবির্ভাব কোন দেশ বা জাতি বিশেষের জন্য হয় না, জগতের সমস্ত জীবমণ্ডলীর জন্ম-জরা-ব্যাধি-মৃত্যুদুঃখ বিনাশের নিমিত্তই হইয়া থাকে। এই জন্য বুদ্ধ জগতের সমস্ত মূল্যবান রত্নাপেক্ষা মহান্ রত্ন। জীবের কল্যাণের নিমিত্ত—শ্রেয়ঃ লাভের নিমিত্ত তাঁহার বাণীও সংসারের সমস্ত মহার্ঘ রত্নাপেক্ষা শ্রেষ্ঠ রত্ন। ধর্ম্মানুরূপ স্বীয় আদর্শ জীবন ও উপদেশ দ্বারা বুদ্ধের বাণী যাঁহারা প্রচার করেন তাঁহারাও জগতের সকল রত্নাপেক্ষা শ্রেষ্ঠ রত্ন বলিয়া অভিহিত হন। যেই ভাগ্যবান ব্যক্তি এই ত্রিবিধ শরণের আশ্রয় গ্রহণ করে সে অনাবিল সুখ-শান্তির অধিকারী হইয়া থাকে। তাই বুদ্ধের আবির্ভাবে আনন্দাপ্লুত হইয়া দেবতারা স্তব করিয়া থাকেন

"লোক ক্লেশাগ্নি সন্তপ্তে প্রাদুর্ভূতোহয়ংহ্রদঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগন্মোচয়িষ্যতি।
অজ্ঞাত তিমিরে লোকে প্রাদুর্ভূতঃ প্রদীপকঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগত্তারয়িষ্যতি।
শোক-সাগর কন্তারে বান শ্রেষ্ঠ মুপস্থিতম্
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগত্তারয়িষ্যতি।
ক্লেশ বন্ধন বদ্ধানাং প্রাদুর্ভূতঃ প্রমোচকঃ
অয়ং তং প্রাপ্যতে ধর্ম্মং বজ্জগন্মোচয়িষ্যতি।
জরা-ব্যাধি-কিলিষ্ঠানং প্রাদুর্ভূতোভিষগ্বরঃ
অবং তং প্রাপ্যতে ধর্ম্মং জাতি মৃত্যু প্রমোচকম্।"



Visit: http://www.buddhistdownload.com

ভগবান গৌতম বুদ্ধ যেই বুদ্ধদের পাদমূলে বোধিসত্ত্বাবস্থায় বুদ্ধত্ব প্রাপ্তির মানসে প্রার্থনা করিয়া দান শীলাদি দশবিধ পারমী পূর্ণ করিয়া সর্ব্বজ্ঞতা লাভ করিয়াছিলেন সেই বুদ্ধদের ও গৌতম বুদ্ধের জীবন বৃত্তান্ত যেই গ্রন্থে লিপিবদ্ধ আছে তাহার নাম **বুদ্ধ-বংশ**।

এই গ্রন্থ সূত্র পিটকান্তর্গত খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত পঞ্চদশ গ্রন্থের মধ্যে অন্যতম। খুদ্দক নিকায়ের অন্তর্গত গ্রন্থগুলির দ্বিবিধ সংখ্যা, গণনা ও পর্য্যায় দৃষ্ট হয়। দীঘভাণকদিগের মতানুসারে খুদ্দক নিকায়ের গ্রন্থগুলির সংখ্যা ১২; মজ্ঝিম ভাণকদিগের মতানুসারে ইহাদের সংখ্যা ১৬; দীঘ ভাণকদিগের গণনা অনুসারে খুদ্দক নিকায়ের গ্রন্থের তালিকায় বুদ্ধ-বংশের নামোল্লেখ নাই।

মজ্ঝিম ভাণকদিগের গণনা পর্য্যায় কিরূপ ছিল তাহা বুদ্ধঘোষ স্পষ্ট উল্লেখ করেন নাই। তিনি শুধু বলিয়াছেন যে—মজ্ঝিম ভাণকগণ চরিয়াপিটকে, বুদ্ধ-বংশ ও অপদান—এই তিনটি গ্রন্থও খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত করিয়াছিলেন। বুদ্ধঘোষ মজ্ঝিম ভাণক নির্দ্দিষ্ট পঞ্চদশ সংখ্যা গ্রহণ করিয়া খুদ্দক নিকায়ের গ্রন্থগুলি নিম্ন পর্য্যায়ে উল্লেখ করিয়াছেন এবং তাঁহার প্রদত্ত পর্য্যায় পরবর্ত্তী স্থবিরেরা গ্রহণ করিয়াছেন। (১) খুদ্দক পাঠ, (২) ধম্মপদ, (৩) উদান, (৪) ইতিবুত্তক, (৫) সুত্তনিপাত, (৬) বিমানবত্থু, (৭) পেতবত্থু, (৮) থেরগাথা, (৯) থেরীগাথা, (১০) জাতক, (১১) নিদ্দেস, (১২) পটিসম্ভিদামগ্গ, (১৩) অপদান, (১৪) বুদ্ধবংস, (১৫) চরিয়াপিটক।



Visit: http://www.buddhistdownload.com

মহাবোধি বংশের ৯৪ পৃষ্ঠায় লিখিত আছে যে প্রথম সঙ্গীতিতে অঙ্গুত্তর নিকায় আবৃত্তি ও সংগ্রহ করিবার পর পঞ্চশত অর্হৎ সদস্য নিম্নক্রমে অভিধর্ম্ম ও খুদ্দক নিকায়ের গ্রন্থগুলি আবৃত্তি করিয়া তৎসমস্ত শিক্ষা দিয়াছিলেন। অভিধর্ম্ম পিটকের অন্তর্গত ধম্মসঙ্গনি, বিভঙ্গ, কথাবত্থু, পুগ্গলপঞ্ঞত্তি, ধাতুকথা, যমক ও পট্‌ঠান এই সাতখানি গ্রন্থ; সুত্তনিপাত, ধম্মপদ, উদান, ইতিবুত্তক, বিমানবত্থু, পেতবত্থু, থেরগাথা, থেরীগাথা, জাতক, নিদ্দেস, পঠিসম্ভিদামগ্গ, অপদান, বুদ্ধবংস ও চরিয়াপিটক খুদ্দক-নিকায়ভুক্ত গ্রন্থ সমূহ।

বুদ্ধঘোষের তালিকার বিশেষত্ব এই যে খুদ্দকপাঠ নামে একটি নূতন গ্রন্থ খুদ্দক নিকায়ের অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং মহানিদ্দেস ও চুলনিদ্দেস এই দুইটি গ্রন্থ একটি গ্রন্থরূপে গণনা করা হইয়াছে।

বুদ্ধবংশ যে অতি প্রাচীন গ্রন্থ তাহা বিশেষরূপে জানা গেল। গ্রন্থটি পালি পদ্যে লিখিত। এযাবৎ ভারতীয় কোন অক্ষরে ইহার মূল কিম্বা ভারতীয় কোন ভাষায় ইহার অনুবাদ বাহির হয় নাই। শ্রীমৎ ধর্ম্মতিলক স্থবির এই উপাদেয় গ্রন্থ বঙ্গাক্ষরে মূল ও বঙ্গ ভাষায় অনুবাদ করিয়া বঙ্গীয় পাঠকের হস্তে অর্পণ করিলেন।

পালি শিক্ষার্থীর উপযোগী করিয়া আক্ষরিক অনুবাদ করায় অনুবাদটি পাঠকের চক্ষে খট্ মট্ বোধ হইতে পারে। তবুও মূল বিষয় জানিতে কাহাকেও শ্রম স্বীকার করিতে হইবে বলিয়া বোধ হয় না।



Visit: http://www.buddhistdownload.com

আশা করি, সুধী পাঠক বৃন্দ গ্রন্থটি সাদরে পাঠ করিয়া অতীত বুদ্ধদের আশ্চর্য্যজনক পূত কাহিনী পাঠ করিয়া অনাবিল আনন্দ উপভোগ করিবেন।

| | | |
|---|---|---|
| শুক্লাসপ্তমী, চৈত্র | } | প্রজ্ঞানন্দ স্থবির। |
| ১৩৪০ বঙ্গাব্দ | | রেঙ্গুন |



Visit: http://www.buddhistdownload.com

# অশুদ্ধি শোধন।

( সংখ্যা গুলি পৃষ্ঠা ও পঙ্‌ক্তি বোধক )

১১—৫ ভূযহং, ২৩—১৬ আকাঙ্ক্ষা, ২৩—২০ বিষ্ঠা, ৩১—২২ চতুর্সত্যং, ৩৪—৪ কোলিতো, ৩৫—৫ বিরঞ্জিয়, ৭৬—১ তত্থাপি, ৭৭—১৮ প্রার্থিত, ৭৮—১৯ সংখ্যা, ৮৮—১১ রেবত মুনি, ৯৯—৬ পব্বতোব, ১০৪—১৫ অনোমদর্শী, ১০৫—১৩ অনুপম, ১০৬—১৯ নরার্ষভ, ১১৯—৮ কুসলো, ১২১—৪ চক্খুমা, ১২৩—১১ বিস্তীর্ণ, ১৩৬—১৪ উপসেন, ১৬৮—১০ দ্বেনবুতে, ১৮৫—৪ তিন, ১৯৫—২০ প্রার্থিত হইয়া, ২০২—১৮ ইন্ধনে, ২০৬—১ জোতি পাল, ২০৬—৯ আরব্ধ, ২১০—২ অলঙ্কারং, ২১৫—১০ অগ্গুপট্ঠাকুপাসকা, ২১৬—১৯ অগ্নির ।



Visit: http://www.buddhistdownload.com

# সূচী পত্র।


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | রত্ন চঙ্ক্রমণ কাণ্ড ... ... ... | ১ |
| ২। | চঙ্ক্রমণ নির্ম্মাণ প্রণালী ... ... ... | ৫ |
| ৩। | দেবগণের স্তুতি ... ... ... | ৮ |
| ৪। | দীপঙ্কর বুদ্ধ-বংশ ... ... ... | ২১ |
| ৫। | কৌণ্ডিণ্য বুদ্ধ-বংশ ... ... ... | ৬৪ |
| ৬। | মঙ্গল বুদ্ধ-বংশ ... ... ... | ৭৩ |
| ৭। | সুমন বুদ্ধ-বংশ ... ... ... | ৮০ |
| ৮। | রেবত বুদ্ধ-বংশ ... ... ... | ৮৭ |
| ৯। | সোভিত বুদ্ধ-বংশ ... ... ... | ৯৩ |
| ১০। | অনোমদর্শী বুদ্ধ-বংশ ... ... ... | ৯৯ |
| ১১। | পদুম বুদ্ধ-বংশ ... ... ... | ১০৫ |
| ১২। | নারদ বুদ্ধ-বংশ ... ... ... | ১১১ |
| ১৩। | পদুমুত্তর বুদ্ধ-বংশ ... ... ... | ১১৮ |
| ১৪। | সুমেধ বুদ্ধ-বংশ ... ... ... | ১২৫ |
| ১৫। | সুজাত বুদ্ধ-বংশ ... ... ... | ১৩২ |
| ১৬। | প্রিয়দর্শী বুদ্ধ-বংশ ... ... ... | ১৪০ |
| ১৭। | অর্থদর্শী বুদ্ধ-বংশ ... ... ... | ১৪৫ |
| ১৮। | ধর্ম্মদর্শী বুদ্ধ-বংশ ... ... ... | ১৫১ |
| ১৯। | সিদ্ধার্থ বুদ্ধ-বংশ ... ... ... | ১৫৬ |
| ২০। | তিষ্য বুদ্ধ-বংশ ... ... ... | ১৬১ |
| ২১। | ফুস্স বুদ্ধ-বংশ ... ... ... | ১৬৭ |




Visit: http://www.buddhistdownload.com

| | | |
|---|---|---|
| ২২। | বিপশ্বী বুদ্ধ-বংশ ... ... ... | ১৭২ |
| ২৩। | সিখী বুদ্ধ-বংশ ... ... ... | ১৮০ |
| ২৪। | বেস্সভূ বুদ্ধ-বংশ ... ... ... | ১৮৬ |
| ২৫। | ককুসন্ধ বুদ্ধ-বংশ ... ... ... | ১৯২ |
| ২৬। | কোনাগমন বুদ্ধ-বংশ ... ... ... | ১৯৮ |
| ২৭। | কশ্যপ বুদ্ধ-বংশ ... ... ... | ২০৪ |
| ২৮। | গৌতম বুদ্ধ-বংশ ... ... ... | ২১২ |
| ২৯। | বুদ্ধ প্রকীর্ণক কাণ্ড ... ... ... | ২১৭ |
| ৩০। | ধাতু ভাজনীয় কথা ... ... ... | ২২০ |


## ব্যবহৃত সাঙ্কেতিক অক্ষর।

ইং= ইংরেজী পুস্তক।

ব্রঃ= ব্রহ্ম দেশীয় পুস্তক।

লঃ= লঙ্কা বা সিলোন মুদ্রিত পুস্তক।

হঃ= হস্ত লিখিত পুস্তক।



Visit: http://www.buddhistdownload.com

# THE PALI ALPHABET

## *IN BENGALI CHARACTER.*

## Vowels.

অ a    আ ā    ই i    ঈ ī    উ u    ঊ ū    এ e    ও o

## Consonants.

| | | | | |
|---|---|---|---|---|
| ক ka | খ kha | গ ga | ঘ gha | ঙ ṅa |
| চ ca | ছ cha | জ ja | ঝ jha | ঞ ña |
| ট ṭa | ঠ ṭha | ড ḍa | ঢ ḍha | ণ ṇa |
| ত ta | থ tha | দ da | ধ dha | ন na |
| প pa | ফ pha | ব ba | ভ bha | ম ma |
| য ya | র ra | ল la | ব va | স sa |
| হ ha | ল় ḷa | অং aṃ | | |



Visit: http://www.buddhistdownload.com

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কা kā | কি ki | কী kī | কু ku | কূ kū | কে ke´ | কো ko´ |
| খা khā | খি khi | খী khī | খু khu | খূ khū | খে khe´ | খো kho´ |
| গা gā | " | " | " | " | " | " |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্ক kka | ক্খ kkha | ক্য kya | ক্রি kri | ক্ব kva |
| খ্য khya | খ্ব khva | গ্গ gga | গ্ঘ ggha | গ্র gra |
| ঙ্ক ṅka | ঙ্খ ṅkha | —— | ঙ্গ ṅga | ঙ্ঘ ṅgha |
| চ্চ cca | চ্ছ ccha | জ্জ jja | জ্ঝ jjha | ঞ্ঞ ñña |
| ঞ্হ ñha | ঞ্চ ñca | ঞ্ছ ñcha | ঞ্জ ñja | ঞ্ঝ ñjha |
| ট্ট ṭṭa | ট্ঠ ṭṭha | ড্ড ḍḍa | ড্ঢ ḍḍha | ণ্ণ ṇṇa |
| ণ্ট ṇṭa | ণ্ঠ ṇṭha | ণ্ড ṇḍa | ণ্হ ṇha | ত্ত tta |
| ত্থ ttha | ত্ব tva | ত্র tra | দ্দ dda | দ্ধ ddha |
| দ্র dra | দ্ব dva | ধ্ব dhva | ন্ত nta | ন্থ ntha |
| ন্দ nda | ন্ধ ndha | ন্ন nna | ন্হ nha | প্প ppa |
| প্ফ ppha | ব্ব bba | ব্ভ bbha | ব্র bra | ম্প mpha |
| ম্ফ mpha | ম্ব mba | ম্ভ mbha | ম্ম mma | ম্হ mha |
| য্য yya | য্হ yha | ল্ল lla | ল্য lya | ল্হ lha |
| ব্হ wha | স্স ssa | স্ম sma | স্ব swa | হ্ম hma |
| হ্ব hva | ল্হ ḷha | | | |

া ā   ি i   ী ī   ু u   ূ ū   ে e´   ো o´



Visit: http://www.buddhistdownload.com

# বুদ্ধ-বংসো

নমোতস্স ভগবতো অরহতো সম্মা সম্বুদ্ধস্স।

১। ব্রহ্মা চ লোকাধিপতী সহম্পাতী
কতঞ্জলী অনধিবরং অয়াচথ,
সন্তীধ সত্তা[১] প্পরজক্খজাতিকা
দেসেহি ধম্মং অনুকম্পি'মং পজং।১॥

---

(সানুবাদ)

## বুদ্ধ-বংশ

"নমো তস্স য়তো মহিমতো য়স্স তমোন"

অজ্ঞানতম বিনাশক মহা মহীয়ান্ লোকগুরু ভগবান সর্ব্বজ্ঞ বুদ্ধ বিংশতি সহস্র ক্ষীণাশ্রব শিষ্য পরিবৃত হইয়া, শুদ্ধোদন মহারাজের আমন্ত্রণে কপিলবাস্তু নগরীতে পদার্পণ করিয়াছিলেন। তিনি তথায় রমণীয় ন্যগ্রোধ আরামের রত্ন চঙ্ক্রমণে অবস্থান কালীন তাঁহার জ্ঞাতিগণের অভিমান নষ্ট করিবার জন্য, তদীয় অগ্রশ্রাবক সারীপুত্ত মহাস্থবিরের দ্বারা প্রার্থিত হইয়া শ্রোতৃগণের প্রসাদজনক এই বুদ্ধ বংশ দেশনা করিয়া ছিলেন। তাহা মহাকাশ্যপ স্থবির প্রমুখ ধর্ম্ম সংগ্রাহক সঙ্গীতিকারক স্থবিরগণ(বুদ্ধ-বংশ) জন সাধারণের মধ্যে প্রকাশ করিতে "ব্রহ্মা চ লোকাধিপতি সহম্পতি ইত্যাদি বলিয়া আরম্ভ করিয়াছিলেন।

---

(১) সত্তা অপ্পরজক্খজাতিকা—একচেস্থ।



Visit: http://www.buddhistdownload.com

২। সম্পন্ন-বিজ্জা-চরণস্স তাদিনো
জুতিন্ধরস্স'ন্তিম-দেহ-ধারিণো,
তথাগতস্স'প্পটি পুগ্গলস্স
উপ্পজ্জি কারুঞ্ঞতা সব্ব সত্তে।২॥

৩। ন হেতে জানন্তি সদেব-মানুসা।
বুদ্ধো অয়ং কীদিসকো নরুত্তমো,
ইদ্ধি বলং পঞ্ঞা-বলঞ্চ কীদিসং
বুদ্ধবলং লোক-হিতস্স কীদিসং। ৩॥

৪। ন হেতে জানন্তি সদেব-মানুসা
বুদ্ধো অয়ং ঈদিসকো নরুত্তমো,
ইদ্ধি-বলং পঞ্ঞাবলঞ্চ ঈদিসং
বুদ্ধ-বলং লোক হিতস্স ঈদিসং।৪॥

---

১। লোকাধিপতি সহম্পতি মহাব্রহ্মা কৃতাঞ্জলীপুটে সর্ব্বজ্ঞ বুদ্ধের নিকট প্রার্থনা করিয়াছিলেন যে—ভগবন্! ইহলোকে অল্প ক্লেশ প্রকৃতি জীবগণ আছে, আপনি জগদ্বাসী প্রাণীদের প্রতি করুণা করিয়া চতুরার্য্য সত্য ধর্ম্ম দেশনা করুন।

২। আট প্রকার বিদ্যা ও পনর প্রকার আচরণ সম্পন্ন, হিতাহিত বিষয়ে এক সমান গুণযুত জ্যোতিষ্মান অন্তিম-দেহধারী ও অসদৃশ পুরুষ তথাগত বুদ্ধের জন্ম-জরাদি-দুঃখ প্রাপ্ত প্রাণীদিগের প্রতি করুণার উদয় হইয়াছিল।

৩।৪। [ করুণা উদয় হইয়াছিল কেন? ] যেহেতু এই মনুষ্যগণ অর্থাৎ শুদ্ধোধন মহারাজ প্রমুখ বুদ্ধের জ্ঞাতিগণ এই নর শ্রেষ্ঠ বুদ্ধ কীদৃশ লোক-হিতৈষী, বুদ্ধের ঋদ্ধিবল, প্রজ্ঞাবল এবং দশবিধ জ্ঞানবল কি প্রকার জানে না, যেহেতু ইহারা এই নরোত্তম বুদ্ধ ঈদৃশ, জগতের মঙ্গলময় বুদ্ধের ঋদ্ধি-বল প্রজ্ঞাবল ও বুদ্ধানুভাব এই প্রকার বলিয়া জানে না—



Visit: http://www.buddhistdownload.com

৫। হন্দাহং দস্সয়িস্সামি বুদ্ধ বলং অনুত্তরং
চঙ্কমং মাপয়িস্সামি নভে রতনমণ্ডিতং ।৫॥

৬। ভুম্মা মহারাজিকা তাবতিংসা
য়ামা চ দেবা তুসিতা চ নিম্মিতা,
পরনিম্মিতা য়ে পি চ ব্রহ্ম-কায়িকা
আনন্দিতা বিপুলমকংসু ঘোসং ।৬ ॥

৭। ওভাসিতা চ পঠবী * স-দেবকা
পুথু চ লোকন্তরিকা অসংবুতা;
তমো চ তিব্বো বিহতো তদা অহু
দিস্বান অচ্ছেরকং† পাটিহীরং ।৭ ॥

---

৫। তদ্ধেতু আমি অনুত্তর বুদ্ধবল তাহাদিগকে দেখাইব, আকাশে রত্ন প্রতিমণ্ডিত চঙ্ক্রমণ নির্ম্মাণ করিব।

৬। তখন ভূমি, চাতুর্মহারাজিক, তাবতিংস, যাম, তুষিত এবং ব্রহ্মলোকবাসী দেবগণ উৎফুল্ল হইয়া বিপুল আনন্দ ধ্বনি করিল।

৭। অতঃপর ভগবান অবদাত কৃৎস্নের প্রভাবে দস সহস্র চক্রবাল আলোকিত হউক বলিয়া অধিষ্ঠান করিলেন। সেই অধিষ্ঠান ক্ষণেই পৃথিবী হইতে অকনিষ্ঠ ব্রহ্মলোক পর্য্যন্ত, আলোকিত হইয়াছিল। তজ্জন্য গাথায় "ওভাসিতা চ পঠবী সদেবকা" ইত্যাদি বলা হইয়াছে। যখন বুদ্ধ জগত আলোকিত করিয়াছিলেন, তখন সেই আশ্চর্য্য-জনক ঋদ্ধির দ্বারা দেব-লোক আর পৃথিবী আলোকিত হইয়াছিল। বিস্তৃত অতল লোকান্তরিক নরকের ঘনান্ধকারও বিগত হইয়াছিল।

---

* "সদেবতা" পাঠান্তর।    † "পাটিহেরং" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

৮। সদেব গন্ধব্ব মনুস্সরক্খসে
আভা উলারা বিপুলা অজায়থ,
ইমস্মিং লোকে পরস্মিং চোভয়স্মিং
অধো চ উদ্ধং তিরিয়ঞ্চ বিত্থতং ।৮॥

৯। সত্তুত্তমো অনধিবরো বিনায়কো
সত্থা অহূ দেবমনুস্স পূজিতো,
মহানুভাবো সত-পুঞ্ঞলক্খণো
দস্সেসি অচ্ছেরকং পাটিহীরং ।৯॥

১০। সো য়াচিতো দেববরেন চক্খুমা
অত্থং সমেক্খিত্বা তদা নরুত্তমো,
চঙ্কমং তত্থ মাপয়ি লোকনায়কো
সুনিট্ঠিতং সব্বরতন-নিম্মিতং ।১০॥

---

৮। দেব-গন্ধর্ব্ব-মনুষ্য-রাক্ষস সহ ইহলোকে পরলোকে এবং ইহপর উভয় লোকে, নিম্নে অবীচি, উর্দ্ধে ভবাগ্র, আর প্রস্থে দশ সহস্র চক্রবাল অবধি বিস্তৃত অন্ধকার বিধ্বংস করিয়া, অপরিমিত মহা আলোক উৎপন্ন হইয়াছিল—

৯। জীবশ্রেষ্ঠ, অদ্বিতীয় জ্ঞানী, বিনায়ক শাস্তা, দেব-মনুষ্যদিগের দ্বারা পূজিত হইয়াছিলেন। অতঃপর মহানুভাব সম্পন্ন, শত প্রমাণ ধন্য-পুণ্য লক্ষণযুক্ত সর্ব্বজ্ঞ সর্ব্বদর্শী বুদ্ধ দেব-মনুষ্যদের বিস্ময়কর প্রাতিহার্য্য বা ঋদ্ধি প্রদর্শন করিয়াছিলেন।

১০। তখন দেবশ্রেষ্ঠ মহাব্রহ্মের দ্বারা প্রার্থিত হইয়া রত্ন চঙ্ক্রমণে উপবেশন করত শ্রোতৃবৃন্দের অভিপ্রায়ানুযায়ী ধর্ম্ম দেশনা করিবার জন্য লোক নায়ক চক্ষুষ্মান নরোত্তম বুদ্ধ জগতের মঙ্গল দর্শনে তথায় সর্ব্ব-রত্নময় চঙ্ক্রমণ সুন্দরাকারে নির্ম্মাণ করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

১১। ইদ্ধি চ আদেসনা' নুসাসনী
তিপাটিহীরে ভগবা বসী অহূ,
চঙ্কমং মাপয়ি লোকনায়কো
সুনিট্‌ঠিতং সব্বরতন নিম্মিতং। ১১॥

১২। দসসহস্সীলোকধাতুয়া সিনেরু পব্বতুত্তমে,
থম্ভে'ব দস্সেসি পটিপাটিয়া চঙ্কমে রতনামযে়। ১২॥

১৩। দসসহস্সী অতিক্কম্ম চঙ্কমং মাপয়ী জিনো,
সব্ব সোবণ্ণময়া পস্সে চঙ্কমে রতনামযে়। ১৩॥

---

১১। একজনে বহুজন হওয়া, মাটিতে ডুব দেওয়া ইত্যাদি ঋদ্ধি, অপরের মনোভাব জানিয়া ধর্ম্ম প্রচারাদি আদেশনা, বুদ্ধগণের নিত্য চিন্তিত ধর্ম্ম দেশনাদ্বারা শাসনাদি অনুশাসনী এই তিনটি প্রাতিহার্য্যে ভগবান বুদ্ধ অভ্যস্ত ছিলেন। কাজেই তিনি সর্ব্ব-রত্নময় চঙ্ক্রমণ নির্ম্মাণ কার্য্য ঋদ্ধিবলে সমাপন করিয়াছিলেন।

## চঙ্ক্রমণ নির্ম্মাণ প্রণালী

১২। দশ সহস্র চক্রবালের সিনেরু মহাপর্ব্বত সমূহকে রত্নময় স্তম্ভের ন্যায় করিয়া অনুক্রমে দেখাইয়াছিলেন। পদচারণ করিয়া ভাবনা করিবার জন্য নির্ম্মিত স্থানকে চঙ্ক্রমণ বলে। ভগবান তাহা দশ সহস্র পৃথিবীতে দশ সহস্র সুমেরু পর্ব্বতের উপর নির্ম্মাণ করিয়াছিলেন। সেই সর্ব্বশ্রেষ্ঠ সুমেরু সমূহ দেখিতে রত্নময় স্তম্ভের ন্যায় বোধ হইয়াছিল।

১৩। পঞ্চমারজিৎ জিন দশ সহস্র চক্রবাল অতিক্রম করিয়া রত্নময় চঙ্ক্রমণ নির্ম্মাণ করিয়াছিলেন। তাহার উভয় পার্শ্বস্থ ভূমি সম্পূর্ণ সুবর্ণ ময় ছিল। ইহার মধ্যস্থল মণিময় বলিয়া জ্ঞাতব্য।



Visit: http://www.buddhistdownload.com

১৪। * তুলাসঙ্ঘাটানুবগ্গা সোবণ্ণ ফলকত্থতা,
বেদিকা † সব্বা সোবণ্ণা দুভতোপস্সেসু নিম্মিতা।১৪॥

১৫। মণিমুত্তা বালুকাকিণ্ণা নিম্মিতা রতনাময়া,
ওভাসেতি দিসা সব্বা সতরংসীব উগ্গতো।১৫॥

১৬। তস্মিং চঙ্কমণে ধীরো দ্বত্তিংস-বর-লক্খণো,
বিরোচমানো সম্বুদ্ধো চঙ্কমে চঙ্কমী জিনো।১৬॥

১৭। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পারিচ্ছত্তকং
চঙ্কমণে ওকিরন্তি সব্বে দেবা সমাগতা।১৭॥

১৮। পস্সন্তি তং দেবসঙ্ঘা দসসহস্সী পমোদিতা
নমস্সমানা নিপতন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা।১৮॥

---

১৪। সেই চঙ্ক্রমণের তুলা ও * সঙ্ঘাটিকা সমূহ অনুরূপ বহুবিধ রত্ন খচিত এবং উভয় পার্শ্বস্থ বেদী সকল সুবর্ণের দ্বারা নির্ম্মিত হইয়াছিল।

১৫। মণি মুক্তার কণিকাকীর্ণ সুনির্ম্মিত রত্ন-চঙ্ক্রমণ সমুদিত তপনের ন্যায় সর্ব্বদিক্ উদ্ভাসিত করিয়াছিল।

১৬। ধীরতা-গুণ-যুক্ত দ্বাত্রিংশৎ শ্রেষ্ঠ লক্ষণ সুশোভিত পঞ্চমারজিৎ সম্যক্ সম্বুদ্ধ সেই চঙ্ক্রমণে শোভমান হইয়া চঙ্ক্রমণ করিয়াছিলেন।

১৭। সমাগত দেবতারা, দিব্য মন্দার, পদ্ম ও পারিজাত পুষ্প চঙ্ক্রমণে বর্ষণ করে।

১৮। সানন্দ চিত্ত দশ সহস্র চক্রবাল বাসী দেবসঙ্ঘ ভগবান বুদ্ধকে দর্শন করিয়া হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে অভিবাদন করিতে করিতে নিপতিত হয়।

---

* তুলাকে ঘরের তুলী বলে এবং তুলীর উপরে যেই কাটগুলি লাগান হয় সেইগুলি সঙ্ঘাটিকা।

† "সব্বসোবণ্ণা" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

১৯। তাবতিংসা চ য়ামা চ তুসিতা চাপি দেবতা,
নিম্মাণরতিনো দেবা য়ে দেবা বসবত্তিনো
উদগ্গচিত্তা সুমনা পস্সন্তি লোকনায়কং ।১৯॥

২০। সদেব গন্ধব্ব মনুস্সরক্খসা
নাগাসুপন্না অথবাপি রক্খসা,
পস্সন্তি তং লোকহিতানু কম্পকং
নভে'ব অচ্চুগ্গত চন্দ-মণ্ডলং ।২০॥

২১। আভস্সরা সুভকিণ্ণা বেহপ্ফলা অকনিট্‌ঠা চ দেবতা,
সুসুদ্ধ সুক্কবত্থবসনা *তিট্‌ঠন্তি পঞ্জলীকতা । ২১॥

---

১৯। তাবতিংস, যাম, তুষিত, নির্ম্মাণরতি ও বশবর্ত্তী দেবলোক বাসী দেবগণ প্রহৃষ্ট চিত্তে অতীব সন্তোষের সহিত লোক নায়ক বুদ্ধকে দর্শন করিতে থাকে।

২০। দেবতা, গন্ধর্ব্ব, মনুষ্য, যক্ষ, নাগ, সুপর্ণ এবং রাক্ষসেরাও জগতের হিতাকাঙ্ক্ষী লোকনাথ বুদ্ধকে আকাশে সমুদিত চন্দ্র মণ্ডলের ন্যায় দেখিতে লাগিল।

২১। পরিত্তাভ, অপ্পমাণাভ ও আভস্সরাদি দ্বিতীয় ধ্যান ভূমিবাসী পরিত্তসুভ, অপ্পমাণসুভ ও সুভকিন্নাদি তৃতীয় ধ্যান ভূমিবাসী এবং বেহপ্‌ফল অবিহ, অতপ্পা সুদস্‌সা সুদস্‌সী ও অকনিট্‌ঠাদি শুদ্ধবাস ভুবনের ব্রহ্মগণ অতিশয় পরিশুদ্ধ শ্বেতবস্ত্র পরিধান করিয়া করজোড়ে দাঁড়াইয়া রহিলেন।

---

* "সুসুদ্ধ সুক বসনা" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

২২। মুঞ্চন্তি পুপ্ফং পন পঞ্চবণ্ণিকং
মন্দারবং চন্দন চুণ্ণ-মিস্সিতং
ভমেন্তি চেলানি চ অম্বরে তদা
অহো জিনো লোকহিতানুকম্পকো।২২॥

২৩। তুবং সত্থা চ কেতু চ ধজো যূপো চ পাণিনং
পরায়ণো * পতিট্ঠা চ দীপো চ দ্বিপদুত্তমো।২৩॥

২৪। দসসহস্সী লোকধাতুয়া দেবতায়ো মহিদ্ধিকা,
পরিবারেত্বা নমস্সন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা।২৪॥

২৫। দেবতা দেবকঞ্ঞা চ পসন্না তুট্ঠমানসা,
পঞ্চবণ্ণিক পুপ্ফেহি পূজয়ন্তি নরাসভং।২৫॥

---

২২। অহো! বুদ্ধ জগতের কতই হিতাকাঙ্ক্ষী ছিলেন। সেই সময় দেবতারা পঞ্চবর্ণের কুসুম ও চন্দন চূর্ণ মিশ্রিত মন্দারপুষ্প বর্ষণ করিয়াছিল। আর আকাশে বস্ত্র সমূহ উড়াইয়া আনন্দ প্রকাশ করিয়াছিল।

---

## দেবগণের স্তুতি

২৩। প্রভু ভগবন্, তুমি জগদ্বাসী প্রাণিদের শাসক, চূড়ামণি, ধ্বজা, যজ্ঞস্তম্ভ, গতি, প্রতিষ্ঠা এবং জগদ্বাসীর প্রদীপ স্বরূপ, তুমিই দ্বিপদুত্তম বা দেবনরগণের মধ্যে শ্রেষ্ঠ।

২৪। দশ সহস্র চক্রবালবাসী মহাঋদ্ধি সম্পন্ন দেবগণ, হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে বেষ্টন করিয়া ভগবানকে অভিবাদন করিতে লাগিল।

২৫। প্রসন্ন ও সন্তুষ্ট চিত্তে, দেবতা ও দেব কন্যারা পঞ্চবর্ণের পুষ্প দিয়া নরশ্রেষ্ঠ বুদ্ধকে পূজা করিতে লাগিল।

---

* "পতিট্ঠা" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

২৬। পস্সন্তি তং দেবসংঘা পসন্না তুট্ঠমানসা,
পঞ্চবণ্ণিক পুপ্ফেহি পূজয়ন্তি নরাসভং ।২৬॥

২৭। অহো অচ্ছরিয়ং লোকে অব্ভুতং লোমহংসনং,
ন মেদিসং ভূতপুব্বং অচ্ছেরং লোমহংসনং ।২৭॥

২৮। সকং সকম্হি ভবনে নিসীদিত্বান দেবতা,
হসন্তি মহাহসিতং দিস্বান'চ্ছেরকং নভে ।২৮॥

২৯। আকাসট্ঠা চ ভুম্মট্ঠা তিণপিট্ঠ * নিবাসিনো
কতঞ্জলী নমস্সন্তি তুট্ঠহট্ঠা পমোদিতা ।২৯॥

৩০। য়ে পি দীঘায়ুকা নাগা পুঞ্ঞবন্তো মহিদ্ধিকা,
পমোদিতা নমস্সন্তি পূজয়ন্তি নরুত্তমং ।৩০॥

৩১। সঙ্গীতিয়ো পবত্তেন্তি অম্বরে অনিলঞ্জসে,
চম্মনদ্ধানি বাদেন্তি দিস্বান'চ্ছেরকং নভে ।৩১॥

---

২৬। দেব সংঘ প্রসন্ন ও সন্তুষ্ট হইয়া নরশ্রেষ্ঠ বুদ্ধকে দর্শন এবং পঞ্চবর্ণের পুষ্পদ্বারা পূজা করিতে লাগিল।

২৭। প্রত্যেকে বলিতে লাগিল, অহো! জগতে ইহা কি আশ্চর্য্য, অদ্ভুত লোমহর্ষণ ব্যাপার, ইতিপূর্ব্বে আমি এবম্বিধ আশ্চর্য্য লোমহর্ষণ দৃশ্য দেখি নাই!

২৮। দেবগণ স্বীয় স্বীয় বিমানে বসিয়া আকাশে বিস্ময়কর দৃশ্য দর্শনে অট্টহাস্য করিতে লাগিল।

২৯। আকাশবাসী, ভূমিবাসী এমন কি তৃণাগ্রস্থিত বিমানবাসী দেবগণও হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত চিত্তে, করজোড়ে ভগবানকে নমস্কার করিতে লাগিল।

৩০। দীর্ঘায়ু সম্পন্ন, পুণ্যবান ও মহাঋদ্ধিমান নাগগণও আনন্দিত মনে নরোত্তম বুদ্ধকে নমস্কার এবং পূজা করিতে লাগিল।

৩১। দেবগণ আকাশস্থ আশ্চর্য্য দৃশ্য দেখিয়া অনিল-মার্গ গগনে সঙ্গীত এবং ভেরী বাদন করিতে লাগিল।

---

* "তিণপথ" পাঠান্তর। ইং সংস্করণে তিণপন্থ.।



Visit: http://www.buddhistdownload.com

৩২। সম্মা চ পণবা চেব অথোপি দেণ্ডিমা বহূ,
অন্তলিক্খস্মিং *বজ্জেন্তি দিস্বান'চ্ছেরকং নভে।৩২॥

৩৩। অব্ভুতো বত নো অজ্জ উপ্পজ্জি লোমহংসনো,
ধুবা অত্থসিদ্ধিং লভাম খণো নো পটিপাদিতো।৩৩॥

৩৪। বুদ্ধোতি তেসং সুত্বান পীতি উপ্পজ্জি তাবদে,
বুদ্ধো বুদ্ধোতি কথয়ন্তা তিট্ঠন্তি পঞ্জলীকতা।৩৪॥

৩৫। †হিংকারং সাধুকারঞ্চ উক্কুট্ঠিং সম্পসাদনং,
পজা বিবিধা গগনে ‡বত্তেন্তি পঞ্জলীকতা।৩৫॥

৩৬। গায়ন্তি সেলেন্তি চ বাদয়ন্তি চ
ভুজানি পোঠেন্তি চ নচ্চয়ন্তি চ,
মুঞ্চন্তি পুপ্ফং পন পঞ্চবণ্ণিকং
মন্দারবং চন্দন চুণ্ণ মিস্সিতং।৩৬॥

---

৩২। আকাশে আশ্চর্য্য জনক ঋদ্ধি প্রাতিহার্য্য দেখিয়া দেবতারা অন্তরীক্ষে শঙ্খ পাখোয়াজ দুন্দুভি ইত্যাদি বহুবিধ বাদ্যযন্ত্র বাজাইতে লাগিল।

৩৩। অদ্য আমাদের জন্য অদ্ভুত লোমহর্ষণ ব্যাপার সংঘটিত হইয়াছে। নিশ্চয়ই আমাদের মনোরথ পূর্ণ হইবে। আমাদের শুভ মুহূর্ত্ত উপস্থিত।

৩৪। সেই সময় "বুদ্ধ" এই বাক্য শুনিয়া তাহাদের প্রীতি উৎপন্ন হইল। তাহারা "বুদ্ধ বুদ্ধ" বলিয়া করজোড়ে দাঁড়াইয়া রহিল।

৩৫। দেবব্রহ্মগণ গগন মণ্ডলে কৃতাঞ্জলিপুটে নানাপ্রকার হি হি শব্দ সাধুবাদ, উলুধ্বনি ও আনন্দধ্বনি করিতে আরম্ভ করিল।

৩৬। তাহারা বুদ্ধের গুণ কীর্ত্তন করিতে লাগিল, আনন্দকোলাহল বাদ্য ও বাহু শব্দ করিয়া (বগল বাজাইয়া) নৃত্য করিতে করিতে পঞ্চ বর্ণের পুষ্প ও চন্দন চূর্ণ মিশ্রিত মন্দার কুসুম বর্ষণ করিতে লাগিল

---

*বজ্জন্তি। †ভিঙ্কারং। ‡বভন্তি।



Visit: http://www.buddhistdownload.com

৩৭। য়থা তুযহং মহাবীর পাদেসু চক্কলক্খণং,
ধজবজির পতাকা বড্ঢমানঙ্কুসাচিতং ।৩৭॥

৩৮। রূপে সীলে সমাধিম্হি পঞ্ঞায় চ অসাদিসো,
বিমুত্তিয়া অসমসমো ধম্মচক্কপ্পবত্তনে ।৩৮॥

৩৯। দসনাগ বলং কায়ে তুযহ পাকতিকং বলং,
ইদ্ধিবলেন অসমো ধম্মচক্কপ্পবত্তনে ।৩৯॥

৪০। এবং সব্বগুণোপেতং সব্বঙ্গসমুপাগতং,
মহামুনিং কারুণিকং লোকনাথং নমস্সথ ।৪০॥

৪১। অভিবাদন থোমনঞ্চ বন্দনঞ্চ পসংসনং,
নমস্সনঞ্চ পূজঞ্চ সব্বং অরহসী তুবং ।৪১॥

৪২। যে কেচি লোকে বন্দনেয়্যা বন্দনং অরহন্তি য়ে,
সব্বসেট্ঠো মহাবীর ! সদিসো তে ন বিজ্জতি ।৪২॥

---

৩৭-৩৮। হে মহাবীর ! তোমার পদতলে যেমন চক্রলক্ষণ, ধ্বজা, বজ্র, পতাকা এবং বর্দ্ধমান অঙ্কুশ চিহ্ন অঙ্কিত আছে, সেইরূপ রূপে, শীলে সমাধি-প্রজ্ঞা ও বিমুক্তিতে তুমি অতুলনীয়, ধর্ম্মচক্র প্রবর্ত্তনে তুমি অসম বুদ্ধগণের সদৃশ।

৩৯। তোমার শরীরে প্রাকৃতিক শক্তি—ছদ্দন্ত হস্তীর ন্যায় দশ হস্তীর সমান, ধর্ম্মচক্র প্রবর্ত্তনে এবং ঋদ্ধিবলে তোমার তুলনা নাই।

৪০। এই প্রকার সর্ব্বগুণ সমলঙ্কৃত, সর্ব্বাঙ্গ পরিপূর্ণ মহামুনি কারুণিক লোকনাথ বুদ্ধকে অভিবাদন কর।

৪১। অভিবাদন, স্তুতি, বন্দনা, প্রশংসা, নমস্কার, এবং পূজা সমস্তই তুমি পাইবার উপযুক্ত।

৪২। জগতে যাঁহারা বন্দনীয় আছেন, এবং যাঁহারা বন্দনা পাইবার উপযুক্ত, হে মহাবীর ! তুমি তাঁহাদের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। তোমার সমান কেহ নাই।



Visit: http://www.buddhistdownload.com

৪৩। সারিপুত্তো মহাপঞ্ঞো সমাধিঝান কোবিদো,
গিজ্ঝকূটে ঠিতো য়েব পস্সতি লোকনায়কং ।৪৩॥

৪৪। সুফুল্লং সালরাজং'ব চন্দং'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে'ব সুরিয়ং ওলোকেতি নরাসভং ।৪৪॥

৪৫। জলন্তং দীপরুক্খং'ব তরুণ সুরিয়ং'ব উগ্গতং,
ব্যামপ্পভানুরঞ্জিতং ধীরং পস্সতি নায়কং ।৪৫॥

৪৬। পঞ্চন্নং ভিক্খুসতানং কতকিচ্চানং তাদিনং,
খীণাসবানং বিমলানং খণেন সন্নিপাতয়ী ।৪৬॥

৪৭। লোকপ্পসাদনং নাম পাটিহীরং নিদস্সয়ী,
অম্হেপি তত্থ গমিস্সাম * বন্দিস্সাম ময়ং জিনং ।৪৭॥

---

৪৩। মহাপ্রজ্ঞাবান, ধ্যান-সমাধি-নিপুণ, অগ্রশ্রাবক সারিপুত্ত স্থবির গৃধ্রকূট পর্ব্বতে থাকিয়াই লোক নায়ক বুদ্ধকে দর্শন করিতে লাগিলেন ।

৪৪। সুপুষ্পিত শালবৃক্ষের ন্যায়, আকাশে ( শরৎকালের ) চন্দ্রের ন্যায়, মধ্যাহ্ন কালের সূর্য্যমণ্ডলের ন্যায় লোকনাথ বুদ্ধকে অবলোকন করিতে লাগিলেন।

৪৫। জলন্ত প্রদীপ বৃক্ষের মত, সমুদিত তরুণ তপনের ন্যায়, ব্যামপ্রভায় সমুজ্জল ধীতিমান বুদ্ধকে নিরীক্ষণ করিতে লাগিলেন।

৪৬। ভগবান মঙ্গলামঙ্গল বিষয়ে সমভাবাপন্ন, প্রব্রজিত জীবনের কার্য্য সমাপনকারী, বিমল ক্ষীণাশ্রব পঞ্চশত ভিক্ষু মুহূর্ত্তের মধ্যে একত্রিত করিলেন।

৪৭। তিনি লোক প্রসাদন নামক প্রাতিহার্য্য অর্থাৎ অকনিষ্ঠ ব্রহ্মলোক হইতে অবীচি মহানরক পর্য্যন্ত এতন্মধ্যস্থিত প্রাণীদের মধ্যে পরস্পর পরস্পরকে প্রদর্শনকারী প্রাতিহার্য্য দেখাইয়াছেন। আমরাও তথায় যাইয়া মারজিৎ বুদ্ধের চরণে অভিবাদন করিব।

---

* "অম্হে হপি তত্থগস্থান" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

৪৮। এথ সব্বে গমিস্সাম পুচ্ছিস্সাম ময়ং জিনং,
কঙ্খং বিনোদয়িস্সাম পস্সিত্বা লোকনায়কং ।৪৮॥

৪৯। সাধূতি তে পটিস্সুত্বা নিপকা সংবুতিন্দ্রিয়া,
পত্তচীবরমাদায় তরমানা উপাগমুং ।৪৯॥

৫০। খীণাসবেহি বিমলেহি দন্তেহি উত্তমে দমে,
সারিপুত্তো মহাপঞ্ঞো ইদ্ধিয়া উপসঙ্কমী ।৫০॥

৫১। তেহি ভিক্খূহি পরিবুতো সারিপুত্তো মহাগণী,
জলন্তো দেবো গগনে ইদ্ধিয়া উপসঙ্কমী ।৫১॥

৫২। উক্কাসিতঞ্চ খিপিতং অজ্ঝুপেক্খিত্বা সুব্বতা,
সগারবা সপ্পতিস্সা সম্বুদ্ধং উপসঙ্কমুং ।৫২॥

৫৩। উপসঙ্কমিত্বা পস্সন্তি সয়ম্ভুং লোকনায়কং,
নভে অচ্চুগ্গতং ধীরং চন্দং'ব গগনে যথা ।৫৩॥

---

৪৮। চল, আমরা সকলে যাই লোকনায়ক ভগবান জিনকে দর্শন করি ও প্রশ্ন জিজ্ঞাসা করিয়া উৎপন্ন সংশয় বিনোদন করি।

৪৯। জ্ঞানবান সংযতেন্দ্রিয় সেই অর্হৎগণ "সাধু" বলিয়া উত্তর প্রদান করত পাত্র-চীবর লইয়া ত্বরিৎ গমনে সারিপুত্ত স্থবিরের নিকটে উপস্থিত হইলেন।

৫০। মহাপ্রাজ্ঞ সারিপুত্ত স্থবির উত্তম দমগুণ সম্পন্ন, দান্ত ক্লেশমল বিরহিত, ক্ষীণাশ্রবগণসহ ঋদ্ধিবলে বুদ্ধের নিকট উপস্থিত হইলেন।

৫১। মহাপরিষদ সম্পন্ন সারিপুত্ত স্থবির সেই অর্হৎ ভিক্ষুগণ পরিবৃত হইয়া আকাশস্থিত দীপ্তিমান দেবতার ন্যায় ঋদ্ধিবলে তথায় উপস্থিত হইলেন।

৫২। সেই সুব্রতগণ কাশি ও হাঁচির শব্দাদি না করিয়া সগৌরবে, নম্রভাবে ভগবানের নিকট গমন করিয়াছিলেন।

৫৩। আকাশসমুত্থিত ধৃতিমান, লোকনায়ক সয়ম্ভু বুদ্ধের নিকট যাইয়া গগনস্থিত চন্দ্রের ন্যায় তাঁহাকে দেখিতে পাইলেন।



Visit: http://www.buddhistdownload.com

৫৪। জলন্তং দীপরুক্খং'ব বিজ্জু'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে'ব সুরিয়ং পস্সন্তি লোকনায়কং ।৫৪॥

৫৫। পঞ্চ ভিক্খু সতা সব্বে পস্সন্তি লোকনায়কং
রহদ মিব বিপ্পসন্নং সুফুল্লং পদুমং য়থা ।৫৫॥

৫৬। অঞ্জলিং পগ্গহেত্বান তুট্ঠহট্ঠা পমোদিতা,
নমস্সমানা নিপতন্তি সত্থুনো চক্ক লক্খণে ।৫৬॥

৫৭। সারিপুত্তো মহাপঞ্ঞো কোরণ্ড(১) সমসাদিসো,
সমাধিঝান কুসলো বন্দতি লোকনায়কং ।৫৭॥

৫৮। গজ্জিতো কাল মেঘোব নিলুপ্পল সমসাদিসো.
ইদ্ধিবলেন অসমো মোগল্লানো মহিদ্ধিকো ।৫৮॥

---

৫৪। তাঁহারা জ্বলন্ত প্রদীপ বৃক্ষের ন্যায় আকাশে বিদ্যুতের ন্যায় ও মধ্যাহ্ন কালীন সূর্য্যের ন্যায় লোক স্বামী বুদ্ধকে দর্শন করিলেন।*

৫৫। সেই পঞ্চশত অর্হৎ স্থবিরগণ অনাবিল হ্রদের ন্যায় এবং সুফুল্ল পদ্মের মত লোকনাথ বুদ্ধকে দেখিতেছিলেন।

৫৬। তাঁহারা হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত হইয়া অঞ্জলি প্রসারণ করত নমস্কার করিতে করিতে ভগবানের চক্রলক্ষণে পতিত হইলেন।

৫৭। মহাপ্রজ্ঞাবান, কোরণ্ডক সদৃশ অর্থাৎ মাছরাঙ্গা পক্ষীর চঞ্চুর ন্যায় শরীর-বর্ণযুক্ত, ধ্যান-সমাধিতে সুদক্ষ সারীপুত্ত স্থবির লোকস্বামী বুদ্ধকে বন্দনা করিলেন।

৫৮। গর্জ্জনশীল কালবর্ণ মেঘের ন্যায় নীলোৎপল পুষ্পবর্ণ, ঋদ্ধিবলে অতুলনীয় মহাঋদ্ধিমান মোগ্‌গল্লান স্থবির ভগবানকে বন্দনা করিলেন।

---

(১) কোরণ্ড"শব্দ কটুকরণ্ডু নামক এক প্রকার সোণালী পুষ্প বিশেষ বলিয়া সিংহলী ব্যাখ্যায় লিখিত হইয়াছে। * মূলে এই পৃষ্ঠার ক্রিয়াগুলি বর্ত্তমান কালে।



Visit: http://www.buddhistdownload.com

৫৯। মহাকস্সপো পি চ থেরো উত্তত্তকনক সন্নিভো
ধূতগুণে অগ্গনিক্খিত্তো থোমিতো সত্থুবণ্ণিতো ।৫৯॥

৬০। দিব্ব চক্খূনং য়ো অগ্গো অনুরুদ্ধো মহাগণী,
ঞাতি সেট্ঠো ভগবতো অবিদূরেব তিট্ঠতি ।৬০॥

৬১। আপত্তি অনাপত্তিয়া * সতেকিচ্ছায় কোবিদো,
বিনয়ে অগ্গনিক্খিত্তো উপালি সত্থুবণ্ণিতো ।৬১॥

৬২। সুখুম-নিপুণত্থ পটিবিদ্ধো কথিকানং পবরো গণী,
ইসি মন্তানিয়া পুত্তো পুণ্ণো নামা তিবিস্সুতো ।৬২॥

৬৩। এতেসং চিত্তমঞ্ঞায় ওপম্মকুসলো মুনি,
কঙ্খচ্ছেদো মহাবীরো কথেসি অত্তনো গুণং ।৬৩॥

---

৫৯। তপ্ত কাঞ্চন সন্নিভ ধূতাঙ্গ ধারীদের মধ্যে অগ্রগণ্য ও শাস্তা কর্ত্তৃক প্রশংসিত মহাকাশ্যপ স্থবির ও ভগবানকে বন্দনা করিলেন।

৬০। যিনি দিব্য চক্ষুষ্মানদিগের মধ্যে অগ্রস্থানীয় ছিলেন, মহা পরিষদ সম্পন্ন এবং ভগবানের জ্ঞাতি শ্রেষ্ঠ সেই অনুরুদ্ধ স্থবির ও অবিদূরেই দাঁড়াইয়া ছিলেন।

৬১-৬২। আপত্তি অনাপত্তি ও তৎপ্রতিকার সম্বন্ধে সুদক্ষ, বিনয় শাস্ত্রে অগ্রগণ্য, বুদ্ধ প্রশংসিত উপালি স্থবির, আর সূক্ষ্মদর্শী, নিপুণার্থাভিজ্ঞ ধর্ম্ম কথকদের মধ্যে শ্রেষ্ঠ, গণাচার্য্য, কুশল ধর্ম্মান্বেষী ঋষি মন্তানি ব্রাহ্মণীর পুত্র পূর্ণ নামে খ্যাত স্থবির ও ভগবানের নিকটে ছিলেন।

৬৩। উপমা প্রদানে সুদক্ষ, সংশয় ছেদনকারী, মহাবীর সর্ব্বজ্ঞ বুদ্ধ এই অর্হৎ স্থবিরগণের মনোভাব জানিয়া নিজের গুণ অর্থাৎ বুদ্ধগুণ বলিতেছিলেন।

---

* "সতিকিচ্ছায়" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

৬৪। চত্তারো তে অসংখেয়্যা কোটি য়েসং ন ঞায়তি,
সত্তলোকো চ আকাসো চক্কবালা চ অনন্তকা ;
বুদ্ধঞাণং অপ্পমেয়্যং ন সক্কা এতে বিজানিতুং ।৬৪॥

৬৫। কিং এতং অচ্ছরিয়ং লোকে য়ং মে ইদ্ধি বিকুব্বণং,
অঞ্ঞে বহূ অচ্ছরিয়া অব্ভুতা লোমহংসনা ।৬৫॥

৬৬। য়দাহং তুসিতে কায়ে সন্তুসিতো নামহং তদা,
দসসহস্সী সমাগম্ম য়াচন্তি পঞ্জলীমমং ।৬৬॥

৬৭। কালো দেব ! মহাবীর ! উপ্পজ্জ মাতুকুচ্ছিয়ং,
সদেবকং তারয়ন্তো বুজ্ঝস্সু অমতং পদং ।৬৭॥

---

৬৪। যাহাদের কোটি বা শেষ প্রান্ত জানা যায় না, সেই চারিটি বিষয় অসংখ্য। জীবলোক আকাশ, অনন্ত চক্রবাল এবং বুদ্ধজ্ঞান অপ্রমেয়। অর্থাৎ জীবলোক, আকাশ, চক্রবাল এবং বুদ্ধজ্ঞান এই চারিটি বিষয় গণনাতীত ও প্রমাণাতীত। ইহাদের অন্ত জানা যায় না এবং এই বিষয়গুলি বুঝিতে পারা যায় না।

৬৫। জগতে আমার যেই ঋদ্ধি প্রদর্শিত হইয়াছে, ইহা কি আশ্চর্য্য ! ইহা অপেক্ষা আরো অনেক আশ্চর্য্য, অদ্ভুত ও লোমহর্ষণজনক ঋদ্ধি আছে।

৬৬। যখন আমি তুষিত দেবলোকে সন্তুষিত নামক দেবরাজ হইয়া জন্মগ্রহণ করিয়াছিলাম, তখন দশসহস্র চক্রবালবাসী দেবগণ আমার নিকট উপস্থিত হইয়া করজোড়ে এইরূপ প্রার্থনা করিয়াছিল—

৬৭। হে মহাবীর দেব ! আপনার বুদ্ধত্ব লাভ করিবার উপযুক্ত সময় হইয়াছে, আপনি মাতৃগর্ভে জন্ম গ্রহণ করুন এবং দেব-মনুষ্যদিগকে সংসার দুঃখ হইতে ত্রাণ করিবার জন্য নির্ব্বাণপদ জ্ঞাত হউন।



Visit: http://www.buddhistdownload.com

৬৮। তুসিতা কায়া চবিত্বান য়দা ওক্কমিং কুচ্ছিয়ং,
দসসহস্সী লোক ধাতু কম্পিত্থ ধরণী তদা ।৬৮॥

৬৯। য়দাহং মাতুকুচ্ছিতো সম্পাজানো'ব নিক্খমিং,
সাধুকারং পবত্তেন্তী দসসহস্সী পকম্পথ ।৬৯॥

৭০। ওক্কন্তি মে সমো নত্থি জাতিতো অভিনিক্খমে,
সম্বোধিয়ং অহং সেট্ঠো ধম্মচক্কপ্পবত্তনে ।৭০॥

৭১। অহো ! অচ্ছরিয়ং লোকে বুদ্ধানং গুণমহন্ততা,
দসসহস্সী লোকধাতু ছপ্পকারং পকম্পথ ।৭১॥

৭২। ওভাসো চ মহা আসী অচ্ছেরং লোমহংসনং
ভগবা চ তম্হি সময়ে লোক জেট্ঠো নরাসভো ।৭২॥

---

৬৮। তুষিত স্বর্গ হইতে চ্যুত হইয়া যখন আমি মাতৃগর্ভে প্রবেশ করি, তখন দশসহস্র লোকধাতুতে বসুন্ধরা কম্পিত হইয়াছিল।

৬৯। যখন আমি মাতৃগর্ভ হইতে সম্প্রযুক্ত জ্ঞানে নিষ্ক্রান্ত হইয়াছিলাম, তখন দেবগণ সাধুবাদে দশসহস্র চক্রবান প্রকম্পিত করিয়াছিল।

৭০। মাতৃগর্ভ প্রবেশ ও গর্ভ হইতে ভূমিষ্ট হইবার মাহাত্ম্যে আমার সমান কেহ নাই।—সম্বোধি লাভে ও ধর্ম্মচক্র প্রবর্ত্তনে আমি শ্রেষ্ঠ। এই সময়ে পৃথিবী কম্পনাদি যেরূপ আশ্চর্য্য দৃশ্য দেখা গিয়াছে, তৎ তুলনায় এইরূপ বলা হইয়াছে—

৭১। অহো ! জগতে বুদ্ধদিগের গুণ মহত্বতা কি আশ্চর্য্য ! বুদ্ধগুণের প্রভাবে এই দশসহস্র লোকধাতু ছয় প্রকারে কম্পিত হইয়াছিল।

৭২,৭৩। তখন আশ্চর্য্য লোমহর্ষণজনক মহা আলোক উৎপন্ন হইয়াছিল; ত্রিলোক শ্রেষ্ঠ নরোত্তম ভগবান জিন দেব-মনুষ্যদিগকে প্রাতিহার্য্য দেখাইবার জন্য ঋদ্ধিবলে রত্ন চংক্রমণে চংক্রমণ করিতেছিলেন।

3 F—



Visit: http://www.buddhistdownload.com

৭৩। সদেবকং দস্সয়ন্তো ইদ্ধিয়া চঙ্কমী জিনো,
চঙ্কমে চঙ্কমন্তো'ব কথেসি লোকনায়কো ;
অন্তরা ন নিবত্তেতি চতুহত্থে চঙ্কমে তদা। ৭৩॥

৭৪। সারিপুত্তো মহাপঞ্ঞো সমাধিঝান কোবিদো,
পঞ্ঞায় পারপ্পত্তোপি পুচ্ছতি লোকনায়কং। ৭৪॥

৭৫। কীদিসো তে মহাবীর! অভিনীহারো নরাসভ,
কম্হিকালে তয়া ধীর! পত্থিতা বোধিমুত্তমা। ৭৫॥

৭৬। দানং সীলঞ্চ নেক্খম্মং পঞ্ঞাবিরিয়ঞ্চ কীদিসং,
খন্তি সচ্চমধিট্ঠানং মেত্তুপেক্খা চ কীদিসা। ৭৬॥

৭৭। দসপারমী তয়া ধীর! কীদিসা লোকনায়ক!
কথং উপপারমী পুণ্ণা পরমত্থপারমী কথং? ৭৭॥

---

তৎপর তিনি চংক্রমণ করিতে করিতেই ধর্ম্মদেশনা করিতেছিলেন, চারি হস্ত দীর্ঘ চংক্রমণে পদচারণ করিতে যেমন মধ্যে বিশ্রাম লইতে হয় না, সেরূপ পূর্ব্ব চক্রবাল হইতে পশ্চিম চক্রবাল পর্য্যন্ত নির্ম্মিত রত্ন চংক্রমণে চংক্রমণ করিবার সময় তিনি বিশ্রাম করেন নাই।

৭৪। মহাপ্রজ্ঞাবান, সমাধি এবং ধ্যানে সুদক্ষ, শ্রাবক পারমী জ্ঞানের চরমসীমা প্রাপ্ত সারিপুত্ত মহাস্থবির লোকগুরু বুদ্ধকে জিজ্ঞাসা করিয়াছিলেন—

৭৫। হে নরশ্রেষ্ঠ মহাবীর! আপনার অভিনীহার অর্থাৎ প্রার্থনা কি প্রকার? হে ধীর! আপনি কোন্ সময় উত্তম বোধিজ্ঞান প্রার্থনা করিয়াছিলেন?

৭৬। দান, শীল, নৈষ্ক্রম্য ও বীর্য্য পারমিতা কি প্রকার? আর আপনার ক্ষান্তি, সত্য অধিষ্ঠান, মৈত্রী এবং উপেক্ষা পারমিতা কেমন?

৭৭। হে ধীর লোকগুরু! আপনি দশ পারমী, দশ উপপারমী ও দশ পরমার্থ পারমী কিরূপে পূর্ণ করিয়াছেন?



Visit: http://www.buddhistdownload.com

৭৮। তস্স পুট্ঠো ব্যাকাসি করবীক মধুরঙ্গিরো,
নিব্বাপয়ন্তো হদয়ং হাসয়ন্তো সদেবকং। ৭৮॥

৭৯। অতীতবুদ্ধানং জিনানং দেসিতং
নিকীলিতং বুদ্ধ পরম্পরাগতং,
পুব্বে নিবাসানুগতায় বুদ্ধিয়া
পকাসয়ী লোকহিতং সদেবকে। ৭৯॥

৮০। পীতি পামোজ্জজননং সোকসল্ল বিনোদনং,
সব্বসম্পত্তি পটিলাভং চিত্তীকত্বা সুণোথ মে। ৮০॥

---

৭৮। (সুপ্রসিদ্ধ) মধুর স্বর সম্পন্ন করবীক পক্ষীর ন্যায় মধুরভাষী কারুণিক বুদ্ধ, দেব-মনুষ্যদিগের ক্লেশ-সন্তপ্ত হৃদয় শীতল করতঃ এবং মানসিক প্রীতি উৎপাদন পূর্ব্বক (সারিপুত্ত স্থবির কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া) বুদ্ধ-বংশ প্রকাশ করিয়াছিলেন।

৭৯। দীপঙ্করাদি অতীত মারজিৎ বুদ্ধগণের দেশিত ও নিক্রিড়িত অর্থাৎ তাঁহাদের চরিত, কল্প, জাতি, গোত্র, আয়ু, বোধি, শ্রাবক, শ্রাবিকা, ধর্ম্ম সভা, উপস্থায়ক, মাতাপিতা ও স্ত্রীপুত্রাদির বিষয় সম্বলিত বুদ্ধ পরম্পরাগত, লোকহিতকর বুদ্ধ-বংশ পূর্ব্ব-নিবাস-স্মৃতিরূপ বিপুল জ্ঞানের দ্বারা দেব-মনুষ্যদিগের মধ্যে প্রকাশিত হইয়াছে।

৮০। বুদ্ধ বলিতেছেন—আমি প্রীতি-প্রমোদজনক শোকশল্যোৎপাটক এবং সর্ব্বসম্পত্তি প্রদ বুদ্ধ-বংশ দেশনা করিতেছি, তোমরা মনোযোগের সহিত আমার ধর্ম্ম দেশনা শ্রবণ কর।

---

(১) করবীর = সিংহলী সাব্বয়।



Visit: http://www.buddhistdownload.com

৮১। মদনিম্মদনং সোকনুদং * সংসার মোচনং,

সব্বদুক্খক্খয়ং মগ্গং সক্কচ্চং পটিপজ্জথা'তি। ৮১॥

**রতন চঙ্কমণ কণ্ডং নিট্ঠিতং।**

---

৮১। অহঙ্কার বিনাশক, শোকাপনয়নকারী, সংসার দুঃখ প্রমোচনকারী এবং সমস্ত দুঃখ ক্ষয়কর মার্গ অর্থাৎ বুদ্ধত্ব লাভের পন্থায় প্রতিপন্ন হও। অথবা বুদ্ধ-বংশ শুনিয়া বুদ্ধত্ব লাভের জন্য উৎসাহ কর।

**রত্ন চংক্রমণ কাণ্ড সমাপ্ত।**

---

* ইং—"সংসার পরিমোচনং"।



Visit: http://www.buddhistdownload.com

# দীপঙ্কর বুদ্ধ-বংসো

১। কপ্পে চ সতসহস্সে চতুরো চ অসংখিয়ে,
অমরং নাম নগরং দস্সনেয্যং মনোরমং।৮২॥

২। দসহি সদ্দেহি অবিবিত্তং অন্নপান সমাযুতং,
হত্থিসদ্দং ‡ অস্সসদ্দং ভেরি সঙ্খরথানি চ,
খাদথ পিবথ চেব অন্নপানেন ঘোসিতং।৮৩॥

৩। নগরং সব্বঙ্গসম্পন্নং সব্বকম্মমুপাগতং,
সত্তরতন-সম্পন্নং নানা-জন-সমাকুলং ;
সমিদ্ধং দেবনগরং'ব আবাসং পুঞ্ঞকম্মিনং।৮৪॥

---

## দীপঙ্কর বুদ্ধ-বংশ

১।২ অতীতে লক্ষাধিক চারি অসংখ্য মহাকল্পে অমরাবতী নামে দর্শনীয় মনোরম একখানি নগরী। উহা হস্তী, অশ্ব, ভেরী, শঙ্খ ও রথাদির দশবিধ শব্দে শব্দায়মান, অন্ন পানীয় পরিপূর্ণ এবং "ভোজন কর" "পান কর" ইত্যাদি পানাহার শব্দে বিঘোষিত।

৩। সর্ব্বাঙ্গ সম্পন্ন অমরাবতী নগরী সকল কর্ম্মের আবাস ভূমি, মণিমুক্তাদি সপ্তরত্ন সম্পন্ন এবং বহুজনমানবে পরিপূর্ণ। উহা পুণ্যবানগণের বাসস্থান দেবনগরী অমরাবতী সদৃশ সমৃদ্ধ ছিল।

---

‡ "হত্থিসদ্দং অস্সসদ্দং ভেরী সঙ্খ রথান চ" অট্ঠ সালিনী। ভেরী সঙ্খ রথানং চাতি বত্তব্বে, নিগ্গহীত লোপং কত্বা এবং বুত্তং" অট্ঠসালিনীর, অর্থ যোজনায় দেখা যায়।



Visit: http://www.buddhistdownload.com

৪। নগরে অমরবতিয়া সুমেধো নাম ব্রাহ্মণো,
অনেক কোটি সন্নিচয়ো পহূতধনধঞ্ঞবা।৮৫॥

৫। অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগূ,
লক্খণে ইতিহাসে চ সধম্মে পারমিং গতো।৮৬॥

৬। রহো গতো নিসীদিত্বা এবং চিন্তেসহং তদা,
দুক্খো পুনব্ভবো নাম সরীরস্স চ ভেদনং।৮৭॥

৭। জাতিধম্মো জরাধম্মো ব্যাধিধম্মো চহং তদা,
অজরং অমরং খেমং পরিয়েসিস্সামি নিব্বুতিং।৮৮॥

৮। যন্নূনিমং পূতিকায়ং নানা কুণপপূরিতং,
ছড্ডয়িত্বান গচ্ছেয্যং অনপেখো অনত্থিকো।৮৯॥

৯। অত্থি হেহীতি সো মগ্গো ন সো সক্কা ন হেতুয়ে,
পরিয়েসিস্সামি তং মগ্গং ভবতো পরিমুত্তিয়া।৯০॥

---

৪।৫। আমি অমরাবতী নগরীতে অনেককোটি সন্নিচিতার্থসম্পন্ন, প্রভূত ধন-ধান্যসম্পন্ন, অধ্যাপক, মন্ত্রধারী (অথর্ব্ব বেদবিজ্ঞ) আর ঋগ্-সাম-যজু এই ত্রিবেদ পারদর্শী, এবং লক্ষণশাস্ত্র ইতিহাসও স্বকীয় ধর্ম্মে পারপ্রাপ্ত ব্রাহ্মণ ছিলাম।

৬।৭। আমি সেই সময় নির্জ্জনে বসিয়া এরূপ চিন্তা করিয়াছিলাম—"পুনরুৎপত্তি ও শরীর ভেদ অর্থাৎ মরণ দুঃখজনক।" তখন আমি জন্ম-জরা ও ব্যাধি ধর্ম্মের (স্বভাবের) অধীন,—তাই সঙ্কল্প করিলাম—"আমি জরা-মরণ বিহীন নিরাপদ স্থান নির্ব্বাণের অন্বেষণ করিব।"

৮। আমি মল মূত্রাদি নানা অশুচি পরিপূর্ণ, এই পূতিগন্ধময় শরীরে অনর্থিক, নিরালয় হইয়া উহা ত্যাগপূর্ব্বক (নির্ব্বাণে) চলিয়া যাই না কেন?

৯। যেই মার্গের দ্বারা নির্ব্বাণ লাভ হইবে, তাহা আছে ও থাকিবে, কোনও কারণে তাহা না থাকিতে পারে না। আমি সংসার হইতে মুক্তির জন্য সে পথের অনুসন্ধান করিব।



Visit: http://www.buddhistdownload.com

১০। য়থাপি দুক্খে বিজ্জন্তে সুখং নাম পি বিজ্জতি,
এবং ভবে বিজ্জমানে বিভবো পি ইচ্ছিতব্বকো।৯১॥

১১। য়থা পি উণ্হে বিজ্জন্তে অপরং বিজ্জতি সীতলং,
এবং তিবিধগ্গি বিজ্জন্তে নিব্বাণং ইচ্ছিতব্বকং।৯২॥

১২। য়থাপি পাপে বিজ্জন্তে কল্যাণমপি বিজ্জতি,
এবমেব জাতি বিজ্জন্তে অজাতিং* পিচ্ছিতব্বকং। ৯৩॥

১৩। য়থা গূথগতো পুরিসো তলাকং দিস্বান পূরিতং,
ন গবেসতি তং তলাকং ন দোসো তলাকস্স সো।৯৪॥

১৪। এবং * কিলেসমল ধোবে বিজ্জন্তে অমতং তলে,
ন গবেসতি তং তলাকং ন দোসো অমতং তলে। ৯৫ ॥

---

১০। যেমন কায়িক চৈতসিক দুঃখ বর্ত্তমান আছে বলিয়া সুখও বর্ত্তমান আছে, সেইরূপ ভব বিদ্যমানে ভবমুক্তিও বিদ্যমান আছে বলিয়া আশা করা উচিৎ।

১১। যেমন উষ্ণতা বিদ্যমান থাকিলে অপর শীতলতাও বিদ্যমান থাকে, তেমন রাগ-দ্বেষ-মোহ এই ত্রিবিধাগ্নির বিদ্যমানে উহাদের নির্ব্বাণও আকাঙ্ক্ষা করা উচিৎ।

১২। যেমন পাপ বিদ্যমান থাকিলে পুণ্যও বিদ্যমান থাকে, এই প্রকারে জন্ম গ্রহণ থাকিলে, অজাতি বা জন্মের হেতু বিনাশেরও কামনা করা উচিত।

১৩-১৪। যেমন বিষ্ঠা লিপ্ত পুরুষ জলপূর্ণ তড়াগ দেখিয়াও তড়াগের সন্ধান না লইলে তাহা তড়াগের দোষ হয় না, তেমন ক্লেশমল ধৌত করিবার উপযোগী অমৃত তড়াগ বিদ্যমান সত্ত্বেও তাহার সন্ধান না লইলে তাহা অমৃত তড়াগের দোষ হইতে পারে না।

---

* ল—অজাতি। * "কিলেসমলধোপে" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৫। য়থা অরীহি পরিরুদ্ধো বিজ্জন্তে * গমনে পথে,
ন পলায়তি সো পুরিসো ন দোসো অঞ্জসস্স সো।৯৬॥

১৬। এবং কিলেস পরিরুদ্ধো বিজ্জমানে সিবে পথে,
ন গবেসতি তং মগ্গং ন দোসো সিবমঞ্জসে।৯৭॥

১৭। য়থাপি ব্যাধিতো পুরিসো বিজ্জমানে তিকিচ্ছকে,
ন তিকিচ্ছাপেতি তং ব্যাধিং নদোসো সো তিকিচ্ছকে।৯৮॥

১৮। এবং কিলেস ব্যাধীহি দুক্খিতো পরিপীলিতো, †
ন গবেসতি তং আচরিয়ং ন দোসো সো বিনায়কে।৯৯॥

১৯। য়থাপি কুণপং পুরিসো কণ্ঠে বদ্ধং জিগুচ্ছিয়,
মোচয়িত্বান গচ্ছেয়্য সুখী সেরী সয়ং বসী।১০০॥

---

১৫। যেমন চতুর্দ্দিকে শত্রু পরিবেষ্টিত পুরুষ গমন পথ বিদ্যমানেও পলায়ন না করিলে তাহা পথের দোষ নহে,

১৬। সেইরূপ ক্লেশ অবরুদ্ধ ব্যক্তি নির্ব্বাণ পথ বিদ্যমান থাকিতে তাহার অনুসন্ধান না করিলে, উহাও নির্ব্বাণ-মার্গের দোষ নহে।

১৭। যেমন ব্যাধিগ্রস্ত পুরুষ চিকিৎসক বিদ্যমান থাকিতেও যদি সে ব্যাধির চিকিৎসা না করায়, তবে তাহা চিকিৎসকের দোষ নহে,

১৮। সেইরূপ ক্লেশ ব্যাধির দ্বারা দুঃখিত পীড়িত ব্যক্তিও যদি মোক্ষ মার্গাচার্য্যের অন্বেষণ না করে, তাহা হইলে উহা মোক্ষ মার্গ নির্দ্দেশক আচার্য্যের দোষ নহে।

১৯-২০। যেমন কোন সুখী স্বেচ্ছাচারী ও স্বাধীন পুরুষের গলায় সর্প কুকুরাদির মৃতদেহ বাঁধিয়া দিলে, সে তাহা ঘৃণাবশে ত্যাগ করিয়া

---

* "গমনং পথে" পাঠান্তর। † ইং—পটিপীলিতো।



Visit: http://www.buddhistdownload.com

২০। তথেবিমং পূতিকায়ং * নানাকুণপসঞ্চয়ং,
ছড্ডয়িত্বান গচ্ছেয়্যং অনপেক্খো অনত্থিকো। ১০১॥

২১। য়থা উচ্চারঠানম্হি করীসং নরনারিয়ো,
ছড্ডয়িত্বান গচ্ছন্তি অনপেক্খা অনত্থিকা। ১০২॥

২২। এবমেবাহং ইমং কায়ং নানাকুণপ পূরিতং,
ছড্ডয়িত্বান গচ্ছিস্সং বচ্চং কত্বা য়থা কুটিং। ১০৩॥

২৩। য়থাপি জজ্জরং নাবং পলুগ্গং উদক গাহিনীং,
সামী ছড্ডেত্বা গচ্ছন্তি অনপেক্খা অনত্থিকা। ১০৪॥

২৪। এবমেবাহং ইমং কায়ং নবচ্ছিদ্দং ধুবস্সবং
ছড্ডয়িত্বান গচ্ছিস্সং জিণ্ণনাবংব সামিকো। ১০৫॥

---

চলিয়া যায়, তেমন আমিও এই পূতি-গন্ধ-ময় নানা শবাধার শরীরকে নিরপেক্ষ ও অনর্থিক হইয়া ত্যাগ করিয়া যাইব।

২১-২২। যেইরূপ ময়লা স্থানে স্ত্রী পুরুষেরা বিষ্ঠা ত্যাগ করিয়া অন-পেক্ষ ও অনর্থিক ভাবে চলিয়া যায়, সেইরূপ আমি নানা অশুচি পূর্ণ এই ভৌতিক দেহ পায়খানা ঘরে পায়খানা করিয়া যাওয়ার ন্যায় ত্যাগ করিয়া চলিয়া যাইব।

২৩। যেইরূপ নৌ স্বামীগণ জীর্ণ ছিন্ন-ভিন্ন ও জল-গ্রাহিনী নৌকা নিরপেক্ষ ও অনর্থিক হইয়া ফেলিয়া যায়,

২৪। সেইরূপ আমি চক্ষুকর্ণাদি নবছিদ্র যুক্ত নিত্য গলিত অশুচি পূর্ণ এই পূতি দেহ জীর্ণ নৌকার স্বামীর ন্যায় ত্যাগ করিয়া যাইব।

---

* "নানা কুণপ পুরিতং" অন্য পাঠ।

† "ফলুগ্গং" ও "উদক বাহিনি" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

২৫। য়থাপি পুরিসো চোরেহি গচ্ছন্তো ভণ্ডমাদিয়
ভণ্ডচ্ছেদ ভয়ং দিস্বা ছড্ডয়িত্বান গচ্ছতি ।১০৬॥

২৬। এবমেবময়ং কায়ো মহাচোর সমো বিয়
পহায়িমং গমিস্সামি কুসলচ্ছেদনা ভয়া'তি ॥ ১০৭॥

২৭। এবাহং চিন্তয়িত্বান নেক কোটি সতং ধনং,
নাথানাথানং দত্বান হিমবন্তমুপাগমিং । ১০৮॥

২৮। হিমবন্তস্স অবিদূরে ধম্মকো নাম পব্বতো,
অস্সমো সুকতো মযহং পণ্ণসালা সুমাপিতা । ১০৯॥

২৯। চঙ্কমং তত্থ মাপেসি পঞ্চদোস বিবজ্জিতং,
অট্ঠগুণ সমূপেতং অভিঞ্ঞাবলমাহরিং । ১১০॥

৩০। সাটকং পজহিং তত্থ নবদোসমুপাগতং
বাকচীরং নিবাসেসিং দ্বাদস গুণুপাগতং । ১১১॥

---

২৫। যেমন কোন পুরুষ সোণা-রূপাদি বস্তু লইয়া, চোরের সঙ্গে যাইবার সময়, বস্তু কাড়িয়া লইবার ভয় দেখিলে, তাহা পরিত্যাগ করিয়া চলিয়া যায়,

২৬। সেইরূপ এই দেহ ও মহাচোরের সমান। কুশল কর্ম্মের ব্যাঘাতের ভয়ে, এই চোর সদৃশ শরীর ত্যাগ করিয়া চলিয়া যাইব।

২৭। আমি এবম্বিধ কারণ চিন্তা করিয়া, অনেক কোটিশত ধন ধনী এবং নির্ধনীদিগকে দান দিয়া, হিমালয় পর্ব্বতে চলিয়া গিয়াছিলাম।

২৮। হিমালয় পর্ব্বতের অবিদূরে ধম্মক নামক একটি পর্ব্বত ছিল। তথায় আমার আশ্রম ও পর্ণশালা সুন্দররূপে নির্ম্মিত হইয়াছিল।

২৯। দেবরাজ সেই আশ্রম প্রদেশে পঞ্চদোষ বিবর্জ্জিত চঙ্ক্রমণ নির্ম্মাণ করিয়াছিল, তাহাতে আমি অষ্টাঙ্গ সম্পন্ন অভিজ্ঞাবল লাভ করিয়াছিলাম।

৩০। তথায় থাকিয়া নয় প্রকার দোষ যুক্ত বস্ত্র ত্যাগ করিয়া দ্বাদশ প্রকার গুণ সংযুক্ত বল্কল চীবর পরিধান করিয়াছিলাম।



Visit: http://www.buddhistdownload.com

৩১। অট্‌ঠদোস সমাকিণ্ণং পজহিং পণ্ণসালকং,
উপাগমিং রুক্খমূলং গুণে দসমুপাগতং। ১১২॥

৩২। বাপিতং রোপিতং ধঞ্ঞং পজহিং নিরবসেসতো,
অনেক গুণ সম্পন্নং পবত্তফলমাদিয়িং। ১১৩॥

৩৩। তত্থ পধানং পদহিং নিসজ্জট্‌ঠান চঙ্কমে,
অব্ভন্তরম্হি সত্তাহে অভিঞ্ঞাবলমপাপুণিং। ১১৪॥

৩৪। এবং মে সিদ্ধিপত্তস্স বসীভূতস্স সাসনে,
দীপঙ্করো নাম জিনো উপ্পজ্জি লোকনায়কো। ১১৫॥

৩৫। উপ্পজ্জন্তে চ জায়ন্তে বুজ্ঝন্তে ধম্মদেসনে,
চতুরো নিমিত্তে * নাদ্দসং ঝানরতিসমপ্পিতো। ১১৬॥

---

৩১। অষ্টদোষ সমাকীর্ণ পর্ণশালা পরিত্যাগ করিয়া, দশ প্রকার গুণ সম্পন্ন বৃক্ষমূলে অবস্থান করিতেছিলাম।

৩২। বপিত ও রোপিত ধান্য নিরবশেষ ভাবে ত্যাগ করিয়া, অনেক প্রকার গুণ যুক্ত স্বয়ং পতিত ফল ভক্ষণ করিতেছিলাম।

৩৩। সেই আশ্রমে বসিয়া ও দাঁড়াইয়া চঙ্ক্রমণ করিতে করিতে উৎসাহের সহিত ধ্যান করিতেছিলাম। ধ্যানের দ্বারা সপ্তাহাভ্যন্তরে অভিজ্ঞা-বল লাভ করিয়াছিলাম।

৩৪। এই প্রকারে তাপস শাসনে বশীভূত হইয়া আমার পঞ্চ অভিজ্ঞায় সিদ্ধি লাভ হইলে লোক নায়ক দীপঙ্কর বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

৩৫। তিনি মাতৃগর্ভে জন্ম গ্রহণ করিবার সময়, প্রসূত হইবার সময়, বুদ্ধত্ব প্রাপ্তির সময়, ধর্ম্ম চক্র প্রবর্ত্তনের সময় আমি ধ্যান সুখে নিরত থাকা হেতু চতুর্বিধ পূর্ব্ব-নিমিত্ত দেখিতে পাই নাই।

---

* ইং, "নাদ্দসিং"



Visit: http://www.buddhistdownload.com

৩৬। পচ্চন্তদেসবিসয়ে নিমন্তেত্বা তথাগতং,
তস্স আগমনং মগ্গং সোধেন্তি তুট্ঠমানসা। ১১৭॥

৩৭। অহং তেন সময়েন নিক্খমিত্বা সকস্সমা,
ধুনন্তো বাকচীরানি গচ্ছামি অম্বরে তদা। ১১৮॥

৩৮। বেদজাতং জনং দিস্বা তুট্ঠহট্ঠং পমোদিতং,
ওরোহিত্বান গগনা মানুসে পুচ্ছি তাবদে। ১১৯॥

৩৯। তুট্ঠহট্ঠো পমুদিতো বেদজাতো মহাজনো,
কস্স সোধীয়তি মগ্গো অঞ্জসং বটুমায়নন্তি। ১২০॥

৪০। তে মে পুট্ঠা * বিয়াকাসুং বুদ্ধো লোকে অনুত্তরো,
দীপঙ্করো নাম জিনো উপ্পজ্জি লোকনায়কো ;

---

৩৬। তথাগত দীপঙ্কর বুদ্ধকে প্রত্যন্ত দেশে নিমন্ত্রণ করিয়া তদীয় ভক্তবৃন্দ সন্তুষ্ট চিত্তে তাঁহার আগমণের পথ শোধন করিতেছিলেন।

৩৭। আমি সেই সময় স্বীয় আশ্রম হইতে বাহির হওতঃ বল্কল চীবর ধুনিতে ধুনিতে আকাশ পথে যাইতেছিলাম।

৩৮। প্রীতি-প্রফুল্ল-মানস হৃষ্ট তুষ্ট ও প্রমোদিত জন সাধারণকে দেখিতে পাইয়া আমি তৎক্ষণাৎ আকাশ হইতে অবতরণ পূর্ব্বক তাহাদিগকে জিজ্ঞাসা করিলামঃ—

৩৯। প্রিয় বন্ধুগণ! মহাজনসঙ্ঘ হৃষ্ট তুষ্ট প্রমোদিত ও প্রফুল্ল হইয়া কাহার আগমনের জন্য রাস্তা শোধন করিতেছেন?

৪০। মৎ কর্ত্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া, তাহারা বলিল—জগতে অনুত্তর জিন লোকস্বামী, দীপঙ্কর বুদ্ধ উৎপন্ন হইয়াছেন, তাঁহার জন্য রাস্তা

---

* ব্যাকরিংসু।



Visit: http://www.buddhistdownload.com

তস্স সোধীয়তি মগ্গো অঞ্জসং বটুমায়নং ।১২১॥ ৮

৪১। বুদ্ধোতি মমস্সুত্বান পীতি উপ্পজ্জি তাবদে,
বুদ্ধো বুদ্ধোতি কথয়ন্তো সোমনস্সং পবেদয়িং ।১২২॥

৪২। তত্থ ঠত্বা বিচিন্তেসিং তুট্ঠো সংবিগ্গমানসো,
ইধ বীজানি রোপিস্সং খণো বে মা উপচ্চগা ।১২৩॥

৪৩। যদি বুদ্ধস্স সোধেথ একোকাসং দদাথ মে,
অহম্পি সোধয়িস্সামি অঞ্জসং বটুমায়নং ।১২৪॥

৪৪। অদংসু তে মমোকাসং সোধেতুং অঞ্জসং তদা,
বুদ্ধো বুদ্ধোতি চিন্তেন্তো মগ্গং সোধেমহংতদা ।১২৫॥

---

শোধন করা হইতেছে।

৪১। সেই ক্ষণেই "বুদ্ধ" এই বাক্য শুনিয়া আমার প্রীতি উৎপন্ন হইয়াছিল। আমি 'বুদ্ধ' 'বুদ্ধ' এইরূপ বলিতে বলিতে মনের আনন্দ প্রকাশ করিয়াছিলাম।

৪২। তথায় আকাশ হইতে অবতরণ পূর্ব্বক দাঁড়াইয়া সংবেগযুক্ত চিত্তে এইরূপ চিন্তা করিলাম,—এখানে অর্থাৎ দীপঙ্কর বুদ্ধের শাসন ক্ষেত্রে কুশল-বীজ বপন করিব। আমার (অষ্ট অক্ষণ বিনির্মুক্ত) এই শুভক্ষণ বৃথায় অতিবাহিত না হউক।

৪৩। যদি বুদ্ধের জন্য রাস্তা শোধন করেন, তবে আমাকে কতদূর স্থান শোধিত করিবার অবকাশ দেন, আমিও রাস্তা শোধন করিব।

৪৪। তখন তাহারা আমাকে রাস্তার কতেকাংশ শোধনের জন্য অবকাশ প্রদান করিল। আমি 'বুদ্ধ' 'বুদ্ধ' বলিয়া চিন্তা করিতে করিতে উহা শোধন করিতেছিলাম—



Visit: http://www.buddhistdownload.com

৪৫। অনিট্‌ঠিতে মমোকাসে দীপঙ্করো মহামুনি,
চতুহি *সতসহস্সেহি ছল্‌ভিঞ্ঞেহি তাদিহি ;
খীণাসবেহি বিমলেহি পটিপজ্জি অঞ্জসং জিনো ।১২৬॥

৪৬। পচ্চুগমনা বত্তন্তি বজ্জন্তি ভেরিয়ো বহূ,
আমোদিতা নরমরূ সাধুকারং পবত্তয়ুং ।১২৭॥

৪৭। দেবা মনুস্সে পস্সন্তি মনুস্সাপি চ দেবতা,
উভোপি তে পঞ্জলিকা অনুয়ন্তি তথাগতং ।১২৮॥

৪৮। দেবা দিব্বেহি তুরিয়েহি মনুস্সা মানুসকেহি চ,
উভোপি তে বজ্জয়ন্তা অনুয়ন্তি তথাগতং ।১২৯॥

৪৯। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পারিচ্ছত্তকং,
দিসো দিসং ওকিরন্তি আকাসনভগতা মরূ ।১৩০॥

---

৪৪। আমার সংশোধনের জন্য নির্দ্দিষ্ট রাস্তার কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে, মারজিৎ দীপঙ্কর মহামুনি, ষড়ভিজ্ঞ, সমদর্শী এবং বিগতমল চারি সহস্র ক্ষীণাশ্রব শিষ্য পরিবৃত হইয়া রাস্তায় উপনীত হইয়াছিলেন।

৪৬। দেব-মনুষ্যগণ আমোদিত হইয়া, তাঁহাকে আগু বাড়াইয়া লইতেছিল, এবং নানা প্রকার ভেরী নিনাদে গগন মণ্ডল মুখরিত করতঃ সাধুবাদ দিতেছিল।

৪৭। তখন দেবতারা মনুষ্যদিগকে দেখিতে পাইয়াছিল। তাহারা উভয় পক্ষ করজোড়ে তথাগত বুদ্ধের অনুগমন করিতেছিল।

৪৮। দেবগণ দিব্য তুর্য্যধ্বনি ও মানুষেরা মানুষিক তুর্য্যধ্বনি, করিতে করিতে মহামুনি দীপঙ্কর বুদ্ধের অনুগমন করিতেছিল।

৪৯। দেবতারা আকাশ মার্গে থাকিয়া দিব্য মন্দার পুষ্প, পদ্ম পুষ্প ও পারিজাত পুষ্প চতুর্দ্দিকে বিকীর্ণ করিতেছিল।

---

* চত্তারি সতসহস্সেহি পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

৫০। চম্পকং সললং নীপং নাগ-পুন্নাগ-কেতকং,
দিসো দিসং উক্খিপন্তি ভূমিতলগতা নরা ।১৩১॥

৫১। কেসে মুঞ্চিত্বহং তত্থ বাকচীরং চ চম্মকং,
কললে পত্থরিত্বান অবকুজ্জো নিপজ্জহং ।১৩২॥

৫২। অক্কমিত্বান মং বুদ্ধো সহ সিস্সেহি গচ্ছতু,
মা নং কললে অক্কমিত্থো হিতায় মে ভবিস্সতি ।১৩৩॥

৫৩। পঠবিয়ং নিপন্নস্স এবং মে আসি চেতসো,
ইচ্ছমানো অহং অজ্জ কিলেসে ঝাপয়ে মমং ।১৩৪॥

৫৪। কিং মে অঞ্ঞাত বেসেন ধম্মং সচ্ছিকতেনিধ,
সব্বঞ্ঞুতং পাপুনিত্বা বুদ্ধো হেস্সং সদেবকে ।১৩৫॥

---

৫০। মানুষেরা পৃথিবীতে থাকিয়া চম্পক কুসুম, কদম্ব, নাগেশ্বর, পুন্নাগ কেতকী ও পদ্ম কুমুদাদি জলজ পুষ্প উর্দ্ধ দিকে ক্ষেপণ করিতেছিল।

৫১। সেই সময় আমি তথায় অসম্পন্ন রাস্তার কর্দ্দমে বল্কল চীবর ও চর্ম্ম খণ্ড বিছাইয়া. মাথার বেণী খুলিয়া করজোড়ে নিম্নমুখী হইয়া নিপতিত হইয়াছিলাম।

৫২। আমি চিন্তা করিয়াছিলাম বুদ্ধ সশিষ্য আমাকে অতিক্রম করিয়া অর্থাৎ আমার পৃষ্টদেশে পা দিয়া গমন করুন; কাদা অতিক্রম না করুন। এই অতিক্রমণে আমার ভাবী মঙ্গল হইবে।

৫৩। মাটিতে শায়িত অবস্থায় আমার মনে এইরূপ একটা ভাবের উদয় হইয়াছিল:—আমি ইচ্ছা করিলে, অদ্য রাগাদি ক্লেশ সমূহ বিধ্বংশ করিতে পারি।

৫৪। এখানে জন সাধারণের অজ্ঞাতসারে, চতুসত্য ধর্ম্ম প্রত্যক্ষ করিয়া আমার লাভ কি; আমি সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ করিয়া দেব-মনুষ্য-দিগের মধ্যে বুদ্ধ হইব।



Visit: http://www.buddhistdownload.com

৫৫। কিং মে একেন তিণ্ণেন পুরিসেন থামদস্সিনা,
সব্বঞ্ঞুতং পাপুণিত্বা সন্তারেস্সং সদেবকে।১৩৬॥

৫৬। ইমিনা মে অধিকারেন কতেন পুরিসুত্তমে,
সব্বঞ্ঞুতং প পাপুণিত্বা তারেমি জনতং বহুং।১৩৭॥

৫৭। সংসার-সোতং ছিন্দিত্বা বিদ্ধংসেত্বা তয়ো ভবে,
ধম্মনাবং সমারুযহ সন্তারেস্সং * সদেবকং।১৩৮॥

৫৮। মনুস্সত্তং লিঙ্গসম্পত্তি হেতুসথারদস্সনং,
পব্বজ্জা গুণসম্পত্তি অধিকারো চ ছন্দতা,
অট্ঠধম্মসমোধানা অভিনীহারো সমিজ্ঝতি।১৩৯॥

---

৫৫। আমার ন্যায় বল প্রাপ্ত পুরুষের একাকী সংসার দুঃখ হইতে উত্তীর্ণ হইলে লাভ কি! আমি সর্ব্বজ্ঞতা লাভ করিয়া দেব-মনুষ্যদিগকে ভব দুঃখ হইতে ত্রাণ করিব।

৫৬। পুরুষোত্তম দীপঙ্কর বুদ্ধের সমীপে কৃত আমার এই শ্রেষ্ঠ কর্ম্মের বিপাকে সর্ব্বজ্ঞতা লাভ করিয়া বহুজনতাকে পরিত্রাণ করিব।

৫৭। সংসার স্রোত বিচ্ছিন্ন ও কাম, রূপ, অরূপ এই ত্রিভবের কর্ম্ম ক্লেশ বিধ্বংশ করত আর্য্য-অষ্টাঙ্গিক-মার্গরূপ ধর্ম্ম নৌকায় আরোহণ করাইয়া দেব-মনুষ্যদিগকে ত্রাণ করিব।

৫৮। (১) মানব জাতিতে জন্ম, (২) পুরুষত্ব লাভ, (৩) ইহজীবনে অরহত্ব লাভের উপযুক্ত পুণ্যরূপ হেতু সম্পন্নতা, (৪) বুদ্ধ দর্শন, (৫) প্রব্রজ্যা, (৬) অভিজ্ঞারূপ গুণ সম্পন্নতা, (৭) বুদ্ধত্ব লাভের জন্য জীবন ত্যাগ ও (৮) অপরাজেয় ইচ্ছা শক্তি, এই আটটি ধর্ম্ম একসঙ্গে থাকিলে বুদ্ধত্ব লাভের প্রার্থনা সিদ্ধ হইয়া থাকে।

---

* "সব্বঞ্ঞুতং পাপুনাসি।"



Visit: http://www.buddhistdownload.com

৫৯। দীপঙ্করো লোকবিদূ আহুতীনং পটিগ্গহো,
উস্সীসকে মং ঠত্বান ইদং বচন মব্রবি।১৪০॥

৬০। পস্সথ ইমং তাপসং জটিলং উগ্গতাপনং,
অপরিমেয়্যে ইতোকপ্পে বুদ্ধো লোকে ভবিস্সতি।১৪১॥

৬১। অথ * কপিলবহ্যা রম্মা নিক্খমিত্বা তথাগতো,
পধানং পদহিত্বান কত্বা দুক্করকারিকং।১৪২॥

৬২। অজপাল রুক্খমূলস্মিং নিসীদিত্বা তথাগতো,
তত্থ † পায়সমগ্গযহ নেরঞ্জরমুপেহিতি।১৪৩॥

৬৩। নেরঞ্জরায় তীরম্হি পায়সং অদা সো জিনো,
পটিয়ত্তবরমগ্গেন বোধিমূলং হি এহিতি।১৪৪॥

৬৪। ততো পদক্খিণং কত্বা বোধিমণ্ডং ‡ নরুত্তরো,
অস্সথ রুক্খমূলম্হি বুজ্ঝিস্সতি মহায়সো।১৪৫॥

---

৫৯। দক্ষিণা গ্রহণের উপযোগী, লোকবিদ্ দীপঙ্কর বুদ্ধ আমার শিরোদেশে দাঁড়াইয়া এই ভবিষ্যদ্ বাণী বলিলেনঃ—

৬০। হে প্রিয় শিষ্যগণ! এই জটাধারী উগ্রতপশ্চরণকারী তাপসকে দেখ। এই ব্যক্তি এই হইতে অপরিমিত কল্পের পর জগতে বুদ্ধ হইবেন।

৬১। অতঃপর সেই তথাগত রমণীয় কপিলবাস্তু নগরী হইতে নিষ্ক্রান্ত হইয়া সম্যক্ প্রকারে ধ্যান এবং দুষ্কর ক্রিয়া সম্পাদন করিবেন।

৬২। অজপাল বৃক্ষমূলে উপবেশন করিয়া সুজাতা প্রদত্ত পায়সান্ন গ্রহণের পর নৈরঞ্জনা নদীর তীরে উপস্থিত হইবেন।

৬৩। সেইদিন নৈরঞ্জনা নদীর তীরে ক্ষীর পায়স ভোজন করিবেন ও দেবতাদিগের সজ্জিত উত্তম রাস্তায় মহা বোধিদ্রুম মূলে আসিবেন।

৬৪। তৎপর মহা যশস্বী নরশ্রেষ্ঠ বোধিসত্ত্ব বোধি মণ্ডপ প্রদক্ষিণ করিয়া অশ্বত্থ বৃক্ষমূলে বুদ্ধত্ব লাভ করিবেন।

---

* "অহ্বু" † "পায়াসং"। ‡ "অনুত্তরো" পাঠান্তর।

5 F—



Visit: http://www.buddhistdownload.com

৬৫। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো ।১৪৬॥

৬৬। অনাসবা বীতমলা* সন্তচিত্তা সমাহিতা,
কোলিত উপতিস্সো চ অগ্গা হেস্সন্তি সাবকা । ১৪৭॥

৬৭। আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং,
খেমা উপ্পলবণ্ণা চ অগ্গা হেস্সন্তি সাবিকা ।১৪৮॥

৬৮। অনাসবা বীতমলা সন্তচিত্তা সমাহিতা;
বোধি তস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি ।১৪৯॥

৬৯। চিত্তো চ হত্থালবকো অগ্গা হেস্সন্তুপট্ঠকা,
উত্তরা নন্দমাতা চ অগ্গা হেস্সন্তুপট্ঠিকা । ১৫০॥

৭০। ইদং সুত্বান বচনং অসমস্স মহেসিনো;
আমোদিতা নরুমরু বুদ্ধ বীজঙ্কুরো অয়ং । ১৫১॥

---

৬৫। ইনির মাতার নাম মহামায়া, পিতার নাম শুদ্ধোদন এবং ইনির নাম গৌতম হইবে।

৬৬। অনাশ্রব, কামরাগাদি ময়লা বিরহিত, শান্ত ও একাগ্র চিত্ত উপতিষ্য এবং কৌলিত নামে দুইজন অগ্রশ্রাবক হইবে।

৬৭-৬৮। আনন্দ নামক উপস্থায়ক সেবক তাঁহাকে সেবা করিবে। ক্ষীণাশ্রবা রাগাদি ময়লা বিহীনা শান্ত ও একাগ্র চিত্তসম্পন্না খেমা ও উপ্পল-বণ্ণা নাম্নি তাঁহার দুইজন অগ্রশ্রাবিকা হইবে। অশ্বত্থ বৃক্ষসেই ভগবান বুদ্ধের বোধিবৃক্ষ বলিয়া কথিত হইবে।

৬৯। চিত্ত ও হত্থালবক গৃহপতি অগ্রসেবক হইবে। উত্তরা আর নন্দমাতা উপাসিকা অগ্রসেবিকা হইবে।

৭০। অতুলনীয় মহর্ষি দীপঙ্করবুদ্ধের এবম্বিধ ভবিষ্যদ্বাণী শুনিয়া দেবনর-গণ জানিল,—'ইনি বুদ্ধ বীজাঙ্কুর'—তদ্ধেতু তাহারা আনন্দিত হইল।

---

* "বীতরাগা"।



Visit: http://www.buddhistdownload.com

৭১। উক্কুট্ঠিসদ্দং বত্তেন্তি অপ্ফোঠেন্তি হসন্তি চ,
কতঞ্জলী নমস্সন্তি দসসহস্সী সদেবকা। ১৫২॥

৭২। য়দিমস্স লোকনাথস্স বিরজ্ঝিস্সাম সাসনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ১৫৩॥

৭৩। য়থা মনুস্সা নদিং তরন্তা পটিতিত্থং বিরজ্ঝিময়,
হেট্ঠা তিত্থে গহেত্বান উত্তরন্তি মহানদিং।১৫৪॥

৭৪। এবমেব ময়ং সব্বে য়দি মুঞ্চামিমং জিনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ১৫৫॥

৭৫। দীপঙ্করো লোকবিদূ আহুতীনং পটিগ্গাহো,
মম কম্মং পকিত্তেত্বা দক্খিণং পদমুদ্ধরি। ১৫৬॥

৭৬। য়ে তত্থাসুং জিনপুত্তা পদক্খিণ* মকংসু মং,
দেবা† মনুস্সা অসুরা চ অভিবাদেত্বান পক্কমুং‡। ১৫৭॥

---

৭১। দশসহস্র চক্রবালবাসী দেব-মনুষ্যগণ মহাআনন্দের রোল তুলিয়াছিল, করতালি দিয়া হাসিতেছিল এবং কৃতাঞ্জলীপুটে প্রণাম জানাইতেছিল।

৭২। যদি এই লোকনাথের শাসন হারাই, তাহা হইলে অনাগত কালে ইঁহারই সম্মুখীন হইব।

৭৩-৭৪। যেমন মানুষেরা নদী পার হইবার সময় উপরের ঘাট হারাইয়া নীচের ঘাটে গিয়া মহানদী উত্তীর্ণ হয়, সেইরূপ আমরা সকলে যদি এই বুদ্ধকে হারাই তাহা হইলে ভবিষ্যতে ইঁহার সম্মুখীন হইব।

৭৫। আহুতি গ্রহণকারী দক্ষিণার্হ লোকবিদ্ দীপঙ্কর বুদ্ধ, আমার কৃত কর্ম্ম সম্বন্ধে নানা প্রকার প্রশংসা করিয়া দক্ষিণ পদ উত্তোলন করিয়াছিলেন।

৭৬। সেই পরিষদে যেই বুদ্ধপুত্রগণ ছিলেন, তাঁহারা আমাকে প্রদক্ষিণ করিয়াছিলেন। দেবতা মানব এবং অসুরেরা ও আমাকে অভিবাদন পূর্ব্বক প্রস্থান করিয়াছিল।

---

* "সব্বে পদক্খিণ মকংসুমং" কোন কোন গ্রন্থে। † "দেবমনুস্সা অসুরা য়ক্খা" পাঠান্তর। ‡ "পক্কমন্তি"পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

৭৭। দস্সনং মে অতিক্কন্তে সসঙ্ঘে লোকনায়কে,
সয়না উট্ঠহিত্বান পল্লঙ্কং আভুজিং তদা। ১৫৮॥

৭৮। সুখেন সুখিতো হোমি পামুজ্জেন পমোদিতো,
পীতিয়া চ অভিস্সন্নো পল্লঙ্কং আভুজিং তদা। ১৫৯॥

৭৯। পল্লঙ্কেন নিসীদিত্বা এবং চিন্তেসহং তদা,
বসীভূতো অহং ঝানে অভিঞ্ঞাসু পারমিং গতো। ১৬০॥

৮০। সহস্সিয়ম্হি লোকম্হি ইসয়ো নত্থি মে সমা,
অসমো ইদ্ধি ধম্মেসু অলভিং ঈদিসং সুখং। ১৬১॥

৮১। পল্লঙ্কাভুজনে মযহং দসসহস্সাধিবাসিনো,
মহানাদং পবত্তেসুং ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬২॥

৮২। য়া পুব্বে বোধিসত্তানং পল্লঙ্কবরমাভুজে,
নিমিত্তানি পদিস্সন্তি তানি অজ্জ পদিস্সরে। ১৬৩॥

---

৭৭। সশিষ্য লোকগুরু বুদ্ধ আমার দৃষ্টিপথ অতিক্রম করিয়া গেলে তখন আমি শয়ন হইতে উঠিয়া পদ্মাসনে উপবেশন করিয়াছিলাম।

৭৮। তখন আমি কায়িক চৈতসিক সুখে সুখী, প্রামোদ্যে প্রমোদিত, ও বলবতী প্রীতির দ্বারা অভিসিক্ত হইয়া পদ্মাসনে বসিয়াছিলাম।

৭৯-৮০। আমি যখন পর্য্যঙ্কে উপবিষ্ট ছিলাম, তখন আমার এই-রূপ একটা ভাবের উদয় হইয়াছিল,—আমি রূপাবচর ধ্যানে অভ্যস্ত, পঞ্চ অভিজ্ঞায়ও পারদর্শী, দশ সহস্র চক্রবালে আমার সমান ঋষি নাই। আমি ঋদ্ধি ধর্ম্মে অসম, আমার এইরূপ সুখ লাভ হইয়াছে।

৮১। আমি পদ্মাসনে উপবিষ্ট হইলে চক্রবালবাসী দেবতারা একান্তই বুদ্ধ হইব বলিয়া মহানাদে ঘোষণা করিয়াছিল।

৮২। পূর্ব্বে বোধিসত্ত্বগণ বর পদ্মাসনে উপবেশন কালে যেই নিমিত্ত সমূহ দেখা যাইত, সেই সমস্ত অদ্যও দেখা যাইতেছে।



Visit: http://www.buddhistdownload.com

৮৩। সীতং ব্যপগতং হোতি উণ্হঞ্চ উপসম্মতি,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৪॥

৮৪। দসসহস্সী লোকধাতু নিস্সদ্দা হোতি নিরাকুলা,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৫॥

৮৫। মহাবাতা ন বায়ন্তি ন সন্দন্তি সবন্তিয়ো,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৬॥

৮৬। থলজা দকজা পুপ্ফা সব্বে পুপ্ফন্তি তাবদে,
তেপজ্জ পুপ্ফিতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৭॥

৮৭। লতা বা য়দি বা রুক্খা ফলভারা * হোন্তি তাবদে,
তেপজ্জ ফলিতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৮॥

---

৮৩। পূর্ব্বে শীত অপগত হইত, উষ্ণ উপশম হইত ; সেই নিমিত্ত গুলি অদ্য দেখা যাইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৪। দশ সহস্র চক্রবাল নিঃশব্দ ও নিরাকুল হইত ; সেই নিমিত্ত অদ্যও দেখা যাইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৮৫। মহাবায়ু প্রবাহিত হইত না, নদীর স্রোতও স্যন্দিত হইত না, সেই নিমিত্তগুলি অদ্য দেখা যাইতেছে। একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৬। তখন পদ্মাসনে উপবেশন সময়ে স্থলজ ও জলজ পুষ্প সমূহ পুষ্পিত হইত, অদ্যও সেই পুষ্প সকল পুষ্পিত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৮৭। তখন লতা অথবা বৃক্ষ ফল-ভরে অবনত হইত। অদ্যও বৃক্ষ লতাদি ফলিত হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

---

§ "ছুম্মারী" কোন কোন স্থলে



Visit: http://www.buddhistdownload.com

৮৮। আকাসট্ঠা চ ভুম্মট্ঠা রতনা জোতন্তি তাবদে,
তেপজ্জ রতনা জোতন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৬৯॥

৮৯। মানুসকা চ দিব্বা চ তুরিয়া বজ্জন্তি তাবদে,
তেপজ্জ উভো অভিরবন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭০॥

৯০। বিচিত্তপুপ্ফা গগনা অভিবস্সন্তি তাবদে,
তে পি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭১॥

৯১। মহাসমুদ্দো আভুজতি দসসহস্সী পকম্পতি,
তেপজ্জুভো অভিরবন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭২॥

৯২। নিরয়েসু দসসহস্সী অগ্গি নিব্বন্তি তাবদে,
তেপজ্জ নিব্বুতা অগ্গি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৩॥

---

৮৮। তখন আকাশস্থ ও ভূমিস্থিত রত্ন সকল জ্যোতির্ম্ময় হইত, সেই সকল অদ্যও জ্যোতি সম্পন্ন হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৮৯। মানবদিগের ও দেবতাদের বাদ্য যন্ত্র সকল তখন স্বয়ং ধ্বনিত হইত। সে সমস্ত অদ্যও ধ্বনিত হইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৯০। তখন আকাশ হইতে নানারঙ্গে বিচিত্র সুগন্ধ পুষ্প বর্ষিত হইত, সে পুষ্প সমূহ অদ্যও বর্ষিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯১। তখন মহাসমুদ্র গর্জ্জন করিত ও দশ সহস্র চক্রবাল কম্পিত হইত, উহারা উভয়ই অদ্য মহারব করিতেছে, আপনি নিশ্চয় বুদ্ধ হইবেন।

৯২। তখন দশ সহস্র চক্রবালের নরক সমূহের অগ্নি নির্ব্বাপিত হইত। সেই অগ্নি রাশি অদ্যও নির্ব্বাপিত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।



Visit: http://www.buddhistdownload.com

৯৩। বিমলো হোতি সুরিয়ো সব্বে দিস্সন্তি তারকা,
তেপি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৪॥

৯৪। অনোবট্ঠেন উদকেন মহিয়া উব্ভিজ্জি তাবদে,
তম্পজ্জুব্ভিজ্জতে মহিয়া ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৫॥

৯৫। তারাগণা বিরোচন্তি নক্খত্তা গগন মণ্ডলে,
বিসাখা চন্দিমযুত্তা ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৬॥

৯৬। বিলাসয়া দরীসয়া নিক্খমন্তি সকাসয়া,
তেপজ্জ আসয়া ছুদ্ধা* ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৭॥

৯৭। ন হোতি অরতি সত্তানং সন্তুট্ঠা হোন্তি তাবদে,
তেপজ্জ সব্বে সন্তুট্ঠা ধুবং বুদ্ধো ভবিস্সসি। ১৭৮॥

---

৯৩। সেই সময় সূর্য্য নির্ম্মল হইত, আর নভোমণ্ডলের তারকারাজি সমস্তই দেখা যাইত। আজও তাহারা দেখা যাইতেছে, আপনি নিশ্চয় বুদ্ধ হইবেন।

৯৪। তখন জলধারা বর্ষিত না হইলেও পৃথিবী হইতে জল উঠিত। অদ্য ও তেমন পৃথিবী হইতে জল উত্থিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯৫। তখন বিশাখানক্ষত্র ও চন্দ্র সহ তারকা সকল বিরোচিত হইত। সেই সমস্ত অদ্যও প্রভাসিত হইতেছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

৯৬। বিবরাশ্রিত সর্প, মূষিক, গোধা ইত্যাদি ও সিংহ ব্যাঘ্রাদি. গুহাশ্রিত জীবগণ স্ব স্ব আশ্রয় স্থান হইতে তখন বাহির হইত। তাহারা অদ্যও স্ব স্ব আশ্রয় স্থান হইতে বাহির হইয়াছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

৯৭। তখন প্রাণীদিগের উৎকণ্ঠা উৎপন্ন হইত না, সর্ব্বদা সন্তুষ্ট থাকিত। তাহারা সকলে আজ সন্তুষ্ট হইতেছে, আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

---

* ল—"ছুদ্ধা"



Visit: http://www.buddhistdownload.com

৯৮। রোগা তত্থুপসম্মন্তি জিঘচ্ছা চ বিনস্সতি,
তানি অজ্জ পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৭৯॥

৯৯। রাগো তদা তনু হোতি দোসো মোহো বিনস্সতি,
তেপজ্জ বিগতা সব্বে ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮০॥

১০০। ভয়ং তদা ন ভবতি অজ্জ পেতং পদিস্সতি,
তেন লিঙ্গেন জানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮১॥

১০১। রজোনুদ্ধংসতী উদ্ধং অজ্জ পেতং পদিস্সতি,
তেন লিঙ্গেন জানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮২॥

১০২। অনিট্ঠগন্ধো পক্কমতি দিব্ব গন্ধো পবায়তি,
সোপজ্জ বায়তী গন্ধো ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৩॥

---

৯৮। তখন সমস্ত রোগ উপশম হইয়া যাইত আর ক্ষুধা বিনষ্ট হইত, অদ্যও সেই সব দেখা যাইতেছে, আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

৯৯। তখন পঞ্চ কামরাগ তনু হইত (কমিত) ও দ্বেষ-মোহ নষ্ট হইয়া যাইত। অদ্যও সেই সমস্ত অপগত হইয়াছে, নিশ্চয়ই আপনি বুদ্ধ হইবেন।

১০০। সেই সময় কোন প্রকার ভয় উৎপন্ন হইত না। অদ্যও তদ্রূপ ভয় বোধ হইতেছে না, এই কারণে আমরা জানিতে পারিতেছি যে আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

১০১। তখন ধূলিকণা উড়িয়া উর্দ্ধে উঠিত না। অদ্যও তদ্রূপ দেখা যাইতেছে, এই লক্ষণেও আমরা জানিতে পারিতেছি যে আপনি নিশ্চয়ই বুদ্ধ হইবেন।

১০২। তখন দুর্গন্ধ বিদূরীত হইত, সুগন্ধ প্রবাহিত হইত। অদ্যও সেই সুগন্ধ প্রবাহিত হইতেছে, আপনি একান্তই বুদ্ধ হইবেন।



Visit: http://www.buddhistdownload.com

১০৩। সব্বে দেবা পদিস্সন্তি ঠপয়িত্বা অরূপিনো,
তেপজ্জ সব্বে দিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৪॥
১০৪। য়াবতা নিরয়া নাম সব্বে দিস্সন্তি তাবদে,
তেপজ্জ সব্বে দিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৫॥
১০৫। কুড্ডা কবাটা সেলা চ ন হোন্তাবরণা * তদা,
আকাসভূতা তেপজ্জ ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৬॥
১০৬। চুতী চ উপপত্তী চ খণে তস্মিং ন বিজ্জতি,
তানি অজ্জ † পদিস্সন্তি ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৭॥
১০৭। দল্হং পগ্গণ্হ বিরিয়ং মা নিবত্তি অভিক্কম,
ময়ং পেতং পজানাম ধুবং বুদ্ধো ভবিস্সসি।১৮৮॥

---

১০৩। অরূপ ব্রহ্মলোকবাসী দেবতা ব্যতীত সকল দেবতা তখন দেখা যাইত, অদ্যও তাঁহারা দেখা যাইতেছেন, নিশ্চয় আপনি বুদ্ধ হইবেন।

১০৪। তখন নরক পর্য্যন্ত সকল স্থান দৃষ্টিগোচর হইত, অদ্যও সেই সমস্ত দেখা যাইতেছে। নিশ্চয় আপনি বুদ্ধ হইবেন।

১০৫। তখন দেওয়াল কবাট ও শৈলশ্রেণীর দ্বারা কোন স্থান আচ্ছন্ন থাকিত না, অর্থাৎ উহাদের ভিতর দিয়াও সকল দৃষ্টিগোচর হইত, অদ্যও সেই সমস্ত অনাবৃত ভাবে দেখা যাইতেছে। আপনি একান্তই বুদ্ধ হইবেন।

১০৬। সেই বর-পদ্মাসনে উপবেশন কালে সত্ত্বগণের জন্ম মৃত্যু হইত না। তেমন অদ্যও সেই সমুদয় পরিলক্ষিত হইতেছে, একান্তই আপনি বুদ্ধ হইবেন।

১০৭। আপনি বুদ্ধত্ব লাভের জন্য দৃঢ় পরাক্রমশালী হউন, নিবৃত্ত হইবেন না, সর্ব্বদা অগ্রসর হইতে থাকুন। আপনি যে নিশ্চয়ই বুদ্ধ হইবেন, তাহা আমরাও জানিতে পারিতেছি।

---

* ইং, ল—ন হোন্তাবরণং। † ইং—পজ্জ।



Visit: http://www.buddhistdownload.com

১০৮। বুদ্ধস্স বচনং সুত্বা দসসহস্সীন চূভয়ং
তুট্ঠহট্ঠো পমুদিতো এবং চিন্তেসহং তদা।১৮৯॥

১০৯। অদ্বেজ্ঝ-বচনা বুদ্ধা অমোঘবচনা জিনা,
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং।১৯০॥

১১০। য়থা খিত্তং নভে লেড্ডু ধুবং পততি ভূমিয়ং,
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং।১৯১॥

১১১। য়থাপি সব্বসত্তানং মরণং ধুব সস্সতং,
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং।১৯২॥

১১২। য়থা রত্তিক্খয়ে পত্তে সুরিয়স্সুগ্গমনং ধুবং
তথেব বুদ্ধ সেট্ঠানং বচনং ধুব সস্সতং;

---

১০৮। লোকনাথ দীপঙ্কর বুদ্ধ ও দশ সহস্র চক্রবালবাসী এই উভয়ের আশ্বাসবাণী শুনিয়া আমি হৃষ্ট তুষ্ট প্রমোদিত চিত্তে এইরূপ চিন্তা করিতেছিলাম,—

১০৯। বুদ্ধ-জিনগণ অদ্বয়বাদী ও অমোঘভাষী, মারজিন বুদ্ধগণের বচনে অসত্য নাই, নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১০। আকাশে ক্ষিপ্ত ঢিলের যেমন ভূমিতে পতন অবশ্যম্ভাবী, সেইরূপ বুদ্ধগণের বাক্য ধ্রুব শাশ্বত। তাঁহাদের বাক্যে মিথ্যা নাই। আমি নিশ্চয়ই বুদ্ধ হইব। [এখানে 'শাশ্বত' শব্দ সত্যার্থে ব্যবহৃত]

১১১। সমস্ত প্রাণীর মরণ যেমন অবশ্যম্ভাবী তেমন বুদ্ধগণের বাক্যও ধ্রুব শাশ্বত; বুদ্ধগণের বাক্যে মিথ্যা নাই, একান্তই আমি বুদ্ধ হইব।

১১২। রাত্রি প্রভাত হইলে যেমন নিশ্চয় দিনমনি উদিত হইয়া থাকে, তদ্রূপ বুদ্ধগণের বাক্যও সুনিশ্চিত শাশ্বত। বুদ্ধ বাক্যে মিথ্যা



Visit: http://www.buddhistdownload.com

বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৩॥

১১৩। য়থা নিক্খন্ত সয়নস্স সীহস্স নদনং ধুবং,
তথেব বুদ্ধ সেট্‌ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৪॥

১১৪। য়থা আপন্ন সত্তানং ভারমোরোপণং ধুবং,
তথেব বুদ্ধ সেট্‌ঠানং বচনং ধুব সস্সতং ;
বিতথং নত্থি বুদ্ধানং ধুবং বুদ্ধো ভবামহং ।১৯৫॥

১১৫। হন্দ বুদ্ধকরে ধম্মে বিচিনামি ইতো চিতো,
উদ্ধং অধো দসাদিসা য়াবতা ধম্মধাতুয়া ।১৯৬॥

১১৬। বিচিনন্তো তদা দক্খিং* পঠমং দানপারমিং,
পুব্বকেহি মহেসীহি অনুচিণ্ণং মহাপথং ।১৯৭॥

---

নাই। আমি নিশ্চয়ই বুদ্ধ হইব।

১১৩। শয়ন হইতে বহির্গত সিংহের যেমন সিংহনাদ করা নিশ্চিত, সেইরূপ বুদ্ধগণের বাক্যও একান্ত সত্য। তথাগত বাক্যে মিথ্যা নাই। নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১৪। গর্ভিণী স্ত্রীলোকদিগের সন্তান প্রসব যেমন অবশ্যম্ভাবী, সেইরূপ বুদ্ধবাণীও ধ্রুব শাশ্বত। বুদ্ধ বচনে অসত্য নাই, নিশ্চয়ই আমি বুদ্ধ হইব।

১১৫। অতএব আমি উর্দ্ধ অধঃ আদি দশদিকে কাম, রূপ ও অরূপ লোক পর্য্যন্ত যাবৎ স্বভাব ধর্ম্ম বিদ্যমান আছে, তাবৎ স্থান হইতে বুদ্ধত্ব লাভের হেতুভূত ধর্ম্মসমূহ চয়ন করিব।

১১৬। চয়ন করিতে করিতে দেখিতে পাইলাম—ভূতপূর্ব্ব মহর্ষিগণ সম্বোধি লাভের মহামার্গ সদৃশ দান পারমী প্রথম আচরণ করিতেন।

---

* মধুরত্থ বিলাসিনীতে—তদাদ্দক্খিং।



Visit: http://www.buddhistdownload.com

১১৭। ইমং ত্বং পঠমং তাব দল্হং কত্বা সমাদিয়,
দান পারমিতং গচ্ছ[১] য়দি বোধিং পত্তুমিচ্ছসি ১৯৮॥

১১৮। য়থাপি কুম্ভো সম্পুণ্ণো য়স্স কস্সচি অধোকতো,
বমতে উদকং নিস্সেসং ন তত্থ পরিরক্খতি ।১৯৯॥

১১৯। তথেব য়াচকে দিস্বা হীনমুক্কট্ঠ মজ্ঝিমে,
দদাহি দানং নিস্সেসং কুম্ভো বিয় অধোকতো ।২০০॥

১২০। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা ।২০১॥

১২১। বিচিনন্তো তদা দক্খিং দুতিয়ং সীল পারমিং.
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২০২॥

১২২। ইমং ত্বং দুতিয়ং তাব দল্হং কত্বা সমাদিয়,
সীল পারমিতং গচ্ছ[১] য়দি বোধিং পত্তুমিচ্ছসি ।২০৩॥

---

১১৭। বোধিসত্ত্ব নিজকে নিজে বলিতেছেন, যদি তুমি সম্বোধি লাভের ইচ্ছা কর, তবে প্রথম এই দানপারমী দৃঢ়ভাবে অধিষ্টান করিয়া পরিপূর্ণ কর।

১১৮।১১৯। জল পরিপূর্ণ কলসী কাহারো দ্বারা অধোমুখী করা হইলে, তাহার জল যেমন নিঃশেষ হইয়া সরিয়া যায়, তথায় বিন্দুমাত্রও অবশিষ্ট থাকে না, সেরূপ হীন, উৎকৃষ্ট ও মধ্যম যে কোন প্রকার যাচক দেখিলে, অধোমুখী কৃত জল-কলসীর ন্যায় নিঃশেষ করিয়া দান কর।

১২০। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরও বোধি-পরিপাচক ধর্ম্ম চয়ন করিব।

১২১। তখন পর্য্যবেক্ষণ করিতে করিতে পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত আচরিত দ্বিতীয় শীল-পারমী দেখিতে পাইলাম।

১২২। তুমি যদি বুদ্ধত্ব লাভ করিতে ইচ্ছা কর, তবে এই দ্বিতীয় শীল-পারমী সম্যক্‌রূপে গ্রহণ করিয়া পরিপূর্ণ কর।

---

(১) "গচ্ছ" শব্দ পূর্ণ করণার্থে গৃহীত হইয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

১২৩। য়থাপি চমরী বালং কিস্মিচি পতিলগ্গিতং,
উপেতি মরণং তত্থ ন বিকোপেতি বালধিং ।২০৪॥

১২৪। তথেব ত্বং চতুসু ভূমীসু সীলানি পরিপূরয়,
পরিরক্খ সব্বদা সীলং চমরী বিয় বালধিং ।২০৫॥

১২৫। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা ।২০৬॥

১২৬। বিচিনন্তো তদা দক্খিং ততিয়ং নেক্খম্ম পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২০৭॥

১২৭। ইমং ত্বং ততিয়ং তাব দল্‌হং কত্বা সমাদিয়,
নেক্খম্ম পারমিং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি। ২০৮॥

---

১২৩। যেমন চমরীর বালধি বা লেজ কণ্টকাদি কিছুতে লাগিলে তথায় প্রাণ ত্যাগ করে, তথাপি বালধি ছিন্ন করে না,

১২৪। সেইরূপ তুমি দণ্ডায়মান, গমন, উপবেশন ও শয়নাবস্থায় অথবা প্রাতিমোক্ষ সংবরাদি চতুর্ব্বিধ শীল ভূমিতে স্থিত থাকিয়া সর্ব্বদা অখণ্ডভাবে চমরীর বালধির ন্যায় শীলসমূহ রক্ষা কর।

১২৫। বুদ্ধত্ব সাধক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরো বুদ্ধত্ব লাভের হেতু-ভূত ধর্ম্ম পরীক্ষা করিব।

১২৬। পর্য্যবেক্ষণ করিতে করিতে তখন ভূতপূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত তৃতীয় নৈষ্ক্রম্যপারমী দেখিতে পাইলাম।

১২৭। তুমি যদি সম্যক্ সম্বোধি লাভ করিতে ইচ্ছা কর, তবে তৃতীয় নৈষ্ক্রম্য-পারমী সম্যক্ অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।



Visit: http://www.buddhistdownload.com

১২৮। য়থা অন্দুঘরে পুরিসো চিরবুখো দুখদ্দিতো,
ন তথ রাগং অভিজনেতি মুত্তিং য়েব গবেসতি।২০৯॥

১২৯। তথেব ত্বং সব্বভবে পস্স অন্দুঘরে বিয়,
নেক্খম্মাভিমুখো হোহি ভবতো পরিমুত্তিয়া।২১০॥

১৩০। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা।২১১॥

১৩১। বিচিনন্তো তদা দক্খিং চতুত্থং পঞ্ঞা পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং।২১২॥

১৩২। ইমং ত্বং চতুত্থং তাব দল্হং কত্বা সমাদিয়,
পঞ্ঞা* পারমিতং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি।২১৩॥

১৩৩। য়থাপি ভিক্খু ভিক্খন্তো হীনমুক্কট্ঠ মজ্ঝিমে,
কুলানি ন বিবজ্জেন্তো এবং লভতি য়াপনং।২১৪॥

১২৮।১২৯। কারাগারে আবদ্ধ বন্ধনজনিত দুঃখে দুঃখিত পুরুষ যেমন তথায় চিরকাল বাস করিলেও থাকিবার ইচ্ছা করে না, মুক্তি লাভেরই চেষ্টা করে, সেইরূপ তুমি কাম, রূপ ও অরূপ এই ভবত্রয়কে কারাগারের ন্যায় দেখ, আর ভব হইতে মুক্তির জন্য নৈষ্ক্রম্যাভিমুখী হও।

১৩০। বুদ্ধকারক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, অপরাপর বোধি পরিপক্ককর ধর্ম্মসমূহ ও আমি পরীক্ষা করিব।

১৩১। তখন পরীক্ষা করিতে করিতে পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত চতুর্থ প্রজ্ঞা পারমীতা দেখিতে পাইলাম।

১৩২। যদি তুমি সম্বোধি লাভ করিতে চাও, তবে এই চতুর্থ প্রজ্ঞা পারমীতা দৃঢ়তার সহিত অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১৩৩।১৩৪। ভিক্ষু যেমন ভিক্ষা করিবার সময় হীন, উৎকৃষ্ট, মধ্যম কুল বাদ দেয় না এই প্রকারে যাপন যোগ্য আহার লাভ করে;

* "পঞ্ঞায় পারমিং" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৩৪। তথেব ত্বং সব্বকালং *পরিপুচ্ছং বুধং জনং,
পঞ্ঞাপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি।২১৫॥

১৩৫। ন হেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা।২১৬॥

১৩৬। ইমং ত্বং পঞ্চমং তাব দল্‌হং কত্বা সমাদিয়,
বিরিয় পারমিতং গচ্ছ য়দি বোধিং পত্তুমিচ্ছসি।২১৭॥

১৩৭। য়থাপি সীহো মিগরাজা নিসজ্জট্ঠান চঙ্কমে,
অলীন বিরিয়ো †হোতি পগ্গহিত মনো সদা।২১৮॥

১৩৮। তথেব ত্বম্পি সব্বভবে পগ্গণহ বিরিয়ং দল্‌হং,
বিরিয় পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুনিস্সসি।২১৯॥

---

সেইরূপ তুমিও সর্ব্বদা পণ্ডিত ব্যক্তির নিকট—"মহাশয় কুশল কি? অকুশল কি? কর্ত্তব্য কি? অকর্ত্তব্য কি?" ইত্যাদি প্রশ্ন জিজ্ঞাসা কর। এইরূপে তুমি প্রজ্ঞা পারমীর পারপ্রাপ্ত হইয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৩৫। বোধি পরিপাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, অন্যান্য বোধি পরিপক্ককর ধর্ম্মসমূহ ও পরীক্ষা করিব।

১৩৬। যদি তুমি সম্বোধি লাভ করিতে চাও, তবে পঞ্চম বীর্য্য-পারমিতা দৃঢ়তার সহিত অধিষ্ঠান করিয়া পরিপূর্ণ কর।

১৩৭।১৩৮। মৃগরাজ সিংহ যেমন উপবেশন দাঁড়ান ও পদচারণ এই ত্রিবিধ অবস্থায় অসঙ্কোচিত-বীর্য্য ও প্রসারিত চিত্তে অবস্থান করে, তদ্রূপ তুমি সর্ব্ব ভবে দৃঢ় পরাক্রমশালী হও; এই প্রকারে বীর্য্য পারমীতা পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

---

* "পরিপুচ্ছন্তো"। † "ভবতি" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৩৯। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা।২২০॥

১৪০। বিচিনন্তো তদা দক্খিং ছট্‌ঠমং খন্তি পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং।২২১॥

১৪১। ইমং ত্বং ছট্‌ঠমং তাব দল্‌হং কত্বা সমাদিয়;
তত্থ অদ্বেজ্ঝমানসো সম্বোধিং পাপুনিস্সসি।২২২॥

১৪২। য়থাপি পঠবী নাম সুচিম্পি অসুচিম্পি চ,
সব্বং সহতি নিক্খেপং ন করোতি পটিঘং দয়ং।২২৩॥

১৪৩। তথেব ত্বম্পি সব্বেসং সম্মানাবমানন * ক্খমো,
খন্তি পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি।২২৪॥

১৪৪। নহেতে এত্তকায়েব বুদ্ধ ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধি পাচনা।২২৫॥

---

১৩৯। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, ইহা ব্যতীত অন্য যত বোধি-পাচক ধর্ম্ম আছে তাহাও পরীক্ষা করিব।

১৪০। তখন পরীক্ষা করিতে করিতে পূর্ব্ববর্ত্তী মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত, ষষ্ঠ ক্ষান্তি-পারমী দেখিতে পাইলাম।

১৪১। তুমি এই ষষ্ঠ ক্ষান্তি-পারমী দৃঢ়রূপে গ্রহণ করিয়া তাহাতে স্থিরচিত্ত হইয়া সম্যক্ সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪২।১৪৩। যেমন পৃথিবীতে শুচি বা অশুচি যে কোন প্রকার বস্তু নিক্ষেপ করিলে পৃথিবী তৎপ্রতি ক্রোধ বা দয়া করে না, সমস্ত নিক্ষেপ সহ্য করে, তেমন তুমিও সমস্ত সম্মান অপমান সহ্য করতঃ ক্ষান্তি-পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৪। বোধি-পাচক ধর্ম্ম কেবল এ পর্য্যন্ত নহে, আরো যত প্রকার আছে সেই সকলও পরীক্ষা করিব।

---

* "সম্মানবিমানকখমো সম্মাননাবমাননকখমো, সম্মাননবিমানকখমো" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৮২। য়থা য়ে কেচি সম্বুদ্ধা ধম্মচক্ক পবত্তয়ুং,
তথেব ত্বং মহাবীর ধম্মচক্কং পবত্তয়। ২৬৩ ॥

১৮৩। পুণ্ণমাসে য়থা চন্দো পরিসুদ্ধো বিরোচতি,
তথেব ত্বং পুণ্ণমনো বিরোচ দসসহস্সিয়ং। ২৬৪ ॥

১৮৪। রাহু মুত্তো য়থা সুরিয়ো তাপেন অভিরোচতি,
তথেব লোকা মুঞ্চিত্বা বিরোচ সিরিয়া তুবং। ২৬৫ ॥

১৮৫। য়থা য়া কাচি নদিয়ো ওসরন্তি মহোদধিং,
এবং সদেবকা লোকা ওসরন্তি তবন্তিকে। ২৬৬ ॥

১৮৬। তেহি থুতিপ্পসত্থো সো দসধম্মে সমাদিয়,
তে ধম্মে পরিপূরেন্তো পবনং † পাবিসি তদা। ২৬৭ ॥

---

হে মহাবীর আপনিও তেমন জিন বোধির দ্বারা বুদ্ধ হউন।

১৮২। অন্যান্য বুদ্ধগণ যেমন ধর্ম্ম চক্র প্রবর্ত্তন করিয়াছেন, হে মহাবীর আপনি ও তেমন ধর্ম্ম চক্র প্রবর্ত্তন করুন।

১৮৩। পূর্ণিমার চন্দ্র যেমন জগত বাসীকে পরিশুদ্ধ আলো দান করে, সেরূপ আপনি ও মনোবাসনা পূর্ণ করিয়া দশ সহস্র চক্রবালে বিরোচিত হউন।

১৮৪। রাহুমুক্ত সূর্য্য যেমন স্বীয় রশ্মির দ্বারা অতিশয় বিরোচিত হয়, সেরূপ আপনিও লোক ধর্ম্ম অথবা সংসার বন্ধন হইতে মুক্ত হইয়া বুদ্ধশ্রীর দ্বারা সুশোভিত হউন।

১৮৫। যেমন যে কোন নদী মহা সমুদ্রে পতিত হয়, সেইরূপ দেবগণসহ সর্ব্ব লোকবাসী আপনার নিকট সমাগত হউক।

১৮৬। তখন আমি তাহাদের স্তুতি ও প্রশংসা লাভ করিয়া, দশ-পারমী ধর্ম্ম গ্রহণ পূর্ব্বক তাহা পূর্ণ করিবার জন্য মহাবনে প্রবেশ করিয়াছিলাম।

---

† "পাবিনী"—পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৭৬। দিব্বং মানুসকং পুপ্ফং দেবা মানুসকা উভো,
সমোকিরন্তি পুপ্ফেহি বুট্‌ঠহন্তস্স আসনা। ২৫৭ ॥

১৭৭। বেদয়ন্তি চ তে সোত্থিং দেবা মানুসকা উভো,
মহন্তং পত্থিতং তুয়হং তং লভস্সু য়থিচ্ছিতং। ২৫৮ ॥

১৭৮। সব্বীতিয়ো বিবজ্জন্তু * সব্বরোগো বিনস্সতু,
মা তে ভবত্বন্তরায়ো ফুস খিপ্পং বোধিমুত্তমং। ২৫৯ ॥

১৭৯। য়থাপি সময়ে পত্তে পুপ্ফন্তি পুপ্ফিনো দুমা,
তথেব ত্বং মহাবীর বুদ্ধঞাণেন পুপ্ফসি। ২৬০ ॥

১৮০। য়থা য়ে কেচি সম্বুদ্ধা পূরয়ুং দসপারমী,
তথেব ত্বং মহাবীর পূরয় দসপারমী। ২৬১ ॥

১৮১ য়থা য়ে কেচি সম্বুদ্ধা বোধি মণ্ডম্হি বুজ্ঝরে ,
তথেব ত্বং মহাবীর বুজ্ঝস্সু জিনবোধিয়ং। ২৬২ ॥

---

১৭৬। আসন হইতে উঠিবার সময় দেবতা ও মানব উভয় পক্ষে দিব্য এবং মানবীয় প্রসূন গ্রহণ পূর্ব্বক পুষ্পবৃষ্টি করিতেছিল।

১৭৭। সেই দেবতা ও মানব উভয় সম্প্রদায় আমার স্বস্তি বা মঙ্গল কামনা করিতেছিল। "আপনার দ্বারা অত্যন্ত মহৎ বিষয় প্রার্থিত হইয়াছে আপনার অভীষ্ট পূর্ণ হউক।

১৭৮। আপনার সমস্ত বাধা বিপত্তি দূর হউক, সকল রোগ বিনাশ হউক, কোন অন্তরায় না হউক, এবং আপনি শীঘ্র উত্তম বোধি লাভ করুন।

১৭৯। যথোপযুক্ত সময়ে পুষ্প বৃক্ষ যেমন পুষ্পিত হয়, হে মহাবীর, সেইরূপ আপনিও বুদ্ধ জ্ঞানের দ্বারা প্রস্ফুটিত হউন।

১৮০। অন্যান্য সম্যক্‌সম্বুদ্ধেরা যেমন পারমী ধর্ম্ম পূর্ণ করিয়াছেন মহাবীর, আপনিও তেমন দশপারমী পূর্ণ করুন।

১৮১। অন্যান্য বুদ্ধগণ, যেমন বোধি মণ্ডপে বুদ্ধত্ব লাভ করিয়াছেন,

---

* "সোকোরোগো" পাঠান্তর।



Visit: http://www.buddhistdownload.com

১৭১। তেসং তদা সঞ্ঞাপেসি দীপঙ্করো মহামুনি,
বিস্সত্থা হোথ মা ভাথ ইমস্মিং * পুথুবি কম্পনে।২৫২॥

১৭২। য়মহং অজ্জ ব্যাকাসিং বুদ্ধো লোকে ভবিস্সতি,
এসো সম্মসতি ধম্মং পুব্বকং জিন-সেবিতং। ২৫৩॥

১৭৩। তস্স সম্মসতো ধম্মং বুদ্ধভূমিং অসেসতো,
তেনায়ং কম্পিতাপুথুবী দসসহস্সী সদেবকে। ২৫৪॥

১৭৪। বুদ্ধস্স বচনং সুত্বা † মনো নিব্বায়ি তাবদে,
সব্বে মং উপসঙ্কম্ম পুনপি মং ‡ অভিবন্দিসুং। ২৫৫॥

১৭৫। সমাদিয়িত্বা বুদ্ধগুণং দল্হং কত্বান মানসং,
দীপঙ্করং নমস্সিত্বা আসনা বুট্ঠহিং তদা। ২৫৬॥

---

১৭১। তখন লোকনাথ দীপঙ্কর বুদ্ধ উপস্থিত জনসাধারণকে বলিলেন—"তোমরা আশ্বস্ত হও এবারের পৃথিবী কম্পনের দরুণ ভীত হইওনা।

১৭২। "আজ আমি যাহাকে বুদ্ধ হইবে বলিয়া প্রকাশ করিয়াছি, সেই ব্যক্তি অতীত বুদ্ধগণ সেবিত পারমী ধর্ম্ম সম্মর্শন বা সম্যক্‌ভাবে চিন্তা করিতেছে।

১৭৩। "বুদ্ধত্ব সাধক পারমী ধর্ম্ম, তাহার দ্বারা নিঃশেষ রূপে সুচিন্তিত হইয়াছে। তদ্ধেতু দেবলোক সহ দশ সহস্র চক্রবালে এই মহা পৃথিবী কাম্পিত হইতেছে।"

১৭৪। দীপঙ্কর বুদ্ধের বাক্য শুনিয়া তাহাদের মনের উৎকণ্ঠা বিদূরিত হইয়াছিল। তাহারা সকলে আমার নিকট উপস্থিত হইয়া পুনঃ আমাকে অভিবাদন করিয়াছিল।

১৭৫। তখন স্থির চিত্তে দশ পারমী ধর্ম্ম সুন্দররূপে গ্রহণ পূর্ব্বক দীপঙ্কর বুদ্ধের চরণে বন্দনা করিয়া পদ্মাসন হইতে উঠিয়াছিলাম।

---

* ল, ই, পঠবী।   † "ভনো নিব্বায়তি"।

‡ "অভিবন্দিংসু" পাঠান্তর। অর্থ কথাতে ইহার 'অভি-বন্দসুং, পাঠ দৃষ্ট হয়।



Visit: http://www.buddhistdownload.com

১৬৬। চলতি রবতি * পঠবী উচ্ছুয়ন্তং'ব পীলিতং,
তেলয়ন্তে য়থা চকং এবং কম্পতি মেদিনী। ২৪৭ ॥

১৬৭। য়াবতা পরিসা আসি বুদ্ধস্স পরিবেসনে,
পবেধমানা সা তত্থ মুচ্ছিতা সেতি ভূমিয়ং। ২৪৮ ॥

১৬৮। ঘটা নেকসহস্সানি কুম্ভীনং চ সতা বহূ,
সংচুণ্ণ-মথিতা তত্থ অঞ্ঞমঞ্ঞং পঘট্টিতা।২৪৯ ॥

১৬৯। উব্বিগ্গা তসিতা ভীতা ভন্তা ব্যধিত মানসা,
মহাজনা সমাগম্ম দীপঙ্কর মুপাগমুং। ২৫০ ॥

১৭০। কিং ভবিস্সতি লোকস্স কল্যাণমথ পাপকং,
সব্বো উপদ্দুতো লোকো তং বিনোদেহি চক্খুমা। ২৫১॥

---

১৬৬। ঘূর্ণায়মান ইক্ষুযন্ত্রের ন্যায় এই মহাপৃথিবী বিচলিত হইয়াছিল এবং রব করিতেছিল। তৈল-যন্ত্রের চক্রের ন্যায় মেদিনী কম্পিত হইয়াছিল।

১৬৭। ভগবান দীপঙ্কর বুদ্ধের পরিবেশন স্থানে পরিষদ্‌বর্গ কাঁপিতে কাঁপিতে মূর্চ্ছিত হইয়া ভূমি শায়ী হইয়াছিল।

১৬৮। অনেক শত সহস্র কলসী ও ঘট পরস্পর সংঘর্ষিত হইয়া তথায় চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল।

১৬৯। উদ্বিগ্ন, ত্রাসিত ভীত, বিঘূর্ণিত ও দুঃখিত চিত্ত জন সাধারণ একত্রিত হইয়া দীপঙ্কর বুদ্ধের নিকট উপস্থিত হইল।

১৭০। উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল—"প্রভো, জগতের কল্যাণ হইবে অথবা কি অকল্যাণ হইবে? সমস্ত জগদ্বাসী উপদ্রুত হইয়াছে। হে চক্ষুষ্মান, আপনি আমাদের এই সংশয় ভঞ্জন করুন।

---

* "পুথবী" পাঠান্তর। পালিতে এই গাথার ক্রিয়া সকল বর্তমান কালে ভাষিত।



Visit: http://www.buddhistdownload.com

১৪৫। বিচিনন্তো তদা দক্খিং সত্তমং সচ্চ পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং।২২৬॥

১৪৬। ইমং ত্বং সত্তমং তাব দলহং কত্বা সমাদিয়,
তত্থ অদ্বেজ্ঝ বচনো সম্বোধিং পাপুনিস্সসি।২২৭॥

১৪৭। য়থাপি ওসধী নাম তুলাভূতা সদেবকে,
সময়ে উতুবস্সে* বা নবোক্কমতি বীথিতো।২২৮॥

১৪৮। তথেব ত্বম্পি সচ্চেসু নাতিক্কম হি বীথিতো,
সচ্চপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুনিস্সসি।২২৯॥

১৪৯। নহেতে এত্তকায়েব বুদ্ধ-ধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা।২৩০॥

---

১৪৫। পরীক্ষা করিতে করিতে তখন পূর্ব্ব মহর্ষিগণ কর্ত্তৃক ভাবিত ও বহুলীকৃত সপ্তম সত্য পারমী দেখিতে পাই।

১৪৬। তুমি এই সপ্তম সত্য পারমী দৃঢ়ভাবে গ্রহণ কর। তদ্দ্বারা সত্যভাষী হইয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৭। ঔষধি তারকা যেমন দেব-মনুষ্যদের তুল সদৃশ, হেমন্ত, গ্রীষ্ম ও বর্ষাকালে নিজের গমন বীথি (যাইবার রাস্তা) হইতে অপসারিত হয় না; অথবা দেব-মনুষ্যদের মধ্যে জীবন রক্ষণে ব্যবস্থিত যাবতীয় ঔষধ সমূহ যেমন নিজের আরোগ্য করিবার শক্তি হইতে অপগত হয় না।

১৪৮। তদ্রূপ তুমিও সত্যমার্গ অতিক্রম করিওনা। সত্য পারমী পূর্ণ করত সম্যক্ সম্বোধি লাভ করিতে পারিবে।

১৪৯। কেবল এইমাত্র বুদ্ধকারক ধর্ম্ম নহে, বুদ্ধত্বের পরিপক্কতা সাধক অন্য যত প্রকার ধর্ম্ম আছে সেই সমস্ত ও চয়ন পূর্ব্বক পরীক্ষা করিব।

---

* উতুবট্টে হেব—মধুরত্থ বিলাসিনিয়ং পাঠান্তরং।



Visit: http://www.buddhistdownload.com

১৫০। বিচিনন্তো তদা দক্খিং অট্ঠমং অধিট্ঠান পারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং ।২৩১॥

১৫১। ইমং ত্বং অট্ঠমং তাব দল্হং কত্বা সমাদিয়,
তত্থ ত্বং অচলো হুত্বা সম্বোধিং পাপুনিস্সসি ।২৩২॥

১৫২। যথাপি পব্বতো সেলো অচলো সুপ্পতিট্ঠিতো,
ন কম্পতি ভূসবাতেহি সকট্ঠানে'ব তিট্ঠতি । ২৩৩ ॥

১৫৩। তথেব ত্বম্পি অধিট্ঠানে সব্বদা অচলো ভব,
অধিট্ঠান পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি ।২৩৪ ॥

১৫৪। ন হেতে এত্তকায়েব বুদ্ধধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা । ২৩৫ ॥

১৫৫। বিচিনন্তো তদা দক্খিং নবমং মেত্তপারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং । ২৩৬॥

---

১৫০। তখন বিবেচনা করিতে করিতে ভূতপূর্ব্ব মহর্ষিগণ সেবিত অষ্টম অধিষ্ঠান পারমী দেখিতে পাই।

১৫১। তুমি এই অষ্টম অধিষ্ঠান পারমী দৃঢ় ভাবে গ্রহণ করত তাহাতে নিশ্চল থাকিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৫২-১৫৩। অচল, সুপ্রতিষ্ঠিত শিলাময় পর্ব্বত যেমন ঝঞ্ঝাবায়ুতেও কম্পিত হয় না, স্বীয় স্থানেই স্থিত থাকে, তদ্রূপ তুমিও অধিষ্ঠানে সর্ব্বদা নিশ্চল হও। এইরূপে অধিষ্ঠান পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৫৪। বোধি পরিপাচক ধর্ম্ম এই মাত্র নহে। অপরাপর বোধি-পরিপাচক ধর্ম্ম সকলও চয়ন করিব।

১৫৫। তখন গবেষণা করিতে করিতে অতীত মহর্ষিগণ সেবিত নবম মৈত্রী পারমী দেখিতে পাইলাম।

---

* ইং—মা বোক্কনসি। অট্ঠকথা—মা বোর্গ [illegible]।



Visit: http://www.buddhistdownload.com

১৫৬ ইমং ত্বং নবমং তাব দলহং কত্বা সমাদিয়,
মেত্তায় অসমো হোহি য়দি বোধিং পত্তুমিচ্ছসি। ২৩৭॥

১৫৭। য়থাপি উদকং নাম কল্যাণে পাপকে জনে,
সমং ফরতি সীতেন পবাহেতি রজোমলং। ২৩৮॥

১৫৮। তথেব ত্বম্পি অহিতহিতে সমং মেত্তায় ভাবয়,
মেত্তা পারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৩৯॥

১৫৯। ন হেতে এত্তকায়েব বুদ্ধধম্মা ভবিস্সরে,
অঞ্ঞেপি বিচিনিস্সামি য়ে ধম্মা বোধিপাচনা। ২৪০॥

১৬০। বিচিনন্তো তদা দক্খিং দসমং উপেক্খাপারমিং,
পুব্বকেহি মহেসীহি আসেবিত নিসেবিতং। ২৪১॥

১৬১। ইমং ত্বং দসমং তাব দলহং কত্বা সমাদিয়,
তুলাভূতো দলেহা হুত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৪২॥

---

১৫৬। তুমি এই মৈত্রী পারমী দৃঢ় করিয়া গ্রহণ কর। যদি বুদ্ধত্ব লাভ করিতে ইচ্ছা কর, তবে মৈত্রী গুণে অতুলনীয় হও।

১৫৭-১৫৮। জল যেমন সৎব্যক্তি হউক আর অসৎ ব্যক্তি হউক সকলকে শীতলতার দ্বারা শান্ত করে এবং শরীরের ময়লা বিদূরীত করে, তেমন তুমিও শত্রু মিত্র সকলের প্রতি সমান মৈত্রী চিন্তা কর, এই প্রকার মৈত্রী পারমী পূর্ণ করিয়া সম্বোধি প্রাপ্ত হইবে।

১৫৯। বোধি পরিপাচক ধর্ম্ম এই মাত্র নহে, আরও তৎসম্বন্ধীয় ধর্ম্ম গবেষণা করিব।

১৬০। তখন পরীক্ষা করিতে করিতে অতীত মহর্ষিগণের আচরিত দশম উপেক্ষা পারমী দেখিতে পাইলাম।

১৬১। তুমি এই দশম উপেক্ষা পারমী দৃঢ়ভাবে গ্রহণ কর,

---

* লঃ—রজোজলং।



Visit: http://www.buddhistdownload.com

১৬২। য়থাপি পঠবী নাম নিক্খিত্তং অসুচিং সুচিং,
উপেক্খতি উভো পেতে কোপানুনয় বজ্জিতো। ২৪৩ ॥

১৬৩। তথেব ত্বম্পি সুখদুক্খে তুলাভূতো সদা ভব,
উপেক্খাপারমিতং গন্ত্বা সম্বোধিং পাপুণিস্সসি। ২৪৪ ॥

১৬৪। এত্তকা য়েব তে লোকে য়ে ধম্মা বোধিপাচনা,
* ততুদ্ধং নত্থি অঞ্ঞত্র দলহং তত্থ পতিট্ঠহ। ২৪৫ ॥

১৬৫। ইমে ধম্মে সম্মসতো ‡ সভাব-সরস-লক্খণা,
ধম্মতেজেন বসুধা দসসহস্সী পকম্পথ। ২৪৬ ॥

---

তুলাদণ্ডের ন্যায় মধ্যস্থ হইয়া দৃঢ়চিত্ত হইলে সম্বোধি লাভ করিতে পারিবে।

১৬২। পৃথিবীতে নিক্ষিপ্ত শুচী অশুচী এই উভয় জিনিষের প্রতি পৃথিবী যেমন ক্রোধও করে না, অনুনয় বিনয়ও করে না, উপেক্ষা করিয়া থাকে—

১৬৩। সেইরূপ তুমিও সুখ দুঃখে সর্ব্বদা তুলাদণ্ডের ন্যায় মধ্যস্থ থাক এই প্রকারে উপেক্ষা পারমী পূর্ণ করিয়া সম্বোধি লাভ করিতে পারিবে।

১৬৪। এই পর্য্যন্ত জগতে সর্ব্বজ্ঞতা জ্ঞান পরিপক্ককারী ধর্ম্ম। এই দশবিধ পারমী ধর্ম্মের অধিক আর নাই। তুমি ইহাতে দৃঢ়তার সহিত প্রতিষ্ঠিত থাক।

১৬৫। আমি যখন এই দশবিধ পারমী ধর্ম্ম স্বভাবরূপ রস ও লক্ষণের সহিত সম্যক্ প্রকারে চিন্তা করিতেছিলাম, তখন ধর্ম্মের তেজে দশ সহস্র চক্রবালসহ বসুন্ধরা প্রকম্পিত হইয়াছিল।

---

* "তদুদ্ধং" অন্যান্য প্রত্যেক গ্রন্থে।
‡ "সভাব সরস লক্খনে" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

১৮৭। তদা তে ভোজয়িত্বান সসঙ্ঘং লোকনায়কং,
উপগচ্ছুং সরণং তস্স দীপঙ্করস্স সত্থুনো। ২৬৮ ॥

১৮৮। সরণাগমনে কঞ্চি * নিবেসেসি তথাগতো,
কঞ্চি পঞ্চসু সীলেসু সীলে দসবিধে পরং। ২৬৯ ॥

১৮৯। কস্সচি দেতি সামঞ্ঞং † চতুরো ফলমুত্তমে,
কস্সচি অসমে ধম্মে দেতি সো পটিসম্ভিদা। ২৭০ ॥

১৯০। কস্সচি বরসমাপত্তিয়ো অট্ঠদেতি নরাসভো,
তিস্সো কস্সচি বিজ্জায়ো ছলভিঞ্ঞাপবেচ্ছতি। ২৭১ ॥

১৯১। তেন য়োগেন জনকায়ং ওবদতি সো মহামুনি,
তেন বিত্থারিকং আসি লোকনাথস্স সাসনং। ২৭২ ॥

---

১৮৭। তখন তাঁহারা ভিক্ষু-সঙ্ঘসহ লোকনাথ বুদ্ধকে ভোজন করাইয়া সেই দীপঙ্কর শাস্তার শরণ গ্রহণ করিয়াছিলেন।

১৮৮। কাহাকে শরণাগমনে, কাহাকে পঞ্চশীলে, আর অন্য কাহাকে দশশীলে প্রতিষ্ঠিত করিয়াছিলেন।

১৮৯। তিনি কাহাকেও চতুর্ব্বিধ উত্তম শ্রামণ্যফল ( চারিমার্গফল ) প্রদান করেন, কাহাকে চতুর্প্রতিসম্ভিদা ধর্ম্ম প্রদান করেন।

১৯০। নরার্ষভ বুদ্ধ কোন ব্যক্তিকে অষ্টবিধ উত্তম সমাপত্তি, কাহাকে ত্রিবিদ্যা এবং ষড়াভিজ্ঞা প্রদান করেন।

১৯১। সেই মহামুনি দীপঙ্কর এই উপায়ে জনসাধারণকে উপদেশ দিতেন, তাই লোকনাথের শাসন বিস্তৃত হইয়াছিল।

---

* ল, নিবাসেতি, নিবাসেসি চতুত্থে।

† ল; ছলভিঞ্ঞায়ো পবচ্ছতি।

8f—



Visit: http://www.buddhistdownload.com

১৯২। মহাহনূসভক্খন্ধো দীপঙ্করো সনামকো,
বহু জনে তারয়তি পরিমোচেতি দুগ্গতিং। ২৭৩ ॥

১৯৩। বোধনেয়্যং জনং দিস্বা সত সহস্সেপি য়োজনে,
খণেন উপগন্ত্বান বোধেতি তং মহামুনি। ২৭৪ ॥

১৯৪। পঠমাভিসময়ে বুদ্ধো কোটিসতমবোধয়ি,
দুতিয়াভিসময়ে নাথো নবুতি কোটিমবোধয়ি। ২৭৫ ॥

১৯৫। য়দা চ দেবভবনম্হি বুদ্ধো ধম্মমদেসয়ি,
নবুতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ২৭৬ ॥

১৯৬। সন্নিপাতা তয়ো আসুং দীপঙ্করস্স সত্থুনো,
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ২৭৭ ॥

---

১৯২। মহাকপোল ও বৃষভ স্কন্ধ দীপঙ্কর নামক সর্ব্বজ্ঞ বুদ্ধ বহুজনকে পরিত্রাণ ও দুর্গতি-মুক্ত করিয়াছিলেন।

১৯৩। মহামুনি দীপঙ্কর সত্যধর্ম্ম অববোধ করিতে সমর্থবান ব্যক্তিকে দিব্যচক্ষে দেখিতে পাইলে, লক্ষ যোজন পথও মুহূর্ত্তের মধ্যে যাইয়া তাহাকে সত্যাববোধ করাইতেন।

১৯৪। লোকনাথ সম্যক সম্বুদ্ধ প্রথম ধর্ম্ম-সভায় শত কোটি, দ্বিতীয় ধর্ম্ম-সভায় নব্বই কোটি জনকে সত্য ধর্ম্ম অববোধ করাইয়াছিলেন।

১৯৫। সর্ব্বজ্ঞ বুদ্ধ যখন দেব-ভবনে ধর্ম্মদেশনা করিয়াছিলেন, তখন নব্বই সহস্র কোটি প্রাণীর তৃতীয় ধর্ম্মাভিসময় হইয়াছিল।

১৯৬। শাস্তা দীপঙ্কর বুদ্ধের তিনটি (ভিক্ষুগণের) ধর্ম্মসভা আহুত হইয়াছিল। প্রথম সভায় কোটি লক্ষ ভিক্ষু উপস্থিত ছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

১৯৭। পুন নারদকূটম্হি পবিবেক গতে জিনে,
খীণাসবা * বীতমলা সমিংসু সতকোটিয়ো। ২৭৮ ॥

১৯৮। য়ম্হি কালে মহাবীরো সুদস্সন সিলুচ্চয়ে,
নবুতি কোটি সহস্সেহি পবারেসি মহামুনি। ২৭৯ ॥

১৯৯। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
অন্তলিক্খম্হি চরণো পঞ্চাভিঞ্ঞাসু পারগু। ২৮০ ॥

২০০। দস বীস সহস্সানং ধম্মাভিসময়ো অহু,
এক-দ্বিন্নং অভিসময়ো গণনাতো অসঙ্খিয়ো। ২৮১ ॥

২০১। বিত্থারিকং বাহুজঞ্ঞং ইদ্ধং ফীতং অহু তদা,
দীপঙ্করস্স ভগবতো সাসনং সুবিসোধিতং। ২৮২ ॥

---

১৯৭। পুনঃ বিবেকপরায়ণ বুদ্ধের নারদ পর্ব্বতে অবস্থানকালীন, শত কোটি বিগতমল ক্ষীণাশ্রব একত্রিত হইয়াছিলেন

১৯৮। যখন মহাবীর্য্যবান মহামুনি সুদর্শন পর্ব্বতে নব্বই কোটি সহস্র পরিষদের সহিত প্রবারণা করিয়াছিলেন,

১৯৯। তখন আমি ক্লেশসন্তাপনকারী আকাশে বিচরণশীল পঞ্চাভিজ্ঞায় পারদর্শী জটাধারী তাপস ছিলাম।

২০০। এক এক বারে দশ সহস্র বা বিশ সহস্র জনের ধর্ম্মলাভ হইয়াছিল। একজন দুইজন করিয়া কত জনের যে ধর্ম্মাববোধ হইয়াছিল, তাহা গণনাতীত।

২০১। তৎকালে ভগবান দীপঙ্কর বুদ্ধের শাসন বহুজন বিদিত, শীলাদি ধর্ম্মে সমৃদ্ধ, স্মৃতি-সমাধিতে স্ফীত, সুবিশোধিত ও বিস্তৃত হইয়াছিল।

---

* বিগত মলা, কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

২০২। চত্তারি সতসহস্সানি ছল্‌ভিঞ্ঞা মহিদ্ধিকা,
দীপঙ্করং লোকবিদুং * পরিবারেন্তি সব্বদা। ২৮৩ ॥

২০৩। য়ে কেচি তেন সময়েন জহন্তি মানুসং ভবং,
অপ্পত্ত মানসা সেখা গরহিতাব ভবন্তি তে। ২৮৪ ॥

২০৪। সুপুপ্‌ফিতং পাবচনং অরহন্তেহি তাদিহি,
খীণাসবেহি বিমলেহি * উপসোভতি সব্বদা। ২৮৫ ॥

২০৫। নগরং রম্মবতী নাম সুদেবো নাম খত্তিয়ো,
সুমেধা নাম জনিকা দীপঙ্করস্স সত্থুনো। ২৮৬ ॥

২০৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
হংসা কোঞ্চা ময়ূরা চ তয়ো পাসাদ মুত্তমা। ২৮৭ ॥

---

২০২। ষড় অভিজ্ঞা সম্পন্ন, মহাঋদ্ধিমান চারিলক্ষ প্রমাণ ভিক্ষু, সর্ব্বদা দীপঙ্কর বুদ্ধকে পরিবৃত্ত হইয়া থাকিতেন।

২০৩ সেই সময়ে, যাঁহারা অরহত্ব ফল লাভ না করিয়া শিক্ষার্থী ভাবে মানবলীলা সম্বরণ করিতেন, তাঁহারা সাধারণের মধ্যে নিন্দিত হইতেন।

২০৪। অভিজ্ঞা-কুসুমের দ্বারা সুপুষ্পিত প্রাবচন বা বুদ্ধ-শাসন অষ্ট-লোক ধর্ম্মে অকম্পিত ক্ষীণাশ্রব, বিগতমল অর্হৎদিগের দ্বারা সর্ব্বদা সুশোভিত ছিল।

২০৫। দীপঙ্কর বুদ্ধের জন্ম ভূমি রম্যবতী নগর। পিতার নাম সুদেব ক্ষত্রিয়, মাতার নাম সুমেধা ছিল।

২০৬। তিনি দশসহস্র বৎসর গৃহবাসে ছিলেন। হংস, ক্রৌঞ্চ ও ময়ূর নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "উপসোভতি সদেবকে"



Visit: http://www.buddhistdownload.com

২০৭। তীণি সতসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
পদুমা নাম সা নারী উসভক্খন্ধো নাম অত্রজো।২৮৮॥

২০৮। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ২৮৯॥

২০৯। পধানচারং চরিত্বা অবুজ্ঝি মানসং মুনি,
ব্রহ্মুনা য়াচিতো সন্তো দীপঙ্করো মহামুনি। ২৯০॥

২১০। বত্তি চক্কং মহাবীরো নন্দারামে সিরীধরে,
নিসিন্নো সিরীসমূলম্হি অকা তিত্থিয় মদ্দনং। ২৯১॥

২১১। সুমঙ্গলো চ তিস্সো চ অহেসুং অগ্গসাবকা,
সাগতো নামুপট্ঠাকো দীপঙ্করস্স সত্থুনো। ২৯২॥

---

২০৭। তাঁহার অলঙ্কার সুশোভিতা তিন লক্ষ নর্ত্তকীরমণী, পদুমা নাম্নী প্রধানা মহিষী ও উসভ (বৃষভ) স্কন্ধ নামক পুত্র ছিল।

২০৮। দীপঙ্কর জিন জরা-ব্যাধি-মৃত্যু ও প্রব্রজিত এই চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া হস্তী যানারোহণে মহাভিনিষ্ক্রমণ করতঃ অনূান দশমাস পর্য্যন্ত উৎসাহের সহিত ধ্যান করিয়াছিলেন।

২০৯-২১০। মুনিবর ধ্যানাচার দ্বারা অর্হৎ ফল লাভ করিয়াছিলেন। মহাবীর দীপঙ্কর মুনি, সহম্পতি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, সুশোভিত নন্দারামে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন, এবং সিরিশ বৃক্ষ-মূলে বসিয়া তীর্থীয়দিগকে পরাভব করিয়াছিলেন।

২১১। ভগবান দীপঙ্কর বুদ্ধের সুমঙ্গল এবং তিষ্য নামক দুইজন অগ্রশ্রাবক ও সাগত নামক (সেবক শিষ্য) ছিলেন।

---

§ ইং, চরেত্বা।



Visit: http://www.buddhistdownload.com

২১২। নন্দা চেব সুনন্দা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পিপ্ফলী'তি পবুচ্চতি ২৯৩ ॥

২১৩। তপস্সু ভল্লিকা নাম অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা সোণা উপট্ঠিকা দীপঙ্করস্স সত্থুনো ২৯৪ ॥

২১৪। * অসীতিহত্থমুব্বেধো দীপঙ্করো মহামুনি,
সোভতি দীপরুক্খো'ব সালরাজা'ব ফুল্লিতো ২৯৫ ॥

২১৫। বস্সসতসহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং ২৯৬ ॥

২১৬। জোতয়িত্বান সদ্ধম্মং সন্তারেত্বা মহাজনং,
জলিত্বা অগ্গিক্খন্ধো' ব নিব্বুতো সো সসাবকো। ২৯৭॥

---

২১২। তাঁহার নন্দা আর সুনন্দা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিলেন; পিপ্পলী-বৃক্ষ সেই ভগবানের বোধিদ্রুম বলিয়া কথিত আছে।

২১৩। তাঁহার তপস্সু ও ভল্লিক নামক দুইজন প্রধান-উপাসক এবং সিরিমা ও সোণা নাম্নী দুইজন প্রধানা উপাসিকা ছিলেন।

২১৪। মহামুনি দীপঙ্কর অশীতি হস্ত উচ্চ ছিলেন। তিনি প্রদীপ বৃক্ষের এবং সুপুষ্পিত শালরাজের ন্যায় শোভা পাইতেন।

২১৫। সেই মহর্ষির লক্ষ বৎসর পর্যন্ত পরমায়ু ছিল; সেই লক্ষ বৎসরাবধি তিনি সংসারে বিদ্যমান থাকিয়া বহুজনসাধারণকে ত্রাণ করিয়াছিলেন।

২১৬। তিনি সদ্ধর্ম প্রচার করিয়া ও মহতী জনতাকে পরিত্রাণ করিয়া বুদ্ধশ্রীর দ্বারা অগ্নি স্কন্ধের ন্যায় জ্যোতিঃ বিকীর্ণ করতঃ সশ্রাবক পরিনির্বাণ প্রাপ্ত হইয়াছেন।

---

* অর্থকথায় "অসীতি হত্থুব্বেধো" এরূপ পাঠান্তর দ্রষ্টব্য।



Visit: http://www.buddhistdownload.com

২১৭। সা চ ইদ্ধি সো চ য়সো তানি চ পাদেসু চক্করতনানি,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্বসঙ্খারাতি ? ২৯৮॥

২১৮। দীপঙ্করো জিনো সত্থা নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিন থূপো ছত্তিংসুব্বেধ য়োজনোতি ॥ ২৯৯॥

২১৭। সেই ঋদ্ধি, সেই যশঃ এবং শ্রীপাদদ্বয়ের সেই চক্ররত্ন, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অতএব সংস্কার সকল তুচ্ছ ও অসার নহে কি?

২১৮। দীপঙ্কর জিন শাস্তা নন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন, সেই স্থানেই তাঁহার ছয়ত্রিশ যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

## দীপঙ্কর বুদ্ধ-বংশ সমাপ্ত (১)



Visit: http://www.buddhistdownload.com

# কোণ্ডঞ্ঞ বুদ্ধ-বংসো (২)

১। দীপঙ্করস্স অপরেন কোণ্ডঞ্ঞো নাম নায়কো,
অনন্ততেজো অমিতয়সো অপ্পমেয়্যো দুরাসদো। ৩০০॥

২। ধরণূপমো খমনেন সীলেন সাগরূপমো,
সমাধিনা মেরুসমো ঞাণেন গগনূপমো। ৩০১॥

৩। ইন্দ্রিয়-বল-বোজ্ঝঙ্গ মগ্গসচ্চপ্পকাসনং,
পকাসেসি সদা বুদ্ধো হিতায় সব্বপাণিনং। ৩০২॥

৪। ধম্ম চক্কং পবত্তেন্তে কোণ্ডঞ্ঞে লোক নায়কে,
কোটিসত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৩০৩॥

---

# কৌণ্ডিণ্য বুদ্ধ-বংশ (২)

১। দীপঙ্কর বুদ্ধের পর, শীল-গুণ পুণ্য-তেজে অনন্ত তেজসম্পন্ন, বহু পরিবার যুত, অপ্রমেয় গুণবান ও অপরাজেয় কৌণ্ডিণ্য নামক বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনি ক্ষান্তি গুণে দুইলক্ষ চল্লিশ হাজার যোজন গভীর পৃথিবীর ন্যায়, শীলগুণে সাগর সদৃশ, সমাধি গুণে সুমেরু পর্ব্বত সদৃশ, আর জ্ঞানে অনন্ত আকাশের ন্যায় ছিলেন।

৩। তিনি সর্ব্বদা প্রাণীদিগের হিতের জন্য, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, অষ্টমার্গসত্যাদি প্রকাশক সদ্ধর্ম্ম প্রচার করিয়াছিলেন।

৪। লোকনাথ কৌণ্ডিণ্য বুদ্ধ ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিবার সময় প্রথম বারে কোটি লক্ষ প্রাণীর ধর্ম্মাভিসময় বা ধর্ম্ম-লাভ হইয়াছিল।

---

ইং, মেরুপমো।



Visit: http://www.buddhistdownload.com

৫। ততো পরম্পি দেসেন্তে নরমরূনং সমাগমে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ। ৩০৪॥

৬। তিত্থিয়ে অভিমদ্দন্তো য়দা ধম্মমদেসয়ি,
অসীতি কোটি সহস্সানং ধম্মাভিসময়ো অহূ। ৩০৫॥

৭। সন্নিপাতা তয়ো আসুং কোণ্ডঞ্ঞস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৩০৬॥

৮। কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো,
দুতিয়ো কোটি সহস্সানং ততিয়ো নবুতি কোটিনং। ৩০৭॥

৯। অহং তেন সময়েন বিজিতাবী নাম খত্তিয়ো,
সমুদ্দমন্তমন্তেন * ইস্সেরং বত্তয়ামহং। ৩০৮॥

---

৫। তারপর দেব-মনুষ্য দিগের সভায় ধর্ম্ম দেশনা করিবার সময় নব্বই সহস্র কোটি দেব-মনুষ্যের ধর্ম্মাববোধ হইয়াছিল।

৬। যখন তীর্থিয় দিগকে দমন করিবার জন্য ধর্ম্মদেশনা করিয়াছিলেন, সেই সময় অশীতি সহস্র কোটি প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

৭। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের সময়ে বিমল, শান্তচিত্ত, ইষ্টানিষ্ট বিষয়ে সমদর্শী, ক্ষীণাশ্রব অর্হৎদিগের তিনটি সভা হইয়াছিল।

৮। প্রথম সভায় লক্ষ কোটি, দ্বিতীয় সভায় সহস্র কোটি ও তৃতীয় সভায় নব্বই কোটি প্রাণীর সমাগম হইয়াছিল।

৯। আমি সেই সময় বিজিতাবী নামক ক্ষত্রিয় রাজা হইয়াছিলাম। সমুদ্র হইতে চক্রবাল পর্ব্বত পর্য্যন্ত আমার প্রভুত্ব বিস্তৃত ছিল।

---

* "ইস্সরিয়ং" অট্ঠকথা। ইং, ইস্সেরং। নঃ, ইস্সরং



Visit: http://www.buddhistdownload.com

১০। কোটিসত সহস্সানং বিমলানং মহেসিনং,
সহলোকগনাথেন পরমান্নেন তপ্পয়িং। ৩০৯ ॥

১১। সোপি মং বুদ্ধো ব্যাকাসি কোণ্ডঞ্ঞো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে বুদ্ধো লোকে ভবিস্সতি। ৩১০ ॥

১২। পধানং পদহিত্বান কত্বা দুক্কর কারিকং,
অস্সত্থমূলে সম্বুদ্ধো বুজ্ঝিস্সতি মহায়সো। ৩১১ ॥

১৩। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো। ৩১২ ॥

১৪। কোলিতো উপতিস্সোচ অগ্গা হেস্সন্তি সাবকা,
আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং। ৩১৩ ॥

---

১০। আমি সেই সময়ে লোকশ্রেষ্ঠ বুদ্ধসহ লক্ষ কোটি সুবিমল মহাঋষিকে পরমান্ন দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১১। সেই লোকগুরু কৌণ্ডিণ্য বুদ্ধও আমার ভবিতব্য এইরূপ প্রকাশ করিয়াছিলেন। "ইনি এই হইতে লক্ষাধিক তিন অসংখ্য কল্প পরে জগতে বুদ্ধ হইবেন।

১২। "সেই মহা যশস্বী সম্যক সম্বুদ্ধ দৃঢ়বীর্য্যের সহিত ধ্যান এবং দুষ্কর ক্রিয়া করিয়া অশ্বত্থ বৃক্ষ-মূলে চতুরার্য্যসত্য অববোধ করিবেন।

১৩। "ইঁহার গর্ভ ধারিণী জননীর নাম মায়া, পিতার নাম শুদ্ধোদন এবং ইঁহার নাম গৌতম হইবে।

১৪। "কোলিত ও উপতিষ্য এই দুইজন অগ্রশ্রাবক হইবে। আনন্দ নামক সেবক সেই জিনকে সেবা করিবে।



Visit: http://www.buddhistdownload.com

১৫। খেমা উপ্পলবণ্ণাচ অগ্গা হেস্সন্তি সাবিকা,
বোধি তস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি। ৩১৪ ॥

১৬। চিত্তো চ হত্থালবকো অগ্গা হেস্সন্তুপট্‌ঠকা,
উত্তরা নন্দমাতা চ অগ্গা হেস্সন্তুপট্‌ঠিকা। ৩১৫ ॥

১৭। আয়ু বস্সসতং তস্স গোতমস্স য়সস্সিনো,
ইদং সুত্বান বচনং অসমস্স মহেসিনো;
আমোদিতা নরমরূ বুদ্ধ বীজঙ্কুরো অয়ং। ৩১৬ ॥

১৮। উক্কুট্‌ঠি সদ্দা বত্তন্তি অপ্পোঠেন্তি হসন্তি চ,
কতঞ্জলী নমস্সন্তি দসসহস্সী সদেবকা। ৩১৭ ॥

১৯। য়দিমস্স লোকনাথস্স বিরজ্ঝিস্সাম সাসনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ৩১৮ ॥

---

১৫। "ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা হইবে। তাঁহার বোধিদ্রুম অশ্বত্থ বৃক্ষ নামে পরিচিত হইবে।

১৬। "চিত্ত ও হত্থালবক এই দুইজন প্রধান উপস্থায়ক হইবে. উত্তরা ও নন্দমাতা অগ্র উপস্থায়িকা অর্থাৎ প্রধান সেবিকা হইবে।

১৭-১৮। "সেই যশস্বী গৌতম বুদ্ধের আয়ু শতবর্ষ হইবে।" অপ্রতিম মহর্ষির এই বাক্য শ্রবণ করিয়া দেব মনুষ্যগণ ইনি "বুদ্ধবীজাঙ্কুর" বলিয়া আনন্দ ধ্বনি করিতে লাগিল। কেহ কেহ আনন্দে বিভোর হইয়া হাসিতে ও করতালি দিতেছিল, আর দেবগণ সহ দশসহস্র চক্রবাল বাসী কৃতাঞ্জলী পুটে অভিবাদন করিতেছিল।

১৯। যদি এই লোকনাথ কোণ্ডিণ্য বুদ্ধের শাসনে অরহৎ ফল লাভে বঞ্চিত হই, তবে অনাগতে ইঁহার সম্মুখীন হইব।



Visit: http://www.buddhistdownload.com

২০। য়থা মনুস্সা নদিং তরন্তা পটিতিত্থং বিরজ্ঝিয়,
হেট্ঠা তিত্থে গহেত্বান উত্তরন্তি মহানদিং। ৩১৯॥
২১। এবমেব ময়ং সব্বে য়দি মুঞ্চামিমংজিনং,
অনাগতম্হি অদ্ধানে হেস্সাম সম্মুখা ইমং। ৩২০॥
২২। তস্সাহং বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
তমেব অত্থং সাধেন্তো মহারজ্জং জিনে অদং;
মহারজ্জং চজিত্বান পব্বজিং তস্স সন্তিকে। ৩২১॥
২৩। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৩২২॥
২৪। তত্থপ্পমত্তো বিহরন্তো নিসজ্জট্ঠান চঙ্কমে,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৩২৩॥

---

২০-২১। মানুষেরা যেমন নদী পার হইবার সময় সম্মুখের নির্দ্দিষ্ট ঘাট ভুলে অতিক্রম করিয় গেলেও পরবর্ত্তী ঘাটে মহানদী পার হইয়া থাকে, সেরূপ আমরা সকলে এই বর্ত্তমান বুদ্ধের সময়ে মুক্তি লাভে বঞ্চিত হইলেও অনাগতে ইঁহার সম্মুখীন হইয়া মুক্তি লাভ করিব।

২২। আমি তাঁহার বাক্য শুনিয়া অতিশয় চিত্ত প্রসন্ন করিয়াছিলাম এবং সেই দুর্ল্লভ বুদ্ধত্ব সিদ্ধির জন্য মহারাজ্য জিনকে পূজা করতঃ মহারাজ্য ত্যাগ করিয়া তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৩। সুত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তার শাসন অর্থাৎ বুদ্ধবাক্য ত্রিপিটক সম্পূর্ণ শিক্ষা করিয়া বুদ্ধশাসন সুশোভিত করিয়াছিলাম।

২৪। আমি কৌণ্ডিণ্য দশবলের শাসনে উপবেশন, দাঁড়ান ও পদচারণ এই ত্রিবিধ অবস্থায় অপ্রমত্ত ভাবে বাস করতঃ অভিজ্ঞায় পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।



Visit: http://www.buddhistdownload.com

২৫। নগরং রম্মবতী নাম সুনন্দো নাম খত্তিয়ো,
সুজাতা নাম জনিকা কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩২৪॥

২৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
রুচী সুরুচী সুভো তয়ো পাসাদ বরমুত্তমা। ৩২৫॥

২৭। তীনি সত সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
রুচী দেবী নাম নারী বিজিতসেনো নাম অত্রজো। ৩২৬॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৩২৭॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো কোণ্ডঞ্ঞো দ্বিপদুত্তমো,
বত্তি চক্কং মহাবীরো দেবানং নগরুত্তমে। ৩২৮॥

---

২৫। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের জন্মস্থান রম্যবতী নগর, পিতা সুনন্দ নামক ক্ষত্রিয় ও জননী সুজাতা দেবী নামে অভিহিত ছিলেন।

২৬। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন, রুচী, সুরুচী ও সুভ নামে তাঁহার তিনখানি উত্তম রমণীয় প্রাসাদ ছিল।

২৭। তাঁহার অলঙ্কার প্রতিমণ্ডিতা তিনলক্ষ পরিচারিকা ললনা, রুচী দেবী নাম্নী প্রধানা মহিষী এবং বিজিতসেন নামক পুত্র ছিল।

২৮। তিনি চারি প্রকার পূর্ব্বনিমিত্ত দর্শন করিয়া রথারোহণে গৃহ হইতে অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন এবং অন্যূন দশমাস ব্যাপী বুদ্ধত্ব লাভের জন্য দৃঢ় প্রচেষ্টা করিয়াছিলেন।

২৯। দ্বিপদোত্তম মহাবীর কৌণ্ডিণ্য বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় দেবতাদিগের উত্তম নগরে (তুষিতপুরে) ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩০। ভদ্দো চেব সুভদ্দো চ অহেসুং অগ্গসাবকা,
অনুরুদ্ধো নামুপট্ঠাকো কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩২৯॥
৩১। তিস্সা চ উপতিস্সা চ অহেসুং অগ্গসাবিকা,
সাল কল্যাণিকো বোধি কোণ্ডঞ্ঞস্স মহেসিনো। ৩৩০॥
৩২। সোনো চ উপসেনো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নন্দা চেব সিরিমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৩৩১॥
৩৩। অট্ঠাসীতি হত্থানি অচ্চুগ্গতো সো মহামুনী
সোভতি উলু রাজা'ব সুরিয়ো নজ্ঝন্তিকে যথা। ৩৩২॥
৩৪। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৩৩৩॥

---

৩০। মহর্ষি কৌণ্ডিণ্য বুদ্ধের ভদ্দ ও সুভদ্দ অগ্রশ্রাবক এবং অনুরুদ্ধ সেবক ছিল।

৩১। সেই মহাঋষি কৌণ্ডিণ্য বুদ্ধের তিষ্যা ও উপতিষ্যা নামিকা দুইজন অগ্রশ্রাবিকা এবং শাল কল্যাণী বৃক্ষ তাঁহার বোধিদ্রুম ছিল।

৩২। সোন ও উপসেন তাঁহার অগ্র উপাসক, এবং নন্দা ও সিরিমা অগ্র উপাসিকা নামে খ্যাত ছিল।

৩৩। সেই মহামুনির উচ্চতা অষ্টাশীতি হস্ত। তারকা রাজ চন্দ্রের তুল্য বা মধ্যাহ্ন কালীন সূর্য্যের ন্যায় শোভিত হইতেন।

৩৪। তৎকালে আবির্ভূত লোকের লক্ষবৎসর পরমায়ু ছিল। তিনিও ততদিন যাবৎ বিদ্যমান থাকিয়া বহুজনতাকে ভবসাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। খীণাসবেহি বিমলেহি বিচিত্তা আসি মেদিনী,
য়থাহি গগনং উলূহি এবং সো উপসোভথ। ৩৩৪ ॥

৩৬। তেপি নাগা অপ্পমেয়্যা অসংখোভ্যা দুরাসদা,
বিজ্জু পাতং'ব দস্সেত্বা নিব্বুতা তে মহায়সা। ৩৩৫ ॥

৩৭। সা চ অতুলিয়া জিনস্স ইদ্ধি ঞাণ পরিভাবিতো চ সমাধি,
সব্বং সমন্তু রহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা'তি। ৩৩৬ ॥

৩৮। কোণ্ডঞ্ঞো পবরো বুদ্ধো চন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব চেতিয়ো চিত্তো সত্তয়োজন মুস্সিতো'তি। ৩৩৭ ॥

---

৩৫। তখন ক্ষীণাশ্রবগণের দ্বারা মেদিনী বিচিত্রা ছিল। আকাশ যেমন তারকা রাজির দ্বারা শোভা পায় তেমন কৌণ্ডিণ্য বুদ্ধ ও অর্হৎগণের দ্বারা শোভা পাইতেন।

৩৬। অপরিমিত শীল সমাধি ইত্যাদি গুণ বিমণ্ডিত, লোকধর্ম্মে অকম্পিত ও অপরাজিত সেই অর্হৎগণ বিদ্যুতের ন্যায় দেখা দিয়া পরি নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। বুদ্ধের এই অতুলনীয় ঋদ্ধি, জ্ঞান পরিভাবিত সমাধি ইত্যাদি সমস্ত বিলুপ্ত হইয়া গিয়াছে। সকল সংস্কার ধর্ম্ম অসার নহে কি ?

৩৮। প্রবর কৌণ্ডিণ্য বুদ্ধ চন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় সাত যোজন উচ্চ বিচিত্র চৈত্য নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

* ৩৯। নহেব ধাতুয়ো তস্স সত্থুনো বিকিরিংসু তা,
ঠিতা একঘনা হুত্বা সুবন্ন পটিমা বিয় । ৩৩৮ ॥

---

৩৯। সেই শাস্তা কৌণ্ডিণ্য বুদ্ধের শারীরিক অস্থি ধাতু সমূহ বিকীর্ণ হয় নাই। সুবর্ণ প্রতিমা তুল্য জমাট হইয়া বিদ্যমান ছিল।

---

* ৩৯ নং গাথাটি মূল পালি গ্রন্থে দৃষ্ট হয় না। অর্থকথায় ইহা সন্নিবেশিত আছে। প্রয়োজন বোধে আমরা গ্রহণ করিলাম।



Visit: http://www.buddhistdownload.com

# মঙ্গল বুদ্ধ বংসো (৩)

১। কোণ্ডঞ্ঞস্স অপরেন মঙ্গলো নাম নায়কো,
তমং লোকে নিহন্ত্বান ধম্মোক্কং অভিধারয়ি। ৩৩৯॥

২। অতুলাসি (১) পভা তস্স জিনেহঞ্ঞেহি উত্তরিং,
চন্দ সুরিয়প্পভং হন্ত্বা দসসহস্সী * বিরোচয়ীতি। ৩৪০॥

৩। সোপি বুদ্ধো পকাসেসি + চতুসচ্চা বরুত্তমে,
তে তে সচ্চ রসং পীত্বা বিনোদেন্তি মহাতমং। ৩৪১॥

৪। পত্বান বোধিমতুলং পঠমে ধম্ম দেসনে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৩৪২॥

---

## মঙ্গল বুদ্ধ বংশ (৩)

১। কৌণ্ডিণ্য বুদ্ধের পরবর্ত্তী কালে মঙ্গল নায়ক সম্যক সম্বুদ্ধ জগতের মহান্ধকার বিনাশ করিয়া ধর্ম্ম মশাল ধারণ করিয়াছিলেন।

২। তাঁহার শরীর প্রভা অতুলনীয়, অন্যান্য বুদ্ধগণ হইতে অধিকতর উজ্জ্বল; চন্দ্র সূর্য্যের প্রভা নিস্তেজ করিয়া দশ সহস্র চক্রবাল উদ্ভাসিত করিয়াছিল।

৩। সেই মঙ্গল বুদ্ধও উত্তম সর্ব্বশ্রেষ্ঠ চতুরার্য্য সত্য প্রকাশ করিয়াছিলেন। সেই সেই দেবমনুষ্যগণ সত্য-রস পান করিয়া মহা মোহান্ধকার দূরীভূত করিয়াছিল।

৪। অতুলনীয় সম্যক সম্বোধি প্রাপ্ত হইয়া প্রথম যেই ধর্ম্মদেশনা করিয়াছিলেন; সেই দেশনায় লক্ষ কোটি প্রাণীর প্রথমবারে ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

---

(১) ল, ইং অতুলাপি। * ইং, অথ বিরোচতি। + চতুরোসচ্চ বরুত্তমো



Visit: http://www.buddhistdownload.com

৫। সুরিন্দ দেব ভবনে ১ বুদ্ধো ধম্মমদেসয়ি,
নব কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৩৪৩ ॥

৬। য়দা সুনন্দো চক্কবত্তী সম্বুদ্ধমুপসঙ্কমি.
তদা অহনি সম্বুদ্ধো ধম্মভেরিং বরুত্তমং। ৩৪৪ ॥

৭। সুনন্দস্সানুচরা জনতা তদাসুং নবুতি কোটিয়ো.
সব্বেব তে নিরবসেস অহেসুং এহিভিক্খুকা। ৩৪৫ ॥

৮। সন্নিপাতা তয়ো আসুং মঙ্গলস্স মহেসিনো.
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৩৪৬ ॥

---

৫। মঙ্গল বুদ্ধ যেই সময় সুরেন্দ্র দেবভবনে অভিধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তখন নব সহস্র কোটি প্রাণীর দ্বিতীয়বারে ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। সুনন্দ নামক চক্রবর্ত্তী রাজা যখন ধর্ম্ম শ্রবণার্থ সম্বুদ্ধের নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন তিনি অত্যুত্তম ধর্ম্মভেরী নিনাদিত করিয়াছিলেন।

৭। তখন সুনন্দ রাজের অনুচর জনতা নব্বই কোটি ছিল, তাঁহারা সকলেই নিরবশেষ রূপে "এস ভিক্ষু" উপসম্পদায় উপসম্পন্ন হইয়াছিলেন।

৮। মহর্ষি মঙ্গল বুদ্ধের তিনটি ধর্ম্মসভা আহূত হইয়াছিল; প্রথম বারে লক্ষ কোটি সভাসদের সমাগম হইয়াছিল।

---

১ ইং. "য়দা বুদ্ধ পকস্সয়ি"



Visit: http://www.buddhistdownload.com

৯। তুতিয়ো কোটি সহস্সানং ততিয়ো নবুতি কোটিনং,
খীণাসবানং বিমলানং তদা আসি সমাগমো। ৩৪৭ ॥

১০। অহং তেন সময়েন সুরুচী নাম ব্রাহ্মণো,
অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগু। ৩৪৮ ॥

১১। তম'হং উপসঙ্কম্ম সরণং গন্ত্বান সত্থুনো,
সম্বুদ্ধ পমুখং সঙ্ঘং গন্ধমালেন পূজয়িং।
পূজেত্বা গন্ধমালেন গব পানেন তপ্পয়িং। ৩৪৯ ॥

১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি মঙ্গলো দ্বিপদোত্তমো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি ৩৫০ ॥

---

৯। দ্বিতীয় বারের সমাগমে সহস্র কোটি এবং তৃতীয় বারের সমাগমে নব্বই কোটি সংখ্যক কামরাগাদি মল বিহীন ক্ষীণাশ্রব অর্হৎ উপস্থিত ছিল।

১০। তখন আমি ত্রিবেদ পারদর্শী, শাস্ত্রজ্ঞ সুরুচী নামক অধ্যাপক ব্রাহ্মণ ছিলাম।

১১। আমি মঙ্গল বুদ্ধের নিকট উপস্থিত হইয়া তাঁহার শরণ গ্রহণ পূর্ব্বক বুদ্ধ প্রমুখ ভিক্ষু সংঘকে গন্ধ মাল্য দ্বারা পূজা করিয়াছিলাম। সুগন্ধ মাল্য পূজা করিয়া গাভীর-দুগ্ধের দ্বারা পরিতৃপ্ত করিয়াছিলাম।

১২। সেই দ্বিপদোত্তম মঙ্গল বুদ্ধ ও আমার বিষয়ে এরূপ ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন— "ইনি এই হইতে অপরিমিত কল্প পরে বুদ্ধ হইবেন।"



Visit: http://www.buddhistdownload.com

২৩। * তস্সাপি বচনং সুত্বা ভীয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৩৬১ ॥

২৪। তদা পীতিমনুব্রূহেন্তো সম্বোধি বর পত্তিয়া,
বুদ্ধে দত্বান মং গেহং পব্বজিং তস্স সন্তিকে। ৩৬২ ॥

২৫। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিনসাসনং। ৩৬৩ ॥

২৬। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৩৬৪ ॥

২৭। নগরং উত্তরং নাম উত্তরো নাম খত্তিয়ো,
উত্তরা নাম জনিকা মঙ্গলস্স মহেসিনো। ৩৬৫ ॥

---

২৩। তাঁহার ভবিষ্যদ্বাণী শুনিয়া আমার মন অতিশয় প্রসন্ন হইয়াছিল আমি দশ পারামী পূর্ণ করিবার জন্য বিশেষ ভাবে ব্রত অধিষ্ঠান করিয়াছিলাম।

২৪। তখন উত্তম সম্যক্ সম্বোধি লাভের জন্য প্রীতিবর্দ্ধন করিয়া আমার বাসগৃহ বুদ্ধকে পূজা করত তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৫। সূত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত শিক্ষা করিয়া, জিনশাসন শোভিত করিয়াছিলাম।

২৬, সেই প্রব্রজ্যা ধর্ম্মে অপ্রমত্ত বিহারী হইয়া, মৈত্রী করুণা মুদিতা উপেক্ষা এই চারি ব্রহ্ম বিহার ভাবনা করিয়াছিলাম। তাহা ভাবনা করিয়া অভিজ্ঞা পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম

২৭। মহর্ষি মঙ্গল বুদ্ধের জন্মভূমি উত্তর নগর, পিতা উত্তর নামক ক্ষত্রিয়, মাতা উত্তরা নাম্নী ক্ষত্রিয়া ছিল।

---

* ১৩। ৩৫১, ১৪। ৩৫২, ১৫। ৩৫৩, ১৬। ৩৫৪, ১৭। ৩৫৫, ১৮। ৩৫৬.



Visit: http://www.buddhistdownload.com

২৮। নব বস্সসহস্সানি আগারং অজ্ঝসো বসী,
য়সবা সুচিমা সিরিমা তয়ো পাসাদ মুত্তমা। ৩৬৬ ॥

২৯। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
য়সবতী নাম নারী সীবলো নাম অত্রজো। ৩৬৭ ॥

৩০। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ৩৬৮ ॥

৩১ ব্রহ্মুনা য়াচিতো সন্তো মঙ্গলো লোক নায়কো,
বত্তি চক্কং মহাবীরো বনে সিরিবরুত্তমে। ৩৬৯ ॥

৩২। সুদেবো ধম্মসেনো চ অহেসুং অগ্গসাবকা,
পালিতো নামুপট্ঠাকো মঙ্গলস্স মহেসিনো। ৩৭০।

---

২৮। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। যশবা সুচিমা ও সিরিমা নামে তাঁহার তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। সর্ব্বালঙ্কার বিভূষিতা ত্রিশ হাজার পদপরিচারিকা, যশবতী নাম্নী প্রধানা স্ত্রী ও সীবল নামক একজন পুত্র ছিল।

৩০। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া, অশ্ব যানারোহণে মহাভিনিষ্ক্রমণ পূর্ব্বক অন্যূন আট মাস কাল বুদ্ধত্ব লাভের জন্য ধ্যান করিয়াছিলেন।

৩১। লোক নায়ক মহাবীর মঙ্গল বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থীত হইয়া অত্যুত্তম মহাবনে অনুত্তর ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি মঙ্গল বুদ্ধের সুদেব ও ধর্ম্মসেন নামে দুইজন অগ্রশ্রাবক ছিল। আর পালিত নামক সেবক তাঁহার সেবা করিত।

---

১৯। ৩৫৭, ২০। ৩৫৮, ২১। ৩৫৯, ২২। ৩৬০, এই গাথা গুলি ৩১২ হইতে ৩২১ নম্বর গাথার তুল্য।



Visit: http://www.buddhistdownload.com

৩৩। সীবলা চ অসোকা চ অহেসুং অগ্গ সাবিকা,
বোধি তস্স ভগবতো নাগরুক্খোতি বুচ্চতি। ৩৭১ ॥
৩৪। নন্দো চেব বিসাখো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
অনুলা চেব সুতনা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৩৭২ ॥
৩৫। অট্ঠাসীতি রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
ততো ১ নিদ্ধাবতী রংসী অনেক সতসহস্সিয়ো ৩৭৩ ॥
৩৬। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং ৩৭৪ ॥
৩৭। য়থাপি সাগরে উমী ন সক্কা তা গণেতুয়ে,
তথেব সাবকা তস্স ন সক্কা তে গণেতুয়ে। ৩৭৫ ॥

---

৩৩। সীবলা ও অশোকা তাঁহার দুইজন অগ্রশ্রাবিকা এবং নাগেশ্বর বৃক্ষ সেই ভগবানের বোধিবৃক্ষ বলিয়া কথিত আছে।

৩৪। নন্দ আর বিশাখ নামে দুইজন অগ্র উপস্থায়ক, আর অনুলা ও সুতনা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৫। মহামুনি মঙ্গল বুদ্ধের শরীর অষ্টাশীতি হস্ত পরিমাণ উচ্চ ছিল। সেই শরীর হইতে অনেক সহস্র রশ্মি নিঃসৃত হইত।

৩৬। সে সময় বুদ্ধের আয়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল অবস্থান করিয়া বহু জন সাধারণকে ভবার্ণব হইতে উদ্ধার করিয়াছিলেন।

৩৭। সাগরের তরঙ্গমালা যেমন গণনায় সংখ্যা করিতে পারা যায় না, তেমন তাঁহার শ্রাবক সংঘ ও গণিয়া সংখ্যা করা যায় না।

---

১ নং নিদ্ধাবতি; নিদ্ধাবন্তি।



Visit: http://www.buddhistdownload.com

৩৮ যাব অট্‌ঠাসি ১ সম্বুদ্ধো মঙ্গলো লোকনায়কো,
ন তস্স সাসনে অত্থি সংকিলেস মরণং তদা। ৩৭৬ ॥

৩৯। ধম্মোক্কং ধারয়িত্বান সন্তারেত্বা মহাজনং,
পালেত্বা ধূম কেতূ'ব নিব্বুতো সো মহায়সো। ৩৭৭ ॥

৪০। সংখারানং সভাবতং + দস্সয়িত্বা সদেবকে,
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব সুরিয়ো অত্থঙ্গতো য়থা। ৩৭৮ ॥

৪১। উয়্যানে বেস্সরে নাম বুদ্ধো নিব্বায়ি মঙ্গলো,
তত্থেব তস্স জিন-থূপো তিংস যোজনমুগ্গতো। ৩৭৯ ॥

---

৩৮। লোক নায়ক মঙ্গল বুদ্ধ যতকাল জীবিত ছিলেন, ততদিন তাঁহার শাসনে রাগাদি ক্লেশযুক্ত মরণ ছিল না। অর্থাৎ তাঁহার শিষ্যগণ তৃষ্ণাক্ষয়ে নির্ব্বাণ লাভ করিয়াছিলেন।

৩৯। মহা যশস্বী মঙ্গল বুদ্ধ ধর্ম্মপ্রদীপ জ্বালিয়া মহাজন সংঘকে সংসার সাগর ত্রাণ করত প্রদীপের ন্যায় প্রজ্জ্বলিত হইয়া নির্ব্বাপিত হইয়াছেন।

৪০। ৪১। দেব মানবকে সংস্কার ধর্ম্ম সমূহের স্বাভাবিক অবস্থা দেখাইয়া জ্বলন্ত অগ্নির ন্যায় ও অস্তগামী দিবাকরের তুল্য প্রদীপ্ত হইয়া "বেস্‌সর" নামক উদ্যানে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার ত্রিশযোজন উচ্চ বুদ্ধ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।

১ ল:— যাবদট্‌ঠাসি ; + স:, সম্ভাবত্তং।



Visit: http://www.buddhistdownload.com

# সুমন বুদ্ধ বংসো (৪)

১। মঙ্গলস্স অপরেন সুমনো নাম নায়কো,
সব্ব ধম্মেহি অসমো সব্বসত্তানমুত্তমো। ৩৮০ ॥

২। সো পি তদা অমত ভেরিং অহনী মেখলে পুরে,
ধম্ম সঙ্খ সমাযুত্তং নবঙ্গং জিন সাসনং। ৩৮১ ॥

৩। নিজ্জিনিত্বা * কিলেসে সো পত্বা সম্বোধিমুত্তমং,
মাপেসি নগর সত্থা সদ্ধম্ম পুর বরুত্তমং। ৩৮২ ॥

৪। নিরন্তরং অকুটিলং উজুং বিপুল বিত্থতং,
মাপেসি সো মহাবীথিং সতিপট্ঠান বরুত্তমং। ৩৮৩ ॥

---

১। মঙ্গল বুদ্ধের পর শীল-সমাধি ইত্যাদি সর্ব্ব ধর্ম্মে অসদৃশ, সমস্ত প্রাণীদের মধ্যে উত্তম সুমন নামক সর্ব্বজ্ঞ বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনিও তখন মেখল পুরে চতুরার্য্য সত্য ধর্ম্মরূপ শঙ্খধ্বনি, নবাঙ্গ শাস্তা শাসন রূপ অমৃত ভেরী নিনাদিত করিয়াছিলেন।

৩। সেই শাস্তা ক্লেশ অরিকে বিনাশ করিয়া উত্তম সম্বোধি লাভ করতঃ সদ্ধর্ম্ম পুরোত্তম নির্ব্বাণ নগরী নির্ম্মাণ করিয়াছিলেন।

৪। তিনি সেই ধর্ম্মপুরে অর্থাৎ নির্ব্বাণ গমনের জন্য নিরন্তর অকুটিল ঋজু, বিপুল, ও বিস্তৃত স্মৃতি উপস্থান রূপ মহামার্গ তৈয়ার করিয়াছিলেন।

---

* স ; বিচিনিত্বা।



Visit: http://www.buddhistdownload.com

৫ ফলে চত্তারি সামঞ্ঞে চতস্সো পটিসম্ভিদা,
ছলভিঞ্ঞা অট্ঠ সমাপত্তি পসারেসি তত্থ বীথিয়ং। ৩৮৪ ॥
৬। যে অপ্পমত্তা অখিলা হিরি বিরিয়েহুপাগতা,
তে তে ইমে গুণবরে আদিয়ন্তি য়থা সুখং। ৩৮৫ ॥
৭। এবমেতেন য়োগেন উদ্ধরন্তো মহাজনং,
বোধেসি পঠমং সত্থা কোটি সত সহস্সিয়ো। ৩৮৬ ॥
৮। য়ম্হি কালে মহাবীরো ওবদি * তিত্থিয়ে গণে,
কোটি সত সহস্সাভিসমিংসু দুতিয়ে ধম্মদেসনে। ৩৮৭ ॥

---

৫। তথায় (সেই নির্ব্বাণ মার্গে) স্রোতাপন্ন, সকৃদাগামী, অনাগামী ও অর্হৎ এই চারি শ্রামণ্য ফল, ধর্ম্ম, অর্থ, নিরুক্তি ও প্রতিভাণ এই চারি প্রতিসম্ভিদা, ষড়াভিজ্ঞা ও অষ্ট সমাপত্তি প্রসারণ করিয়াছিলেন। অর্থাৎ লোকোত্তর ধর্ম্মের দোকান খুলিয়াছিলেন।

৬। যাহারা অপ্রমত্ত বা স্মৃতিবান, পঞ্চচিত্ত খিল বিরহিত, ঋজুচিত্ত, লজ্জা ও উৎসাহ সম্পন্ন সেই সেই দেব মানবগণ এই উত্তম গুণ সমূহ যথা সুখে গ্রহণ করিতে পারে।

৭। শাস্তা এই প্রকার সদ্ধর্ম্ম প্রয়োগে জন সাধারণকে উদ্ধার করত লক্ষ কোটি প্রাণীকে প্রথম বারে আর্য্য সত্য অববোধ করাইয়াছিলেন।

৮। মহাবীর সুমন বুদ্ধ যে সময় তীর্থিয়দিগকে উপদেশ দিয়াছিলেন, তাহা ছিল দ্বিতীয় ধর্ম্মাধিবেশন। তখন লক্ষকোটি প্রাণীর ধর্ম্মাভিসময় হইয়াছিল।

---

* ওবদত্তি।



Visit: http://www.buddhistdownload.com

৯। য়দা দেবা মনুস্সা চ সমগ্গা এক মানসা,
নিরোধ পঞ্‌হং পুচ্ছিংসু সংসয়ঞ্চাপি মানসং। ৩৮৮॥

১০। তদাপি ধম্মদেসনে নিরোধ পরিদীপনে,
নবুতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৩৮৯॥

১১। সন্নিপাতা তয়ো আসুং সুমনস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্ত চিত্তান তাদিনং। ৩৯০॥

১২। বস্সং বুত্থস্স ভগবতো অভিঘুট্ঠে পবারণে,
কোটি সতসহস্সেহি পবারেসি তথাগতো। ৩৯১॥

১৩। ততো পরং সন্নিপাতে বিমলে কঞ্চন পব্বতে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৩৯২॥

---

৯। যে সময় দেব মানবগণ সম্মিলিত ও একমত হইয়া, মনের সংশয় ভঞ্জনার্থ নির্ব্বাণ সম্বন্ধীয় প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল,

১০। তখনও নির্ব্বাণার্থ প্রকাশক ধর্ম্ম দেশনায়, নব্বই সহস্র কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাভিজ্ঞান লাভ হইয়াছিল।

১১। মহর্ষি সুমন বুদ্ধের প্রশান্তচিত্ত, নির্ম্মল ক্ষীণাশ্রব শিষ্যদিগের তিনটি ধর্ম্মাধিবেশন আহূত হইয়াছিল।

১২। ভগবান ত্রৈমাসিক বর্ষাব্রত সমাপন করিয়া, প্রবারণা করিবার জন্য ঘোষণা করিলে, লক্ষকোটি ভিক্ষু উপস্থিত হইয়াছিলেন। তিনি তাহাদের সঙ্গে প্রবারণা কার্য্য সম্পন্ন করিয়া ছিলেন।

১৩। তারপর বিমল কাঞ্চন পর্ব্বতে নব্বই সহস্র কোটি প্রাণীর সম্মিলনে দ্বিতীয় বার সমাগম হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

১৪। যদা সক্কো দেব রাজা বুদ্ধ দস্সনুপাগমি,
অসীতি কোটি সহস্সানং ততিয়ো আসি সমাগমো। ৩৯৩ ॥

১৫। অহং তেন সময়েন নাগরাজা মহিদ্ধিকো,
অতুলো নাম নামেন উস্সন্ন কুসল * সঞ্চয়ো। ৩৯৪ ॥

১৬। তদাহং নাগভবনা নিক্খমিত্বা সঞাতিভি,
নাগানং দিব্ব তুরিয়েহি সসঙ্ঘং জিনমুপট্ঠহিং। ৩৯৫॥

১৭। কোটি সতসহস্সানং অন্নপানেন তপ্পয়িং,
পচ্চেকং দুস্সযুগং দত্বা সরণং তমুপাগমিং। ৩৯৬ ॥

১৮। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সুমনো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৩৯৭ ॥

---

১৪। শক্র দেবরাজ যখন বুদ্ধ দর্শনের জন্য উপস্থিত হইয়া ছিল, তখন অশীতি সহস্র কোটি প্রাণীর তৃতীয় সমাগম হইয়াছিল।

১৫। আমি সে সময় মহাঋদ্ধিবান কুশল কর্ম্ম সঞ্চয়ী অতুল নামক নাগরাজ হইয়াছিলাম—

১৬। তখন স্বীয় জ্ঞাতিগণ সহ নাগভবন হইতে বাহির হইয়া নাগদিগের দিব্য তূর্য্যের দ্বারা সংঘসহ জিনকে পূজা করিয়াছিলাম।

১৭। আর লক্ষ কোটি ভিক্ষুকে অন্ন পানীয় দানে পরিতৃপ্ত করত প্রত্যেককে একেক জোড়া বস্ত্র দান করিয়া তাঁহার শরণাগত হইয়াছিলাম।

১৮। সেই লোক-স্বামী সুমন বুদ্ধও এই হইতে অসংখ্য কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে প্রকাশ করিয়াছিলেন।

---

* নঃ পচ্চয়ো।



Visit: http://www.buddhistdownload.com

৩০। নগর মেখলং নাম সুদত্তো নাম খত্তিয়ো,
সিরিমা নাম জনিকা সুমনস্স মহেসিনো। ৪০৯॥

৩১। নব বস্স সহস্সানি অগার অজ্ঝসো বসি,
চন্দো সুচন্দো বটংসো চ তয়ো পাসাদমুত্তমা। ৪১০॥

৩২। তেসট্‌ঠি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা.
বটংসকা নাম নারী অনুপমো নাম অত্রজো। ৪১১॥

৩৩। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি.
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৪১২॥

৩৪। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুমনো লোকনায়কো,
বত্তি চক্কং মহাবীরো মেখলে পুরবরুত্তমে। ৪১৩॥

---

১৯। ৩৯৮, ২০। ৩৯৯, ২১। ৪০০, ২২। ৪০১, ২৩। ৪০২, ২৪। ৪০৩, ২৫। ৪০৪, ২৬। ৪০৫, ২৭। ৪০৬, ২৮। ৪০৭, ২৯। ৪০৮, এই গাথা গুলিও পূর্ব্ববৎ।

৩০। মহর্ষি সুমন বুদ্ধের জন্মস্থান মেখলা নামক নগর. পিতা সুদত্ত নামক ক্ষত্রিয়, মাতা সিরিমা নাম্নী ক্ষত্রিয়ানী ছিল।

৩১। তিনি নয় সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। চন্দ্র. সুচন্দ্র ও বটংস নামে তাঁহার তিনখানি উত্তম বাসভবন ছিল।

৩২। সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেষট্টি হাজার পরিচারিকা ছিল। বটংসকা নাম্নী প্রধানা স্ত্রী এবং অনুপম নামক একজন পুত্র সন্তান ছিল।

৩৩। তিনি চারি প্রকার নিমিত্ত দেখিয়া হস্তীযানে মহাভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। সুমন জিন বুদ্ধত্ব লাভের জন্য অন্যূন দশ মাস ধ্যানে রত ছিলেন।

৩৪। মহাবীর লোক নায়ক সুমন বুদ্ধ, মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মেখলা নামক উত্তম নগরে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। সরণো ভাবিতত্তো চ অহেসুং অগ্গসাবকা,
উদেনো নামুপট্ঠাকো সুমনস্স মহেসিনো। ৪১৪ ॥

৩৬। সোনা চ উপসোনা চ অহেসুং অগ্গসাবিকা,
সোপি বুদ্ধো অমিতয়সো নাগমূলে অবুজ্ঝথ। ৪১৫ ॥

৩৭। বরুণো চ সরণো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
চালা চ উপচালা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪১৬ ॥

৩৮। উচ্চত্তনেন * সো বুদ্ধো নবুতি হত্থমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দসসহস্সি + বিরোচতি। ৪১৭ ॥

৩৯। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪১৮ ॥

---

৩৫। তাঁহার শরণ ও ভাবিতত্ত নামক দুইজন অগ্রশ্রাবক এবং উদেন নামক সেবাকারী শিষ্য ছিল।

৩৬। সোণা ও উপসোণা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই অমিত যশস্বী সুমন জিন নাগ বৃক্ষ মূলে বুদ্ধত্ব লাভ করিয়া ছিলেন।

৩৭। বরুণ ও শরণ নামক দুইজন অগ্র উপস্থায়ক, আর চালা ও উপচালা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৮। তাঁহার শরীরের উচ্চতা নব্বই হস্ত ছিল। শরীর হইতে কাঞ্চন প্রভার ন্যায় জ্যোতিঃ বিকীর্ণ হইয়া দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩৮। তাঁহার পরমায়ু নব্বই সহস্র বৎসর ছিল। তিনি এতাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনতাকে সংসার কান্তার হইতে পরিত্রাণ করিয়া ছিলেন।

---

* নঃ উচ্চত্তরেন, + বিরোচথ



Visit: http://www.buddhistdownload.com

৪০। তারণীয়ে তারয়িত্বা বোধনীয়ে চ বোধয়ি,
পরিনিব্বায়ি সম্বুদ্ধো উলুরাজা'ব অত্থমি। ৪১৯ ॥

৪১। তে চ খীণাসবা ভিক্খূ সো চ বুদ্ধো অসদিসো,
অতুলং পভং দস্সয়িত্বা নিব্বুতা তে মহায়সা। ৪২০ ॥

৪২। তঞ্চ ঞাণং অতুলিয়ং তানি অতুলিয়ানি রতনানি,
সব্বং সমন্ত রহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা। ৪২১ ॥

৪৩। সুমনো য়সধরো বুদ্ধো অঙ্গারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো চতু য়োজন মুগ্গতো। ৪২২ ॥

---

৪০। সুমন সম্বুদ্ধ ত্রাণ-যোগ্য প্রাণীদিগকে ত্রাণ করিয়া, বোধনেয় দিগকে বুঝাইয়া চন্দ্র অস্তমিত হওয়ার ন্যায় পরিনির্ব্বাপিত হইয়াছিলেন।

৪১। সেই মহা যশস্বী অর্হৎ ভিক্ষুগণ এবং অসদৃশ সেই সুমন বুদ্ধ, অনন্ত গুণ-প্রভা দেখাইয়া নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪২। সেই অতুলনীয় বুদ্ধগুণ ও অনুপম বুদ্ধাদি রত্নত্রয় তাঁহারাও অন্তর্হিত হইয়াছেন। অহো! সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৪৩। যশস্বী সুমন বুদ্ধ অঙ্গ আরামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায়ই তাঁহার চারি যোজন প্রমাণ উচ্চতা বিশিষ্ট জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# রেবত বুদ্ধ-বংসো (৫)

১। সুমনস্স অপরেন রেবতো নাম নায়কো,
অনুপমো অসদিসো অতুলো উত্তমো জিনো। ৪২৩॥

২। সোপি ধম্মং পকাসেসি ব্রহ্মুনা অভিয়াচিতো,
খন্ধা ধাতুববত্থানং অপ্পবত্তং ভবাভবে। ৪২৪॥

৩। তস্সাভিসময়া তীনি অহেসুং ধম্মদেসনে,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহু। ৪২৫॥

৪। য়দা অরিন্দমং রাজং বিনেসি রেবতো মুনি,
তদা কোটিসহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৪২৬॥

---

১। সুমন বুদ্ধের পর অনুপম, অসদৃশ, অতুলনীয় ও উত্তম মারজিৎ রেবত বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, রূপাদি পঞ্চ-স্কন্ধ, নামরূপ ভেদে ব্যবস্থা বা বিভাগ করণ এবং কাম-রূপ ভবে অপ্রবর্ত্তন (জন্ম পরিগ্রহণ না করা) সম্বন্ধে ধর্ম্মদেশনা করিয়াছিলেন।

৩। তাঁহার ধর্ম্মদেশনায় তিনটা ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম সমাগমে গণনাতীত পরিষদ উপস্থিত হইয়াছিল।

৪। রেবত বুদ্ধ অরিন্দম নামক রাজাকে যখন বিনীত করিয়াছিলেন, তখন দ্বিতীয়বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। সত্তাহং পটিসল্লানা বুট্ঠ্হিত্বা নরাসভো,
কোটিসতং নরমরূনং বিনেসি উত্তমে ফলে। ৪২৭ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং রেবতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সুবিমুত্তান * তাদিনং। ৪২৮ ॥

৭। অতিক্কন্তা গণনাপথং পঠমং যে সমাগতা,
কোটিসত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৪২৯ ॥

৮। যো পি পঞ্ঞায় অসমো তস্স চক্কানুবত্তকো,
সো তদা ব্যাধিতো আসি পত্তো জীবিত সংসয়ং। ৪৩০ ॥

৯। তস্স গিলান পুচ্ছায় যে তদা উপগতা মুনি,
কোটিসত সহস্সা অরহন্তো ততিয়ো আসি সমাগমো। ৪৩১ ॥

---

৫। নরশ্রেষ্ঠ রেবতমুণি সপ্তাহকাল বিবেক বাস করিয়াছিলেন। সপ্তাহের পর বিবেক বাস হইতে উঠিয়া, কোটিশত দেবমানবকে উত্তম অরহত্ব ফলে বিনীত করিয়াছিলেন।

৬। মহর্ষি রেবত বুদ্ধের সময় সুবিমুক্ত বিমল ক্ষীণাশ্রবদিগের তিনটা ধর্ম্ম সভা আহুত হইয়াছিল।

৭। প্রথম সভায় যাহারা উপস্থিত হইয়াছিল, তাহাদের সংখ্যা গণনাতীত. দ্বিতীয় ধর্ম্ম-সভায় লক্ষকোটি প্রাণী সমাগত হইয়াছিল।

৮। তাঁহার দেশিত ধর্ম্মের অনুবর্ত্তনকারী মহাপ্রজ্ঞাবান যিনি ছিলেন, তখন তিনি জীবন সংশয়কর ব্যাধিগ্রস্থ ছিলেন।

৯। সেই সময় মহামুনি লক্ষকোটি অরহৎ সমভিব্যাহারে তাঁহার রোগবার্ত্তা জিজ্ঞাসা করিবার জন্য উপস্থিত হইয়াছিলেন। তাহা তৃতীয় বারের ধর্ম্ম-সভা।

---

* "সুচিমুত্তানং।"



Visit: http://www.buddhistdownload.com

১০। অহং তেন সময়েন অতিদেবো নাম ব্রাহ্মণো,
উপগন্ত্বা রেবতং বুদ্ধং সরণং তস্স গচ্ছহং। ৪৩২ ॥

১১। তস্স সীলং সমাধিঞ্চ পঞ্ঞা গুণমনুত্তমং *
থোমায়িত্বা য়থা থামং উত্তরীয়মদাসহং। ৪৩৩ ॥

১২। সোপি মং বুদ্ধো ব্যাকাসি রেবতো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি ৪৩৪ ॥

২৪। তদাপি মং বুদ্ধ-ধম্মং সরিত্বা অনুব্রূহয়িং,
আহরিস্সামি তং ধম্মং য়ং মযহং অভিপত্থিতং। ৪৪৬ ॥

---

১০। আমি তখন অতিদেব নামে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়াছিলাম। রেবত বুদ্ধের নিকট উপস্থিত হইয়া তাঁহার শরণাপন্ন হইয়াছিলাম।

১১। তাঁহার শীল-সমাধি উত্তম প্রজ্ঞাগুণ যথাশক্তি কীর্ত্তন করিয়া তাঁহাকে উত্তরাসঙ্গ চীবর দান করিয়াছিলাম।

১২। লোকনায়ক সেই রেবত বুদ্ধও আমাকে এই হইতে অপ্রমেয় কল্পান্তরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন।

১৩। ৪৩৫, ১৪। ৪৩৬, ১৫। ৪৩৭, ১৬। ৪৩৮, ১৭। ৪৩৯, ১৮। ৪৪০, ১৯। ৪৪১, ২০। ৪৪২, ২১। ৪৪৩, ২২। ৪৪৪, ২৩। ৪৪৫ এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৪। আমি যেই বুদ্ধত্ব প্রার্থনা করিয়া আসিতেছি, সেই বুদ্ধত্ব সাধক পারমী ধর্ম্ম সঞ্চয় করিব। সেই সময়ও আমি বুদ্ধভাবকর ধর্ম্ম অনুস্মরণ করিয়া তাহা সঞ্চয়ের জন্য বিশেষ ভাবে প্রযত্ন করিতেছিলাম।

---

* নঃ পঞ্ঞাগুণ বরুত্তমং।



Visit: http://www.buddhistdownload.com

২৫। নগরং সুধম্মবতী * নাম বিপুলো নাম খত্তিয়ো,
বিপুলা নাম জনিকা রেবতস্স মহেসিনো। ৪৪৭॥

২৬। ছব্বস্স সহস্সানি অগার অজ্ঝসো বসী,
সুদস্সনো চ রতনগ্ঘি অবেলো চ বিভূসিতো,
পুঞ্ঞ কম্মাভিনিব্বত্তা তয়ো পাসাদ মুত্তমা। ৪৪৮॥

২৭। তেত্তিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুদস্সনা নাম দেবী বরুণো নাম অত্রজো। ৪৪৯।

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূন সত্তমাসানি পধানং পদহী জিনো। ৪৫০

---

২৫। মহর্ষি রেবত বুদ্ধের জন্মস্থান ছিল সুধর্ম্মবতী নগর। পিতা বিপুল নামক ক্ষত্রিয়, মাতা বিপুলা নাম্নী ক্ষত্রিয়-রমণী।

২৬। তিনি ছয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার পুণ্য কর্ম্মের প্রভাবে উৎপন্ন, সুদর্শন, রত্নাগ্রি ও অবেল নামে তিনখানি সুশোভিত উত্তম প্রাসাদ ছিল।

২৭। সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা তেত্রিশ হাজার পরিচারিকা ছিল সুদর্শনা নাম্নী প্রধানা স্ত্রী এবং বরুণ নামক পুত্র ছিল

২৮। জিন চারি প্রকার নিমিত্ত সন্দর্শন করিয়া, রথারোহণে অভিনিষ্ক্রমণ পূর্ব্বক অন্যূন সাতমাস পর্য্যন্ত বুদ্ধত্বলাভের জন্য দৃঢ়বীর্য্য সহকারে ধ্যান করিয়াছিলেন।

---

* "সুধম্মকং" "সুধঞ্ঞকং।"



Visit: http://www.buddhistdownload.com

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো রেবতো লোক নায়কো,
বত্তি চক্কং মহাবীরো বরুণারামে সিরীঘনে। ৪৫১ ॥

৩০। বরুণো ব্রহ্মদেবো চ অহেসুং অগ্গ সাবকা,
সম্ভবো নামুপট্ঠাকো রেবতস্স মহেসিনো। ৪৫২ ॥

৩১। ভদ্দা চেব সুভদ্দা চ অহেসুং অগ্গসাবিকা,
সোপি বুদ্ধো অসমসমো নাগমূলে অবুজ্ঝথ। ৪৫৩ ॥

৩২। পদুমো কুঞ্জরো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা চেব য়সবতী অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪৫৪ ॥

৩৩। উচ্চত্তনেন সো বুদ্ধো অসীতি হত্থমুগ্গতো,
ওভাসেতি দিসা সব্বা ইন্দ কেতূ'ব উগ্গতো। ৪৫৫ ॥

---

২৯। লোকনায়ক মহাবীর রেবত, মহাব্রহ্মা সহম্পতির দ্বারা আরাধিত হইয়া বৃক্ষলতা পরিশোভিত বরুণারামে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি রেবত বুদ্ধের বরুণ ও ব্রহ্মদেব অগ্রশ্রাবক আর সম্ভব নামক ভিক্ষু সেবক ছিল।

৩১। ভদ্রা ও সুভদ্রা অগ্রশ্রাবিকা ছিল। অসমসম সেই রেবত বুদ্ধও নাগেশ্বর বৃক্ষমূলে বুদ্ধত্ব লাভ করিয়াছিলেন।

৩২। পদুম ও কুঞ্জর অগ্র উপস্থায়ক ছিল। সিরিমা ও যশবতী অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। তাঁহার দেহ অশীতি হস্ত উচ্চ ছিল। ইন্দ্রকেতুর ন্যায় উদ্গত দেহ-প্রভায় সর্ব্বদিক আলোকিত হইত।



Visit: http://www.buddhistdownload.com

৩৪। তস্স সরীরে নিব্বত্তা পভামালা অনুত্তরা,
দিবা বা য়দি বা রত্তিং সমন্তা ফরতি য়োজনং। ৪৫৬ ॥

৩৫। সট্‌ঠিবস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্‌ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪৫৭ ॥

৩৬। দস্সয়িত্বা বুদ্ধবলং অমতং লোকে পকাসয়ং,
নিব্বায়ি অনুপাদানো য়থগ্‌গুপাদান সংখয়া। ৪৫৮ ॥

৩৭। সোচ কায়ো রতন নিভো সোচ ধম্মো অসাদিসো,
সব্বং সমন্ত রহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা। ৪৫৯ ॥

৩৮। রেবতো য়সধরো বুদ্ধো নিব্বুতো সো মহামুনি,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৪৬০ ॥

---

৩৪। দিবাতে হউক অথবা রাত্রিতে হউক তাঁহার শরীর জাত অনুত্তর প্রভামালা চারিদিকে যোজন পর্য্যন্ত ব্যাপৃত হইত।

৩৫। তৎকালীন পরমায়ু ষাট হাজার বৎসর ছিল। তাবৎ কাল জীবিত থাকিয়া, তিনি অনেক প্রাণীকে সংসার সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। বুদ্ধবল প্রদর্শন পূর্ব্বক, জগতে অমৃতময় নৈর্ব্বাণিক ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। তারপর কাষ্ঠাদি উপাদান বিহীনে নির্ব্বাপিত অগ্নির ন্যায় তিনিও কামাদি উপাদান বিহীন হইয়া নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। রত্ন সদৃশ সেই শরীর এবং অসদৃশ ধর্ম্ম সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! জাগতিক সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৩৮। যশস্বী মহামুনি রেবত বুদ্ধ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে পূজার জন্য স্থাপিত হইয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

# সোভিত বুদ্ধ-বংসো (৬)

১। রেবতস্স অপরেন সোভিতো নাম নায়কো,
সমাহিতো সন্তচিত্তো অসমো অপ্পটি পুগ্গলো। ৪৬১॥

২। সো জিনো সক গেহম্হি মানসং বিনিবট্টয়ি,
পত্বান কেবলং বোধিং ধম্মচক্কং পবত্তয়ি। ৪৬২॥

৩। যাব হেট্ঠা অবীচিতো ভবগ্গা চাপি উদ্ধতো,
এত্থন্তরে একপরিসা অহোসি ধম্মদেসনে। ৪৬৩॥

৪। তায় পরিসায় সম্বুদ্ধো ধম্মচক্কং পবত্তয়ি,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহু। ৪৬৪॥

---

১। রেবত বুদ্ধের তিরোধানের পর, সমাহিত শান্তচিত্ত অসম ও অসদৃশ পুরুষ সোভিত নামক শাস্তা আবির্ভূত হইয়াছিলেন।

২। সেই জিন, স্বীয় গৃহেই চিত্ত পরিবর্ত্তন করিয়া (সাত দিনের মধ্যে) বুদ্ধত্ব লাভ পূর্ব্বক ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩। ধর্ম্মচক্র সূত্রান্ত দেশনার সময় ঊর্দ্ধে ভবাগ্র হইতে নিম্নে অবীচি মহানরক পর্য্যন্ত এতদ্ মধ্যস্থিত সমস্ত প্রাণী এক পরিষদের ন্যায় হইয়াছিল।

৪। ভগবান সেই মহতী পরিষদে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন। প্রথম সমাগমে গণনাতীত প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। ততো পরম্পি দেসেন্তে নরমরূনং সমাগমে.
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু ।৪৬৫॥

৬। পুনাপরং রাজপুত্তো জয়সেনো নাম খত্তিয়ো,
আরামং রোপয়িত্বান বুদ্ধে * নীয়দয়ী তদা । ৪৬৬ ॥

৭। তস্স য়াগং পকিত্তেন্তো ধম্মং দেসেসি চক্খুমা.
তদা কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু । ৪৬৭ ॥

৮। সন্নিপাতা তয়ো আসুং সোভিতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং । ৪৬৮ ॥

৯। উগ্গতো নাম সো রাজা দানং দেতি নরুত্তমে,
তম্হি দানে সমাগচ্ছুং অরহন্তা সত কোটিয়ো । ৪৬৯ ॥

---

৫। তৎপর দেব-মানব পরিষদে দেশনা করিবার সময় দ্বিতীয় বারে নব্বই সহস্র কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। পুনর্ব্বার রাজপুত্র জয়সেন নামক ক্ষত্রিয় বহুবিধ পুষ্প ও ফলের উদ্যান রোপন করিয়া তদা বুদ্ধকে পূজা করিয়াছিল।

৭। চক্ষুষ্মান্ বুদ্ধ তাহার দান যজ্ঞের বর্ণনা প্রসঙ্গে ধর্ম্মদেশনা করিয়াছিলেন। সেই তৃতীয় বারের দেশনায় সহস্র কোটি প্রাণীর ধর্ম্মলাভ হইয়াছিল।

৮। মহর্ষি সোভিত বুদ্ধের লোকধর্ম্মে অবিচলিত শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব অর্হৎ শিষ্যগনের তিনটি ধর্ম্মসভা আহুত হইয়াছিল।

৯। উগ্গত নামক জনৈক রাজা নরোত্তম বুদ্ধকে দান দিয়াছিল। সেই দানে শতকোটি অর্হতের প্রথম সমাগম হইয়াছিল।

---

* "নীয়াতয়ী"



Visit: http://www.buddhistdownload.com

১০। পুনাপরং পুরগণো দেতি দানং নরুত্তমে,
তদা নবুতি কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৪৭০ ॥

১১। দেব লোকে বসিত্বান যদা ওরোহতী জিনো,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৪৭১ ॥

১২। অহং তেন সময়েন সুজাতো নাম ব্রাহ্মণো,
তদা সসাবকং বুদ্ধং অন্ন-পানেন তপ্পয়িং। ৪৭২ ॥

১৩। সোপিমং বুদ্ধো বিয়াকাসি সোভিতো লোকনায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৪৭৩ ॥

---

১০। পুনরায় পুরবাসীরা একবার নরোত্তম বুদ্ধকে দান দিয়াছিল। তখন নব্বই কোটি অরহন্তের দ্বিতীয় সমাগম হইয়াছিল।

১১। জিন দেবলোকে অবস্থান করিয়া যখন মনুষ্য ভূমিতে অবতরণ করিতে ছিলেন, তখন অশীতি কোটি অরহন্তের তৃতীয় সমাগম হইয়াছিল।

১২। সেই সময় আমি সুজাত নামক ব্রাহ্মণরূপে জন্ম গ্রহণ করিয়াছিলাম। তখন সশিষ্য বুদ্ধকে অন্নপানীয় দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১৩। লোক নায়ক শোভিত বুদ্ধ আমাকে এইরূপ প্রকাশ করিয়াছিলেন-- "ইনি এই হইতে অপ্রমেয় কল্পান্তরে বুদ্ধ হইবেন।

১৪।৪৭৪, ১৫।৪৭৫, ১৬।৪৭৬, ১৭।৪৭৭, ১৮।৪৭৮, ১৯।৪৭৯, ২০।৪৮০, ২১।৪৮১, ২২।৪৮২, ২৩।৪৮৩ পূর্ব্ববৎ।



Visit: http://www.buddhistdownload.com

২৪। তস্সাপি বচনং সুত্বা হট্‌ঠো সংবিগ্গ মানসো,
তমেবত্থমনুপ্পত্তিয়া উগ্গং ধিতিমকাসহং ৪৮৪॥

২৫। সুধম্মং নাম নগরং সুধম্মো নাম খত্তিয়ো,
সুধম্মা নাম জনিকা সোভিতস্স মহেসিনো ৪৮৫॥

২৬। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
কুমুদো কলীরো পদুমো তয়ো পাসাদ মুত্তমা। ৪৮৬॥

২৭। ছসত্ততি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সমঙ্গী নাম সা নারী সীহো নামাসি অত্রজো। ৪৮৭॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমি,
সত্তাহং পধান চারং চরিত্বা পুরিসুত্তমো,
বুজ্ঝমানো চ সো বুদ্ধো নাগমূলে অবুজ্ঝথ। ৪৮৮॥

---

২৪। আমি তাঁহার বাক্য শ্রবণে হৃষ্ট ও উদ্বিগ্নমনা হইয়া, সেই বুদ্ধত্ব প্রাপ্তির জন্য বিশেষভাবে চেষ্টা করিতেছিলাম।

২৫। মহর্ষি শোভিত বুদ্ধের জন্মস্থান সুধর্ম্ম নগর। পিতা সুধর্ম্ম ক্ষত্রিয় নৃপতি, সুধর্ম্মা নাম্নী রাজ-মহিষী মাতা ছিলেন।

২৬। তিনি নয় সহস্র বৎসরকাল গৃহবাসে অবস্থান করিয়াছিলেন। তাঁহার কুমুদ, কলীর ও পদুম নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল

২৭। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা ছিয়াত্তর হাজার পরিচারিকা ও সমঙ্গী নাম্নী প্রধানা স্ত্রী আর সিংহ নামক একজন পুত্র ছিল।

২৮। পুরুষোত্তম শোভিত বোধিসত্ত্ব চারি প্রকার নিমিত্ত দেখিয়া প্রাসাদ সহিত অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। সপ্তাহকাল ধ্যান চর্য্যায় রত থাকিয়া, বুদ্ধ হওয়ার সময় তিনি নাগেশ্বর বৃক্ষমূলে অভিসম্বুদ্ধ হইয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

২৯। ব্রহ্মুনা যাচিতো সন্তো সোভিতো লোকনায়কো,
বত্তি চক্কং মহাবীরো সুধম্মুয্যানমুত্তমে। ৪৮৯ ॥

৩০ অসমো চ সুনেত্তো চ অহেসুং অগ্গসাবকা,
অনোমো নামুপট্ঠাকো সোভিতস্স মহেসিনো,
নকুলা চ সুজাতা চ অহেসুং অগ্গসাবিকা। ৪৯০ ॥

৩১ রম্মো চেব সুদত্তো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নকুলা চেব চিত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৪৯১ ॥

৩২। অট্ঠ পঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
ওভাসেতি দিসা সব্বা সতরংসী'ব উগ্গতো। ৪৯২ ॥

৩৩ যথা সুফুল্লং পবনং নানা গন্ধেহি ধূপিতং,
তথেব তস্স পাবচনং সীলগন্ধেহি ধূপিতং। ৪৯৩ ॥

---

২৯। লোক নায়ক মহাবীর শোভিত বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা আরাধিত হইয়া সুধর্ম্ম নামক শ্রেষ্ঠ উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি শোভিত বুদ্ধের অসম ও সুনেত্ত নামে দুইজন অগ্র-শ্রাবক, অনোম নামক উপস্থায়ক আর নকুলা ও সুজাতা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল।

৩১। রম্ম ও সুদত্ত নামে দুইজন অগ্র উপস্থায়ক আর নকুলা ও চিত্তা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩২। মহামুনি শোভিত আট পঞ্চাশ হস্ত উচ্চ ছিলেন। সূর্য্যের ন্যায় তাঁহার দেহ হইতে রশ্মি নিঃসৃত হইয়া সর্ব্বদিক আলোকিত হইত

৩৩। সুপুষ্পিত পুষ্পোদ্যান যেমন নানা প্রকার পুষ্প গন্ধে আমোদিত থাকে, সেরূপ তাঁহার শাসনও শীলগন্ধের দ্বারা সুবাসিত থাকিত।



Visit: http://www.buddhistdownload.com

৩৪। যথাপি সাগরো নাম দস্সনেন অতপ্পিয়ো,
তথেব তস্স পাবচনং সবণেন অতপ্পিয়ং। ৪৯৪॥

৩৫। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৪৯৫॥

৩৬। ওবাদং অনুসিট্ঠিঞ্চ দত্বান'সেসকে জনে,
হুতাসনো'ব তাপেত্বা নিব্বুতো সো সসাবকো। ৪৯৬॥

৩৭। সো চ বুদ্ধো অসমসমো তেপি চ সাবকা বলপত্তা,
সব্বং সমন্ত রহিতং ননুরিত্তা সব্ব সঙ্খারাতি। ৪৯৭॥

৩৮। সোভিত বর সম্বুদ্ধো সীহারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৪৯৮॥

---

৩৪। সাগর যেমন দর্শন করিয়া তৃপ্তি লাভ হয় না, তেমন তাঁহার দেশিত সদ্ধর্ম্ম শ্রবণ করিয়া তৃপ্তি লাভ হইত না।

৩৫। তখনকার সময়ে বুদ্ধের আয়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি এ তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। তিনি অবশিষ্ট জনতাকে উপদেশ দিয়া ও অনুশাসন করিয়া হুতাশনের ন্যায় প্রজ্জ্বলিত হওত সশিষ্য পরিনির্ব্বাপিত হইয়াছিলেন।

৩৭। অসদৃশ সেই বুদ্ধ এবং লোকোত্তর বল প্রাপ্ত সেই শ্রাবকগণ অন্তর্হিত হইয়াছেন। অহো! সংস্কার সমূহ অস্থায়ী নহে কি?

৩৮। শোভিত সম্যকসম্বুদ্ধ সীহারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার শারীরিক ধাতু নানা প্রদেশে স্থাপিত হইয়া পূজিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# অনোমদস্সী বুদ্ধ-বংসো (৭)

১। সোভিতস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
অনোমদস্সী অমিতয়সো তেজস্সী দুরতিক্কমো। ৪৯৯ ॥

২। সো ছেত্বা বন্ধনং সব্বং বিধ্বংসেত্বা তয়োভবে,
অনিবত্তি গমনং মগ্গং দেসেসি দেবমানুসে। ৫০০ ॥

৩। সাগরো'ব অসংখোভো পব্বতো দুরাসদো,
আকাসো'ব অনন্তো সো সালরাজা'ব ফুল্লিতো। ৫০১ ॥

৪। দস্সনেন পি তং বুদ্ধং তোসিতা হোন্তি পাণিনো,
ব্যাহরন্তং গিরং সুত্বা অমতং পাপুণন্তি তে। ৫০২।

---

১। শোভিত বুদ্ধের তিরোধানের পর দ্বিপদোত্তম অমিত যশা, তেজস্বী ও দুরতিক্রমনীয় অনোমদর্শী সম্বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তিনি সমস্ত সংসার বন্ধন ছেদন করিয়া, ত্রিভবে উৎপত্তির হেতু বিনাশ পূর্ব্বক দেবমানবদিগকে অপ্রত্যাবর্ত্তনীয় নির্ব্বাণগামী মার্গ দেশনা করিয়াছিলেন।

৩। সেই অনোমদর্শী বুদ্ধ সাগরের তুল্য অসংক্ষুব্ধ, পর্ব্বতের ন্যায় দুর্লঙ্ঘ্য, আকাশ সদৃশ অনন্ত এবং ফুল্ল কুসুম শোভিত শাল বৃক্ষতুল্য সুন্দর ছিলেন।

৪। সেই বুদ্ধকে দর্শন করিয়া প্রাণিগণ সন্তুষ্ট হইত। আর তাহারা বুদ্ধের শ্রীমুখ নিঃসৃত ধর্ম্ম-বাণী শুনিয়া নির্ব্বাণ প্রাপ্ত হইত।



Visit: http://www.buddhistdownload.com

৫। ধম্মাভিসময়ো তস্স ইদ্ধো ফীতো তদা অহু,
কোটিসতানি অভিসমিংসু পঠমে ধম্ম দেসনে। ৫০৩॥
৬। ততো পরম্পি অভিসময়ে বস্সন্তে ধম্ম বুট্‌ঠিয়ো
অসীতি কোটিয়ো অভিসমিংসু দুতিয়ে ধম্মদেসনে। ৫০৪॥
৭। ততো পরম্পি বস্সন্তে তপ্পয়ন্তে চ পাণিনং,
অট্‌ঠসত্তুতি কোটীনং ততিয়াভিসময়ো অহু ৫০৫॥
৮। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি চ মহেসিনো,
অভিঞ্ঞা বলপ্পত্তানং পুপ্ফিতানং বিমুত্তিয়া। ৫০৬॥
৯। অট্‌ঠসত সহস্সানং সন্নিপাতো তদা অহু,
পহীনমদমোহানং সন্তচিত্তান * তাদিনং। ৫০৭॥

---

৫। তখন তাঁহার দেশিত ধর্ম্ম বহুজনে অববোধ করিতে সমর্থ হওয়ায় সমৃদ্ধ এবং পরিপূর্ণ হইয়াছিল। প্রথম ধর্ম্ম দেশনায় কোটিশত প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। তৎপরবর্ত্তী ধর্ম্মাববোধের সময় দ্বিতীয় দেশনায় ধর্ম্মবারি বর্ষিত হইলে কোটিশত প্রাণীর ধর্ম্ম জ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৭। ইহার পরও ধর্ম্মবৃষ্টি বর্ষণ করিয়া জীবগণের তৃপ্তি উৎপাদন করত আটসত্তর কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্ম-জ্ঞান লাভ হইয়াছিল।

৮। মহর্ষি অনোমদর্শী বুদ্ধেরও অভিজ্ঞা বল প্রাপ্ত বিমুক্তি পুষ্পে বিকশিত অর্হৎগণের তিনটা ধর্ম্ম সমাগম হইয়াছিল।

৯। তখন ইষ্টানিষ্ট বিষয়ে অবিচলিত, শান্তচিত্ত, মদ-মোহ হীন আট লক্ষ অরহন্তের সমাগমে প্রথম অধিবেশন হইয়াছিল।

---

* উপসন্তানং।



Visit: http://www.buddhistdownload.com

১০। সত্তসতসহস্সানং দুতিয়ো আসি সমাগমো,
অনঙ্গনানং বিরজানং উপসন্তান তাদিনং। ৫০৮॥

১১। ছন্নং সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অভিঞ্ঞা বলপ্পত্তানং নিব্বুতানং তপস্সিনং। ৫০৯॥

১২। অহং তেন সময়েন যক্খো আসিং মহিদ্ধিকো,
নেকানং যক্খ কোটীনং বসবত্তী মহীস্সরো *। ৫১০॥

১৩। তদাপি তং বুদ্ধবরং উপগন্ত্বা মহেসিনং,
অন্নপানেন তপ্পেসিং সসজ্ঘং লোকনায়কং। ৫১১॥

১৪। সো পি মং তদা ব্যাকাসি বিসুদ্ধ নয়নো মুনি,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫১২॥

---

১০। উপশান্ত চিত্ত, বিগত রজঃ ও ক্লেশ বিহীন সাত লক্ষ অর্হৎ লইয়া দ্বিতীয় সমাগম হইয়াছিল।

১১। ক্লেশাগ্নি নির্ব্বাপিত ও অভিজ্ঞা বল প্রাপ্ত ছয় লক্ষ অর্হৎ তপস্বীর তৃতীয় সমাগম হইয়াছিল।

১২। আমি সেই সময়ে মহাঋদ্ধিবান, অনেক কোটি যক্ষের মহেশ্বর যক্ষ ছিলাম, তাহারা আমার সুবাধ্য ছিল।

১৩। তখনও আমি মহর্ষি বুদ্ধবরের নিকট উপনীত হইয়া, সংঘসহ লোক নায়ককে অন্ন পানীয় দানে পরিতুষ্ট করিয়াছিলাম।

১৪। সেই ত্রিকালদর্শী বিশুদ্ধ নয়ন বুদ্ধ আমাকে অনেক কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আশাপ্রদ বাণী প্রকাশ করিয়াছিলেন।

১৫। ৫১৩, ১৬। ৫১৪, ১৭। ৫১৫, ১৮। ৫১৬, ১৯। ৫১৭, ২০। ৫১৮, ২১। ৫১৯, ২২। ৫২০, ২৩। ৫২১. ২৪। ৫২২ পূর্ব্ববৎ।

---

* বসবত্তিম্‌হি ইস্‌সরো।



Visit: http://www.buddhistdownload.com

২৫। তস্সাপি বচনং সুত্বা হট্ঠো সংবিগ্গ মানসো,
উত্তরিং বত মধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৫২৩॥

২৬। নগরং চন্দবতী নাম য়সবা নাম খত্তিয়ো,
মাতা য়সোধরা নাম অনোমদস্সিস্স সত্থুনো। ৫২৪॥

২৭। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সিরী উপসিরী বড্ঢো তয়ো পাসাদ মুত্তমা। ৫২৫॥

২৮। তে বীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সিরিমা নাম নারী চ উপবানো * নাম অত্রজো। ৫২৬॥

২৯। নিমিত্তে চতুরো দিস্বা সিবিকায়াভিনিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৫২৭॥

---

২৫। আমি অনোমদর্শী বুদ্ধেরও অমোঘবাণী শ্রবণে তুষ্ট ও সংবিগ্ন চিত্ত হইয়া, দশপারমী পরিপূরণের জন্য বিশেষ ব্রত অধিষ্ঠান করিয়াছিলাম।

২৬। শাস্তা অনোমদর্শীর জন্মস্থান চন্দ্রবতী নগর, পিতা যশবন্ত নামক ক্ষত্রিয় রাজা, মাতা যশোধরা নাম্নী রাজ মহিষী।

২৭। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার সিরী-উপসিরী ও বর্দ্ধ নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৮। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, প্রধানা স্ত্রী সিরিমা আর উপবান নামে এক পুত্র ছিল।

২৯। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া শিবিকারোহণে অভি-নিষ্ক্রমণ করত অন্যূন দশমাস ধ্যান করিয়াছিলেন।

---

* উপবারণো——সঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

৩০। ব্রহ্মুনা য়াচিতো সন্তো অনোমদস্সী মহামুনি,
বত্তিচক্কং মহাবীরো উয়্যানে সো সুদস্সনে। ৫২৮॥

৩১। নিসভো চ অসোকো চ অহেসুং অগ্গসাবকা,
বরুণো নামুপট্ঠাকো অনোমদস্সিস্স সত্থুনো। ৫২৯॥

৩২। সুন্দরী চ সুমনা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো অজ্জুনো'তি পবুচ্চতি। ৫৩০॥

৩৩। নন্দিবড্ঢো সিরিবড্ঢো অহেসুং অগ্গুপট্ঠকা,
উপ্পলা চেব পদুমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৫৩১॥

৩৪। অট্ঠ পঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
পভা নিদ্ধাবতী তস্স সতরংসী'ব উগ্গতো। ৫৩২॥

---

৩০। সেই মহাবীর মহামুনি অনোমদর্শী, মহাব্রহ্মার প্রার্থনায় সুদর্শন নামক উদ্যানে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩১। তাঁহার নিসভ ও অশোক নামে দুইজন অগ্রশ্রাবক এবং বরুণ নামক সেবাকারী শিষ্য ছিল।

৩২। সেই ভগবানের সুন্দরী ও সুমনা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তদীয় বোধি অর্জ্জুন বৃক্ষ নামে অভিহিত হইয়াছে।

৩৩। তাঁহার নন্দিবর্দ্ধ ও শ্রীবর্দ্ধ প্রধান উপস্থায়ক এবং উৎপলা ও পদুমা প্রধানা উপস্থায়িকা ছিল।

৩৪। মহামুনি অনোমদর্শী আট পঞ্চাশ হস্ত উচ্চ দেহধারী ছিলেন। উদীয়মান সূর্য্যরশ্মি তুল্য তাঁহার শরীর প্রভা নিঃসৃত হইত।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৫৩৩॥

৩৬। সুপুপ্ফিতং পাবচনং অরহন্তেহি তাদীহি,
* বীতরাগেহি বিমলেহি সোভিত্থ জিনসাসনং। ৫৩৪॥

৩৭। সো চ সত্থা অমিত য়সো য়ুগানি তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্ব সংখারা। ৫৩৫॥

৩৮। অনোমদস্সী জিনো সত্থা ধম্মারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো উব্বেধো পঞ্চবীসতীতি। ৫৩৬॥

---

৩৫। তখন আয়ু পরিমাণ লক্ষ বৎসর ছিল। তিনি ততকাল বিদ্যমান থাকিয়া বহুজনতাকে সংসার দুঃখ হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৬। তাদৃশ বীতরাগ বিমল অরহতগণের দ্বারা বুদ্ধ-শাসন সুপুষ্পিত ও জিনশাসন শোভিত হইয়াছিল।

৩৭। সেই অমিত যশস্বী বুদ্ধ এবং অতুলনীয় অগ্রশ্রাবক যুগল সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি?

৩৮। মারজিৎ জিন শাস্তা অনোমদর্শী ধর্ম্মারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার পঞ্চবিংশতি যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।

---

* "খীণাসবেহি।"



Visit: http://www.buddhistdownload.com

# পদুম বুদ্ধ-বংসো (৮)

১। অনোমদস্সিস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
পদুমো নাম নামেন অসমো অপ্পটি পুগ্গলো। ৫৩৭ ॥

২। তস্সাপি অসমং সীলং সমাধীপি অনন্তকো,
অসংখেয়্যং ঞাণবরং বিমুত্তী'পি অনূপমা। ৫৩৮ ॥

৩। তস্সাপি অতুল তেজস্স ধম্মচক্কপ্পবত্তনে,
অভিসময়া তয়ো আসুং মহাতম পবাহনা। ৫৩৯ ॥

৪। পঠমাভিসময়ে বুদ্ধো কোটিসতমবোধয়ী,
দুতিয়াভিসময়ে ধীরো নবুতি কোটিমবোধয়ী। ৫৪০ ॥

---

১। অতঃপর অনোমদর্শী বুদ্ধ অন্তর্হিত হইলে, দ্বিপদোত্তম, অসদৃশ ও অপ্রতিপুদ্গল পদুম নামক বুদ্ধের আবির্ভাব হইয়াছিল।

২। তাঁহারও অসদৃশ শীল, অনন্ত সমাধি, অসংখ্য সর্ব্বজ্ঞতা জ্ঞান এবং অনুপমা বিমুক্তি জ্ঞান ছিল।

৩। অতুল জ্ঞান তেজশালী পদুম বুদ্ধেরও ধর্ম্মচক্র প্রবর্ত্তনে মহা-অজ্ঞান অন্ধকার বিনাশক তিনটি ধর্ম্মাভিসময় সংঘটিত হইয়াছিল।

৪। মহাপ্রাজ্ঞ পদুম সম্বুদ্ধ প্রথম ধর্ম্মাভিসময়ে শতকোটি এবং দ্বিতীয় অভিসময়ে নব্বই কোটি প্রাণীকে ধর্ম্ম জ্ঞান লাভ করাইয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৫। য়দা চ পদুমো বুদ্ধো ওবদি সকমত্রজং,
তদা অসীতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৫৪১ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং পদুমস্স মহেসিনো,
কোটিসত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৫৪২ ॥

৭। কঠিনত্থার সময়ে উপ্পন্নে কঠিন চীবরে,
* ধম্মসেনাপতত্থায় ভিক্খূ সিব্বিংসু চীবরং। ৫৪৩ ॥

৮। তদা তে বিমলা ভিক্খূ ছলভিঞ্ঞা মহিদ্ধিকা,
তীনি সতসহস্সানি সমিংসু অপরাজিতা। ৫৪৪ ॥

৯। পুনাপরং সো নরাসভো পবনে বাসং উপাগমি,
তদা সমাগমো আসি দ্বিন্নং সতসহস্সানং † ৫৪৫ ॥

---

৫। পদুম বুদ্ধ যখন নিজের পুত্রকে উপদেশ দিতে ছিলেন, তখন তৃতীয় বারে অশীতি কোটি প্রাণীর ধর্ম্ম জ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৬। মহর্ষি পদুম বুদ্ধের শাসনে তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে লক্ষ কোটি অরহতের সমাগম হইয়াছিল।

৭। কঠিন চীবর দানের সময়ে, কঠিন চীবর লাভ হইলে, ধর্ম্ম-সেনাপতি সাল স্থবিরের জন্য অপর ভিক্ষুরা চীবর শেলাই করিয়াছিল।

৮। তখন ক্লেশ শত্রুর দ্বারা অপরাজিত, মহাঋদ্ধিবান, ষড়াভিজ্ঞালাভী পাপমল বিহীন সেই তিন লক্ষ ভিক্ষু ক্লেশোপশম করিয়াছিল।

৯। পুনরায় নরর্ষভ পদুম বুদ্ধ যখন মহা অরণ্যে অবস্থান করিতে-ছিলেন, তখন দুই লক্ষ ভিক্ষুর সমাগম হইয়াছিল।

---

* "পতিত্থায়" লঃ অর্থকথা

† "সতসহস্সীনং।"



Visit: http://www.buddhistdownload.com

১০। অহং তেন সময়েন সীহো * আসিং মিগাভিভু,
বিবেক মনুক্রহন্তং পবনে অদ্দসং জিনং। ৫৪৬॥
১১। বন্দিত্বা সিরসা পাদে কত্বান তং পদক্খিণং,
তিক্খত্তুং অভি নাদিত্বা সত্তাহং জিনমুপট্‌ঠহং। ৫৪৭॥
১২। সত্তাহং বর সমাপত্তিয়া উট্‌ঠহিত্বা তথাগতো,
মনসা চিন্তায়িত্বান কোটি ভিক্খু সমানয়ি। ৫৪৮॥
১৩। তদা পি সো মহাবীরো তেসং মজ্ঝে বিয়াকরি,
অপরিমেয়্যে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫৪৯॥
২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্‌ঠাসিং দসপারমি পূরিয়া। ৫৬০॥

---

১০।১১। আমি তখন পশুরাজ সিংহ হইয়া জন্মগ্রহণ করিয়াছিলাম। সেই অরণ্যের বিবেক স্থানে নিরোধ সমাপত্তি ধ্যানমগ্ন বুদ্ধকে দেখিয়া অবনত শিরে পদ বন্দনা করিয়াছিলাম। তারপর তিনবার প্রদক্ষিণ এবং তিনবার সিংহনাদ করিয়া সপ্তাহ অবধি তাঁহার সেবা করিয়াছিলাম।

১২। তথাগত বুদ্ধ সপ্তাহের পর নিরোধ সমাপত্তি হইতে উঠিয়া "সমস্ত ভিক্ষু এখানে আসুক" মনে মনে এরূপ অধিষ্ঠান করিয়া কোটি প্রমাণ ভিক্ষু উপস্থিত করিয়াছিলেন।

১৪। তখনও সেই মহাবীর বুদ্ধ তাঁহাদের মধ্যে এই হইতে অপ্রমেয় কল্পান্তরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৪। ৫৫০, ১৫। ৫৫১, ১৬। ৫৫২, ১৭। ৫৫৩, ১৮। ৫৫৪, ১৯। ৫৫৫, ২০। ৫৫৬, ২১। ৫৫৭, ২২। ৫৫৮, ২৩।৫৫৯ পূর্ববৎ।

২৪। আমি তাঁহারও সত্য বাক্য শ্রবণে সন্তুষ্ট এবং উদ্বিগ্নমনা হইয়া দশপারমী পরিপূর্ণের জন্য বিশেষ ভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

---

* "হোমি।"



Visit: http://www.buddhistdownload.com

২৫। চম্পকং নাম নগরং অসমো নাম খত্তিয়ো,
অসমা নাম জনিকা পদুমস্স মহেসিনো। ৫৬১॥

২৬। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নন্দ চ সুয়সা উত্তরা তয়ো পাসাদ মুত্তমা। ৫৬২॥

২৭। তেত্তিংস সতসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
উত্তরা নাম সা নারী রম্মো নামাসি অত্রজো। ৫৬৩॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা রথ য়ানেন নিক্খমী,
অনূনকং অড্ঢমাসং পধানং পদহী জিনো। ৫৬৪॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পদুমো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো ধনঞ্জয়ুয়্যান মুত্তমে। ৫৬৫॥

৩০। সালো চ উপসালো চ অহেসুং অগ্গসাবকা,
বরুণো নামুপট্ঠাকো পদুমস্স মহেসিনো। ৫৬৬॥

---

২৫। মহর্ষি পদুম বুদ্ধের জন্মস্থান চম্পক নগর, পিতা অসম নামক ক্ষত্রিয় রাজা, মাতা অসমা নাম্নী রাজ মহিষী।

২৬। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। নন্দা, সুযশা ও উত্তরা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৭। নানা অলঙ্কার প্রতিমণ্ডিতা তেত্রিশ লক্ষ পরিচারিকা, উত্তরা নাম্নী প্রধানা স্ত্রী এবং রম্য নামক পুত্র সন্তান ছিল।

২৮। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া রথারোহণে মহাভি-নিষ্ক্রমণ করিয়াছিলেন। অন্যূন অর্দ্ধমাস বুদ্ধত্ব লাভের প্রচেষ্টা করিয়াছিলেন।

২৯। লোক নায়ক মহাবীর পদুম মহা ব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া ধনঞ্জয় নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩০। মহর্ষি পদুম বুদ্ধের সাল ও উপসাল দুইজন অগ্র শ্রাবক, আর বরুণ নামক স্থবির সেবক ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩১। রাধা চেব সুরাধা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহাসোণোতি বুচ্চতি। ৫৬৭॥

৩২। ভিয়্যো চেব অসমো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
রুচী চ নন্দরামা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৫৬৮॥

৩৩। অট্ঠ পঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
পভা নিদ্ধাবতী তস্স অসমা সব্বসো দিসা। ৫৬৯॥

৩৪। চন্দপ্পভা সুরিয়প্পভা রতনগ্গি মণিপ্পভা,
সব্বাপি তা হতা হোন্তি পত্বা জিন পভুত্তমং। ৫৭০॥

৩৫। বস্স সতসহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৫৭১॥

---

৩১। রাধা ও সুরাধা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা, তাঁহার বোধিদ্রুম মহাসোণ (স্বর্ণ চাঁপা) বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩২। ভীয় ও অসম দুইজন অগ্র উপস্থায়ক, রুচী ও নন্দরামা অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। মহামুনি পদুম বুদ্ধ আটান্ন হস্ত পরিমিত শরীরধারী ছিলেন তাঁহার অসামান্য শারীরিক প্রভার দ্বারা চারিদিক উদ্ভাসিত হইত।

৩৪। চন্দ্র প্রভা, সূর্য্য প্রভা, রত্ন, অগ্নি ও মণির যে সমস্ত উজ্জ্বল প্রভা আছে এই সমস্তই জিনের উত্তম শরীর প্রভার কাছে নিস্প্রভ হইয়া যাইত।

৩৫। তখন বুদ্ধের পরমায়ু এক লক্ষ বৎসর ছিল। পদুম বুদ্ধ তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩৬। পরিপক্ক মানসে সত্তে বোধয়িত্বা অসেসতো,
সেসকে অনুসাসিত্বা নিব্বুতো সো সসাবকো। ৫৭২॥

৩৭। উরগো ব তচং জিণ্ণং বদ্ধং পত্তং ব পাদপো,
জহিত্বা সব্ব সংখারে নিব্বুতো সো য়থা সিখী। ৫৭৩॥

৩৮। পদুম জিনবরো সত্থা ধম্মারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৫৭৪॥

---

৩৬। পদুম বুদ্ধ পরিপক্ক মানসযুক্ত প্রাণীদিগকে নিঃশেষ ভাবে আর্য্য-সত্য বোধগম্য করাইয়া অবশিষ্ট জনতাকে যথাধর্ম্ম অনুশাসন করত শ্রাবক সহ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৭। তিনি উরগের (সর্পের) জীর্ণ ত্বকের ন্যায় ও বৃক্ষের পুরাতন পত্র তুল্য সমস্ত সংস্কার ত্যাগ করিয়া অগ্নির মত নির্ব্বাপিত হইয়াছেন।

৩৮। জিন প্রবর পদুম বুদ্ধ ধর্ম্মারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু নানা দেশের নানা স্থানে নিয়া পূজিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# নারদ বুদ্ধ-বংসো (৯)

১। পদুমস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
নারদো নাম নামেন অসমো অপ্পটিপুগ্গলো। ৫৭৫ ॥

২। সো বুদ্ধো চক্কবত্তিস্স জেট্ঠো দয়িত ওরসো,
আমুত্ত মালাভরণো উয্যানং উপসঙ্কমি। ৫৭৬।

৩। তত্থাসি রুক্খো য়স বিপুলো অভিরূপো ব্রহাসুচী,
তমজ্ঝপত্বা উপনিসীদি মহাসোণস্স হেট্ঠতো। ৫৭৭ ॥

৪। তত্থঞাণ বরুপ্পজ্জি অনন্তং বজিরূপমং,
তেন বিচিনি সংখারে উক্কুজ্জমবকুজ্জকং। ৫৭৮ ॥

---

১। পদুম বুদ্ধের তিরোধানের পর, দ্বিপদোত্তম অসামান্য ও অপ্রতিপুদ্গল নারদ সম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন

২। সে বুদ্ধ চক্রবর্ত্তী রাজার ঔরস জাত প্রিয় জ্যেষ্ঠ পুত্র ছিলেন। মুক্তাহারাদি আভরণ প্রতিমণ্ডিত হইয়া ধনঞ্জয় উদ্যানে উপনীত হইয়াছিলেন।

৩। তথায় প্রসিদ্ধ সুন্দর সুবৃহৎ এবং পবিত্র রক্তসোণ ( রক্ত চাঁপা ) নামে খ্যাত একটি দেববৃক্ষ ছিল। তিনি সেই বৃক্ষতলায় উপবেশন করিয়াছিলেন।

৪। সেই সোণ বৃক্ষমূলে তাঁহার অনন্ত, বজ্রোপম, উত্তম সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ হইয়াছিল। তিনি সেই বুদ্ধ জ্ঞানের দ্বারা উদয় ব্যয় অনুসারে সমস্ত সংস্কার ধর্ম্ম চিন্তা করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৫। তত্থ সব্ব কিলেসানি অসেসমভি বাহয়ি,
পাপুনি কেবল বোধিং বুদ্ধঞাণে চ চুদ্দস ৫৭৯ ॥

৬। পাপুনিত্বান সম্বোধিং ধম্মচক্কং পবত্তয়ি,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৫৮০ ॥

৭। মহাদোণং নাগরাজং বিনয়ন্তো মহামুনি,
পাটিহের তদাকাসি দস্সয়ন্তো সদেবকে। ৫৮১ ॥

৮। তদা দেবমনুস্সানং তম্হি ধম্মপ্পকাসনে,
নবুতি কোটি সহস্সানি তরিংসু সব্ব সংসয়ং। ৫৮২ ॥

৯। যম্হিকালে মহাবীরো ওবদি সকমত্রজং,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৫৮৩ ॥

---

৫। তথায় ক্লেশরাশি নিঃশেষরূপে বিনাশ করিয়া, অরহৎ মার্গ-জ্ঞান ও বুদ্ধ-জ্ঞান (অষ্টবিধ মার্গফল জ্ঞান, ছয়টা অসাধারণ জ্ঞান) সহ চৌদ্দ প্রকার জ্ঞান লাভ করিয়াছিলেন।

৬। তিনি সম্যক্‌সম্বোধি লাভ করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন। সেই ধর্ম্ম দেশনায় লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম-জ্ঞান লাভ হইয়াছিল।

৭। মহামুনি মহাদ্রোণ নামক নাগ রাজকে দমন করিবার সময় দেবমনুষ্যদিগকে বিস্ময়কর ঋদ্ধি দেখাইয়াছিলেন।

৮। তখন দেব-মানবদিগের মধ্যে সেই ধর্ম্মদেশনায় নব্বই লক্ষ প্রাণীর সকল সংশয় নিরসন হইয়াছিল।

৯। মহাবীর নারদ বুদ্ধ যখন নিজের পুত্রকে উপদেশ দিতে ছিলেন, তখন অশীতি লক্ষ কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাভিজ্ঞান লাভ হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

১০। সন্নিপাতা তয়ো আসুং নারদস্স মহেসিনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৫৮৪ ॥

১১। য়দা বুদ্ধো বুদ্ধগুণং সনিদানং পকাসয়ি,
নবুতি কোটি সহস্সানি সমিংসু বিমলা তদা। ৫৮৫ ॥

১২। য়দা বেরোচনো নাগো দানং দদাতি সত্থুনো,
তদা সমিংসু জিন পুত্তা অসীতি সত সহস্সিয়ো। ৫৮৬ ॥

১৩। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
অন্তলিক্খ চরো আসিং পঞ্চভিঞ্ঞাসু পারগু। ৫৮৭ ॥

১৪। তদাপহং অসম সমং সসঙ্ঘং সপরিজ্জনং *,
অন্নপানেন তপ্পেত্বা চন্দনেনাভি পূজয়িং। ৫৮৮ ॥

---

১০। মহর্ষি নারদ বুদ্ধের তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে লক্ষ কোটি অরহন্তের সমাগম হইয়াছিল।

১১। বুদ্ধ যখন কারণ সহিত বুদ্ধগুণ বর্ণনা করিয়াছিলেন, তখন নব্বই সহস্র কোটি ভিক্ষু বিমল বা ক্লেশ উপশান্ত হইয়াছিল।

১২। যে সময় বেরোচন নামক নাগরাজ ভগবান নারদ শাস্তাকে দান দিয়াছিল, তখনও অশীতি লক্ষ জিনপুত্রের ক্লেশোপশম হইয়াছিল।

১৩। সে সময় আমি বলবৎ তপশ্চর্য্যায় রত, অভিজ্ঞা পারদর্শী, আকাশচারী ও জটাধারী সন্ন্যাসী ছিলাম।

১৪। তখনও আমি পরিজনবর্গসহ অসমতুল বুদ্ধ এবং তদীয় শ্রাবক সংঘকে অন্ন-পানীয় দানে পরিতৃপ্ত করত পরে চন্দন দ্বারা পূজা করিয়াছিলাম।

---

* "লোক নায়কং" লঃ



Visit: http://www.buddhistdownload.com

২৫। সো পি মং বুদ্ধো ব্যাকাসি নারদো লোক নায়কো,
অপরিমেয়্যে ইতো কপ্পে * অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৫৮৯ ॥
২৬। তস্সাপি বচনং সুত্বা ভীয়্যো ভাবেত্বা মানসং,
অধিট্ঠহিং বতং উগ্গং দস পারমি পূরিয়া। ৬০০ ॥
২৭। নগরং ধঞ্ঞবতী নাম সুদেবো নাম খত্তিয়ো,
অনোমা নাম জনিকা নারদস্স মহেসিনো। ৬০১ ॥
২৮। নব বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
+ জিতা বিজিতা ভূরিমা তয়ো পাসাদ মুত্তমা। ৬০২ ॥
২৯। তি চত্তারিস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
জিতসেন নাম নারী নন্দুত্তরো নাম অত্রজো। ৬০৩ ॥

---

২৫। লোক নায়ক বুদ্ধ আমাকে "এই হইতে অপ্রমেয় কল্পান্তরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া তখন প্রকাশ করিয়াছিলেন।

১৬। ৫৯০, ১৭। ৫৯১, ১৮। ৫৯২, ১৯। ৫৯৩, ২০। ৫৯৪, ২১। ৫৯৫, ২২। ৫৯৬, ২৩। ৫৯৭, ২৪। ৫৯৮, ২৫। ৫৯৯ পূর্ব্ববৎ।

২৬। তাঁহারও অমোঘ বাণী শুনিয়া বহুল ভাবে ভাবনা করত দশ পারমী পরিপূরণের জন্য তীব্রভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। মহর্ষি নারদ বুদ্ধের জন্মস্থান ধন্যবতী নগর, পিতা সুদেব নামক ক্ষত্রিয়, মাতার নাম অনোমাবতী নাম্নী ক্ষত্রিয়ানী ছিল।

২৮। তিনি নয় হাজার বৎসর কাল গৃহবাসী ছিলেন। জিতা, বিজিতা ও ভূরিমা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, জিতাসেনা নাম্নী প্রধানা স্ত্রী এবং নন্দুত্তর নামক পুত্র ছিল।

---

* "বুদ্ধো লোকে ভবিস্সতি" লঃ
† "বিজিত, বিজিতাবী ও বিজিতাভিরাম" অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

৩০। নিমিত্তে চতুরো দিস্বা * পাসাদ গমনেন নিক্খমী,
সত্তাহং পধান চরিয়ং অচরী লোক নায়কো। ৬০৪ ॥

৩১। ব্রহ্মুনা য়াচিতো সন্তো নারদো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো ধনঞ্জয়ুয়্যান মুত্তমে। ৬০৫ ॥

৩২। ভদ্দসালো জিতমিত্তো অহেসুং অগ্গসাবকা,
বাসেট্ঠো নামুপট্ঠাকো নারদস্স মহেসিনো। ৬০৬ ॥

৩৩। উত্তরা ফগ্গুনি চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহা সোণোতি বুচ্চতি। ৬০৭ ॥

৩৪। উগ্গরিন্দো বসভো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
ইন্দবরী চ উন্দী চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬০৮ ॥

---

৩০। লোকনায়ক নারদবুদ্ধ চারি প্রকার নিমিত্ত দেখিয়া পদব্রজে মহাভিমিষ্ক্রমণ করত সপ্তাহকাল ধ্যানচর্য্যা আচরণ করিয়াছিলেন।

৩১। লোকনায়ক মহাবীর নারদ মহাব্রহ্মার দ্বারা আরাধিত হইয়া উত্তম ধনঞ্জয় উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি নারদ বুদ্ধের ভদ্রশাল ও জিতমিত্র নামে দুইজন অগ্র শ্রাবক আর বাসেট্ঠ নামক ভিক্ষু সেবক ছিল।

৩৩। উত্তরা ও ফাল্গুনী নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা আর সেই ভগবানের বোধিদ্রুম মহাসোণ বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৪। উৎগ্রীন্দ্র ও বসভ নামে দুইজন অগ্র উপস্থায়ক ও ইন্দবরী এবং উন্দী নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

* "পদসা গমনেন" কোন কোন স্থানে।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। অট্ঠাসীতি রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
কঞ্চনগ্ঘিয় সংকাসো দস সহস্সী বিরোচথ। ৬০৯॥

৩৬। তস্স ব্যামপ্পভা কায়া নিদ্ধাবতি সমন্ততো *,
নিরন্তরং দিবারত্তিং য়োজনং ফরতে দিসা। ৬১০॥

৩৭। ন কেচি তেন সময়েন সমন্তা য়োজনা জনা,
উক্কা পদীপে উজ্জালেন্তি বুদ্ধ রংসেন ওত্থটা। ৬১১॥

৩৮। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬১২॥

৩৯। য়থা উলুহি গগনং বিচিত্তং উপসোভতি,
তথেব সাসনং তস্স অরহন্তেহি সোভতি। ৬১৩॥

---

৩৫। নারদ বুদ্ধ বিবিধ রত্নে চিত্রিত, কাঞ্চন প্রভা তুল্য অষ্টাশীতি হস্ত উচ্চ দেহধারী ছিলেন। তাঁহার শরীর প্রভায় দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩৬। তাঁহার শরীর হইতে চারিদিকে ব্যামপ্রভা নির্গত হইত। অহোরাত্র নিরন্তর যোজন প্রমাণ স্থান শরীর প্রভায় দিগন্ত জ্যোতির্ম্ময় হইয়া থাকিত।

৩৭। সেই সময় বুদ্ধ রশ্মির দ্বারা সর্ব্বদা প্রদীপ্ত হেতু চারিদিকে যোজন প্রমাণ স্থানে কেহই প্রদীপ বা মশাল জ্বালিত না।

৩৮। তখনকার সময়ে বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতা সংসার সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। উদিত তারকা রাজির দ্বারা গগন যেমন বিচিত্রভাবে পরিশোভিত হয়, তেমনই তাঁহার শাসন অরহতগণের দ্বারা সুশোভিত হইয়াছিল।

---

* "দিসোদিসং" লঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

৪০। সংসার সোতং তরণায় সেসকে পটিপন্নকে,
ধম্মসেতুং দল্হং কত্বা নিব্বুতো সো নরাসভো। ৬১৪ ॥
৪১। সো পি বুদ্ধো অসমসমো তেপি খীণাসবা অতুল তেজা,
সব্বং সমন্ত রহিতং ননুরিত্তা সব্ব সঙ্খারা। ৬১৫ ॥
৪২। নারদো জিনবসভো নিব্বুতো সুদস্সনে পুরে,
তত্থেব জিন থূপবরো চতুয়োজন মুগ্গতো। ৬১৬ ॥

---

৪০। নরশ্রেষ্ঠ নারদ বুদ্ধ শাসন প্রতিপালনকারী অবশিষ্ট প্রাণীদের সংসার স্রোত পার হইবার জন্য সুদৃঢ় ধর্ম্মসেতু নির্ম্মাণ করিয়া নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪১। অসামান্য সেই সর্ব্বজ্ঞ বুদ্ধ ও অতুল তেজস্বী অরহৎগণ সকলেই অন্তর্হিত হইয়াছেন, সমস্ত সংস্কার ধর্ম্ম তুচ্ছ ও অসার নহে কি?

৪২। জিন শ্রেষ্ঠ নারদ বুদ্ধ সুদর্শন পুরে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন, তথায় চারি যোজন উচ্চ উত্তম জিনস্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# পদুমুত্তর বুদ্ধ-বংসো (১০)

১। নারদস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
পদুমুত্তরো নাম জিনো অক্খোভো সাগরূপমো। ৬১৭ ॥
২। মণ্ডকপ্পো'ব সো আসি য়ম্হি বুদ্ধো অজায়থ,
উস্সন্ন কুসলা জনতা তম্হি কপ্পে অজায়থ। ৬১৮ ॥
৩। পদুমুত্তরস্স ভগবতো পঠমে ধম্ম দেসনে,
কোটি সত সহস্সানং ধম্মাভিসময়ো অহু। ৬১৯ ॥

---

১। নারদ বুদ্ধের অন্তর্দ্ধানের পর অভিসম্বুদ্ধ, দ্বিপদোত্তম, অবিচলিত, সাগরোপম পদুমুত্তর জিন আবির্ভূত হইয়াছিলেন।

২। যেই সময় দুইজন বুদ্ধ জগতে উৎপন্ন হইয়া থাকেন, তাহা (ক) মণ্ডকল্প নামে খ্যাত হয়। তৎকালে পূরিত পারমী ধন্য-পুণ্য ব্যক্তিগণ জন্মগ্রহণ করে।

৩। ভগবান পদুমুত্তর বুদ্ধের প্রথম দেশনায় লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

---

(ক) কল্প বিষয়ক বিস্তৃত বিবরণ মৎ প্রণীত সার-সংগ্রহ গ্রন্থের ৩২৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য।



Visit: http://www.buddhistdownload.com

৪। ততো পরম্পি বস্সন্তে তপ্পয়ন্তে চ পাণিনো,
সত্ততিংস সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৬২০॥

৫। য়ম্হিকালে মহাবীরো আনন্দং উপসঙ্কমি,
পিতু সন্তিকমুপাগন্ত্বা অহনী অমত দুন্দুভিং। ৬২১॥

৬। অহতে অমত ভেরিম্হি বস্সন্তে ধম্ম বুট্ঠিয়ো,
পঞ্ঞাস সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৬২২॥

৭। ওবাদকো বিঞ্ঞাপকো তারকো সব্বপাণিনং,
দেসনা কুসল বুদ্ধো তারেসি জনতং বহুং। ৬২৩॥

৮। সন্নিপাতা তয়ো আসুং পদুমুত্তরস্স সত্থুনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৬২৪॥

---

৪। তারপরও প্রত্যয় দাতা দায়কদিগকে বর্ষান্তে ধর্ম্মদেশনা করিয়াছিলেন। সেই দেশনায় দ্বিতীয় বারে সাঁইত্রিশ হাজার প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৫।৬। মহাবীর পদুমুত্তর বুদ্ধ যখন তদীয় পিতা আনন্দ রাজার নিকট উপস্থিত হইয়া তাঁহার নিকট অমৃত দুন্দুভি নিনাদিত করিয়াছিলেন, তখন সেই অমৃত দুন্দুভি ধ্বনিত হইলে এবং ধর্ম্মবারি বর্ষিত হইলে পঞ্চাশ লক্ষ প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মাববোধ হইয়াছিল।

৭। সমস্ত প্রাণীর শরণশীল ও ধুতাঙ্গাদির উপদেশক, চতুরার্য্য সত্যের বিজ্ঞাপক, কাম-ভব দৃষ্টি ও অবিদ্যা সাগর হইতে পরিত্রাণকারী ধর্ম্ম দেশনায় সুনিপুণ বুদ্ধ বহু জনতাকে ভবার্ণব হইতে ত্রাণ করিয়াছিলেন।

৮। শাস্তা পদুমুত্তর বুদ্ধের তিনটি ধর্ম্মাধিবেশন হইয়াছিল। প্রথম সমাগমে লক্ষ কোটি অরহতের সমাগম হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৯। যদা বুদ্ধো অসমসমো বসী বেভার পব্বতে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৬২৫ ॥
১০। পুন চারিকং পক্কন্তে গামনিগম রট্‌ঠতো,
অসীতি কোটি সহস্সানং ততিয়ো আসি সমাগমো। ৬২৬ ॥
১১। অহং তেন সময়েন * জটিকো নাম রট্‌ঠিকো,
সম্বুদ্ধ পমুখং সঙ্ঘং সভত্তং দুস্সমদাসহং। ৬২৭ ॥
১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সঙ্ঘ মজ্ঝে নিসীদিয়,
সত সহস্সে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৬২৮ ॥
২৩। তস্সাপি বচনং সুত্বা উত্তরিং বত মধিট্‌ঠহিং,
অকাসি মুগ্গং দলহং ধিতিং দস পারমি পূরিয়া। ৬২৯ ॥

---

৯। অসামান্য পদুমুত্তর বুদ্ধ যখন বেভার পর্ব্বতে অবস্থান করিতেছিলেন, তখন দ্বিতীয় বারে নব্বই সহস্র কোটি অরহতের সমাগম হইয়াছিল।

১০। পুনঃ গ্রাম-নিগম ও রাষ্ট্রে বিচরণের জন্য প্রস্থান করিলে অশীতি সহস্র কোটি অরহতের তৃতীয় বারে সমাগম হইয়াছিল।

১১। তখন আমি জটিক নামক রাষ্ট্রীয় লোক ছিলাম, সেই অবস্থায় ভিক্ষুসঙ্ঘ সহ বুদ্ধকে অন্ন পানীয় এবং বস্ত্র দান করিয়াছিলাম।

১২। তিনিও সংঘ মধ্যে উপবেশন করিয়া "এই হইতে লক্ষ কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন।

১৩। ৬২৯, ১৪। ৬৩০, ১৫। ৬৩১, ১৬। ৬৩২, ১৭। ৬৩৩, ১৮। ৬৩৪, ১৯। ৬৩৫, ২০। ৬৩৬, ২১। ৬৩৭, ২২। ৬৩৮ পূর্ব্ববৎ।

২৩। তাঁহারও এই আশ্বাসবাণী শুনিয়া বিশেষভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম। দশপারমী পূরণের জন্য অত্যন্ত দৃঢ়ভাবে ধৈর্য্যাবলম্বন করিয়াছিলাম।

---

* "জটিলো।"



Visit: http://www.buddhistdownload.com

২৪। ব্যাহতা তিত্থিয়া সব্বে বিমনা দুম্মনা তদা,
ন তেসং কেচি পরিচরন্তি রট্ঠতো নিচ্ছুভন্তিতে। ৬৪০ ॥
২৫। সব্বে তত্থ সমাগন্ত্বা উপগঞ্চুং বুদ্ধ সন্তিকে,
তুবং নাথো মহাবীর সরণং * হোতু চক্খুম। ৬৪১ ॥
২৬। অনুকম্পকো কারুণিকো হিতেসী সব্ব পাণিনং,
সম্পত্তে তিত্থিয়ে সব্বে পঞ্চসীলে পতিট্ঠহি। ৬৪২ ॥
২৭। এবং নিরাকুলং আসি সুঞ্ঞকং তিত্থিয়েহি তং,
বিচিত্তং অরহন্তেহি বসীভূতেহি তাদিহি। ৬৪৩ ॥
২৮। নগরং + হংসবতী নাম আনন্দো নাম খত্তিয়ো,
সুজাতা নাম জনিকা পদুমুত্তরস্স মহেসিনো। ৬৪৪ ॥

---

২৪। তখন তীর্থিয়গণ দর্পচূর্ণ হইয়া বিমনা দুর্ম্মনা হইয়াছিল; কেহ তাহাদের পরিচর্য্যা করিত না। তাহারা রাষ্ট্র হইতে নির্ব্বাসিত হইয়াছিল।

২৫। তথায় তাহারা সকলে সমবেত হইয়া, হে চক্ষুষ্মান, নরনাথ, মহাবীর, "আপনি আমাদের শরণ হউন" বলিয়া বুদ্ধের নিকট উপনীত হইয়াছিল।

২৬। সমস্ত প্রাণীর অনুকম্পাকারী, কারুণিক, হিতৈষী বুদ্ধের নিকট উপস্থিত তীর্থিয়গণ পঞ্চশীলে প্রতিষ্ঠিত হইয়াছিল।

২৭। এই প্রকারে পদুমুত্তর বুদ্ধের শাসন নিরাকুল ও তীর্থিয় শূন্য হইয়াছিল। অথচ বশীভূত সমদর্শী অরহতগণের দ্বারা বিচিত্র হইয়াছিল।

২৮। মহর্ষি পদুমুত্তর বুদ্ধের জন্মভূমি হংসবতী নগর, পিতা আনন্দ নামক ক্ষত্রিয়, মাতা সুজাতা নাম্নী ক্ষত্রিয়ানী।

---

* "হোহি" নঃ

† "হেমবতী" নঃ



Visit: http://www.buddhistdownload.com

২৯। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নারিবাহনো য়সো য়সবতী তয়ো পাসাদ মুত্তমা। ৬৪৫ ॥
৩০। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বসুদত্তা নাম নারী উত্তরো নাম অত্রজো। ৬৪৬ ॥
৩১। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমী,
সত্তাহং পধান চারং অচরী পুরিসুত্তমো। ৬৪৭ ॥
৩২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পদুমুত্তরো বিনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিথিলুয়্যান মুত্তমে। ৬৪৮ ॥
৩৩। দেবলো চ সুজাতো চ অহেসুং অগ্গসাবকা,
সুমনো নামুপট্ঠাকো পদুমুত্তরস্স সত্থুনো। ৬৪৯ ॥
৩৪। অমিতা অসমা চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো সললো রুক্খোতি বুচ্চতি। ৬৫০ ॥

---

২৯। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। নারীবাহন, যশঃ ও যশবতী নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩০। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা ছিল। প্রধানা স্ত্রী বসুদত্তা আর উত্তর নামক পুত্র সন্তান ছিল।

৩১। পুরুষোত্তম পদুমুত্তর বুদ্ধ চারি প্রকার পূর্ব্ব লক্ষণ দেখিয়া প্রাসাদের সহিত মহাভিনিক্রমণ করত সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

৩২। বিনায়ক মহাবীর পদুমুত্তর বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মিথিলা নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৩। পদুমুত্তর শাস্তার দেবল ও সুজাত অগ্র শ্রাবক ছিল আর সুমন নামক ভিক্ষু তাঁহার উপস্থায়ক ছিল।

৩৪। সেই ভগবানের অমিতা ও অসমা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল, তাঁহার বোধিবৃক্ষ সলল বৃক্ষ বলিয়া খ্যাত।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। বিতিণ্ণো চেব তিস্সো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
হত্থা চেব বিচিত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬৫১॥

৩৬। অট্ঠপঞ্ঞাস রতনং অচ্চুগ্গতো মহামুনি,
কঞ্চনগ্ঘিয় সংকাসো দ্বত্তিংস বরলক্খণো। ৬৫২॥

৩৭। কুড্ডা কবাট ভিত্তী চ রুক্খা নগসিলুচ্চয়া,
নতস্সাবরণং অত্থি সমন্তা দ্বাদস য়োজনে। ৬৫৩॥

৩৮। বস্স সত সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬৫৪॥

৩৯। সন্তারেত্বা বহুজনং ছিন্দিত্বা সব্ব সংসয়ং
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব নিব্বুতো সো সসাবকো। ৬৫৫॥

---

৩৫। তাঁহার বিতীর্ণ ও তিষ্য নামে দুইজন অগ্র উপস্থায়ক, আর হস্তা ও বিচিত্রা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩৬। কাঞ্চন বর্ণ শরীরধারী, বত্রিশ প্রকার শ্রেষ্ঠ মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত মহামুনি পদুমুত্তর বুদ্ধের দেহ আটান্ন হাত উচ্চ ছিল।

৩৭। তাঁহার চারিদিকে দ্বাদশ যোজন পর্য্যন্ত প্রাকার, কবাট, ভিত্তি, বৃক্ষ ও পর্ব্বতের আবরণ শূন্য থাকিত।

৩৮। তখন বুদ্ধের আয়ু লক্ষ বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে সংসার-সাগর হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। তিনি বহুজনকে ত্রাণ এবং সকল প্রকার সংশয় বিনোদন পূর্ব্বক অগ্নি রাশির ন্যায় প্রজ্জলিত হইয়া, শ্রাবকগণসহ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।



Visit: http://www.buddhistdownload.com

৪০। পদুমুত্তরো জিনো বুদ্ধো নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো দ্বাদসুব্বেধ য়োজনো। ৬৫৬॥

---

৪০। মারজিৎ জিন পদুমুত্তর বুদ্ধ নন্দারামে পরিনির্ব্বাণ লাভ করিয়াছিলেন। তথায় তাঁহার দ্বাদশ যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# সুমেধ বুদ্ধ-বংসো (১১)

১। পদুমুত্তরস্স অপরেন সুমেধো নাম নায়কো,
দুরাসদো উগ্গতেজো সব্বলোকোত্তমো মুনি। ৬৫৭॥
২। পসন্ননেত্তো সুমুখো ব্রহা উজু পতাপবা,
হিতেসি সব্ব সত্তানং বহু মোচেসি বন্ধনা। ৬৫৮॥
৩। য়দা বুদ্ধো পাপুণিত্বা কেবলং বোধি মুত্তমং,
সুদস্সনম্হি নগরে ধম্মচক্কং পবত্তয়ি। ৬৫৯॥
৪। তস্সাভিসময়া তীনি অহেসুং ধম্মদেসনে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৬৬০॥

---

১। পদুমুত্তর বুদ্ধের তিরোধানের পর অলঙ্ঘ্য, তীব্র তেজস্বী সর্ব্ব লোকোত্তম লোকনায়ক সুমেধ মুনি আবির্ভূত হইয়াছিলেন।

২। প্রসন্ননেত্র, সুবদন, মহৎ, ঋজু, প্রতাপশালী ও হিতৈষী সুমেধ বুদ্ধ বহু জনসাধারণের সংসার-বন্ধন মোচন করিয়াছিলেন।

৩। ভগবান যখন পরিশুদ্ধ এবং উত্তম সম্বোধি লাভ করিলেন, তখন সুদর্শন নগরে যাইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। তাঁহার ধর্ম্মদেশনায় তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। পুনাপরং কুম্ভকণ্ণং যক্খং সো দময়ী জিনো,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৬৬১ ॥

৬। পুনাপরং অমিতয়সো চতুসচ্চং পকাসয়ি,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৬৬২ ॥

৭। সন্নিপাতা তয়ো আসুং সুমেধস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৬৬৩ ॥

৮। সুদস্সন নগর বরং উপগচ্ছি জিনো য়দা,
তদা খীণাসবা ভিক্খূ সমিংসু সত কোটিয়ো। ৬৬৪ ॥

৯। পুনাপরং দেবকূটে ভিক্খূনং কঠিনত্থতে,
তদা নবুতি কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৬৬৫ ॥

---

৫। সেই জিন পুনর্ব্বার যখন কুম্ভকর্ণ যক্ষকে দমন করিয়াছিলেন, তখন নব্বই সহস্র প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৬। তারপর অমিত যশস্বী বুদ্ধ যখন চতুরার্য্য সত্য প্রকাশ করিয়াছিলেন, তখন অশীতি সহস্র প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৭। ইষ্টানিষ্ট বিষয়ে একীভাব, শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রবদিগের সমাগমে মহর্ষি সুমেধ বুদ্ধের তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল।

৮। জিন যখন শ্রেষ্ঠ সুদর্শন নগরে উপনীত হইয়াছিলেন, তখন শত কোটি ভিক্ষু ক্লেশাগ্নির উপশম করিয়া ক্ষীণাশ্রব হইয়াছিল।

৯। তারপর দেবকূট পর্ব্বতে যখন ভিক্ষুদিগকে কঠিন চীবর দান করা হইতেছিল, তখন নব্বই কোটি ভিক্ষুর সমাগমে দ্বিতীয় অধিবেশন হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

১০। পুনাপরং দসবলো যদা চরতি চারিকং,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৬৬৬॥

১১। অহং তেন সময়েন উত্তরো নাম মানবো,
অসীতি কোটিয়ো মযহং ঘরে সন্নিচিতং ধনং। ৬৬৭॥

১২। কেবল সব্বং দত্বান সসঙ্ঘে লোক নায়কে,
সরণং তস্স উপগঞ্ছিং পব্বজ্জঞ্চাভিরোচয়িং। ৬৬৮॥

১৩। সো পি মং বুদ্ধো ব্যাকাসি করোন্তো অনুমোদনং,
তিংস কপ্প সহস্সম্হি অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৬৬৯॥

২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত মধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৬৮০॥

---

১০। আবার দশবল বুদ্ধ যখন দেশ দেশান্তরে বিচরণ করিতেছিলেন, তখন সমাগত আশী কোটি ভিক্ষুর তৃতীয় সমাগম হইয়াছিল।

১১। আমি সেই সময় উত্তর মানবরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম, আমার গৃহে অশীতি কোটি মূল্যের বিত্ত-সম্পত্তি সঞ্চিত ছিল।

১২। সেই সমস্ত সম্পত্তি ভিক্ষুসংঘসহ লোকনায়ক সুমেধ বুদ্ধকে পূজা করিয়া তাঁহার শরণাগত হওত তাঁহার প্রব্রজ্যায় রুচী উৎপাদন করিয়াছিলাম।

১৩। সেই সুমেধ বুদ্ধও দানানুমোদন পূর্ব্বক ধর্ম্মদেশনা করিবার সময় "ইনি ত্রিশ কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী করিয়াছিলেন।

১৪। ৬৭০, ১৫। ৬৭১, ১৬। ৬৭২, ১৭। ৬৭৩, ১৮। ৬৭৪, ১৯। ৬৭৫, ২০। ৬৭৬, ২১। ৬৭৭, ২২। ৬৭৮, ২৩। ৬৭৯ পূর্ব্ববৎ।

২৪। সুমেধ বুদ্ধেরও বাণী শুনিয়া আমার চিত্ত বিশেষ ভাবে প্রসন্ন করিয়াছিলাম। দশবিধ পারমী পরিপূরণের জন্য আরো উত্তরোত্তর ব্রতাধিষ্ঠান করিতেছিলাম।



Visit: http://www.buddhistdownload.com

২৫। সুত্তন্তং বিনয়ং চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৬৮১॥

২৬। তত্থপ্পমত্তো বিহরন্তো নিসজ্জট্ঠান চঙ্কমে,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৬৮২॥

২৭। সুদস্সনং নাম নগরং সুদত্তো নাম খত্তিয়ো,
সুদত্তা নাম জনিকা সুমেধস্স মহেসিনো। ৬৮৩॥

২৮। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সুচন্দ কঞ্চন সিরিবড্ঢা তয়ো পাসাদ মুত্তমা। ৬৮৪॥

২৯। তিসোলস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুমনা নাম সা নারী সুমিত্তো নাম অত্রজো। ৬৮৫॥

---

২৫। আমি সূত্রান্ত, বিনয় এবং নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত শিক্ষা করিয়া জিন-শাসন সুশোভিত করিয়াছিলাম।

২৬। আমি গমন-শয়ন-উপবেশন এই ত্রিবিধ অবস্থাতে, তথায় অপ্রমত্ত ভাবে বাস করত পঞ্চ অভিজ্ঞায় পারদর্শী হইয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৭। মহর্ষি সুমেধ বুদ্ধের জন্মস্থান সুদর্শন নগর, পিতা সুদত্ত নামক ক্ষত্রিয় রাজা, মাতা সুদত্তা নাম্নী রাজরাণী।

২৮। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার সুচন্দ্র, কাঞ্চন ও শ্রীবদ্ধা নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৯। তাঁহার সর্বালঙ্কার বিভূষিতা আটচল্লিশ হাজার পরিচারিকা, প্রধানা স্ত্রী সুমনা আর সুমিত্ত নামক পুত্র সন্তান ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩০। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অনূনকং অড্ঢমাসং পধানং পদহী জিনো। ৬৮৬ ॥
৩১। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুমেধো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো সুদস্সনুয্যানমুত্তমে। ৬৮৭ ॥
৩২। সরণো সব্বকামো চ অহেসুং অগ্গসাবকা,
সাগরো নামুপট্ঠাকো সুমেধস্স মহেসিনো। ৬৮৮ ॥
৩৩। রামা চেব সুরামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো মহানিম্বো * তি বুচ্চতি। ৬৮৯ ॥
৩৪। উরুবেলো চ য়সবো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
য়সোধরা সিরিমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৬৯০ ॥

---

৩০। সুমেধ জিন চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দেখিয়া হস্তী যানারোহণে অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। অনূ্যন অর্দ্ধমাস পর্য্যন্ত ধ্যানচর্য্যায় রত থাকিয়া তিনি অভিসম্বোধি লাভ করিয়াছিলেন।

৩১। লোকনায়ক মহাবীর সুমেধ বুদ্ধ মহাব্রহ্মার আরাধনায় সুদর্শন নামক শ্রেষ্ঠ উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩২। মহর্ষি সুমেধ বুদ্ধের শরণ ও সর্ব্বকাম নামে দুইজন অগ্র শ্রাবক এবং সাগর নামক ভিক্ষু সেবক ছিল।

৩৩। রামা ও সুরামা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তাঁহার বোধিদ্রুম মহানিম্ব বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৪। উরুবেল ও যশঃ নামে দুইজন অগ্র উপস্থায়ক এবং যশোধরা ও সিরিমা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

* "মহানীপো" লঃ/



Visit: http://www.buddhistdownload.com

৩৫। অট্ঠাসীতি রতনানি অচ্চুগতো মহামুনি,
ওভাসেতি * দিসা সব্বা + চন্দোতারাগণে যথা। ৬৯১॥

৩৬। চক্কবত্তি মণী নাম যথা তপতি য়োজনং
তথেব তস্স রতনং সমন্তা ফরতি য়োজনং। ৬৯২।

৩৭। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৬৯৩॥

৩৮। তেবিজ্জছলভিঞ্ঞেহি বলপ্পত্তেহি তাদিহি,
সমাকুলমিদং আসি অরহন্তেহি সাধুহি। ৬৯৪॥

---

৩৫। মহামুনি সুমেধ বুদ্ধ অষ্টাশী হস্ত দেহধারী ছিলেন। চন্দ্র যেমন নক্ষত্র বেষ্টিত হইয়া শোভিত হয়, তিনিও তেমন চারিদিক উদ্ভাসিত করিতেন।

৩৬। চক্রবর্ত্তী রাজার মণিরত্ন যেমন যোজন প্রমাণ স্থান জ্যোতির্ম্ময় করিয়া থাকে, তেমন তাঁহার দেহকান্তিতেও যোজন পর্য্যন্ত আলোকিত হইত।

৩৭। তখন বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। তিনিও তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে দুঃখ হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৮। এই সম্বুদ্ধ শাসন ত্রিবিদ্যা সম্পন্ন, ষড়াভিজ্ঞা বলপ্রাপ্ত, সমদর্শী ও সাধু অরহতগণের দ্বারা সমাকুল ছিল।

---

* "ওভাসেসি" নঃ
+ "চন্দো পন্নরসো যথা" নঃ



Visit: http://www.buddhistdownload.com

৩৯। তেপি সব্বে অমিত য়সা বিপ্পমুত্তা নিরূপধি,
ঞানালোকং দস্সয়িত্বা নিব্বুতা তে মহায়সা। ৬৯৫॥

৪০। সুমেধো জিনবরো বুদ্ধো মেধারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতোতি। ৬৯৬॥

---

৩৯। সেই অমিতযশা, বিমুক্ত, নিরুপধি অরহতগণ জ্ঞানের আলোক দেখাইয়া পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে।

৪০। জিনবর সুমেধ বুদ্ধ মেধারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার অস্থি ধাতু নানা দেশে বিস্তৃত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# সুজাত বুদ্ধ-বংসো (১২)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি সুজাতো নাম নায়কো,
সীহহনূসভক্খন্ধো অপ্পমেয়্যো দুরাসদো। ৬৯৭ ॥

২। চন্দো'ব বিমলো বুদ্ধো সতরংসী'ব পতাপবা,
এবং সোভতি সো বুদ্ধো জলন্তো সিরিয়া সদা। ৬৯৮ ॥

৩। পাপুণিত্বান সম্বুদ্ধো কেবলং বোধিমুত্তমং,
সুমঙ্গলম্হি নগরে ধম্মচক্কং পবত্তয়ি। ৬৯৯ ॥

৪। দেসেন্তে পবরং ধম্মং সুজাতে লোকনায়কে,
অসীতি কোটি অভিসমিংসু পঠমে ধম্মদেসনে। ৭০০ ॥

---

১। মণ্ডকল্পে সিংহহনু ও বৃষভের ন্যায় স্কন্ধযুক্ত অপ্রমেয়, অলঙ্ঘ্য লোকনায়ক সুজাত নামক বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন।

২। তিনি নির্ম্মল ও বিশুদ্ধ চন্দ্রের ন্যায়, প্রতাপশালী সূর্য্যের ন্যায় জ্বলন্ত বুদ্ধশ্রীর দ্বারা সর্ব্বদা শোভিত হইতেন।

৩। সুজাত সম্যক্‌সম্বুদ্ধ উত্তম ও পরিপূর্ণ সর্ব্বজ্ঞতা জ্ঞান প্রাপ্ত হইয়া সুমঙ্গল নগরে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। লোকনায়ক সুজাত বুদ্ধ যখন শ্রেষ্ঠ আর্য্য সত্যধর্ম্ম দেশনা করিয়াছিলেন, সেই প্রথম বারের দেশনায় আশী কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। য়দা সুজাতো অমিত য়সো দেবে বস্সং উপাগমি,
সত্তিংস সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭০১।

৬। য়দা সুজাতো অসমসমো উপগচ্ছি পিতুসন্তিকং,
সট্ঠি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭০২॥

৭। সন্নিপাতা তয়ো আসুং সুজাতস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৭০৩॥

৮। অভিঞ্ঞা বলপ্পত্তানং * অপ্পমত্তানং ভবাভবে,
সট্ঠি সত সহস্সানি পঠমং সন্নিপতিংসু তে। ৭০৪॥

৯। পুনাপরং সন্নিপাতে তিদিবোরোহণে জিনে,
পঞ্ঞাস সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৭০৫॥

---

৫। অমিত যশস্বী সুজাত বুদ্ধ যখন দেবলোকে বর্ষা যাপন করিয়াছিলেন, তখন সপ্তত্রিংশ সহস্র প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। অসামান্য সুজাত বুদ্ধ যখন পিতার নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন তৃতীয় বারে ষাট লক্ষ প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৭। মহর্ষি সুজাতের অবিচলিত, শান্ত ও বিমল ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনটি ধর্ম্ম-সভা আহূত হইয়াছিল।

৮। সেই অভিজ্ঞা বলপ্রাপ্ত ভবকে অভাব করণ বিষয়ে অপ্রমত্ত ষাট লক্ষ ভিক্ষু প্রথম অধিবেশনে আহূত হইয়াছিল।

৯। পুনর্ব্বার জিন দেবলোক হইতে অবতরণ করিবার সময়ে সমাগত পঞ্চাশ লক্ষ ভিক্ষুর সমাগমে দ্বিতীয় সভা আহূত হইয়াছিল।

---

* "অপ্পত্তানং" কোন কোন স্থানে।



Visit: http://www.buddhistdownload.com

১০। উপসঙ্কমন্তো নরবসভং তস্স যো অগ্‌গসাবকো.
চতূহি সত সহস্সেহি সম্বুদ্ধং উপসঙ্কমি। ৭০৬॥

১১। অহং তেন সময়েন চতুদীপম্হি ইস্সরো,
অন্তলিক্খচরো আসিং চক্কবত্তি মহাব্বলো। ৭০৭॥

১২। লোকে অচ্ছরিয়ং দিস্বা অব্ভুতং লোমহংসনং,
উপগন্ত্বান বন্দিং সো সুজাতং লোকনায়কং। ৭০৮॥

১৩। চতুদীপে মহারজ্জং রতনে সত্ত উত্তমে,
বুদ্ধে নীয়্যাদয়িত্বান পব্বজিং তস্স সন্তিকে। ৭০৯॥

১৪। আরামিকা জানপদা উট্ঠানং পতিপিণ্ডিয়া,
উপনেন্তি ভিক্খু সংঘস্স পচ্চয়ং সয়নাসনং। ৭১০॥

---

১০। তাঁহার অগ্র শ্রাবক ভিক্ষু নরার্ষভ বুদ্ধের নিকট যাইবার সময় চারি লক্ষ ভিক্ষু সমভিব্যাহারে উপস্থিত হইয়াছিলেন। তাহা তৃতীয় অধিবেশনে পরিগণিত হয়।

১১। সে সময় আমি চারি মহাদ্বীপের অধীশ্বর, আকাশচারী, মহা শক্তিশালী চক্রবর্ত্তী রাজা হইয়াছিলাম।

১২। আমি জগতে বুদ্ধের আশ্চর্য্য, অদ্ভুত এবং লোমহর্ষকর ব্যাপার দেখিয়া লোকনাথ সুজাত বুদ্ধের নিকট উপনীত হওত তাঁহাকে বন্দনা করিয়াছিলাম।

১৩। চারি মহাদ্বীপের বিশাল রাজত্ব এবং সপ্তবিধ শ্রেষ্ঠ রত্ন বুদ্ধকে পূজা করিয়া তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

১৪। আরামিকগণ জনপদোৎপন্ন আয় সংগ্রহ করিয়া ভিক্ষু সংঘকে চীবর, পিণ্ডপাত, ও শয়নাসনাদি প্রত্যয় প্রদান করিত।



Visit: http://www.buddhistdownload.com

২৫। সো পি মং বুদ্ধো ব্যাকাসি দসসহস্সিম্হি ইস্সরো,
তিংস কপ্প সহস্সম্হি অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭১১॥
২৬। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো হাসং জনেসহং,
অধিট্ঠহিং বতং উগ্গং দস পারমি পূরিয়া। ৭২২॥
২৭। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থু সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৭২৩॥
২৮। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৭২৪॥
২৯। সুমঙ্গলং নাম নগরং উগ্গতো নাম খত্তিয়ো,
মাতা পভাবতী নাম সুজাতস্স মহেসিনো। ৭২৫॥

---

২৫। দশ সহস্র চক্রবালের প্রভু সুজাত বুদ্ধও "এই হইতে ত্রিশ হাজার কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন

১৬। ৭১২, ১৭। ৭১৩, ১৮। ৭১৪, ১৯। ৭১৫, ২০। ৭১৬, ২১। ৭১৭, ২২। ৭১৮, ২৩। ৭১৯, ২৪। ৭২০, ২৫। ৭২১, পূর্ব্ববং।

২৬। আমি তাঁহারও অমোঘবাণী শ্রবণ করিয়া বিশেষভাবে প্রীতির সঞ্চার করিয়াছিলাম। আর দশপারমী পূরণের জন্য তীব্রভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। আমি সূত্র বিনয় এবং নবাঙ্গ শাস্তা শাসন সমস্ত ভালরূপে শিক্ষা করিয়া জিনশাসন শোভিত করিয়াছিলাম।

২৮। আমি সেই বুদ্ধশাসনে অপ্রমত্ত ভাবে বাস করত "মৈত্রী-করুণা-মুদিতা-উপেক্ষা" ব্রহ্ম বিহার ভাবনা করিয়াছিলাম। ব্রহ্মবিহার ধ্যানাভিজ্ঞায় পারদর্শী হইয়া মরণান্তে ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৯। মহর্ষি সুজাত বুদ্ধের উৎপত্তি স্থান সুমঙ্গল নগর, পিতা উগ্গত নামক ক্ষত্রিয়, মাতা প্রভাবতী নাম্নী ক্ষত্রিয় রমণী।



Visit: http://www.buddhistdownload.com

৩০। নববস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সিরী উপসিরী নন্দা তয়ো পাসাদমুত্তমা। ৭২৬॥

৩১। তেবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সিরি নন্দা নাম নারী উপসেনো নাম অত্রজো। ৭২৭॥

৩২। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূন নবমাসানি পধানং পদহী জিনো। ৭২৮।

৩৩। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সুজাতো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো সুমঙ্গলুয়্যানমুত্তমে। ৭২৯॥

৩৪। সুদস্সনো * সুদেবো চ অহেসুং অগ্গসাবকা,
নারদো নামুপট্ঠাকো সুজাতস্স মহেসিনো। ৭৩০॥

---

৩০। তিনি নয় হাজার বৎসর গৃহবাসে ছিলেন। সিরী, উপসিরী ও নন্দা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩১। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, শ্রীনন্দা নাম্নী প্রধানা স্ত্রী এবং উ সেন নামক পুত্র সন্তান ছিল।

৩২। তিনি চতুর্ব্বিধ পূর্ব্ব নিমিত্ত দর্শন করিয়া অশ্ব যান আরোহণে অভিনিষ্ক্রমণ করিয়াছিলেন। জিন পরিপূর্ণ নয়মাস বুদ্ধত্ব লাভের চেষ্টা করিয়াছিলেন।

৩৩। লোকনায়ক মহাবীর সুজাত মহাব্রহ্মার আরাধনায় উত্তম সুমঙ্গল নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৪। মহর্ষি সুজাত বুদ্ধের সুদর্শন এবং সুদেব অগ্র শ্রাবক আর নারদ নামক ভিক্ষু সেবাকারী শিষ্য ছিল।

---

* "সুদেবো" নঃ



Visit: http://www.buddhistdownload.com

৩৫। নাগা চ নাগসমালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো মহাবেলূ'তি বুচ্চতি। ৭৩১ ॥
৩৬। সো চ রুক্খো * জাত রুচিরো, অচ্ছিদ্দো হোতি পত্তকো,
উজুবংসো ব্রহা হোতি দস্সনেয্যো মনোরমো। ৭৩২ ॥
৩৭। একক্খন্ধো পবড্ঢিত্বা ততো সাখা + অভিজ্ঝথ,
য়থা সুবদ্ধো মোরহত্থো এবং সোভতি সো দুমো। ৭৩৩ ॥
৩৮। ন তস্স কণ্টকা হোন্তি নাপি ছিদ্দং মহা অহু,
বিত্থিণ্ণসাখো অবিরলো † সন্দচ্ছায়ো মনোরমো। ৭৩৪ ॥

---

৩৫। নাগা ও নাগসমালা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম মহাবেণু নামে খ্যাত ছিল।

৩৬। সেই বোধি বৃক্ষ সুন্দর অছিদ্র বহুপত্র সমন্বিত সুশোভিত ছিল। সেই ঋজু বৃহৎ বেণু দর্শনীয় ও মনোরম হইয়াছিল।

৩৭। সোজা বৃদ্ধি প্রাপ্ত হইয়া তাহা হইতে শাখা বাহির হইয়াছিল। শাখাসমূহ এতই জড়াজড়ি ছিল যে, সে বৃক্ষ চামরের ন্যায় শোভিত ছিল।

৩৮। তাহাতে কণ্টক এবং মহাছিদ্র ছিল না, বিস্তীর্ণ শাখা ও অবিরল ছায়া সম্পন্ন হেতু দেখিতেও খুব মনোরম ছিল।

---

* "ঘনরুচিরো" লঃ
+ "পভিজ্ঝতি" লঃ
† "সন্নচ্ছায়ো" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৩৯। সুদত্তো চেব চিত্তো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সুভদ্দা চেব পদুমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা ৭৩৫ ॥

৪০। পঞ্ঞাস রতনো আসি উচ্চত্তেন সো জিনো,
সব্বাকার বরূপেতো সব্বগুণমুপাগতো। ৭৩৬ ॥

৪১। তস্স পভা অসমসমা নিদ্ধাবতি সমন্ততো,
অপ্পমাণো অতুলিয়ো ওপম্মেহি অনূপমো। ৭৩৭ ॥

৪২। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৭৩৮ ॥

৪৩। য়থাপি সাগরে উমি গগনে তারকা য়থা,
এবং তদা পাবচনং অরহন্তেহি চিত্তিতং *, । ৭৩৯ ॥

---

৩৯। তাঁহার সুদত্ত ও চিত্ত অগ্র উপস্থায়ক, সুভদ্রা ও পদুমা দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৪০। সকল প্রকারে উত্তম সর্ব্বগুণালঙ্কারে অলঙ্কৃত সুজাত জিন পঞ্চাশ হাত উচ্চ দেহধারী ছিলেন।

৪১। তাঁহার অসাধারণ শরীর কান্তি চারিদিকে নিঃসৃত হইত। সেই প্রভা অপ্রমাণ্য, অতুলনীয় ও উপমাহীন ছিল।

৪২। তখন বুদ্ধের আয়ু ছিল নব্বই হাজার বৎসর, তিনিও তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে সংসার কান্তার হইতে ত্রাণ করিয়াছিলেন।

৪৩। সাগরে তরঙ্গ ও গগনে তারকারাজি যেমন শোভা পায়, তেমন তাঁহার শাসনও অরহতগণের দ্বারা বিচিত্ররূপে শোভা পাইত।

---

* "বিচিত্তং" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৪৪। সো চ বুদ্ধো অসমসমো গুণানি চ তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্ব সংখারা। ৭৪০।

৪৫। সুজাতো জিনবরো বুদ্ধো সীলারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স চেতিয়ো তীনি গাবুতমুগ্গতো'তি। ৭৪১॥

---

৪৪। অসামান্য সুজাত বুদ্ধ ও অসাধারণ সর্ব্বজ্ঞতা গুণধর্ম্ম, তৎসমুদয় অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম রিক্ত, তুচ্ছ এবং অস্থায়ী নহে কি?

৪৫। জিনবর সুজাত বুদ্ধ শীলারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার তিন গব্যূত পরিমাণ উচ্চ ধাতুচৈত্য নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# পিয়দস্সী বুদ্ধ-বংসো (১৩)

১। সুজাতস্স অপরেন সম্বুদ্ধো * লোকনায়কো,
দুরাসদো অসম সমো পিয়দস্সী মহায়সো। ৭৪২ ॥

২। সোপি বুদ্ধো অমিতয়সো আদিচ্চো'ব বিরোচতি,
নিহন্ত্বান তমং সব্বং ধম্মচক্কং পবত্তয়ি। ৭৪৩ ॥

৩। তস্সাপি অতুল তেজস্স অহেসুং অভিসময়া তয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৭৪৪ ॥

৪। সুদস্সনো দেবরাজা মিচ্ছাদিট্‌ঠি মরোচয়ি,
তস্স দিট্‌ঠিং বিনোদেন্তো সত্থা ধম্মমদেসয়ি। ৭৪৫ ॥

---

১। লোকনায়ক সুজাত বুদ্ধের তিরোধানের পর অসাধারণ গুণবান ও অলঙ্ঘ্য পর্ব্বত সদৃশ মহাযশস্বী প্রিয়দর্শী সম্যকসম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। অমিত যশস্বী সেই প্রিয়দর্শী বুদ্ধও আদিত্য তুল্য প্রভাস্বর ছিলেন। সমস্ত মোহান্ধকার বিধ্বংশ করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩। অতুল তেজবান সেই প্রিয়দর্শী বুদ্ধেরও তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৪। সুদর্শন নামক দেবরাজ মিথ্যাদৃষ্টি সম্পন্ন ছিলেন। তাহার সেই মিথ্যা মত বিনোদন করনার্থ শাস্তা ধর্ম্ম দেশনা করিয়াছিলেন।

---

* "সয়ম্ভূ" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৫। জন সন্নিপাতো অতুলো মহাসন্নিপতি তদা,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭৪৬ ॥
৬। যদা দোণমুখং হত্থিং বিনেসি নরসারথি,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭৪৭ ॥
৭। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি পিয়দস্সিনো,
কোটি সত সহস্সানং পঠমো আসি সমাগমো। ৭৪৮ ॥
৮। ততোপরং নবুতি কোটি সমিংসু একতো মুনি,
ততিয়ে সন্নিপাতম্হি অসীতি কোটিয়ো অহু। ৭৪৯ ॥
৯। অহং তেন সময়েন কস্সপো নাম * ব্রাহ্মণো,
অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগূ। ৭৫০ ॥

---

৫। তখন বিপুল জনতা মহাসমাগমে সম্মিলিত হইয়াছিল। সেই দ্বিতীয় সমাগমে নব্বই কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। নর-দমনকারী সারথি প্রিয়দর্শী বুদ্ধ যখন দ্রোণমুখ নামক হস্তীকে দমন করিতেছিলেন, তখন অশীতি কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্ম লাভ হইয়াছিল।

৭। সেই প্রিয়দর্শী বুদ্ধেরও তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল। তন্মধ্যে প্রথম অধিবেশনে লক্ষ কোটি ভিক্ষুর সমাগম হইয়াছিল।

৮। তারপর দ্বিতীয় বারে একত্রে প্রজ্ঞাবান নব্বই কোটি ভিক্ষু ও তৃতীয় সম্মিলনে অশীতি কোটি ভিক্ষু উপশান্ত হইয়াছিল।

৯। আমি তখন বেদ মন্ত্রজ্ঞ ও ত্রিবেদ পারদর্শী কশ্যপ নামক অধ্যাপক ব্রাহ্মণরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম।

---

* "মাণবো" লঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

১০। তস্স ধম্মং সুনিত্বান পসাদং জনয়িং অহং
কোটি সত সহস্সেহি সঙ্ঘারামং অমাপয়িং। ৭৫১ ॥

১১। তস্স দত্বান আরামং হট্ঠো সংবিগ্গ মানসো,
সরণং পঞ্চসীলঞ্চ * দল্হং কত্বা সমাদিয়িং। ৭৫২ ॥

১২। সোপি মং বুদ্ধো ব্যাকাসি সঙ্ঘ মজ্ঝে নিসীদিয়,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭৫৩ ॥

২৩। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বত মধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৭৬৪ ॥

২৪। সুধঞ্ঞং নাম নগরং সুদত্তো নাম খত্তিয়ো,
সুচন্দা নাম জনিকা পিয়দস্সিস্স সত্থুনো। ৭৬৫ ॥

---

১০। আমি তাঁহার ধর্ম্ম শ্রবণে শ্রদ্ধান্বিত হইয়া লক্ষ কোটি মুদ্রা ব্যয়ে সংঘারাম নির্ম্মাণ করিয়া দিয়াছিলাম।

১১। হৃষ্টচিত্তে তাঁহাকে বিহার দান করিয়া, বিষয় বাসনার প্রতি উদ্বিগ্ন হওত দৃঢ়তার সহিত ত্রিশরণসহ পঞ্চশীল গ্রহণ করিয়াছিলাম।

১২। সেই প্রিয়দর্শী বুদ্ধও ভিক্ষু সংঘের মধ্যে বসিয়া "ইনি আঠার শত কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া আমার ভবিষ্যৎ অবস্থা নির্দ্দেশ করিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৩। ৭৫৪, ১৪। ৭৫৫, ১৫। ৭৫৬, ১৬। ৭৫৭, ১৭। ৭৫৮, ১৮। ৭৫৯, ১৯। ৭৬০, ২০। ৭৬১, ২১। ৭৬২, ২২। ৭৬৩ পূর্ব্ববৎ।

২৩। প্রিয়দর্শী বুদ্ধেরও বাক্য শ্রবণে বিশেষরূপে চিত্ত প্রসন্ন করিয়া দশ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৪। তাঁহার জন্মস্থান সুধঞ্ঞ নগর, পিতা সুদত্ত নামক ক্ষত্রিয়, মাতা সুচন্দ্রা নাম্নী ক্ষত্রিয়ানী।

---

* "সরণে পঞ্চসীলে চ" লঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

২৫। নব বস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
সুনিমাল বিমল গিরিগুহা তয়ো পাসাদ মুত্তমা। ৭৬৬ ॥

২৬। তেত্তিংসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিমলা নাম নারী চ কঞ্চনবেলো অত্রজো। ৭৬৭ ॥

২৭। নিমিত্তে চতুরো দিস্বা রথ য়ানেন নিক্খমি,
ছমাসং পধানচারং অচরী পুরিসুত্তমো, ৭৬৮ ॥

২৮। ব্রহ্মুনা য়াচিতো সন্তো পিয়দস্সী মহামুনি,
বত্তিচক্কং মহাবীরো উস্সাবনুয়্যানে মনোরমে। ৭৬৯ ॥

২৯। পালিতো সব্বদস্সী চ অহেসুং অগ্গসাবকা,
সোভিতো নামুপট্ঠাকো পিয়দস্সিস্স সত্থুনো। ৭৭০ ॥

৩০। সুজাতা ধম্মদিন্না চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো ককুধোতি পবুচ্চতি। ৭৭১ ॥

---

২৫। তিনি নয় সহস্র বৎসরকাল গৃহবাসে ছিলেন। সুনিমাল, বিমল ও গিরিগুহা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৬। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেত্রিশ হাজার পরিচারিকা, বিমলা নাম্নী প্রধানা স্ত্রী এবং কাঞ্চনবেল নামক পুত্র ছিল।

২৭। পুরুষোত্তম প্রিয়দর্শী বুদ্ধ চতুর্ব্বিধ নিমিত্ত দর্শন করিয়া রথা-রোহণে নিষ্ক্রমণ করত ছয়মাস পর্য্যন্ত বুদ্ধত্ব লাভের প্রচেষ্টা করিয়াছিলেন।

২৮। মহাবীর প্রিয়দর্শী মহামুনি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া উস্সাবন নামক মনোরম উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৯। শাস্তা প্রিয়দর্শীর পালিত ও সর্ব্বদর্শী নামক দুইজন অগ্র শ্রাবক এবং শোভিত ভিক্ষু সেবক ছিল।

৩০। সুজাতা ও ধর্ম্মদিন্না তাঁহার অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগ-বানের বোধিদ্রুম অর্জ্জুন বৃক্ষ বলিয়া কথিত আছে।



Visit: http://www.buddhistdownload.com

৩১। সন্নকো ধম্মিকো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
বিসিখা ধম্মদিন্না চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৭৭২ ॥

৩২। সো পি বুদ্ধো অমিতয়সো দ্বত্তিংস বরলক্খণো,
অসীতি হত্থমুব্বেধো সালরাজা'ব দিস্সতি। ৭৭৩ ॥

৩৩। অগ্গিচন্দসুরিয়ানং নত্থি তাদিসিকা পভা,
য়থা আসুং পভা তস্স অসমস্স মহেসিনো। ৭৭৪ ॥

৩৪। তস্সাপি দেবদেবস্স আয়ু তাবতকং অহু,
নবুতি বস্স সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৭৭৫ ॥

৩৫। সো পি বুদ্ধো অসমসমো য়ুগানি পি তানি অতুলিয়ানি,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্বসংখারা। ৭৭৬ ॥

৩৬। সো পিয়দস্সী মুনিবরো অস্সত্থারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো তীনি য়োজন মুগ্গতো। ৭৭৭ ॥

---

৩১। সন্নক ও ধার্ম্মিক নামক দুইজন প্রধান দায়ক এবং বিসিখা ও ধর্ম্মদিন্না নাম্নী দুইজন প্রধানা দায়িকা ছিল।

৩২। অমিত যশা ও বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত প্রিয়দর্শী বুদ্ধ অশীতি হস্ত উচ্চ শালরাজ বৃক্ষ তুল্য দেখা যাইতেন।

৩৩। অসদৃশ মহর্ষি প্রিয়দর্শী বুদ্ধের শরীর প্রভা যেরূপ ছিল অগ্নি, চন্দ্র এবং সূর্য্যের প্রভাও তেমন দীপ্তিমান ছিল না।

৩৪। সেই দেবাতিদেব বিশুদ্ধদেব বুদ্ধের পরমায়ু নব্বই হাজার বৎসর ছিল। চক্ষুষ্মান তাবৎকাল জীবিত ছিলেন।

৩৫। অসামান্য সেই বুদ্ধ ও অতুলনীয় অগ্র শ্রাবকগণ সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো! জগতের সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি!

৩৬। সেই প্রিয়দর্শী বুদ্ধ অশ্বত্থারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার উদ্দেশ্যে তিন যোজন উচ্চ জিনস্তূপ নির্ম্মিত হইয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

# অত্থদস্সী বুদ্ধ-বংসো (১৪)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি অত্থদস্সী নরাসভো,
মহাতমং নিহন্ত্বান পত্তো সম্বোধি মুত্তমং। ৭৭৮ ॥

২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ধম্মচক্কং পবত্তয়ি,
অমতেন তপ্পয়ী লোকং দস সহস্সী সদেবকং। ৭৭৯ ॥

৩। তস্সাপি লোকনাথস্স অহেসুং অভিসময়া তয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়া অহু। ৭৮০ ॥

৪। য়দা বুদ্ধো অত্থদস্সী চরতি দেব চারিকং,
কোটি সত সহস্সানং দুতিয়াভিসময়ো অহু। ৭৮১ ॥

---

১। সেই মণ্ডকল্পে নরশ্রেষ্ঠ অর্থদর্শী বুদ্ধ মোহান্ধকার বিনাশ করিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছিলেন।

২। তিনি মহাব্রহ্মার প্রার্থনায় ধর্ম্মচক্র প্রবর্ত্তন করত দশ সহস্র চক্রবালবাসী দেবমানবদিগকে ধর্ম্মামৃতের দ্বারা পরিতৃপ্ত করিয়াছিলেন।

৩। সেই লোকনাথ বুদ্ধেরও তিনটি ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৪। অর্থদর্শী বুদ্ধ যখন দেবলোকে বিচরণ করিতেছিলেন, তখন দ্বিতীয় বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

F—19



Visit: http://www.buddhistdownload.com

৫। পুনাপরং যদা বুদ্ধো দেসেসি পিতুসন্তিকে,
কোটি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহু। ৭৮২ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তস্সাপি চ মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৭৮৩ ॥

৭। অট্ঠনবুতি সহস্সানং পঠমো আসি সমাগমো,
অট্ঠাসীতি সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৭৮৪ ॥

৮। * অট্ঠসত্ততি সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপাদাবিমুত্তানং বিমলানং মহেসিনং। ৭৮৫ ॥

৯। অহং তেন সময়েন জটিলো উগ্গতাপনো,
সুসীমো নাম নামেন মহিয়া সেট্ঠ সম্মতো। ৭৮৬ ॥

---

৫। পুনর্ব্বার যখন তিনি পিতাকে ধর্ম্মদেশনা করিতেছিলেন, তখনও তৃতীয় বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্ম লাভ হইয়াছিল।

৬। সেই মহর্ষি বুদ্ধেরও সমতা পরায়ণ, শান্তচিত্ত, নির্ম্মল ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যগণের তিনটি সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম সম্মিলনে আটানব্বই হাজার ও দ্বিতীয় সম্মিলনে অষ্টাশী হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৮। তৃতীয় সম্মিলনে আটসত্তর হাজার অনুপাদানবিমুক্ত, নির্ম্মল মহর্ষি অরহৎ ভিক্ষুর সমাগম হইয়াছিল।

৯। আমি তখন পৃথিবীতে শ্রেষ্ঠ-সম্মত সুসীম নামক মহাধ্যানী জটিলরূপে জন্মগ্রহণ করিয়াছিলাম।

---

* "অট্ঠতিংস সহস্সানং"



Visit: http://www.buddhistdownload.com

২০। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পরিচ্ছত্তকং,
দেবলোকতো আহরিত্বা সম্বুদ্ধং অভিপূজয়িং। ৭৮৭॥

২১। সো পি মং বুদ্ধো ব্যাকাসি অত্থদস্সী মহামুনি,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৭৮৮॥

২২। তস্সাপি বচনং সুত্বা হট্ঠো সংবিগ্গ মানসো,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৭৯৯॥

২৩। সোভনং নাম নগরং সাগরো নাম খত্তিয়ো,
সুদস্সনা নাম জনিকা অত্থদস্সিস্স সত্থুনো। ৮০০॥

২৪। দস বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
অমরগিরি সুরগিরি গিরিবাহন তয়ো পাসাদমুত্তমা। ৮০১॥

---

২০। আমি দেবলোক হইতে দিব্য মন্দার পুষ্প, পদ্ম পুষ্প ও পারিজাত পুষ্প আহরণ করিয়া সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।

২১। সেই মহামুনি অর্থদর্শী বুদ্ধ "আঠার শত কল্প পরে এই সুসীম তাপস বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী বলিয়াছিলেন।

১২। ৭৮৯, ১৩। ৭৯০, ১৪। ৭৯১, ১৫। ৭৯২, ১৬। ৭৯৩, ১৭। ৭৯৪, ১৮। ৭৯৫, ১৯। ৭৯৬, ২০। ৭৯৭, ২১। ৭৯৮ পূর্ব্ববং।

২২। আমি তাঁহার আশ্বাসবাণী শুনিয়া হৃষ্ট ও উৎকণ্ঠিত চিত্তে দশবিধ পারমী ধর্ম্ম পূরণ করিবার জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৩। অর্থদর্শী শাস্তার জন্মস্থান শোভন নগর, পিতা সাগর নামক ক্ষত্রিয়, মাতা সুদর্শনা নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। তাঁহার অমরগিরি, সুরগিরি ও গিরিবাহন নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।



Visit: http://www.buddhistdownload.com

২৫। তেত্তিংসঞ্চ সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিসাখা নাম সা নারী সোনো * নামাসি অত্রজো। ৮০২ ॥

২৬। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূন অট্ঠমাসানি পধানং পদহী জিনো। ৮০৩ ॥

২৭। ব্রহ্মুনা য়াচিতো সন্তো অথদস্সী মহায়সো,
বত্তিচক্কং মহাবীরো অনোমুয়্যানে নরাসভো। ৮০৪ ॥

২৮। সন্তো চ উপসন্তো চ অহেসুং অগ্গসাবকা,
অভয়ো নামুপট্ঠাকো অথদস্সিস্স সথুনো। ৮০৫ ॥

২৯। ধম্মা চেব সুধম্মা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো চম্পকোতি পবুচ্চতি। ৮০৬ ॥

---

২৫। তাঁহার সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেত্রিশ হাজার পরিচারিকা, বিশাখা নাম্নী প্রধানা স্ত্রী এবং সোন নামক পুত্র সন্তান ছিল।

২৬। জিন চারি প্রকার নিমিত্ত দেখিয়া অশ্ব যানারোহণে নিষ্ক্রমণ করিয়াছিলেন। অন্যূন আট মাস ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। কীর্ত্তিমান নরশ্রেষ্ঠ মহাবীর অর্থদর্শী মহাব্রহ্মার প্রার্থনায় অনোম নামক উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। অর্থদর্শী শাস্তার শান্ত ও উপশান্ত নামে দুইজন অগ্র শ্রাবক এবং অভয় নামক ভিক্ষু উপস্থায়ক ছিল।

২৯। ধর্ম্মা ও সুধর্ম্মা নামে দুইজন অগ্র শ্রাবিকা ছিল। তাঁহার বোধি-দ্রুম চম্পাক বৃক্ষ নামে খ্যাত ছিল।

---

* "সেলো" লঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

৩০। নকুলো চ নিসভো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সক্কিলা চ সুনন্দা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৮০৭॥

৩১। সো পি বুদ্ধো অসমসমো অসীতি হত্থমুগ্গতো,
সোভতি সালরাজা'ব উলুরাজা'ব পূরিতো *। ৮০৮॥

৩২। তস্স পাকতিকা রংসি অনেক সত কোটিয়ো,
উদ্ধং অধো দসদিসা ফরন্তি য়োজন সদা +। ৮০৯॥

৩৩। সো পি বুদ্ধো নরাসভো সব্বসত্তুত্তমো মুনি,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৮১০॥

৩৪। অতুলং দস্সেত্বা † ওভাসং বিরোচেত্বা সদেবকে,
সো পি অনিচ্চতং পত্তো য়থগ্গুপাদান সঙ্খয়া। ৮১১॥

---

৩০। তাঁহার নকুল ও নিসভ অগ্র উপস্থায়ক, সক্কিলা এবং সুনন্দা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩১। সেই অনন্য সাধারণ অর্থদর্শী বুদ্ধ আশী হাত পরিমিত উচ্চ ছিলেন। শালরাজ বৃক্ষ তুল্য এবং পরিপূর্ণ চন্দ্রের ন্যায় শোভাযুক্ত ছিলেন।

৩২। স্বভাবত তাঁহার শরীর হইতে অনেক শত কোটি রশ্মি নির্গত হইয়া উর্দ্ধ অধঃ দশদিক যোজন পর্য্যন্ত বিস্তৃত হইত।

৩৩। সর্ব্ব প্রাণী শ্রেষ্ঠ, নরর্ষভ, চক্ষুষ্মান সেই বুদ্ধ মুনি, জগতে এক লক্ষ বৎসরকাল জীবিত ছিলেন।

৩৪। তিনি জগৎ বাসীকে অতুলনীয় জ্ঞানালোক দেখাইয়া, উপাদান ক্ষয়ে অগ্নি যেমন নির্ব্বাপিত হয়, তেমন অনিত্যতা প্রাপ্ত হইয়াছেন।

---

* "পুজিতো" লঃ

+ "তদা" লঃ

† "দত্বান" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৩৫। অত্থদস্সী জিনবরো অনোমারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৮১২ ॥

---

৩৫। জিনবর অর্থদর্শী বুদ্ধ অনোমারামে নির্ব্বাণ লাভ করিয়াছেন। তাঁহার শারীরিক ধাতু পূজার জন্য নানাস্থানে স্থাপন করা হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# ধম্মদস্সী বুদ্ধ-বংসো (১৫)

১ । তত্থেব মণ্ডকপ্পম্হি ধম্মদস্সী মহাযসো,
তমন্ধকারং বিধমেত্বা অতিরোচতি সদেবকে। ৮১৩ ॥
২ । তস্সাপি অতুল তেজস্স ধম্মচক্কপবত্তনে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৮১৪ ॥
৩ । যদা বুদ্ধো ধম্মদস্সী বিনেসি সঞ্জয়ং ইসিং,
তদা নবুতি কোটীনং দুতিয়াভিসময়ো অহু। ৮১৫ ॥
৪ । যদা সক্কো উপাগঞ্ছি সপরিসো বিনায়কং,
তদা অসীতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৮১৬ ॥

---

১ । সেই মণ্ডকল্পে মহাযশস্বী ধর্ম্মদর্শী নামক সম্যকসম্বুদ্ধ, অজ্ঞানান্ধকার বিধ্বংশ করিয়া দেবমানবের মধ্যে জ্ঞানালোকে উদ্দীপ্ত হইয়াছিলেন।

২ । সেই অতুল তেজীয়ান বুদ্ধের ধর্ম্মচক্র প্রবর্ত্তনের সময়, প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৩ । ভগবান ধর্ম্মদর্শী বুদ্ধ সঞ্জয় নামক ঋষিকে যখন সদ্ধর্ম্মোপদেশে বিনীত করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৪ । শক্র দেবরাজ ইন্দ্র যখন পরিষদসহ ভগবানের নিকট উপস্থিত হইয়াছিলেন, তখন অশীতি কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। তস্সাপি দেবদেবস্স সন্নিপাতা তয়ো অহু,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮১৭॥

৬। যদা বুদ্ধো ধম্মদস্সী সরণে বস্সং উপাগমি,
তদা কোটি সহস্সানং পঠমো আসি সমাগমো। ৮১৮॥

৭। পুনাপরং যদা বুদ্ধো দেবতো এতি মানুসং, *
তদাপি সত কোটীনং দুতিয়ো আসি সমাগমো। ৮১৯॥

৮। পুনাপরং যদা বুদ্ধো পকাসেসি ধুতে গুণে,
তদা অসীতি কোটীনং ততিয়ো আসি সমাগমো। ৮২০॥

৯। অহং তেন সময়েন সক্কো আসিং পুরিন্দদো,
দিব্বেন গন্ধমালেন তুরিয়েন অভিপূজয়িং। ৮২১॥

---

৫। সেই দেবাতিদেব ধর্ম্মদর্শী বুদ্ধেরও শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনবার ধর্ম্ম সম্মিলনী আহূত হইয়াছিল।

৬। ধর্ম্মদর্শী বুদ্ধ যখন শরণ নামক নগরে বর্ষা যাপন করিতেছিলেন, তখন সহস্র কোটি অরহতের প্রথম সমাগম হইয়াছিল।

৭। তারপর বুদ্ধ যখন দেবলোক হইতে মনুষ্যলোকে অবতরণ করিতেছিলেন, তখন শত কোটি অরহতের দ্বিতীয় সমাগম হইয়াছিল।

৮। অতঃপর ভগবান বুদ্ধ যে সময় তেরটি ধূতাঙ্গ গুণ প্রকাশ করিয়াছিলেন, তখন আশী কোটি অরহতের তৃতীয় সমাগম হইয়াছিল।

৯। আমি সেই সময় পুরন্দর নামক শক্র দেবরাজ ইন্দ্র ছিলাম, দিব্য গন্ধ-মাল্য ও তূর্য্যনাদ দ্বারা সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।

---

* "মানুসে"



Visit: http://www.buddhistdownload.com

১০। সো পি মং বুদ্ধো ব্যাকাসি দেবমজ্ঝে নিসীদিয়,
অট্ঠারসে কপ্পসতে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৮২২ ॥

২১। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া ৮৩৩ ॥

২২। সরণং নাম নগরং সরণো নাম খত্তিয়ো,
সুনন্দা নাম জনিকা ধম্মদস্সিস্স সত্থুনো। ৮৩৪ ॥

২৩। অট্ঠবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
অরজো বিরজো সুদস্সনো তয়ো পাসাদ মুত্তমা। ৮৩৫ ॥

২৪। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
* বিচিকোলি নাম নারী অত্রজো পুঞ্ঞবড্ঢনো। ৮৩৬ ॥

---

১০। তিনিও দেব পরিষদে বসিয়া "আঠার শত কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যদ্বাণী ব্যক্ত করিয়াছিলেন।

১১। ৮২৩, ১২। ৮২৪, ১৩। ৮২৫, ১৪। ৮২৬, ১৫। ৮২৭, ১৬। ৮২৮, ১৭। ৮২৯, ১৮। ৮৩০, ১৯। ৮৩১, ২০। ৮৩২ পূর্ব্ববৎ।

২১। আমি তাঁহার বচন শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২২। শাস্তা ধর্ম্মদর্শী বুদ্ধের জন্মস্থান শরণ নগর, পিতা শরণ নামক ক্ষত্রিয় রাজা, মাতা সুনন্দা নাম্নী রাজমহিষী।

২৩। তিনি আট হাজার বৎসর গৃহবাসে ছিলেন। অরজ, বিরজ ও সুদর্শন নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৪। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, বিচিকোলি নাম্নী প্রধানা স্ত্রী এবং পুণ্যবর্দ্ধন নানক পুত্র সন্তান ছিল।

---

* "বিচিতোলি" লঃ



Visit: http://www.buddhistdownload.com

২৫। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভি নিক্খমি,
সত্তাহং পধানচারং অচরী পুরিসুত্তমো। ৮৩৭॥

২৬। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ধম্মদস্সী নরাসভো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৮৩৮॥

২৭। পদুমো ফুস্সদেবো চ অহেসুং অগ্গসাবকা,
সুনেত্তো নামুপট্ঠাকো ধম্মদস্সিস্স সত্থুনো। ৮৩৯॥

২৮। খেমা চ সচ্চনামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো বিম্বিজালোতি বুচ্চতি। ৮৪০॥

২৯। সুভদ্দো কটিসহো চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
সালিয়া চ বলীয়া চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৮৪১॥

---

২৫। সেই পুরুষোত্তম ধর্ম্মদর্শী বুদ্ধ চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া গৃহ হইতে নিক্রান্ত হওত সম্বোধি লাভের জন্য সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৬। নরর্ষভ, নরোত্তম মহাবীর ধর্ম্মদর্শী মহাব্রহ্মার প্রার্থনায় মৃগদায় নামক উদ্যানে ধর্ম্মচক্র সূত্রান্ত দেশনা করিয়াছিলেন।

২৭। শাস্তা ধর্ম্মদর্শী বুদ্ধের পদুম ও ফুস্সদেবো নামে দুইজন অগ্র শ্রাবক এবং সুনেত্ত নামক ভিক্ষু সেবক ছিল।

২৮। তাঁহার ক্ষেমা ও সচ্চনামা (সত্যনামা) নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম রক্ত করবীক বৃক্ষ নামে খ্যাত ছিল।

২৯। সুভদ্র ও কটিসহ নামে দুইজন অগ্র উপস্থায়ক, সালিয়া ও বলিয়া নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩০। সো পি বুদ্ধো অসমসমো অসীতি হত্থমুগ্গতো,
অতিরোচতি তেজেন দসসহস্সিম্হি ধাতুয়া। ৮৪২ ॥

৩১। সুফুল্লো সালরাজা'ব বিজ্জু'ব গগনে য়থা,
মজ্ঝন্তিকে চ সুরিয়ো এবং সো উপসোভথ। ৮৪৩ ॥

৩২। তস্সাপি অতুল তেজস্স সমকং আসি জীবিতং,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৮৪৪ ॥

৩৩। ওভাসং দস্সয়িত্বান বিমলং কত্বান সাসনং,
রবি চন্দো'ব গগনে নিব্বুতো সো সসাবকো। ৮৪৫॥

৩৪। ধম্মদস্সী মহাবীরো কেসারামম্হি নিব্বুতো,
তত্থেব সো থূপবরো তিয়োজন সমুগ্গতো। ৮৪৬ ॥

---

৩০। সেই অসামান্য বুদ্ধ অশীতি হস্ত উচ্চ ছিলেন। দশ সহস্র চক্রবাল পূর্ণ লোক ধাতুতে স্বীয় বুদ্ধ তেজে বিরোচিত হইতেন।

৩১। সুপুষ্পিত শালরাজ বৃক্ষ, আকাশস্থ বিদ্যুৎ এবং মধ্যাহ্নকালীন সূর্য্য যেমন শোভনীয় হয়, তিনিও তেমন শোভিত হইতেন।

৩২। সেই অতুল তেজস্বী বুদ্ধের আয়ু সাধারণ মানুষের সমান ছিল। চক্ষুষ্মান বুদ্ধ লক্ষ বৎসর পর্য্যন্ত জীবিত ছিলেন।

৩৩। গগনে চন্দ্র-সূর্য্য যেমন উদ্ভাসিত হয়, সেরূপ তিনিও জগদ্বাসীকে জ্ঞানালোক দেখাইয়া শাসন বিশুদ্ধ করত শ্রাবকগণ সহ নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৪। মহাবীর ধর্ম্মদর্শী কেসারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় তাঁহার যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# সিদ্ধাত্থ বুদ্ধ-বংসো (১৬)

১। ধম্মদস্সিস্স অপরেন সিদ্ধত্থো নাম নায়কো,
* নিহন্ত্বান তমং সব্বং † সুরিয়ো অব্ভুগ্গতো য়থা। ৮৪৭॥
২। সো পি পত্বান ‡ সম্বোধিং সন্তারেন্তো সদেবকং,
অভিবস্সি ধম্মমেঘেন নিব্বাপেন্তো সদেবকং। ৮৪৮॥
৩। তস্সাপি অতুল তেজস্স অহেসুং অভিসময়াতয়ো,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহু। ৮৪৯॥

---

১। ধর্ম্মদর্শী বুদ্ধের তিরোধানের পর জগতের সমস্ত তমোরাশি বিনাশ করিয়া সূর্য্যোদয়ের ন্যায় লোকনায়ক সিদ্ধার্থ বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি সর্ব্বজ্ঞতা জ্ঞান লাভ করিয়া দেবমনুষ্যদিগকে ত্রাণ করত জগদ্বাসীকে শীতলত্ব প্রদান করিবার জন্য ধর্ম্মবারি বর্ষণ করিয়াছিলেন।

৩। অতুল তেজীয়ান সেই সিদ্ধার্থ বুদ্ধের তিনটা ধর্ম্মাভিসময় হইয়াছিল। প্রথম বারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

---

* "নীহরিত্বা"

† "সুরিয়োবব্ভুগ্গতো তদা"

‡ "সম্বুদ্ধং সন্তারেন্তো"



Visit: http://www.buddhistdownload.com

৪। পুনাপরং ভীমরথে * যদা অহনি দুন্দুভিং,
তদা নবুতি কোটীনং দুতিয়াভিসময়ো অহু। ৮৫০ ॥

৫। যদা বুদ্ধো ধম্মং দেসেসি বেভারে সো পুরুত্তমে,
তদা নবুতি কোটীনং ততিয়াভিসময়ো অহু। ৮৫১ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তস্মিম্পি দিপদুত্তমে,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮৫২ ॥

৭। কোটি সতানং নবুতীনং অসীতিয়া চ কোটীনং,
এতে আসুং তয়ো ঠানা বিমলানং সমাগমে। ৮৫৩ ॥

৮। অহং তেন সময়েন মঙ্গলো নাম তাপসো,
উগ্গতেজো দুপ্পসহো অভিঞ্ঞা বল সমাহিতো। ৮৫৪ ॥

---

৪। তারপর যে সময় তিনি ভীমরথ নগরে ধর্ম্মভেরী নিনাদিত করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছিল।

৫। সেই পুরুষোত্তম বুদ্ধ বেভার পুরে যখন ধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তখন নব্বই কোটি প্রাণীর তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। সেই দ্বিপদোত্তম সিদ্ধার্থ বুদ্ধেরও সমদর্শী, শান্তচিত্ত বিমল ক্ষীণাশ্রব অরহতগণের তিন বার সমাগম হইয়াছিল।

৭। প্রথম সভায় শত কোটি, দ্বিতীয় সভায় নব্বই কোটি এবং তৃতীয় সভায় আশী কোটি অরহতের সমাগমে তিনটি সভা আহূত হইয়াছিল।

৮। আমি তখন মহাতেজীয়ান, ক্ষমতাপন্ন, অভিজ্ঞাবল সম্পন্ন ও সমাহিত মঙ্গল নামক তাপস ছিলাম।

---

* "ভীমরটঠে"



Visit: http://www.buddhistdownload.com

৯। জম্বুতো ফলমানেত্বা * সিদ্ধত্থস্স অদাসহং,
পটিগ্গহেত্বা সম্বুদ্ধো ইদং বচনমব্রুবী। ৮৫৫ ॥

১০। পস্সথ ইমং তাপসং জটিলং উগ্গতাপনং,
চতুনবুতে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৮৫৬ ॥

২১। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৮৬৭ ॥

২২। বেভারং নাম নগরং উদেনো নাম খত্তিয়ো,
সুফস্সা নাম জনিকা সিদ্ধত্থস্স মহেসিনো। ৮৬৮ ॥

২৩। দসবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
কোকাসুপ্পল কোকনদা তয়ো পাসাদমুত্তমা। ৮৬৯ ॥

---

৯। আমি জম্বুবৃক্ষ হইতে ফল আনিয়া সিদ্ধার্থ বুদ্ধকে পূজা করিয়াছিলাম। সম্বুদ্ধ তাহা গ্রহণ করিয়া জনতাকে এই কথা বলিয়াছিলেন।

১০। ওহে, তোমরা দৃঢ়ভাবে তপস্যাকারী এই তাপসকে দেখ। "ইনি এই হইতে চুরানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন।"

১১। ৮৫৭, ১২। ৮৫৮, ১৩। ৮৫৯, ১৪। ৮৬০, ১৫। ৮৬১, ১৬। ৮৬২, ১৭। ৮৬৩, ১৮। ৮৬৪, ১৯। ৮৬৫, ২০। ৮৬৬ পূর্ব্ববৎ।

২১। সিদ্ধার্থ বুদ্ধেরও বাণী শুনিয়া চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর বিশেষভাবে ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২২। মহর্ষি সিদ্ধার্থ বুদ্ধের জন্মস্থান বেভার নগর, পিতা উদেন নামক ক্ষত্রিয়, মাতা সুফস্সা নাম্নী ক্ষত্রিয় রমণী।

২৩। তিনি দশ সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। কোকাস, উৎপল ও কোকনদ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "ফলমাহত্বা"



Visit: http://www.buddhistdownload.com

২৪। তিসোল্‌স সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুমনা নাম সা নারী অনুপমো নাম অত্রজো। ৮৭০ ॥

২৫। নিমিত্তে চতুরো দিস্বা সিবিকায়ানেন নিক্খমি,
অনূন দসমাসানি পধানং পদহী জিনো। ৮৭১ ॥

২৬। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সিদ্ধত্থো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে পুরুত্তমে। ৮৭২ ॥

২৭। সম্বলো চ সুমিত্তো চ অহেসুং অগ্গসাবকা,
রেবতো নামুপট্ঠাকো সিদ্ধত্থস্স মহেসিনো। ৮৭৩ ॥

২৮। সিবলা চ সুরামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো কণিকারোতি বুচ্চতি। ৮৭৪ ॥

২৯। সুপ্পিয়ো চ সমুদ্দো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
রম্মা চেব সুরম্মা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৮৭৫ ॥

---

২৪। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা আট চল্লিশ হাজার পরিচারিকা, সুমনা নাম্নী প্রধানা স্ত্রী এবং অনুপম নামক পুত্র সন্তান ছিল।

২৫। তিনি চারি প্রকার নিমিত্ত দেখিয়া শিবিকা আরোহণে নিষ্ক্রান্ত হওত অন্যূন দশমাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৬। লোকনায়ক মহাবীর সিদ্ধার্থ বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া পুরশ্রেষ্ঠ মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৭। মহর্ষি সিদ্ধার্থ বুদ্ধের সম্বল ও সুমিত্র নামে দুইজন অগ্র শ্রাবক এবং রেবত নামক ভিক্ষু তাঁহার সেবক ছিল।

২৮। সিবলা ও সুরমা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা ছিল, তাঁহার বোধিদ্রুম কর্ণিকার (স্বর্ণালু) বৃক্ষ বলিয়া খ্যাত ছিল।

২৯। সুপ্রিয় ও সমুদ্র অগ্র উপস্থায়ক, রম্মা এবং সুরম্মা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩০। সোপি বুদ্ধো সট্ঠি রতনং অহোসি নভমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দস সহস্সি বিরোচথ। ৮৭৬॥

৩১। সো পি বুদ্ধো অসমসমো অতুলো অপ্পটিপুগ্গলো,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৮৭৭॥

৩২। বিমলং পভং দস্সয়িত্বা পুপ্ফাপেত্বান সাবকে,
বিলাসেত্বা সমাপত্যা * নিব্বুতো সো সসাবকো। ৮৭৮॥

৩৩। সিদ্ধত্থো মুনিবরো বুদ্ধো অনোমারামম্হি নিব্বুতো,
তত্থেব সো থূপবরো চতুয়োজন মুগ্গতো। ৮৭৯॥

---

৩০। তিনি ষাটি হস্ত পরিমিত উচ্চ শরীর ধারী ছিলেন। তাঁহার কাঞ্চন তুল্য শরীরপ্রভায় দশ সহস্র চক্রবাল আলোকিত হইত।

৩১। অসামান্য অতুলনীয়, অসদৃশ পুরুষ সেই চক্ষুষ্মান বুদ্ধ এক লক্ষ বৎসরকাল জগতে স্থিত ছিলেন।

৩২। সেই সিদ্ধার্থ বুদ্ধ বিমল প্রভা দেখাইয়া শিষ্যগণের জ্ঞানপুষ্প বিকশিত করত সমাপত্তি সুখে স-শ্রাবক পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন।

৩৩। মুনিবর সিদ্ধার্থ অনোম আরামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তথায় নির্ম্মিত শ্রেষ্ঠ ধাতু চৈত্য চারি যোজন উচ্চ ছিল।

---

* "সমাপত্তিয়া" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

# তিস্‌স বুদ্ধ-বংসো (১৭)

১। সিদ্ধত্থস্স অপরেন অসমো অপ্পটিপুগ্গলো,
অনন্ত তেজো অমিতয়সো তিস্সো লোকগ্গনায়কো। ৮৮০ ॥

২। তমন্ধকারং বিধমেত্বা ওভাসেত্বা সদেবকং,
অনুকম্পকো মহাবীরো লোকে উপ্পজ্জি চক্খুমা। ৮৮১ ॥

৩। তস্সাপি অতুলা ইদ্ধি অতুলং সীলং সমাধি চ,
সব্বত্থ পারমিং গন্ত্বা ধম্মচক্কং পবত্তয়ি। ৮৮২ ॥

৪। সো বুদ্ধো দস সহস্সিম্হি বিঞ্ঞাপেসি গিরং সুচিং,
কোটিসতানি অভিসমিংসু পঠমে ধম্মদেসনে,। ৮৮৩ ॥

---

১। ভগবান সিদ্ধার্থ বুদ্ধের তিরোধানের পর অনন্ত তেজীয়ান, অসাধারণ জ্ঞানী, অদ্বিতীয় পুরুষ, মহাযশঃ, জগতের অগ্রণীয় নায়ক তিষ্য বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

২। অনুকম্পাকারী, চক্ষুষ্মান, মহাবীর বুদ্ধ অজ্ঞান অন্ধকার বিদূরীত করত দেবমানবদিগকে জ্ঞানালোকে উদ্ভাসিত করিবার জন্য আবির্ভূত হইয়াছিলেন।

৩। তাঁহারও অতুলনীয় ঋদ্ধি এবং অসাধারণ শীল-সমাধিগুণ ছিল। তিনি সর্ব্ববিষয়ে পারদর্শী হইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৪। সেই তিষ্য বুদ্ধ দশ সহস্র চক্রবালে পবিত্র ধর্ম্ম বাক্য প্রচার করিয়াছিলেন। তাঁহার প্রথম ধর্ম্ম দেশনায় শত কোটি প্রাণীর ক্লেশ উপশম হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৫। দুতিয়ো নবুতি কোটিয়ো ততিয়ো সট্ঠি কোটিয়ো,
বন্ধনাতো পমোচেসি সম্পত্তে নরমরু তদা। ৮৮৪ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং তিস্সে লোকগ্গনায়কে,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৮৮৫ ॥

৭। খীণাসব * সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
নবুতি সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৮৮৬ ॥

৮। অসীতি সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং পুপ্ফিতানং বিমুত্তিয়া। ৮৮৭ ॥

৯। অহং তেন সময়েন সুজাতো নাম খত্তিয়ো,
মহাভোগং ছড্ডয়িত্বা পব্বজিং ইসি পব্বজ্জং। ৮৮৮ ॥

---

৫। তিনি দ্বিতীয় বারের ধর্ম্ম দেশনায় নব্বই কোটি এবং তৃতীয় বারের দেশনায় সমাগত ষাট কোটি দেবমানবকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়াছিলেন।

৬। লোকনায়ক তিষ্য বুদ্ধের সমদর্শী, নির্ম্মল ও শান্তচিত্ত অরহৎ শিষ্যগণের তিনবার সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম বারে এক লক্ষ ক্ষীণাশ্রব অরহৎ এবং দ্বিতীয় বারে নব্বই লক্ষ অরহৎ সমাগত হইয়াছিল।

৮। বিমুক্তি জ্ঞানের দ্বারা বিকশিত আশী লক্ষ নির্ম্মল ক্ষীণাশ্রব অরহৎ লইয়া তৃতীয় সমাগম আহূত হইয়াছিল।

৯। তখন আমি সুজাত নামক ক্ষত্রিয় রাজা ছিলাম। প্রচুর ভোগ সম্পত্তি ত্যাগ করিয়া ঋষি প্রব্রজ্যায় প্রব্রজিত হইয়াছিলাম।

---

* "সহস্সানং"



Visit: http://www.buddhistdownload.com

১০। মযি পব্বজিতে সন্তে উপ্পজ্জি লোকনাযকো,
'বুদ্ধো'তি সদ্দং সুত্বান পীতি মে উপপজ্জথ। ৮৮৯॥

১১। দিব্বং মন্দারবং পুপ্ফং পদুমং পরিচ্ছত্তকং,
উভো হত্থেহি পগ্গয্হ ধূনমানো উপাগমিং। ৮৯০॥

১২। চতুবণ্ণ পরিবুতং তিস্সং লোকগ্গ নাযকং,
তমহং পুপ্ফং গহেত্বান মত্থকে ধারযিং জিনং। ৮৯১॥

১৩। সো পি মং তদা ব্যাকাসি জনমজ্ঝে নিসীদিয,
ইতো দ্বে নবুতে কপ্পে অযং বুদ্ধো ভবিস্সতি। ৮৯২॥

২৪। তস্সাপি বচনং সুত্বা ভিয্যো চিত্তং পসাদযিং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিযা। ৯০৩॥

---

১০। আমি প্রব্রজিত হইলে লোকনায়ক বুদ্ধের আবির্ভাব হইয়াছিল। "বুদ্ধ" এই অশ্রুত পূর্ব্ব বাক্য শুনিয়া আমার প্রীতির সঞ্চার হইয়াছিল।

১১। আমি দিব্য মন্দার, পদ্ম ও পারিজাত পুষ্প করজোড়ে গ্রহণ করত বল্কল চীবর ঝাড়িয়া উপনীত হইয়াছিলাম।

১২। চতুর্বর্ণ পরিষদ পরিবৃত লোকনায়ক তিষ্য বুদ্ধের নিকট গিয়া, সেই পুষ্পমঞ্জরী জিনের মস্তকোপরি ধারণ করিয়াছিলাম।

১৩। তখন সেই তিষ্য বুদ্ধও জনসভায় বসিয়া "এই ঋষি এখন হইতে বিরানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৪। ৮৯৩, ১৫। ৮৯৪, ১৬। ৮৯৫, ১৭। ৮৯৬, ১৮। ৮৯৭, ১৯। ৮৯৮, ২০। ৮৯৯, ২১। ৯০০, ২২। ৯০১, ২৩। ৯০২ পূর্ব্ববৎ।

২৪। আমি তাঁহারও বাক্য শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।



Visit: http://www.buddhistdownload.com

২৫। খেমকং নাম নগরং জনসন্ধো নাম খত্তিয়ো,
পদুমা নাম জনিকা তিস্সস্স চ মহেসিনো। ৯০৪ ॥

২৬। সত্তবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
গুহাসেল নারি নিসভা তয়ো পাসাদমুত্তমা। ৯০৫ ॥

২৭। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুভদ্দা নাম সা নারী আনন্দো নাম অত্রজো। ৯০৬ ॥

২৮। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ৯০৭ ॥

২৯। ব্রহ্মুনা য়াচিতো সন্তো তিস্স লোকগ্গ নায়কো,
বত্তিচক্কং মহাবীরো য়সবত্তিয় মুত্তমে। ৯০৮ ॥

---

২৫। মহর্ষি তিষ্য বুদ্ধের জন্মস্থান ক্ষেমনগর, পিতা জনসন্ধ নামক ক্ষত্রিয়. মাতা পদুমা নাম্না ক্ষাত্রিয়ানী।

২৬। তিনি সাত সহস্র বৎসর গৃহবাসে ছিলেন। গুহাসেল, নারি ও নিসভ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৭। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা ত্রিশ হাজার পরিচারিকা, সুভদ্রা নাম্নী প্রধানা স্ত্রী এবং আনন্দ নামক পুত্র ছিল।

২৮। তিনি চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া অশ্ব যানারোহণে নিষ্ক্রান্ত হওত অন্যূন আট মাস পর্য্যন্ত ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৯। লোকনায়ক মহাবীর তিষ্য বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় যশবতী উদ্যানে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩০। ব্রহ্মদেবো চ উদয়ো চ অহেসুং অগ্গসাবকা,
সুমঙ্গলো * নামুপট্ঠাকো তিস্সস্স চ মহেসিনো। ৯০৯॥

৩১। ফুস্সাচেব সুদত্তা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো অসনোতি পবুচ্চতি। ৯১০॥

৩২। সম্বলো চ সিরী চেব অহেসুং অগ্গুপট্ঠকা,
কিসা গোতমী উপসেনা অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯১১॥

৩৩। সো বুদ্ধো সট্ঠিরতনো অহু উচ্চত্তনে জিনো,
অনূপমো অসদিসো হিমবা বিয় দিস্সতি। ৯১২॥

৩৪। তস্সাপি অতুল তেজস্স আয়ু আসি অনুত্তরো,
বস্স সত সহস্সানি লোকে অট্ঠাসি চক্খুমা। ৯১৩॥

---

৩০। মহর্ষি তিষ্য বুদ্ধের ব্রহ্মদেব ও উদয় দুইজন অগ্র শ্রাবক আর সুমঙ্গল নামক ভিক্ষু সেবক ছিল।

৩১। ফুস্সা ও সুদত্তা অগ্র শ্রাবিকা আর তাঁহার বোধিদ্রুম অসন বৃক্ষ (পীত শাল বৃক্ষ) নামে খ্যাত।

৩২। সম্বল ও সিরী নামে দুইজন অগ্র উপস্থায়ক, কিসা গোতমী এবং উপসেনা উভয়ে অগ্র উপস্থায়িকা ছিল।

৩৩। তিনি যাট হাত উচ্চ দেহধারী ছিলেন। জিন তিষ্য বুদ্ধ হিমালয় পর্ব্বত সমতুল অনুপম, অসদৃশ দেখা যাইতেন।

৩৪। অতুল তেজীয়ান সেই বুদ্ধের অনুত্তর পরমায়ু ছিল। চক্ষুষ্মান লক্ষ বৎসর পর্য্যন্ত জীবজগতের উদ্ধারের জন্য জীবিত ছিলেন।

---

* "সমহো" নঃ অর্থকথা।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। উত্তমং পবরং সেট্ঠং অনুভোত্বা মহাযসং,
জলিত্বা অগ্গিক্খন্ধো'ব নিব্বুতো সো সসাবকো। ৯১৪॥

৩৬। বলাহকো'ব অনিলেন সুরিয়েন বিয় উস্সবো,
অন্ধকারো'ব দীপেন নিব্বুতো সো সসাবকো। ৯১৫॥

৩৭। তিস্সো জিনবরো বুদ্ধো নন্দারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো তীনি য়োজন মুস্সিতো। ৯১৬॥

---

৩৫। তিনি উত্তম প্রবর এবং শ্রেষ্ঠ মহাযশোরাশি উপভোগ করিয়া প্রজ্জলিত অগ্নিস্কন্ধ তুল্য সশ্রাবক নির্ব্বাপিত হইয়াছেন।

৩৬। বাতাসের দ্বারা মেঘ, সূর্য্যরশ্মির দ্বারা শিশির বিন্দু এবং প্রদীপের দ্বারা অন্ধকার যেমন অপসারিত হয়, সেরূপ তিনিও সশ্রাবক নির্ব্বাপিত হইয়াছেন।

৩৭। পঞ্চমারজিৎ জিনবর বুদ্ধ নন্দারামে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তিন যোজন প্রমাণ সমুন্নত বুদ্ধ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# ফুস্স বুদ্ধ-বংসো (১৮)

১। তত্থেব মণ্ডকপ্পম্হি অহূ সত্থা অনুত্তরো,
অনুপমো অসদিসো ফুস্সো লোকগ্গ নায়কো। ৯১৭

২। সোপি সব্বং তমং হন্ত্বা বিজটেত্বা মহাজটং,
সদেবকং তপ্পয়ন্তো অভিবস্সি * অমতম্বুনা। ৯১৮॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে † ফুস্সে নক্খত্তমঙ্গলে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ৯১৯॥

৪। নবুতি সত সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ,
অসীতি সত সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ৯২০॥

---

১। সেই মণ্ডকল্পে দেবমানবদিগের শাস্তা অনুত্তর, অনুপম, অসামান্য লোকনায়ক ফুস্স সম্যকসম্বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন।

২। তিনি সমস্ত মোহান্ধকার বিনাশ এবং সকল তৃষ্ণা জটাকে নির্জ্জটা করিয়া দেব-মানবদিগকে তৃপ্ত করিবার জন্য ধর্ম্মামৃত বারি বর্ষণ করিয়াছিলেন।

৩। ফুস্স বুদ্ধ নক্ষত্র মঙ্গল উৎসবের সময় ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে লক্ষ কোটি প্রাণীর প্রথম বারে ধর্ম্মাববোধ হইয়াছিল।

৪। তাঁহার দেশনায় দ্বিতীয় বারে নব্বই লক্ষ, তৃতীয় বারে আশী লক্ষ প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

---

* "অমতবুয়া"

† "পবত্তেন্তো"



Visit: http://www.buddhistdownload.com

৫। সন্নিপাতা তয়ো আসুং ফুস্সস্সাপি মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং, ৯২১॥

৬। সট্‌ঠি সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
পঞ্ঞাস সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯২২॥

৭। চত্তারীস সত সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপাদা বিমুত্তানং বোচ্ছিন্ন পটিসন্ধিনং। ৯২৩॥

৮। অহং তেন সময়েন বিজিতাবী নাম খত্তিয়ো,
ছড্ডয়িত্বা মহারজ্জং পব্বজিং তস্স সন্তিকে। ৯২৪॥

৯। সো মং বুদ্ধো ব্যাকাসি ফুস্সো লোকগ্গ নায়কো,
ইতো দ্বানবুতে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯২৫॥

---

৫। মহর্ষি ফুস্স বুদ্ধের শান্ত চিত্ত, বিমল, ক্ষীণাসব অরহৎ ভিক্ষু শিষ্যগণের তিন বার ধর্ম্ম সমাগম হইয়াছিল।

৬। প্রথম অধিবেশনে ষাট লক্ষ, দ্বিতীয় অধিবেশনে পঞ্চাশ লক্ষ অরহৎ ভিক্ষু সমাগত হইয়াছিল।

৭। অনুপাদান, বিমুক্ত, জন্ম বন্ধন ছিন্ন চল্লিশ লক্ষ অরহৎ ভিক্ষু তৃতীয় বারে সমাগত হইয়াছিল।

৮। তখন আমি বিজিতাবী নামক ক্ষত্রিয় ছিলাম। মহারাজ্য পরিত্যাগ করিয়া বুদ্ধের নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

৯। জগতের শ্রেষ্ঠ নায়ক ফুস্স বুদ্ধও এই হইতে বিরানব্বই কল্প পরে "ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে প্রকাশ করিয়াছিলেন।

১০। ৯২৬, ১১। ৯২৭, ১২। ৯২৮, ১৩। ৯২৯, ১৪। ৯৩০, ১৫। ৯৩১, ১৬। ৯৩২, ১৭। ৯৩৩, ১৮। ৯৩৪, ১৯। ৯৩৫ পূর্ব্ববৎ।



Visit: http://www.buddhistdownload.com

২০। তস্সাপি বচনং সুত্বা ভিয্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ৯৩৬॥
২১। সুত্তন্তং বিনয়ঞ্চাপি নবঙ্গং সত্থুসাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ৯৩৭॥
২২। তত্থপ্পমত্তো বিহরন্তো ব্রহ্মং ভাবেত্বা ভাবনং,
অভিঞ্ঞাসু পারমিং গন্ত্বা ব্রহ্মলোকমগঞ্ছহং। ৯৩৮॥
২৩। কাসিকং নাম নগরং জয়সেনো নাম খত্তিয়ো,
সিরিমা নাম জনিকা ফুস্সস্স চ মহেসিনো। ৯৩৯॥
২৪। ছব্বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
গরুল্‌ হংস সুবণ্ণভরা তয়ো পাসাদ মুত্তমা। ৯৪০॥
২৫। তেবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
কিসা গোতমী নাম নারী আনন্দো নাম অত্রজো। ৯৪১॥

---

২০। আমি তাঁহারও ভবিষ্যদ্বাণী শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করত দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২১। সূত্রান্ত ও বিনয়াদি নবাঙ্গ শাস্তা-শাসন সমস্ত পরিপূর্ণ ভাবে শিক্ষা করিয়া জিন শাসন পরিশোভিত করিয়াছিলাম।

২২। আমি সেই বুদ্ধ শাসনে অপ্রমত্ত ভাবে অবস্থান করত ব্রহ্ম-বিহার ভাবনার দ্বারা পঞ্চ অভিজ্ঞা লাভ করিয়া ব্রহ্মলোকগামী হইয়াছিলাম।

২৩। মহর্ষি ফুস্স বুদ্ধের জন্মস্থান কাসিক নগর, পিতা জয়সেন নামক ক্ষত্রিয়, মাতা সিরিমা নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি ছয় হাজার বৎসর ব্যাপী গৃহবাসে ছিলেন। গরুড়, হংস ও সুবর্ণভরা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৫। সর্ব্বালঙ্কারে বিভূষিতা তেইশ হাজার পরিচারিকা, কিসা গোতমী নাম্নী প্রাধানা স্ত্রী ও আনন্দ নামক পুত্র ছিল।



Visit: http://www.buddhistdownload.com

২৬। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
ছমাসং পধানচারং অচরী পুরিসুত্তমো। ৯৪২ ॥
২৭। ব্রহ্মুনা য়াচিতো সন্তো ফুস্সো লোকগ্গ নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৯৪৩ ॥
২৮। সুখিতো ধম্মসেনো চ অহেসুং অগ্গসাবকা,
সভিয়ো নামুপট্ঠাকো ফুস্সস্স চ মহেসিনো। ৯৪৪ ॥
২৯। সালা চ উপসালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো আমণ্ডোতি পবুচ্চতি। ৯৪৫ ॥
৩০। ধনঞ্জয়ো বিসাখো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
পদুমা চেব নাগা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯৪৬ ॥
৩১। অট্ঠপঞ্ঞাস রতনং সোপি অচ্চুগ্গতো মুনি,
সোভতি সতরংসী'ব উলুরাজা'ব পূরিতো। ৯৪৭ ॥

---

২৬। তিনি চারি প্রকার পূর্ব্ব নিমিত্ত দর্শন করিয়া হস্তী যানারোহণে অভিনিষ্ক্রমণ করত ছয়মাস যাবৎ ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। নরোত্তম, লোকনায়ক, মহাবীর ফুস্স বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। মহর্ষি ফুস্স বুদ্ধের সুখিত ও ধর্ম্মসেন নামে দুইজন অগ্র শ্রাবক আর সভিয় নামক ভিক্ষু সেবক ছিল।

২৯। সেই ভগবানের সালা ও উপসালা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা আর বোধিদ্রুম আমলকী বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩০। ধনঞ্জয় ও বিসাখ অগ্র উপস্থায়ক আর পদুমা ও নাগা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

৩১। সেই ফুস্স মুনি আটান্ন হস্ত পরিমাণ উচ্চ দেহধারী ছিলেন। স্বীয় রশ্মির দ্বারা সূর্য্য ও পূর্ণ চন্দ্র তুল্য শোভিত হইতেন।



Visit: http://www.buddhistdownload.com

৩২। নবুতি বস্স সহস্সানি আয়ু বিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৯৪৮॥

৩৩। ওবদিত্বা বহু সত্তে সন্তারেত্বা মহাজনে,
সো পি সত্থা অতুল য়সো নিব্বুতো'ব সসাবকো। ৯৪৯॥

৩৪। ফুস্সো জিনবরো সত্থা সোনারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ৯৫০॥

---

৩২। তখন নব্বই সহস্র বৎসর বুদ্ধের পরমায়ু ছিল। তিনিও তাবৎ কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ভবার্ণব হইতে ত্রাণ করিয়াছিলেন।

৩৩। অতুল যশস্বী শাস্তা বহুতর প্রাণীকে উপদেশ দিয়াছিলেন এবং মহাজনকে ত্রাণ করিয়া সশ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৩৪। জিনবর ফুস্স শাস্তা সোন আরামে নির্ব্বাণ লাভ করিয়াছেন। তাঁহার শরীর-ধাতু পূজার্থ নানা প্রদেশে স্থাপিত হইয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

# বিপস্‌সী বুদ্ধ-বংসো । ১৯

১। ফুস্‌সস্স চ অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
বিপস্সী নাম নামেন লোকে উপ্পজ্জি চক্খুমা *। ৯৫১ ॥

২। অবিজ্জং সব্বং পদালেত্বা পত্তো সম্বোধি মুত্তমং,
ধম্মচক্কং পবত্তেতুং পক্কামি বন্ধুমতী পুরং। ৯৫২ ॥

৩। ধম্মচক্কং পবত্তেত্বা উভো বোধেসি নায়কো,
গণনায় ন বত্তব্বো পঠমাভিসময়ো অহূ। ৯৫৩ ॥

৪। পুনাপরং অমিতয়সো তত্থ সচ্চং পকাসয়ী,
চতুরাসীতি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ। ৯৫৪ ॥

---

১। ফুস্‌স বুদ্ধের তিরোধানের পর, দ্বিপদোত্তম, চক্ষুষ্মান্‌ বিপস্‌সী নামক সর্ব্বজ্ঞ বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

২। সমস্ত অবিদ্যারাশি পদদলিত করিয়া, সম্বোধি লাভ করত ধর্ম্ম-চক্র প্রবর্ত্তন করিবার জন্য বন্ধুমতী পুরে গিয়াছিলেন।

৩। লোকনায়ক বিপস্‌সী ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়া উভয়কে ( কনিষ্ঠ ভ্রাতা রাজ-পুত্র খণ্ড ও পুরোহিত পুত্র তিষ্য ) চতুরার্য্য সত্য বোধগম্য করাইয়াছিলেন। প্রথমবারে গণনাতীত দেব-মানব ধর্ম্মাববোধ করিয়াছিল।

৪। পুনর্ব্বারও অমিত যশঃ বুদ্ধ, সেই বন্ধুমতী নগরে সত্যধর্ম্ম প্রকাশ করিয়াছিলেন। সেই দ্বিতীয় দেশনায় চুরাশী হাজার প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল।

---

* "নায়কো"



Visit: http://www.buddhistdownload.com

৫। চতুরাসীতি সহস্সানি সম্বুদ্ধং অনুপব্বজুং,
তেসমারামপ্পত্তানং ধম্মং দেসেসি চক্খুমা। ৯৫৫॥

৬। সব্বাকারেন ভাসতো সুত্বা † উপনিসাদিনো,
তেপি ধম্মবরং গন্ত্বা ততিয়াভিসময়ো অহু। ৯৫৬॥

৭। সন্নিপাতা তয়ো আসুং বিপস্সিস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৯৫৭॥

৮। অট্ঠসট্ঠি সহস্সানং পঠমো আসি সমাগমো,
ভিক্খু সত সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯৫৮॥

৯। অসীতি ভিক্খূ সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
তত্থ ভিক্খুগণ-মজ্ঝে সম্বুদ্ধো অতিরোচতি। ৯৫৯॥

---

৫। বুদ্ধের পর, অনুক্রমে চুরাশী হাজার ব্যক্তি প্রব্রজিত হইয়াছিল। তাহারা আরামে আসিলে, চক্ষুষ্মান তাহাদিগকে ধর্ম্মদেশনা করিয়াছিলেন।

৬। বুদ্ধ নানা প্রকারে ধর্ম্ম ভাষণ করিতে তাহারা শুনিয়াছিল। সেই উত্তম ধর্ম্ম শুনিয়া তাহারাও ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল। তাহা তৃতীয় বারের ধর্ম্মাভিসময়।

৭। মহর্ষি বিপস্সী বুদ্ধের, বিমল শান্তচিত্ত ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যগণের তিনটা ধর্ম্মাধিবেশন হইয়াছিল।

৮। প্রথম সমাগমে আটষট্টি হাজার আর দ্বিতীয় সমাগমে একলক্ষ পর্য্যন্ত ভিক্ষু সমাগত হইয়াছিল।

৯। তৃতীয় সমাগমে অশীতি সহস্র ভিক্ষু সমাগত হইয়াছিল। ভগবান তথায় ভিক্ষুগণের মধ্যে অত্যন্ত শোভনীয় হইয়াছিলেন।

---

† "উপনিস্‌স জিনে" লঃ



Visit: http://www.buddhistdownload.com

১০। অহং তেন সময়েন নাগরাজা মহিদ্ধিকো,
অতুলো নাম নামেন পুঞ্ঞবন্তো জুতিন্ধরো। ৯৬০॥

১১। নেকানং নাগকোটীনং পরিবারেত্বা নং তদা,
বজ্জেন্তো দিব্বতুরিয়েহি লোকজেট্‌ঠং উপাগমি। ৯৬১॥

১২। উপসঙ্কমিত্বা সম্বুদ্ধং বিপস্সিং লোকনায়কং,
মণিমুত্ত রতন খচিতং সব্বাভরণ ভূসিতং,
নিমন্তেত্বা ধম্মরাজস্স সোণ্ণপীঠমদাসহং। ৯৬২॥

১৩। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সংঘমজ্ঝে নিসীদিয়,
একনবুতে ইতোকপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯৬৩॥

১৪। অহূ কপিলবত্থয়ে রম্মে নিক্খমিত্বা তথাগতো,
পধানং পদহিত্বান কত্বা দুক্করকারিকং। ৯৬৪॥

---

১০। তখন আমি মহাঋদ্ধি সম্পন্ন, পুণ্যবান ও জ্যোতিষ্মান অতুল নামক নাগরাজা হইয়াছিলাম।

১১। সেই সময় আমি অনেক কোটি নাগ পরিবৃত হইয়া দিব্যতূর্য্য নিনাদ করিতে করিতে লোকজ্যেষ্ঠ বুদ্ধের নিকট উপনীত হইয়াছিলাম।

১২। লোকনায়ক বুদ্ধের নিকট উপস্থিত হইয়া ধর্ম্মরাজকে নিমন্ত্রণ করত মণি-মুক্তা-রত্ন খচিত, সর্ব্বাভরণ ভূষিত, স্বুবর্ণ-পীঠ দান করিয়াছিলাম।

১৩। সেই বিপস্সী বুদ্ধ সংঘমধ্যে বসিয়া আমাকে বলিয়াছিলেন— "এই নাগরাজা একানব্বই কল্প পরে বুদ্ধ হইবেন"—

১৪। তথাগত গৌতম বুদ্ধ রমণীয় কপিলবাস্তু নগর হইতে বাহির হইয়া ধ্যানচর্য্যায় রত হওত দুষ্করক্রিয়া করিবেন।



Visit: http://www.buddhistdownload.com

১৫। অজপাল রুক্খমূলম্হি নিসীদিত্বা তথাগতো,
তত্থ পায়সমগ্গয্হ নেরঞ্জরমুপেহিতি। ৯৬৫॥

১৬। নেরঞ্জরায় তীরম্হি পায়সং অসতী জিনো,
পটিয়ত্ত বরমগ্গেন বোধিমূলং উপেহিতি। ৯৬৬॥

১৭। ততো পদক্খিণং কত্বা বোধিমণ্ডং অনুত্তরং,
অস্সত্থমূলে সম্বোধিং বুজ্ঝিস্সতি মহায়সো। ৯৬৭॥

১৮। ইমস্স জনিকা মাতা মায়া নাম ভবিস্সতি,
পিতা সুদ্ধোদনো নাম অয়ং হেস্সতি গোতমো। ৯৬৮॥

১৯। অনাসবা বীতমলা * সন্তচিত্তা সমাহিতা,
কোলিতো উপতিস্সো চ অগ্গাহেস্সন্তি সাবকা। ৯৬৯॥

---

১৫। তথাগত অজপাল ন্যাগ্রোধমূলে উপবেশন পূর্ব্বক, তথায় সুজাতা প্রদত্ত পায়সান্ন গ্রহণ করিয়া নৈরঞ্জনাতে যাইবেন।

১৬। জিন নৈরঞ্জনা তীরে পায়স ভোজন করিবেন, এবং সুসজ্জিত শ্রেষ্ঠমার্গে বোধিমণ্ডপে উপনীত হইবেন।

১৭। তারপর মহাযশঃ গৌতম বোধিসত্ত্ব অনুত্তর বোধিমণ্ডপ প্রদক্ষিণ করিয়া অশ্বত্থ বৃক্ষমূলে সম্বোধি লাভ করিবেন।

১৮। ইঁহার জনয়িত্রী মাতা মহামায়া নাম্নী দেবী, পিতা রাজা শুদ্ধোদন এবং তাঁহার নাম গৌতম হইবে।

১৯। অনাসব, বিগতমল, শান্তচিত্ত, সমাহিত কৌলিত ও উপতিষ্য তাঁহার অগ্রশ্রাবক হইবে।

---

* "বীতরাগা" লঃ অঃ



Visit: http://www.buddhistdownload.com

২০। আনন্দো নামুপট্ঠাকো উপট্ঠিস্সতি তং জিনং,
খেমা উপ্পলবণ্ণা চ অগ্গাহেস্সন্তি সাবিকা। ৯৭০॥

২১। অনাসবা বীতমলা সন্তচিত্তা সমাহিতা,
বোধিতস্স ভগবতো অস্সত্থোতি পবুচ্চতি। ৯৭১।

২২। তস্সাহং বচনং সুত্বা ভীয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ৯৭২॥

২৩। নগরং বন্ধুমতী নাম বন্ধুমা নাম খত্তিয়ো,
মাতা বন্ধুমতী নাম বিপস্সিস্স মহেসিনো। ৯৭৩॥

২৪। অট্ঠবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
নন্দো সুনন্দো সিরিমা তয়ো পাসাদমুত্তমা। ৯৭৪॥

২৫। তিচত্তারীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুতনা নাম সা নারী সমবত্তক্খন্ধো নাম অত্রজো। ৯৭৫॥

---

২০।২১। আনন্দ নামক সেবক ভিক্ষু সেই গৌতম জিনকে সেবা করিবে। অনাসব, বিগতমল, শান্তচিত্ত ও সমাহিত ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন অগ্র শ্রাবিকা হইবে। সেই ভগবানের বোধি অশ্বত্থ বৃক্ষ নামে খ্যাত হইবে।

২২। আমি তাঁহার বাক্য শ্রবণে বিশেষভাবে প্রসন্ন হইয়া, দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৩। মহর্ষি বিপস্সী বুদ্ধের জন্মস্থান বন্ধুমতী নগর, পিতা বন্ধুমা নামক ক্ষত্রিয়, মাতা বন্ধুমতী নাম্নী ক্ষত্রিয়ানী।

২৪। তিনি আট হাজার বৎসর গৃহবাসে ছিলেন। নন্দ সুনন্দ ও সিরিমা নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

২৫। তাঁহার সর্ব্বাভরণ প্রতিমণ্ডিতা তেতাল্লিশ হাজার পরিচারিকা, সুতনা নাম্নী প্রধানা স্ত্রী এবং সমবত্তখন্ধ নামক পুত্র ছিল।



Visit: http://www.buddhistdownload.com

২৬। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূন অট্ঠমাসানি পধানং পদহী জিনো। ৯৭৬॥

২৭। ব্রহ্মুণা যাচিতো সন্তো বিপস্সী লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ৯৭৭॥

২৮। * খন্ধো চ তিস্সনামো চ অহেসুং অগ্গসাবকা,
অসোকো নামুপট্ঠাকো বিপস্সিস্স মহেসিনো। ৯৭৮॥

২৯। চন্দা চ চন্দমিত্তা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পাটলীতি পবুচ্চতি। ৯৭৯॥

৩০। পুনব্বসুমিত্তো নাগো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সিরিমা উত্তরা চেব অহেসুং অগ্গুপট্ঠিকা। ৯৮০॥

---

২৬। জিন চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া রথারোহণে অভি-নিষ্ক্রমণ করত অন্যূন আটমাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন।

২৭। নরশ্রেষ্ঠ, মহাবীর লোকনায়ক বিপস্সী বুদ্ধ মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

২৮। মহর্ষি বিপস্সী বুদ্ধের খন্ধ ও তিষ্য নামে দুইজন অগ্র শ্রাবক ও অশোক নামক ভিক্ষু সেবক ছিল।

২৯। চন্দ্রা ও চন্দ্রমিত্তা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল, সেই ভগবানের বোধিদ্রুম পাটলি (পারুল) বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩০। পুণর্বসুমিত্র ও নাগ অগ্রউপস্থায়ক ছিল, আর সিরিমা ও উত্তরা অগ্রউপস্থায়িকা ছিল।

---

* "খণ্ডো" নঃ



Visit: http://www.buddhistdownload.com

৩১। অসীতি হত্থমুব্বেধো বিপস্সী লোকনায়কো,
পভা নিদ্ধাবতী তস্স সমন্তা সত্তয়োজনে। ৯৮১ ॥

৩২। অসীতি বস্স সহস্সানি আয়ুবুদ্ধস্স তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ৯৮২ ॥

৩৩। বহূদেব মনুস্সানং বন্ধনা পরিমোচয়ি,
মগ্গামগ্গঞ্চ আচিক্খি অবসেস পুথুজ্জনে। ৯৮৩ ॥

৩৪। আলোকং দস্সয়িত্বান দেসেত্বা অমতং পদং,
জলিত্বা অগ্গিখন্ধোব নিব্বুতো সো সসাবকো। ৯৮৪ ॥

৩৫। ইদ্ধিবরং পুঞ্ঞবরং লক্খণঞ্চ কুসুমিতং *,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্বসঙ্খারা। ৯৮৫ ॥

---

৩১। লোকনায়ক বিপস্সী বুদ্ধ অশীতি হস্ত উচ্চ দেহধারী ছিলেন। তাঁহার শরীর-প্রভা চারিদিকে সাত যোজন পর্য্যন্ত বিস্তৃত হইত।

৩২। তখন বুদ্ধের পরমায়ু আশী হাজার বৎসর ছিল। তিনি তত-কাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৩। তিনি বহু দেব-মানবকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়া, অন্যান্য পৃথগ্‌জনদিগকে মোক্ষমার্গ ও মোক্ষ লাভের অন্তরায় জনক অমার্গ বলিয়াগিয়াছেন।

৩৪। বিপস্সী বুদ্ধ জ্ঞানালোক দেখাইয়া, অমৃতপদ নির্দ্দেশ পূর্ব্বক অগ্নিস্কন্ধের ন্যায় প্রদীপ্ত হওত সশ্রাবক পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৩৫। উত্তম ঋদ্ধি, পবিত্র পুণ্য-সম্পদ এবং বিকশিত চক্রলক্ষণাদি সমস্তই অন্তর্হিত হইয়াছে। সমস্ত সংস্কার ধর্ম্ম রিক্ত নহে কি?

---

* "চতুস্থপিতং" "চতুভুমকং" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৩৬। বিপস্সী জিনবরো ধীরো সুমিত্তারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো সত্তয়োজন মুস্সিতো। ৯৮৬॥

৩৬। ধৃতিমান জিনবর বিপস্সী সুমিত্রারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় সাত যোজন সমুন্নত বুদ্ধস্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# সিখী বুদ্ধ-বংসো । ২০

১ । বিপস্সিস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
* সিখিব্হয়ো আসি জিনো অসমো অপ্পটিপুগ্গলো । ৯৮৭ ॥

২ । মারসেনং পমদ্দিত্বা পত্তো সম্বোধি মুত্তমং,
ধম্মচক্কং পবত্তেসি অনুকম্পায় পাণিনং । ৯৮৮ ॥

৩ । ধম্মচক্কং পবত্তেন্তে সিখিম্হি † মুনি পুঙ্গবে,
কোটি সত সহস্সানং পঠমাভিসময়ো অহূ । ৯৮৯ ॥

৪ । অপরম্পি ধম্মং দেসেন্তে গণসেট্ঠে নরুত্তমে,
নবুতি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ । ৯৯০ ॥

---

১ । বিপস্সী বুদ্ধের তিরোধানের পর দ্বিপদোত্তম, অসামান্য ও অসদৃশ পুরুষ সিখী নামক জিন আবির্ভূত হইয়াছিলেন।

২ । তিনি মারসৈন্য পরাজয় করিয়া, উত্তম সম্বোধি প্রাপ্ত হওত প্রাণীদের প্রতি অনুকম্পা করিয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩ । মুনিপুঙ্গব সিখী বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথমবারে লক্ষ কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৪ । নরোত্তম, গণশ্রেষ্ঠ, বুদ্ধ অপর ধর্ম্মদেশনা করিবার সময়, দ্বিতীয়বারে নব্বই হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

---

* "নামজিনো"

† "জিনপুঙ্গবে" লঃ



Visit: http://www.buddhistdownload.com

৫। যমকং পাটি হীরঞ্চ দস্সয়ন্তে সদেবকে,
অসীতি কোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ৯৯১ ॥

৬। সন্নিপাতা তয়ো আসুং সিখিস্সাপি মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ৯৯২ ॥

৭। ভিক্খু সত সহস্সানং পঠমো আসি সমাগমো,
অসীতি ভিক্খু সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ৯৯৩ ॥

৮ সত্ততি ভিক্খু সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
অনুপলিত্তো পদুমং'ব তোয়ম্হি সম্পবড্ঢিতো। ৯৯৪ ॥

৯। অহং তেন সময়েন অরিন্দমো নাম খত্তিয়ো,
সম্বুদ্ধপমুখং সঙ্ঘং অন্নপানেন তপ্পয়িং। ৯৯৫ ॥

১০। বহুং দুস্সবরং দত্বা দুস্সকোটিং অনপ্পকং,
অলঙ্কতং হত্থিয়ানং সম্বুদ্ধস্স অদাসহং। ৯৯৬ ॥

---

৫। দেব-মানবদিগকে যমক প্রাতিহার্য্য ঋদ্ধি প্রদর্শনের সময়, তৃতীয় বারে আশী হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল।

৬। মহর্ষি সিখী বুদ্ধের সমদর্শী বিমল ও শান্তচিত্ত ক্ষীণাশ্রব শিষ্যগণের তিনটা ধর্ম্ম সম্মিলন হইয়াছিল।

৭। প্রথম সম্মিলনে একলক্ষ ভিক্ষু ও দ্বিতীয় সম্মিলনে আশী হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৮। জলে বর্দ্ধিত পদ্ম যেমন জলের সঙ্গে নির্লিপ্ত থাকে, সেরূপ অষ্টবিধ লোকধর্ম্মে অসংবদ্ধ, সত্তর হাজার অরহৎ ভিক্ষু তৃতীয় সমাগমে সম্মিলিত হইয়াছিল।

৯। সেই সময় আমি অরিন্দম নামক ক্ষত্রিয় নরপতি হইয়াছিলাম; সম্বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে মধুর অন্ন-পানীয় দানে পরিতৃপ্ত করিয়াছিলাম।

১০। আমি আরো অনল্পকোটি শ্রেষ্ঠ বস্ত্র দান দিয়া অলঙ্কৃত হস্তীযান প্রদানে সম্বুদ্ধকে পূজা করিয়াছিলাম।



Visit: http://www.buddhistdownload.com

১১। হত্থিয়ানং নিম্মিনিত্বা কপ্পিয়ং উপনাময়িং,
পূরয়িং মানসং ময়হং নিচ্চং দল্হমুপট্‌ঠিতং। ৯৯৭॥

১২। সো পি মং বুদ্ধো ব্যাকাসি সিখী লোকগ্গনায়কো,
এক তিংসে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ৯৯৮॥

২৭। তস্সাহং বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্‌ঠাসিং দসপারমি পূরিয়া। ১০১৩॥

২৮। নগর অরুণবতী নাম অরুণো নাম খত্তিয়ো,
পভাবতী নাম জনিকা সিখিস্স চ মহেসিনো। ১০১৪॥

২৯। সত্তবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
সুচন্দো গিরি বহনো তয়ো পাসাদ মুত্তমা। ১০১৫॥

---

১১। হস্তীযান নির্ম্মাণ করত কপ্পিয় বস্তু পূর্ণ করিয়া পূজা করিয়াছিলাম এবং আমার নিত্য দৃঢ়ভাবে উৎপন্ন দান চেতনা পূর্ণ করিয়াছিলাম।

১২। জগতে অগ্রণী নায়ক সিখী বুদ্ধ—"এই হইতে একত্রিশ কল্প পরে ইনি বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যৎ বাণী কহিয়াছিলেন।

১৩। ৯৯৯, ১৪। ১০০০, ১৫। ১০০১, ১৬। ১০০২, ১৭। ১০০৩, ১৮। ১০০৪, ১৯। ১০০৫, ২০। ১০০৬, ২১। ১০০৭, ২২। ১০০৮, ২৩। ১০০৯, ২৪। ১০১০, ২৫। ১০১১, ২৬। ১০১২, এস্থলে ১৩ হইতে ১৬ নম্বর গাথা বিপস্সী বুদ্ধের ১৪ হইতে ১৭ নম্বর গাথার তুল্য। অবশিষ্টগুলি পূর্ব্ব পূর্ব্ব গাথার তুল্য দ্রষ্টব্য।

২৭। আমি তাঁহার অব্যর্থবাণী শুনিয়া বিশেষভাবে চিত্ত প্রসন্ন করিয়াছিলাম এবং দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৮। মহর্ষি সিখী বুদ্ধের জন্মস্থান অরুণবতী নগর, পিতা অরুণ নামক ক্ষত্রিয়, মাতা প্রভাবতী নাম্নী ক্ষত্রিয়ানী।

২৯। তিনি সাত হাজার বৎসর গৃহবাসে ছিলেন। সুচন্দ্র, গিরি ও বহন নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩০। চতুবীসতি সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সব্বকামা নাম সা নারী অতুলো নাম অত্রজো। ১০১৬ ॥

৩১। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
অদ্ধমাসং পধানচারং অচরী পুরিসোত্তমো। ১০১৭ ॥

৩২। ব্রহ্মুনা য়াচিতো সন্তো সিখী লোকগনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১০১৮ ॥

৩৩। অভিভূ সম্ভবো নাম অহেসুং অগ্গসাবকো,
খেমঙ্করো উপট্ঠাকো সিখিস্সাপি মহেসিনো। ১০১৯ ॥

৩৪। অখিলা চেব পদুমা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো পুণ্ডরীকোতি পবুচ্চতি। ১০২০ ॥

৩৫। সিরিবড্ঢো চ চন্দো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
চিত্তা চেব সুগুত্তা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১০২১ ॥

---

৩০। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা চব্বিশ হাজার পরিচারিকা, সর্ব্বকামা নাম্নী প্রধানা স্ত্রী এবং অতুল নামক পুত্র ছিল।

৩১। পুরুষোত্তম সিখী বোধিসত্ত্ব চতুর্ব্বিধ নিমিত্ত দেখিয়া, হস্তী যানারোহণে নিস্ক্রমণ করত অর্দ্ধমাস ধ্যানচর্য্যায় রতছিলেন।

৩২। জগতের শ্রেষ্ঠ নায়ক, নরোত্তম মহাবীর সিখী বুদ্ধ, মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া, মিগদায়ে অনুত্তর ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৩। মহর্ষি সিখী বুদ্ধের অভিভূ ও সম্ভব নামে দুইজন অগ্র শ্রাবক আর ক্ষেমঙ্কর নামক ভিক্ষু সেবক ছিল।

৩৪। অখিলা ও পদুমা অগ্র শ্রাবিকা ছিল, আর তাঁহার বোধিদ্রুম পুণ্ডরীক বৃক্ষ নামে খ্যাত ছিল।

৩৫। তাঁহার শ্রীবর্দ্ধ ও চন্দ্র নামে দুইজন অগ্র উপস্থায়ক আর চিত্রা ও সুগুপ্তা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।



Visit: http://www.buddhistdownload.com

৩৬। উচ্চত্তনেন সো বুদ্ধো সত্ততি হত্থমুগ্গতো,
কঞ্চনগ্ঘিয় সঙ্কাসো দ্বত্তিংস বরলক্খণো। ১০২২॥

৩৭। তস্স ব্যামপ্পভা কায়া রত্তিন্দিবমতন্দিতা *,
দিসোদিসং নিচ্ছরন্তি তীনি যোজনসো পভা। ১০২৩॥

৩৮। সত্ততিবস্স সহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১০২৪॥

৩৯। ধম্মমেঘং পবস্সেত্বা তেময়িত্বা সদেবকং,
খেমন্তং † পাপয়িত্বান নিব্বুতো সো সসাবকো। ১০২৫॥

৪০। অনুব্যঞ্জন সম্পন্নং দ্বত্তিংস বরলক্খণং,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্ব সংখারা। ১০২৬॥

---

৩৬। উচ্চতানুসারে সিখী বুদ্ধ সত্তর হস্ত উচ্চ ছিলেন। তাঁহার দেহ বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ প্রতিমণ্ডিত ও কাঞ্চন প্রভার তুল্য ছিল।

৩৭। তাঁহারও ব্যাম-প্রভামণ্ডিত দেহ হইতে তিন যোজন পর্য্যন্ত দিগ্বিদিক অবিরাম রশ্মি নিঃসৃত হইত।

৩৮। সেই মহর্ষি সিখী বুদ্ধের সত্তর হাজার বৎসর পরমায়ু ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩৯। তিনি ধর্ম্মবারি বর্ষণ পূর্ব্বক দেব-মানবদিগের মন ভিজাইয়াছিলেন এবং তাহাদিগকে নির্ব্বাণ প্রাপ্ত করাইয়া, স-শ্রাবক পরিনির্ব্বাপিত হইয়াছেন।

৪০। অশীতি অনুব্যঞ্জন সম্পন্ন বত্রিশ প্রকার মহাপুরুষ লক্ষণ, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি?

---

* "দিবারত্তিং নিরন্তরং"

† "খেমত্তং"



Visit: http://www.buddhistdownload.com

৪১। সিখী মুনিবরো বুদ্ধো দুস্সারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো তীনি যোজন মুগ্গতো। ১০২৭॥

---

৪১। মুনিবর সিখী বুদ্ধ দুস্সআরামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায় তাঁহার তিন যোজন উচ্চ শ্রেষ্ঠ স্তূপ নির্ম্মিত হইয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

# বেস্‌সভূ বুদ্ধ-বংসো। ২১

১। তথেব মণ্ডকপ্পম্হি অসমো অপ্পটিপুগ্গলো,
বেস্সভূ নাম নামেন লোকে উপ্পজ্জি * নায়কো। ১০২৮॥

২। † আদিত্তং তিচ রাগগ্গি তণ্হানং বিজিতং তদা,
নাগো'ব বন্ধনং ছেত্বা পত্তো সম্বোধি মুত্তমং। ১০২৯॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে বেস্সভূ লোকনায়কে,
অসীতি কোটি সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ১০৩০॥

৪। পক্কন্তে চারিকং রট্ঠে লোকজেট্ঠে ‡ নরাসভে,
সত্ততি কোটি সহস্সানং দুতিয়াভিসময়ো অহূ। ১০৩১॥

---

১। সেই মণ্ডকল্পে, অসামান্য ও অসদৃশ পুরুষ লোকনায়ক বেস্‌সভূ নামক বুদ্ধ জগতে উৎপন্ন হইয়াছিলেন।

২। তিনি রাগাগ্নির দ্বারা প্রজ্বলিত তৃষ্ণাকে জয় করিয়া, হস্তীর ন্যায় তৃষ্ণার বাঁধন ছেদন করিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছিলেন।

৩। লোকনায়ক বেস্‌সভূ বুদ্ধ ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথম বারে অশীতি সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৪। লোক জ্যেষ্ঠ, নরার্ষভ বুদ্ধ রাষ্ট্র বিচরণের জন্য প্রস্থান করিলে, সত্তর হাজার কোটি প্রাণীর দ্বিতীয়বারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

---

* "সো জিন" + "আসিত্তমিব" ‡ "লোক সেট্ঠে"



Visit: http://www.buddhistdownload.com

৫। মহা দিট্‌ঠিং বিনোদেন্তো পাটিহীরং করোতি সো,
সমাগতা নরমরূ দসসহস্সী সদেবকে। ১০৩২॥

৬। মহা অচ্ছরিয়ং দিস্বা অব্ভুতং লোম হংসনং,
দেবা চেব মনুস্সা চ বুজ্ঝরে সট্‌ঠিকোটিয়ো। ১০৩৩॥

৭। সন্নিপাতা তয়ো আসুং বেস্সভূস্স মহেসিনো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ১০৩৪॥

৮। অসীতি ভিক্খু সহস্সানং পঠমো আসি সমাগমো,
† সত্ততিংস সহস্সানং দুতিয়ো আসি সমাগমো। ১০৩৫॥

৯। সট্‌ঠি ভিক্খু সহস্সানং ততিয়ো আসি সমাগমো,
* জরাদি ভয়াতীতানং ওরসানং মহেসিনো। ১০৩৬॥

---

৫। তিনি বলবতী মিথ্যাদৃষ্টি বিনোদনের জন্য ঋদ্ধি দেখাইয়াছিলেন; সে ঋদ্ধি দর্শনের জন্য দশ সহস্র চক্রবালবাসী দেবমানব সমাগত হইয়াছিল।

৬। মহা আশ্চর্য্য, অদ্ভুত ও রোমাঞ্চকর সেই ঋদ্ধি দেখিয়া ষাট কোটি দেবমানব সত্যধর্ম্ম অবগত হইয়াছিল।

৭। মহর্ষি বেস্‌সভূ বুদ্ধের সমদর্শী, শান্তমন, বিমল, ক্ষীণাশ্রব শিষ্য-গণের তিনটা সম্মিলন হইয়াছিল।

৮। প্রথম সমাগমে আশী হাজার, দ্বিতীয় সমাগমে সত্তর হাজার অরহৎ ভিক্ষু সম্মিলিত হইয়াছিল।

৯। মহর্ষি বুদ্ধের ধর্ম্ম ঔরস জাত, জন্ম-জরাদি ভয়াতীত, ষাট হাজার ভিক্ষু তৃতীয় সমাগমে সম্মিলিত হইয়াছিল।

---

† "সত্ততি"

* "জরাদি ভয়ভীতানং" অথবা, "জরাদি ভয় চিন্তানং ওরসানং মহেসিনং"



Visit: http://www.buddhistdownload.com

১০। তস্স বুদ্ধস্স অসমস্স চক্কং বত্তিতমুত্তমং,
সুত্বান পণীতং ধম্মং পব্বজ্জমভিরোচয়িং। ১০৩৭ ॥

১১। অহং তেন সময়েন সুদস্সনো নাম খত্তিয়ো,
অন্নপানেন বত্থেন সসঙ্ঘং জিনমপূজয়িং। ১০৩৮ ॥

১২। মহাদানং পবত্তেত্বা রত্তিংদিবমতন্দিতো,
পব্বজ্জং গুণসম্পন্নং পব্বজিং জিন সন্তিকে। ১০৩৯ ॥

১৩। আচারগুণ সম্পন্নো বত্তসীলসমাহিতো,
সব্বঞ্ঞুতং গবেসন্তো রমামি জিন সাসনে। ১০৪০ ॥

১৪। সদ্ধাপীতিমুপাগন্ত্বা পাদে বন্দামি সত্থরি,
পীতি উপ্পজ্জতী ময়্হং বোধিয়া যেব কারণা। ১০৪১ ॥

১৫। অনিবত্তি মানসং ঞত্বা সম্বুদ্ধো এতদব্রবি,
একতিংসে ইতো কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১০৪২ ॥

---

১০। অসামান্য সেই বেস্‌সভূ বুদ্ধের প্রণীত ও উত্তম ধর্ম্মচক্র দেশনা শুনিয়া প্রব্রজ্যায় অভিরুচি উৎপাদন করিয়াছিলাম।

১১। আমি তখন সুদর্শন নামক ক্ষত্রিয় নরপতিরূপে জন্মগ্রহণ করিয়া, স-শিষ্য বুদ্ধকে মধুর অন্ন পানীয় ও বস্ত্রের দ্বারা পূজা করিয়াছিলাম।

১২। নিরালস্য ভাবে অহোরাত্র মহাদানের অনুষ্ঠান করিয়া, ভগবানের নিকট গুণ-সম্পন্ন প্রব্রজ্যায় প্রব্রজিত হইয়াছিলাম।

১৩। আমি সর্ব্বজ্ঞতা জ্ঞানের সন্ধান করিতে করিতে, আচারগুণ সম্পন্ন ব্রতশীলে একাগ্রচিত্ত হইয়া জিন শাসনে রমিত হইয়াছিলাম।

১৪। আমি শ্রদ্ধাপ্রীতি প্রণোদিত হইয়া শাস্তার পদবন্দনা করিতেছিলাম। বোধিজ্ঞান লাভের জন্য আমার বলবতী প্রীতি উৎপন্ন হইত।

১৫। সম্বুদ্ধ আমার মনের দৃঢ়তা জানিয়া— "ইনি এই হইতে একত্রিশ কল্পান্তরে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩০। তস্সাহং বচনং সুত্বাভিয়্যো চিত্তং পসাদয়িং
উত্তরিং বতমধিট্ঠাসিং দসপারমি পূরিয়া। ১০৫৭ ॥

৩১। * অনোমং নাম নগরং সুপ্পতীতো নাম খত্তিয়ো,
মাতা যসবতী নাম বেস্সভূস্স মহেসিনো। ১০৫৮ ॥

৩২। ছব্বস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
রুচি সুরুচি বড্ঢমানা তয়ো পাসাদ মুত্তমা। ১০৫৯ ॥

৩৩। অনূন তিংসসহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুচিত্তা নাম সা নারী সুপ্পবুদ্ধো নাম অত্রজো। ১০৬০ ॥

---

১৬। ১০৪৩, ১৭। ১০৪৪, ১৮। ১০৪৫, ১৯। ১০৪৬, ২০। ১০৪৭, ২১। ১০৪৮, ২২। ১০৪৯, ২৩। ১০৫০, ২৪। ১০৫১, ২৫। ১০৫২, ২৬। ১০৫৩, ২৭। ১০৫৪, ২৮। ১০৫৫, ২৯। ১০৫৬, এই গাথাগুলিও পূর্ব্ববত।

৩০। আমি তাঁহার বাক্য শুনিয়া, বিশেষভাবে চিত্ত প্রসন্ন করিয়াছিলাম, এবং দশবিধ পারমী পূরণের জন্য উদ্ধরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

৩১। মহর্ষি বেস্‌সভূ বুদ্ধের জন্মস্থান অনোম নামক নগর, পিতা সুপতীত নামক ক্ষত্রিয়, মাতা যশবতী নাম্নী ক্ষত্রিয়ানী।

৩২। তিনি ছয় হাজার বৎসর কাল গৃহবাসে ছিলেন। তাঁহার রুচি, সুরুচি ও বড্‌ঢমান নামে তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩৩। তাঁহার সর্ব্বালঙ্কার বিভূষিতা অন্যূন ত্রিশ হাজার পরিচারিকা, সুচিত্তা নাম্নী প্রধানা ভার্য্যা ও সুপ্রবুদ্ধ নামক পুত্র ছিল।

---

* "অনুপমং"



Visit: http://www.buddhistdownload.com

৩৪। নিমিত্তে চতুরো দিস্বা † সিবিকায়াভিনিক্খমি,
ছ মাসং পধান-চারং অচরী পুরিসুত্তমো। ১০৬১ ॥

৩৫। ব্রহ্মুনা যাচিতো সন্তো বেস্সভূ লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো অরুণারামে নরুত্তমো। ১০৬২ ॥

৩৬। সোণো চ উত্তরো চেব অহেসুং অগ্গসাবকা,
উপসন্তো নামুপট্ঠাকো বেস্সভূস্স মহেসিনো। ১০৬৩ ॥

৩৭। দামাচেব সমালা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধি তস্স ভগবতো ‡ সালো ইতি পবুচ্চতি। ১০৬৪ ॥

৩৮। সোত্থিকো চেব রম্মো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
* গোতমী চ সিরীমা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১০৬৫ ॥

---

৩৪। পুরুষোত্তম বোধিসত্ত্ব, চারি প্রকার নিমিত্ত দেখিয়া, শিবিকা-রোহণে নিষ্ক্রমণ করতঃ ছয়মাস অবধি ধ্যানচর্য্যায় রত ছিলেন

৩৫। মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মহাবীর নরোত্তম লোকনায়ক বেস্সভূবুদ্ধ অরুণারামে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

৩৬। মহর্ষি বেস্সভূ বুদ্ধের সোণ ও উত্তর নামে দুইজন অগ্রশ্রাবক আর উপশান্ত নামক ভিক্ষু সেবক ছিল।

৩৭। দামা ও সমালা অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধি-দ্রুম শাল বৃক্ষ নামে কথিত আছে।

৩৮। সোত্থিকো ও রম্মো নামে দুইজন অগ্রউপস্থায়ক এবং গোতমী ও সিরীমা নাম্নী দুইজন অগ্র উপস্থায়িকা ছিল।

---

"সিবিকায়ানাভিকখমি" § "মহাসালোতি" * "কালগোতমী সিরিমা"



Visit: http://www.buddhistdownload.com

৩৯। সট্‌ঠি রতনমুব্বেধো হেমযূপসমূপমো,
কায়া নিচ্ছরতী রংসী রত্তিংব পব্বতে সিখী। ১০৬৬॥

৪০। সট্‌ঠিবস্স সহস্সানি আয়ুবিজ্জতি তাবদে,
তাবতা তিট্ঠ মানো সো তারেসি জনতং বহুং। ১০৬৭॥

৪১। ধম্মং বিত্থারিকং কত্বা বিভজিত্বা মহাজনং,
ধম্মনাবং ঠপেত্বান নিব্বুতো সো সসাবকো। ১০৬৮॥

৪২। দস্সনেয়্যং সব্বজনং বিহারঞ্চিরিয়াপথং,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্ব সঙ্খারা। ১০৬৯॥

৪৩। বেস্সভূ জিনবরো সত্থা খেমারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ১০৭০॥

---

৩৯। তাঁহার দেহ ষাটহস্ত উচ্চ ছিল। স্বর্ণস্তম্ভ ও রাত্রিতে পর্ব্বত-স্থিত অগ্নির ন্যায় তাঁহার কায়া হইতে রশ্মি নিসৃতঃ হইত।

৪০। তখন বুদ্ধের পরমায়ু ষাট্ হাজার বৎসর ছিল। তিনি তাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনকে ত্রাণ করিয়াছিলেন।

৪১। তিনি নিজের স্বয়ম্ভূ-জ্ঞানলব্ধ সদ্ধর্ম্ম প্রচার করিয়া, প্রাণীদিগকে জ্ঞান ভেদে বিভাগ করতঃ ধর্ম্ম-নৌকায় আরোহণ করাইয়া দিয়া, সশিষ্য নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪২। দর্শনীয় সশ্রাবক বুদ্ধ, বিহার ও ঈর্য্যাপথ, সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সমস্ত সংস্কার রাশি তুচ্ছ নহে কি!

৪৩। জিনবর বেস্‌সভূ-শাস্তা ক্ষেমারামে নির্ব্বাণ লাভ করিয়াছিলেন। তাঁহার শারীরিক ধাতু নানাস্থানে স্থাপিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# ককুসন্ধ বুদ্ধ বংসো । ২২

১ । বেস্সভূস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
ককুসন্ধো নাম নামেন, অপ্পমেয়্যো দুরাসদো । ১০৭১ ॥

২ । উগ্ঘাটেত্বা সব্বভবং চরিয়ায় পারমিং গতো,
সীহো'ব পঞ্জরং ভেত্বা পত্তো সম্বোধিমুত্তমং । ১০৭২ ॥

৩ । ধম্মচক্কং পবত্তেন্তে ককুসন্ধে লোকনায়কে,
চত্তালীস কোটি সহস্সানং পঠমাভি সময়ো অহূ । ১০৭৩ ॥

৪ । অন্তলিক্খম্হি আকাসে যমকং কত্বা বিকুব্বণং,
তিংস কোটি সহস্সানং বোধেসি দেবমানুসে । ১০৭৪ ॥

---

১ । বেস্সভু বুদ্ধের তিরোধানের পর অপ্রমাণ গুণযুক্ত অলঙ্ঘনীয়, দ্বিপদোত্তম ককুসন্ধ নামক সম্বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন ।

২ । পারমী পূরণের দ্বারা পূর্ণতা লাভ করিয়া, সিংহ যেমন পঞ্জর ভেদ করিয়া বাহির হয়, সেরূপ তিনিও সংসারে উৎপত্তির হেতু উদ্ঘাটন পূর্ব্বক উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন ।

৩ । লোক নায়ক ককুসন্ধ বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার সময়, প্রথমবারে চল্লিশ হাজার কোটি প্রাণীর ধর্ম্মাভিজ্ঞান হইয়াছিল ।

৪ । তিনি আকাশের শূন্যপথে "যমক বিকুব্বন" ঋদ্ধি প্রদর্শন করাইয়া ত্রিশ হাজার কোটি দেব মানবকে সত্য ধর্ম্মে প্রবুদ্ধ করিয়াছিলেন ।



Visit: http://www.buddhistdownload.com

৫ । নর দেবস্স যক্খস্স চতু সচ্চপ্পকাসনে,
ধম্মাভিসময়ো তস্স গণনাতো অসংখিয়ো । ১০৭৫ ॥

৬ । ককুসন্ধস্স ভগবতো একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং । ১০৭৬ ॥

৭ । চত্তালীস সহস্সানং তদা আসি সমাগমো,
দন্তভূমিমনুপ্পত্তানং * আসবারি গণক্খয়া ১০৭৭ ॥

৮ । অহং তেন সময়েন × খেমো নামাসিং খত্তিয়ো,
তথাগতে জিনপুত্তে চ দানং দত্বা অনপ্পকং । ১০৭৮ ॥

৯ । পত্তঞ্চ চীবরং দত্বা অঞ্জনং মধুলট্ঠিকং,
ইমেতং পত্থিতং সব্বং পটিয়াদেমি + বরং বরং । ১০৭৯ ॥

---

৫ । নরদেব নামক যক্ষকে চারি আর্য্যসত্য দেশনা করিবার সময়, যেই সমাগম হইয়াছিল, তাহা সংখ্যানুসারে গণনাতীত ।

৬ । ভগবান ককুসন্ধ বুদ্ধের সমদর্শী, শান্তচিত্ত, বিমল ক্ষীণাশ্রব শিষ্য দিগের একবার মাত্র ধর্ম্মসমাগম হইয়াছিল ।

৭ । সেই সমাগমে তৃষ্ণা-অরি বিনাশকারী, দান্ত স্বভাবযুক্ত চল্লিশ-সহস্র অর্হৎ সমাগত হইয়াছিল ।

৮ । তখন আমি ক্ষেম নামক ক্ষত্রিয় নরপতি ছিলাম এবং তথাগত ও জিন-পুত্রদিগকে যথেষ্ট পরিমাণ দান দিয়াছিলাম ।

৯ । আমি পাত্র, চীবর, অঞ্জন ও মধুযষ্টি ইত্যাদি উত্তম উত্তম সমস্ত প্রার্থিত বস্তু সম্পাদন করিয়া দিয়াছিলাম ।

---

* "আসবাদি গণকৃথয়া" × "খেমো নাম খত্তিয়ো" + "পটিয়াদেত্বা"

F—25



Visit: http://www.buddhistdownload.com

১০। সোপি মং মুনি ব্যাকাসি ককুসন্ধো * বিনায়কো,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১০৮০ ॥

২৬। তস্সাহং বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১০৯৬ ॥

২৭। নগরং খেমবতী নাম খেমো নামাসহং তদা,
সব্বঞ্ঞুতং গবেসন্তো পব্বজিং তস্স সন্তিকে। ১০৯৭ ॥

২৮। ব্রাহ্মণো অগ্গিদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
বিসাখা নাম জনিকা ককুসন্ধস্স মহেসিনো। ১০৯৮ ॥

---

১০। বিনায়ক ককুসন্ধ মুনিও "ইনি এই ভদ্র কল্পে, বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে অব্যর্থ ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়াছিলেন।

১১। ১০৮১, ১২। ১০৮২, ১৩। ১০৮৩, ১৪। ১০৮৪, ১৫। ১০৮৫, ১৬। ১০৮৬, ১৭। ১০৮৭, ১৮। ১০৮৮, ১৯। ১০৮৯, ২০। ১০৯০, ২১। ১০৯১, ২২। ১০৯২, ২৩। ১০৯৩, ২৪। ১০৯৪, ২৫। ১০৯৫, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৬। আমি তাঁহার বাক্য শুনিয়া, বিশেষভাবে চিত্ত প্রসন্ন করতঃ দশ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৭। তখন আমি ক্ষেমবতী নগরে, ক্ষেম নামে পরিচিত ছিলাম। সর্ব্বজ্ঞতা অনুসন্ধান করিতে করিতে তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

২৮। মহর্ষি ককুসন্ধ বুদ্ধের পিতা সেই অগ্নিদত্ত ব্রাহ্মণও মাতা বিশাখা নাম্নী ব্রাহ্মণী ছিল।

---

* "লোকনায়কো"



Visit: http://www.buddhistdownload.com

২৯। * বসতি তত্থ খেমপুরে সম্বুদ্ধস্স মহাকুলং,
নরানং পবরং সেট্ঠং জাতিমন্তং মহায়সং। ১০৯৯ ॥

৩০। চতুবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
রুচি সুরুচি বড্ঢমানা তয়ো পাসাদমুত্তমা। ১১০০ ॥

৩১। সমতিংস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
বিরোচমানা নাম নারী উত্তরো নাম অত্রজো। ১১০১ ॥

৩২। নিমিত্তে চতুরো দিস্বা রথয়ানেন নিক্খমি,
অনূনকং অট্ঠমাসং পধানং পদহী জিনো। ১১০২ ॥

৩৩। ব্রহ্মুনা যাচিতো সন্তো ককুসন্ধো লোক নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১০৩ ॥

---

২৯। সেই ক্ষেম নগরে নরদিগের প্রবর ও শ্রেষ্ঠ, উচ্চ কুলীন, মহা-যশস্বী তাঁহার জ্ঞাতিকুল বাস করিত।

৩০। তিনি চারি হাজার বৎসর গৃহবাসে ছিলেন। রুচি, সুরুচি ও বড্ঢমান নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩১। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা ত্রিশ হাজার পরিচারিকা, বিরোচমানা নাম্নী প্রধানা স্ত্রী ও উত্তর নামক পুত্র ছিল।

৩২। চারি প্রকার নিমিত্ত দর্শন করিয়া, রথারোহণে অভিনিষ্ক্রমণ করত অন্যূন আটমাস পর্য্যন্ত ধ্যান চর্য্যায় রত ছিলেন।

৩৩। নরোত্তম, লোকনায়ক, মহাবীর ককুসন্ধ বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।

---

* "বসী"



Visit: http://www.buddhistdownload.com

৩৪। বিধুরো * সঞ্জিব নামোচ অহেসুং অগ্গসাবকা,
+ বুদ্ধিজো নামুপট্ঠাকো ককুসন্ধস্স সত্থুনো। ১১০৪ ॥

৩৫। সামা চ চম্পানামা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো সিরীসোতি পবুচ্চতি। ১১০৫ ॥

৩৬। অচ্চুতো চ সুমনো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
নন্দা চেব সুনন্দা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১০৬ ॥

৩৭। চত্তালীস রতনানি অচ্চুগ্গতো মহামুনি,
কনকপ্পভা নিচ্ছরতি সমন্তা দ্বাদস যোজনং। ১১০৭ ॥

৩৮। চত্তালীস বস্সসহস্সানি আয়ু তস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১০৮ ॥

---

৩৪। ককুসন্ধ শাস্তার বিধুর ও সঞ্জীব নামে দুইজন অগ্রশ্রাবক আর বুদ্ধিজ নামক ভিক্ষু সেবক ছিল।

৩৫। সামা ও চম্পনামা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিবৃক্ষ শিরিস বৃক্ষ নামে কথিত হয়।

৩৬। অচ্চুত ও সুমন অগ্রউপস্থায়ক ছিল, আর নন্দা ও সুনন্দা নাম্নী দুইজন অগ্রউপস্থায়িকা ছিল।

৩৭। মহামুনি ককুসন্ধ বুদ্ধ, চল্লিশ হাত পরিমাণ উচ্চ ছিলেন। তাঁহার শরীর হইতে কনক প্রভার তুল্য রশ্মি চারিদিকে দ্বাদশ যোজন পর্য্যন্ত নিঃসৃত হইত।

৩৮। সেই মহর্ষি ককুসন্ধের চল্লিশ হাজার বৎসর পরমায়ু ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

---

* "সঞ্জীবো নামচ" + "ভদ্দিজো"



Visit: http://www.buddhistdownload.com

৩৯। ধম্মাপণং পসারিত্বা নরনারিনং সদেবকে,
নদিত্বা সীহনাদঞ্চ নিব্বুতো সো সসাবকো। ১১০৯ ॥

৪০। অট্ঠঙ্গবচনসম্পন্নো অচ্ছিদ্দানি নিরন্তরং,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্বসংখারা। ১১১০ ॥

৪১। ককুসন্ধো জিনবরো খেমারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স থূপবরো গাবুত নভমুগ্গতো। ১১১১ ॥

---

৩৯। তিনি সিংহনাদে ধর্ম্মদেশনা করতঃ দেব-মানব নরনারীদের জন্য ধর্ম্মের দোকান খুলিয়া দিয়া, সশিষ্য পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪০। অষ্টাঙ্গ মধুরস্বর বিশিষ্ট বুদ্ধও নিরন্তর তৃষ্ণাছিদ্র বিরহিত শ্রাবক-গণ, সকলেই অন্তর্হিত হইয়াছেন। অহো, সমস্ত সংস্কারধর্ম্ম তুচ্ছ অসার নহে কি!

৪১। জিনবর ককুসন্ধ বুদ্ধ ক্ষেমারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন, তথায় তাঁহার উদ্দেশ্যে গব্যুত প্রমাণ সমুন্নত স্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# কোনাগমন বুদ্ধ বংসো। ২৩

১। ককুসন্ধস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
কোনাগমনো নাম জিনো লোকজেট্‌ঠো নরাসভো। ১১১২॥

২। দসধম্মে পূরয়িত্বান কন্তারং সমতিক্কমি,
পবাহিয় মলং সব্বং পত্তো সম্বোধিমুত্তমং। ১১১৩॥

৩। ধম্মচক্কং পবত্তেন্তে কোনাগমন নায়কে,
তিংসকোটি সহস্সানং পঠমাভিসময়ো অহূ। ১১১৪॥

৪। পাটিহীরং করোন্তেচ পরবাদপ্পমদ্দনে,
বীসতিকোটি সহস্সানং দুতিয়াভি সময়ো অহূ। ১১১৫॥

৫। ততো বিকুব্বণং কত্বা জিনো দেবপুরং গতো,
বসতি তত্থ সম্বুদ্ধো সিলায়ং পণ্ডুকম্বলে। ১১১৬॥

---

১। ককুসন্ধ বুদ্ধের পরে, দ্বিপদোত্তম, লোক জ্যেষ্ঠ, নরার্ষভ সম্বুদ্ধ কোনাগমন জিন, জগতে অবতীর্ণ হইয়াছিলেন।

২। তিনি দশবিধ পারমী পূর্ণ করিয়া, জন্ম-কান্তার অতিক্রম ও কাম-রাগাদি সমস্ত পাপমল বিদূরীত করিয়া উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন।

৩। লোক নায়ক কোনাগমন বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে ত্রিশ হাজার কোটি প্রাণী প্রথম বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৪। পরপ্রবাদ মর্দ্দন করিবার জন্য যখন প্রাতিহার্য্য দেখাইয়াছিলেন, তখন বিশ হাজার কোটি প্রাণী দ্বিতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৫। তারপর কোনাগমন জিন "বিকুব্বণ" ঋদ্ধি দেখাইয়া দেবপুরে গিয়াছিলেন। তথায় পাণ্ডুকম্বল শিলাসনে বাস করিতেন।



Visit: http://www.buddhistdownload.com

৬। পকরণে সত্ত দেসেন্তো বস্সং বসতি সো মুনি,
দসকোটি সহস্সানং ততিয়াভি সময়ো অহূ। ১১১৭ ॥

৭। তস্সাপি দেবদেবস্স একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সন্তচিত্তান তাদিনং। ১১১৮ ॥

৮। তিংস ভিক্খু সহস্সানং তদা আসি সমাগমো,
* ওঘানমতিক্কন্তানং ভিজ্জিতানং চ মচ্চুয়া। ১১১৯ ॥

৯। অহংতেন সময়েন পব্বতো নাম খত্তিয়ো,
মিত্তামচ্চেহি সম্পন্নো † অনন্ত বলবাহনো। ১১২০ ॥

১০। সম্বুদ্ধ দস্সনং গন্ত্বা সুত্বা ধম্মং অনুত্তরং,
নিমন্তেত্বা সজিনং সঙ্ঘং দানং দত্বা + যদিচ্ছকং। ১১২১॥

---

৬। কোনাগমন মুনি দেবপরিষদে সপ্ত প্রকরণ অভিধর্ম্ম দেশনা করিতে করিতে, তথায় বর্ষাযাপন করিয়াছিলেন। তখন দশ হাজার কোটি প্রাণী তৃতীয় বারে ধর্ম্মজ্ঞান লাভ করিয়াছিল।

৭। সেই দেবাতিদেব কোনাগমন বুদ্ধের সমদর্শী, শান্তমন ও নির্ম্মল ক্ষীণাশ্রব ভিক্ষু শিষ্যদের একবার মাত্র সমাগম হইয়াছিল।

৮। তখন কাম-ভব-দৃষ্টি ও অবিদ্যা এই চারি সংসার স্রোত অতিক্রান্ত ও মরণ-ভয়-বিমুক্ত ত্রিশ হাজার ভিক্ষু সমাগত হইয়াছিল।

৯। তখন আমি মিত্র অমাত্যাদির দ্বারা পরিবৃত অনন্ত বলবাহনযুক্ত পব্বত নামক ক্ষত্রিয় রাজা ছিলাম।

১০। বুদ্ধদর্শনের জন্য যাইয়া, অনুত্তর ধর্ম্মশ্রবণ করিয়াছিলাম, এবং নিমন্ত্রণ করিয়া বুদ্ধ সহিত সঙ্ঘকে যথেচ্ছা দান দিয়াছিলাম।

---

* "অতিক্কন্ত চতুরোঘানং" † "বলবাহনমনপ্পকং" + "যথিচ্ছিকং"



Visit: http://www.buddhistdownload.com

১১। পত্তুণ্ণং চীনপট্টঞ্চ কোসেয্যং কম্বলম্পিচ,
সোবণ্ণ পাদুকঞ্চেব অদাসিং সত্থু সাবকে। ১১২২ ॥

১২। সো পি মং মুনি ব্যাকাসি সঙ্ঘমজ্ঝে নিসীদিয়,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১১২৩ ॥

২৭। তস্সাপি বচনং সুত্বা ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১১৩৮ ॥

২৮। সব্বঞ্ঞুতং গবেসন্তো দানং দত্বা নরুত্তমে,
* ওহায়াহং মহারজ্জং পব্বজিং জিনসন্তিকে। ১১৩৯ ॥

---

১১। পত্তুর্ণ বস্ত্র, চীন বস্ত্র, পট্টবস্ত্র, কৌসেয্য, কম্বল এবং সুবর্ণ পাদুকা বুদ্ধের শিষ্যগণকে দান করিয়াছিলাম।

১২। সেই কোনাগমন মুনি সংঘমধ্যে বসিয়া— "ইনি এই ভদ্র কল্পে বুদ্ধ হইবেন" বলিয়া আমাকে ভবিষ্যৎ বাণী ব্যক্ত করিয়াছিলেন।

১৩। ১১২৪, ১৪। ১১২৫, ১৫। ১১২৬, ১৬। ১১২৭, ১৭। ১১২৮, ১৮। ১১২৯, ১৯। ১১৩০, ২০। ১১৩১, ২১। ১১৩২, ২২। ১১৩৩, ২৩। ১১৩৪, ২৪। ১১৩৫, ২৫। ১১৩৬, ২৬। ১১৩৭, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

২৭। আমি তাঁহারো ভবিষ্যৎবাণী শুনিয়া, বিশেষ ভাবে চিত্ত প্রসন্ন করত, দশবিধ পারমী পরিপূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

২৮। সর্ব্বজ্ঞ জ্ঞানমার্গ অন্বেষণ মানসে নরোত্তম বুদ্ধকে দান দিয়া মহারাজ্য পরিত্যাগ পূর্ব্বক তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

---

* "ওহায়িমং"



Visit: http://www.buddhistdownload.com

২৯। নগরং সোভবতী নাম সোভো নামাসি খত্তিয়ো,
বসতী তত্থ নগরে সম্বুদ্ধস্স মহাকুলং। ১১৪০ ॥

৩০। ব্রাহ্মণো যঞ্ঞদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
উত্তরা নাম জনিকা কোনাগমনস্স সত্থুনো। ১১৪১ ॥

৩১। তীণি বস্স সহস্সানি অগারং অজ্ঝসো বসী,
তুসিত, সন্তুসিত, সন্তুট্ঠা তয়ো পাসাদমুত্তমা। ১১৪২ ॥

৩২। অনূন সোলস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
রুচিগত্তা নাম নারী সত্থবাহো নাম অত্রজো। ১১৪৩ ॥

৩৩। নিমিত্তে চতুরো দিস্বা হত্থিয়ানেন নিক্খমি,
ছ মাসং পধান চারং অচরী পুরিসুত্তমো। ১১৪৪ ॥

৩৪। ব্রহ্মুনা যাচিতো সন্তো কোনাগমনো নায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১৪৫ ॥

---

২৯। তাঁহার জন্মস্থান সোভবতী নগর, তথায় সোভ নামক ক্ষত্রিয় রাজা রাজত্ব করিতেন, সেই নগরে সম্বুদ্ধের মহাজ্ঞাতিকুল বাস করিতেন।

৩০। শাস্তা কোনাগমন বুদ্ধের পিতা যজ্ঞদত্ত নামক ব্রাহ্মণ এবং উত্তরা নাম্নী ব্রাহ্মণী মাতা ছিল।

৩১। তিনি তিন সহস্র বৎসর গৃহবাসে ছিলেন, তাঁহার তুষিত, সন্তুষিত, ও সন্তুষ্টা নামে তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

৩২। তাঁহার সর্ব্বাভরণ বিভূষিতা অন্যূন ষোড়শ সহস্র পরিচারিকা ও রুচিগত্তা নাম্নী প্রধানা স্ত্রী ও সত্থবাহ নামক পুত্র ছিল।

৩৩। পুরুষোত্তম বোধিসত্ত্ব চারি প্রকার নিমিত্ত দেখিয়া হস্তী যানারোহণে নিষ্ক্রমণ করতঃ ছয়মাস যাবৎ ধ্যান চর্য্যায় রতছিলেন।

৩৪। নরোত্তম, মহাবীর, নায়ক কোনাগমন বুদ্ধ মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৩৫। * ভীয়্যসো উত্তরো নাম অহেসুং অগ্গসাবকা,
† সোত্থিজো নামুপট্ঠাকো কোনাগমনস্স সত্থুনো। ১১৪৬॥

৩৬। সমুদ্দা চ উত্তরা চেব অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবন্তো উদুম্বরোতি পবুচ্চতি। ১১৪৭॥

৩৭। উগ্গোচ সোমদেবো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
সীবলা চেব সামাচ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১৪৮॥

৩৮। উচ্চত্তনেন সো বুদ্ধো তিংস হত্থ সমুগ্গতো,
উক্কামুখে যথাকম্বু এবং রংসীহি মণ্ডিতো। ১১৪৯॥

৩৯। তিংস বস্স সহস্সানি আয়ু বুদ্ধস্স তাবদে,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১৫০॥

---

৩৫। শাস্তা কোনাগমন বুদ্ধের ভীয়্যস ও উত্তর নামে দুইজন অগ্রশ্রাবক এবং সোত্থিজ নামক ভিক্ষু উপস্থায়ক ছিল।

৩৬। সমুদ্দা ও উত্তরা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম উদুম্বর (ডমুর) বৃক্ষ বলিয়া কথিত আছে।

৩৭। উগ্গ্গো ও সোমদেব নামে দুইজন অগ্র দায়ক এবং সীবল ও সামা নাম্নী দুইজন অগ্রদায়িকা ছিল।

৩৮। উচ্চতা অনুসারে সেই বুদ্ধ ত্রিশ হাত উচ্চ ছিলেন। স্বর্ণকারের ইন্ধন দগ্ধ স্বর্ণ যেমন জ্যোতিষ্মান্ হয়, সেরূপ তাঁহার শরীরও বুদ্ধরশ্মি প্রতিমণ্ডিত ছিল।

৩৯। তখন বুদ্ধের পরমায়ু ত্রিশ হাজার বৎসর ছিল। তিনিততকাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

---

* "ভীয়্যোসো" † "সোত্থিজো "সেট্ঠিজো" কোন কোন গ্রন্থে।



Visit: http://www.buddhistdownload.com

৪০। ধম্মচেতি সমুস্সিত্বা ধম্মদুস্স বিভূসিতং,
ধম্মপুপ্ফগুলং কত্বা নিব্বুতো সো সসাবকো। ১১৫১॥
৪১। মহা বিলাসো তস্স জনো সিরিধম্মপ্পকাসনো,
সব্বং সমন্তরহিতং ননুরিত্তা সব্ব সংখারা। ১১৫২॥
৪২। কোনাগমনো সম্বুদ্ধো পব্বতারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ১১৫৩॥

---

৪০। তিনি সপ্তত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্মচৈত্য প্রতিষ্ঠিত করতঃ চারিআর্য্য সত্য পতাকায় ভূষিত করিয়াছিলেন। ধর্ম্মপুষ্পের মালা গাঁথিয়া সশ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।

৪১। তাঁহার লোকোত্তর শ্রীধর্ম্ম প্রকাশক, ঋদ্ধি-বিলাস সম্পন্ন শ্রাবক-গণ সকলেই অন্তর্হিত হইয়াছে। অহো! সংস্কার সমূহ রিক্ত নহে কি!

৪২। কোনাগমন সম্বুদ্ধ পর্ব্বতারামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে বিস্তার লাভ করিয়াছে।



Visit: http://www.buddhistdownload.com

# কস্সপ বুদ্ধ-বংসো । ২৪

১ । কোনাগমনস্স অপরেন সম্বুদ্ধো দ্বিপদুত্তমো,
কস্সপো নাম নামেন ধম্মরাজা পভঙ্করো । ১১৫৪ ॥

২ । সঞ্ছড্ডিতং কুলমূলং বহুং চ পান ভোজনং,
দত্বান যাচকে দানং পূরয়িত্বান মানসং,
উসভো'ব আলকং ভেত্বা পত্তো সম্বোধিমুত্তমং । ১১৫৫ ॥

৩ । ধম্মচক্কং পবত্তেন্তে কস্সপে লোকনায়কে,
বীসতি কোটি সহস্সানং পঠমাভিসময়ো অহু । ১১৫৬ ॥

৪ । চতুমাসং যদা বুদ্ধো লোকে চরতি চারিকং,
দসকোটি সহস্সানং দুতিয়াভি সময়ো অহু । ১১৫৭ ॥

---

১ । কোনাগমন বুদ্ধের পরে, দ্বিপদোত্তম, প্রভঙ্কর, ধর্ম্মরাজ কশ্যপ নামক সম্বুদ্ধ জগতে আবির্ভূত হইয়াছিলেন ।

২ । বহু অন্নপানীয় সম্পন্ন গৃহবাস ত্যাগ করতঃ যাচক দিগকে দান দিয়া মনস্কাম পূর্ণ করিয়াছিলেন এবং বৃষভ তুল্য গোষ্ঠভেদ করিয়া উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছিলেন ।

৩ । জগতের ত্রাণ কর্ত্তা কশ্যপ বুদ্ধ, ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলে, বিংশতি সহস্র কোটি প্রাণীর প্রথম বারে, ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল ।

৪ । বুদ্ধ যখন চারিমাস যাবৎ লোকে বিচরণ করিয়াছিলেন, তখন দ্বিতীয় বারে দশ সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল ।



Visit: http://www.buddhistdownload.com

৫। যমকং বিকুব্বণং কত্বা * ঞাণধাতুং পকাসয়ি,
পঞ্চকোটি সহস্সানং ততিয়াভিসময়ো অহূ। ১১৫৮॥

৬। সুধম্মদেবপুরে রম্মে তত্থ ধম্মং পকাসয়ি,
তীনি কোটি সহস্সানং দেবানং বোধয়ী জিনো। ১১৫৯॥

৭। নরদেবস্স যক্খস্স অপরে ধম্মদেসনে,
এতেসানং অভিসময়া গণনাতো অসঙ্খিয়া। ১১৬০॥

৮। তস্সাপি দেবদেবস্স একো আসি সমাগমো,
খীণাসবানং বিমলানং সান্তচিত্তান তাদিনং। ১১৬১॥

৯। বীসতি ভিক্খু সহস্সানং তদা আসি সমাগমো,
† অতিক্কন্তরাগবন্তানং হিরিসীলেন তাদিনং। ১১৬২॥

---

৫। যমক প্রাতিহার্য্য দেখাইয়া সর্ব্বজ্ঞতা জ্ঞান প্রকাশ করিবার সময়, তৃতীয় বারে পাঁচ সহস্র কোটি প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৬। মারজিৎ জিন, রমণীয় দেব পুরের সুধর্ম্ম সভায় অভিধর্ম্ম দেশনা করিয়াছিলেন, তথায় তিন সহস্র কোটি দেবতাকে ধর্ম্মজ্ঞানে প্রবুদ্ধ করিয়াছিলেন।

৭। নরদেব নামক যক্ষের দমনার্থ ধর্ম্মদেশনা ও অপর দেশনার সময়, ধর্ম্মাববোধ কারী প্রাণী গণনানুসারে সংখ্যাতীত ছিল।

৮। সেই দেবাতিদেব কশ্যপ বুদ্ধের সমদর্শী, বিমল, শান্তচিত্ত ক্ষীণাশ্রব দিগের একবার মাত্র সমাগম হইয়াছিল।

৯। সেই সমাগমে লজ্জা, শীল ও সমভাব সম্পন্ন ভবরাগ অতিক্রান্ত বিংশতি সহস্র ভিক্ষু সমাগত হইয়াছিল।

---

* "ঞাণ ধাতুম্পকিত্তয়ী" † "অতিক্কন্ত ভবত্তানং" "অতিক্কন্ত ভবকন্তানং"



Visit: http://www.buddhistdownload.com

১০। + অহং তেন সময়েন জ্যোতিপালোতি বিস্সুতো,
অজ্ঝায়কো মন্তধরো তিণ্ণং বেদান পারগু। ১১৬৩॥

১১। লক্খণে ইতিহাসে চ সধম্মে পারমিং গতো,
ভূম্মন্তলিক্খে কুসলো কতবিজ্জো ‡ অনাময়ো। ১১৬৪॥

১২। কস্সপস্স ভগবতো ঘটীকারো নামুপট্ঠাকো,
সগারবো সপ্পতিস্সো নিব্বুতো ততিয়ে ফলে। ১১৬৫॥

১৩। আদায় মং ঘটীকারো উপগচ্ছি কস্সপং জিনং,
তস্স ধম্মং সুণিত্বান পব্বজিং তস্স সন্তিকে। ১১৬৬॥

১৪। আরদ্ধবিরিয়ো হুত্বা বত্তাবত্তেসু কোবিদো,
† নক্কচি পরিহায়ামি পূরেমি জিন সাসনং। ১১৬৭॥

---

১০। ১১। আমি তখন অধ্যাপক, মন্ত্রধারী, ত্রিবেদ পারদর্শী, মহাপুরুষ-লক্ষণ, ইতিহাস শাস্ত্র, স্বকীয় ব্রাহ্মণ-ধর্ম্ম, ভূতত্ত্ব ও জ্যোতিষ শাস্ত্রে সুনিপুণ কৃতবিদ্য জ্যোতিপাল ব্রাহ্মণ নামে বিখ্যাত ছিলাম।

১২। বুদ্ধ গৌরবকারী বিনীত ও অনাগামী ফল প্রাপ্ত ঘটীকার নামক ব্যক্তি কশ্যপ বুদ্ধের সেবক ছিল।

১৩। ঘটীকার আমাকে সঙ্গে লইয়া কশ্যপজিনের নিকট উপনীত হইয়াছিল। তাঁহার ধর্ম্ম শুনিয়া, আমি তাঁহার নিকট প্রব্রজিত হইয়াছিলাম।

১৪। তখন আমি আরব্ধবীর্য্য, ছোট বড় ব্রত সম্পাদনে সুদক্ষ ছিলাম। শীল সমাধি ইত্যাদি, কোনটার পরিহানি না করিয়া জিন-শাসন পূর্ণ করিতাম।

---

\+ "অহং তদা মাণবকো" ‡ "অনাবয়ো" † "ন ক্বচি পরিভায়ামি"



Visit: http://www.buddhistdownload.com

১৫। যাবতা বুদ্ধ ভণিতং নবঙ্গং জিন সাসনং,
সব্বং পরিয়াপুণিত্বান সোভয়িং জিন সাসনং। ১১৬৮॥

১৬। মম অচ্ছরিয়ং দিস্বা সো পি বুদ্ধো বিয়াকরি,
ইমম্হি ভদ্দকে কপ্পে অয়ং বুদ্ধো ভবিস্সতি। ১১৬৯॥

৩৩। তস্সাপি বচনং সুত্বা * ভিয়্যো চিত্তং পসাদয়িং,
উত্তরিং বতমধিট্ঠাসিং দস পারমি পূরিয়া। ১১৮৬॥

৩৪। এবমহং সংসরিত্বা পরিবজ্জেন্তো অনাচারং,
দুক্করঞ্চ কতং মযহং বোধিয়া যেব কারণা। ১১৮৭॥

---

১৫। বুদ্ধভাষিত নবাঙ্গ শাস্তা-শাসন যে পর্য্যন্ত ছিল, তৎসমুদয় ভালরূপে শিক্ষা করিয়া জিন-শাসন পরিশোভিত করিয়াছিলাম।

১৬। সেই কশ্যপ বুদ্ধও আমার আশ্চর্য্য কর্ম্মকুশলতা এবং অসাধারণ প্রতিপত্তি দেখিয়া—"ইনি এই ভদ্র কল্পে বুদ্ধ হইবেন" বলিয়া প্রকাশ করিয়াছিলেন।

১৭। ১১৭০, ১৮। ১১৭১, ১৯। ১১৭২, ২০। ১১৭৩, ২১। ১১৭৪, ২২। ১১৭৫, ২৩। ১১৭৬, ২৪। ১১৭৭, ২৫। ১১৭৮, ২৬। ১১৭৯, ২৭। ১১৮০, ২৮। ১১৮১, ২৯। ১১৮২, ৩০। ১১৮৩, ৩১। ১১৮৪, ৩২। ১১৮৫, এই গাথাগুলিও পূর্ব্ববৎ।

৩৩। তাঁহারও বাক্য শুনিয়া, বিশেষ ভাবে চিত্ত প্রসন্ন করতঃ দশবিধ পারমী পূরণের জন্য উত্তরিতর ব্রতাধিষ্ঠান করিয়াছিলাম।

৩৪। আমি এইভাবে জন্মান্তর গ্রহণ করিতে করিতে অনাচার পরিবর্জ্জন করিয়া, আমার বোধিজ্ঞান লাভের জন্য অনেক দুষ্কর ক্রিয়া করিয়াছিলাম।

---

* "হট্ঠো সংবিগ্গমানসো" লঃথ



Visit: http://www.buddhistdownload.com

৩৫। নগরং বারাণসী নাম কিকী নামাসি খত্তিয়ো,
বসতি তত্থ নগরে সম্বুদ্ধস্স মহাকুলং। ১১৮৮॥

৩৬। ব্রাহ্মণো ব্রহ্মদত্তো চ আসি বুদ্ধস্স সো পিতা,
মাতা ধনবতী নাম কস্সপস্স মহেসিনো। ১১৮৯॥

৩৭। দুবেবস্স সহস্সানি অগারং অজ্ঝ সো বসী,
হংসো যসো সিরিনন্দো তয়ো পাসাদমুত্তমা। ১১৯০॥

৩৮। তিসোলস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
সুনন্দা নাম সা নারী বিজিতসেনো নাম অত্রজো। ১১৯১॥

৩৯। নিমিত্তে চতুরো দিস্বা পাসাদেনাভিনিক্খমি,
সত্তাহং পধান চারং অচরী পুরিসুত্তমো। ১১৯২॥

৪০। ব্রহ্মুনা যাচিতো সন্তো কস্সপো লোকনায়কো,
বত্তিচক্কং মহাবীরো মিগদায়ে নরুত্তমো। ১১৯৩॥

---

৩৫। বুদ্ধের জন্মস্থান বারাণসী নগর, সেখানে কিকী নামক ক্ষত্রিয় রাজা রাজত্ব করিত। তথায় সম্বুদ্ধের মহাজ্ঞাতিকুল বাস করিত।

৩৬। মহর্ষি কশ্যপ বুদ্ধের পিতা ব্রহ্মদত্ত নামক ব্রাহ্মণ, মাতা ধনবতী নাম্নী ব্রাহ্মণী ছিল।

৩৭। তিনি দুই হাজার বৎসর গৃহবাসে ছিলেন। হংস, যশ ও সিরিনন্দ নামে তাঁহার তিনখানি উত্তম প্রাসাদ ছিল।

৩৮। তাঁহার সর্ব্বালঙ্কার প্রতিমণ্ডিতা আটচল্লিশ হাজার পরিচারিকা, সুনন্দা নাম্নী প্রধানা স্ত্রী ও বিজিত সেন নামক পুত্র ছিল।

৩৯। পুরুষোত্তম বোধিসত্ত্ব চারিপ্রকার নিমিত্ত দেখিয়া পদব্রজে নিষ্ক্র-মণ করতঃ অন্যূন সপ্তাহকাল ধ্যানচর্য্যায় রত ছিলেন।

৪০। নরোত্তম লোক নায়ক মহাবীর কশ্যপ বুদ্ধ, মহাব্রহ্মার প্রার্থনায় মিগদায়ে ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

৪১। তিস্সো চ ভারদ্বাজো চ অহেসুং অগ্গসাবকা,
সব্বমিত্তো উপট্ঠাকো কস্সপস্স মহেসিনো। ১১৯৪॥

৪২। অনুলা চ উরুবেলা চ অহেসুং অগ্গসাবিকা,
বোধিতস্স ভগবতো নিগ্রোধোতি পবুচ্চতি। ১১৯৫॥

৪৩। সুমঙ্গলো ঘটীকারো চ অহেসুং অগ্গুপট্ঠকা,
বিজিত সেনা চ ভদ্দা চ অহেসুং অগ্গুপট্ঠিকা। ১১৯৬॥

৪৪। উচ্চত্তনেন সো বুদ্ধো বীসতি রতনমুগ্গতো,
বিজ্জুলট্ঠীব আকাসে চন্দো'ব গহ পূরিতো। ১১৯৭॥

৪৫। বীসতি বস্স সহস্সানি আয়ুতস্স মহেসিনো,
তাবতা তিট্ঠমানো সো তারেসি জনতং বহুং। ১১৮৮॥

৪৬। ধম্মতলাকং মাপেত্বা সীলং দত্বা বিলেপনং,
ধম্মদুস্সং নিবাসেত্বা ধম্মমালং * বিভজ্জিয়। ১১৯৯॥

---

৪১। মহর্ষি কশ্যপ বুদ্ধের তিষ্য ও ভারদ্বাজ নামে দুইজন অগ্রশ্রাবক, সর্ব্বমিত্র নামক ভিক্ষু সেবক ছিল।

৪২। অনুলা ও উরুবেলা নাম্নী দুইজন অগ্রশ্রাবিকা ছিল। সেই ভগবানের বোধিদ্রুম ন্যগ্রোধ বৃক্ষ নামে প্রসিদ্ধ ছিল।

৪৩। তাঁহার সুমঙ্গল ও ঘটীকার অগ্রউপস্থায়ক, বিজিত সেনা ও ভদ্রা নাম্নী দুইজন অগ্রউপস্থায়িকা ছিল।

৪৪। উচ্চতানুসারে তিনি বিশহাত উচ্চ ছিলেন। তিনি আকাশের বিদ্যুৎ ও নক্ষত্র পরিবেষ্টিত পূর্ণচন্দ্রের ন্যায় শোভিত ছিলেন।

৪৫। মহর্ষি কশ্যপ বুদ্ধের পরমায়ু বিশ সহস্র বৎসর ছিল। তিনি তাবৎকাল জীবিত থাকিয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৪৬। ধর্ম্মতড়াগ নির্ম্মাণ করিয়া, শীলের লেপন দিয়া, ধর্ম্মবস্ত্র পরিধান পূর্ব্বক, ধর্ম্মপুষ্পের মালা রচনা করিয়াছিলেন।

---

* "বিরাজিয়"



Visit: http://www.buddhistdownload.com

৪৭। ধম্ম বিমলমাদাসং ঠপয়িত্বা মহাজনে,
কেচি নিব্বাণং পত্থেন্তা পস্সন্তু মে অলঙ্করং। ১২০০॥

৪৮। সীলকঞ্চুকং দত্বান + ঝানকবচ বম্মিতং,
ধম্মচম্মং পারুপিত্বা দত্বা সন্নাহমুত্তমং। ১২০১॥

৪৯। সতিফলকং দত্বান তিখিণং ঞাণ কুন্তিমং,
ধম্মখগ্গবরং দত্বা সীলং সংসগ্গ মদ্দনং। ১২০২॥

৫০। তেবিজ্জ ভূসণং দত্বা আবেলং চতুরো ফলে,
ছলভিঞ্ঞাভরণং দত্বা ধম্মপুপ্ফ পিলন্ধনং। ১২০৩॥

৫১। সদ্ধম্মপণ্ডরং ছত্তং দত্বা পাপ নিবারণং,
* মাপয়িত্বাভয়ং পুপ্ফং নিব্বুতো সো সসাবকো। ১২০৪॥

---

৪৭। তৎপর ধর্ম্মরূপ নির্ম্মল আয়না, জনসাধারণের সম্মুখে রাখিয়া বলিয়াছিলেন—কেহ নির্ব্বাণ প্রার্থনা করিলে, আমার ধর্ম্মালঙ্কার দর্শন করুক।

৪৮। তিনি শীল কঞ্চুক দিয়া, ধ্যান কবচ বন্ধন পূর্ব্বক, ধর্ম্মচর্ম্ম পরিধান করাইয়া উত্তম উৎসাহ অস্ত্র প্রদান করিয়াছিলেন।

৪৯। তিনি লোকোত্তর ক্লেশ নিবারণের জন্য, স্মৃতি ফলক, সুতীক্ষ্ণ জ্ঞান খন্তা ও মার্গ প্রজ্ঞারূপ উত্তম খড়্গ প্রদান করিয়াছিলেন।

৫০। তিনি ত্রিবিদ্যা-ভূষণ, চারি শ্রামণ্যফল-হস্ত বলয়, ষড়াভিজ্ঞা আভরণ ও ধর্ম্ম পুষ্পালঙ্কার দিয়া—

৫১। পাপ নিবারক বিশুদ্ধ শ্বেত সদ্ধর্ম্মছত্র দিয়াছিলেন। অতঃপর নির্ব্বাণ-পুরগামী অভয় আর্য্য মার্গ-পুষ্প নির্ম্মাণ করতঃ সশ্রাবক নির্ব্বাণ লাভ করিয়াছেন।

---

+ "ঝান কবচ ধম্মিকং" * "মাপেত্বা অভয়ং পুপ্ফং।"



Visit: http://www.buddhistdownload.com

৫২। এসো হি সম্মাসম্বুদ্ধো অপ্পমেয়্যো দুরাসদো,
এসো হি ধম্মরতনো স্বাক্খাতো এহি পস্সিকো। ১২০৫॥

৫৩। এসো হি সঙ্ঘরতনো সুপ্পটিপন্নো অনুত্তরো,
সব্বং সমন্তরহিতং ননু রিত্তা সব্বসঙ্খারা। ১২০৬॥

৫৪। মহাকস্সপো জিনবরো সত্থা সেতব্যারামম্হি নিব্বুতো,
তত্থেব তস্স জিনথূপো যোজনুব্বেধ মুগ্গতো। ১২০৭॥

---

৫২। অপ্রমেয়-অলঙ্ঘনীয় এই সম্যক সম্বুদ্ধ, সু-ব্যাখ্যাত ও স্বয়ং প্রত্যক্ষিতব্য এই ধর্ম্মরত্ন—

৫৩। সুপ্রতিপন্ন অনুত্তর পুণ্যক্ষেত্র এই সঙ্ঘ রত্ন সমস্তই অন্তর্হিত হইয়াছে। অহো! সংস্কার সমূহ অনিত্য নহে কি?

৫৪। মারজিৎ জিন, মহাকশ্যপ শাস্তা সেতব্য আরামে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তথায়ই তাঁহার যোজন প্রমাণ উচ্চ স্তূপ নির্ম্মিত হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

# গোতম বুদ্ধ-বংসো। ২৫

১। অহমেতরহি সম্বুদ্ধো গোতমো * সক্যবদ্ধনো,
পধানং পদহিত্বান পত্বা সম্বোধিমুত্তমং। ১২০৮॥

২। ব্রহ্মুনা যাচিতো সন্তো ধম্মচক্কং পবত্তয়িং,
অট্ঠারসন্নং কোটীনং পঠমাভিসময়ো অহূ। ১২০৯॥

৩। ততো পরঞ্চ দেসেন্তে † নরমরূনং সমাগমে,
গণনায় ন বত্তব্বো দুতিয়াভিসময়ো অহূ। ১২১০॥

৪। ইধেবাহং এতরহি ‡ ওবদিস্সামি অত্রজং,
গণনায় ন বত্তব্বো ততিয়াভিসময়ো অহূ। ১২১১॥

---

১। বর্ত্তমান আমি শাক্যকুলবর্দ্ধন গৌতম বুদ্ধ, ধ্যান চর্য্যায় রত থাকিয়া উত্তম সম্বোধি লাভ করিয়াছি।

২। আমি মহাব্রহ্মার দ্বারা প্রার্থিত হইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিয়াছিলাম। তখন আঠার কোটি প্রাণীর প্রথমবারে ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল।

৩। তারপরও দেবমানবের সমাগমে, ধর্ম্মদেশনা করিবার সময়, যত সব প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছিল, তাহা গণনাতীত।

৪। বর্ত্তমানও আমি আমার পুত্রকে উপদেশ দিতেছি। এই তৃতীয় বারেও যে সকল প্রাণীর ধর্ম্মজ্ঞান উৎপন্ন হইয়াছে, তাহা গণনাতীত।

---

* "সক্যপুঙ্গবো" † "নরদেব" ‡ "ওবদিং"



Visit: http://www.buddhistdownload.com

৫। একোসি সন্নিপাতো মে সাবকানং মহেসিনং,
অড্ডতেলস সতানং ভিক্খূনাসি সমাগমো। ১২১২॥

৬। বিরোচমানো বিমলো ভিক্খুসঙ্ঘস্স (ক) মজ্ঝগো,
দদামি পত্থিতং সব্বং মণীব সব্বকামদো। ১২১৩॥

৭। ফলমাকঙ্খমানানং ভবচ্ছন্দ জহেসিনং,
চতুসচ্চ (খ) পকাসেমি অনুকম্পায় পাণিনং। ১২১৪॥

৮। দসবীস সহস্সানং ধম্মাভিসময়ো অহূ,
একদ্বিন্নং অভিসময়ো গণনাতো অসংখিয়ো। ১২১৫॥

৯। বিত্থারিকং বহূ জঞ্ঞং ইদ্ধং ফীতং সুফুল্লিতং,
ইধ মযহং সক্যমুনিনো সাসনং সুবিসোধিতং। ১২১৬॥

---

৫। আমার মহর্ষি শিষ্যগণের একবার মাত্র সম্মিলন হইয়াছিল। তথায় সাড়ে বারশত ভিক্ষু সমাগত হইয়াছিল।

৬। বুদ্ধশ্রীর দ্বারা শোভমান, নির্ম্মল আমি, ভিক্ষু সংঘের মধ্যে সর্ব্ব কামদ চিন্তা মণির তুল্য সমস্ত প্রার্থিত বস্তু বিতরণ করিব।

৭। অর্হৎফল আকাঙ্ক্ষাকারী, ভবতৃষ্ণা ত্যাগ অন্বেষী প্রাণীদের প্রতি অনুকম্পা করিয়া চারি আর্য্যসত্য প্রকাশ করিয়াছি।

৮। একসঙ্গে দশ সহস্র, বিশ সহস্র প্রাণীরও ধর্ম্মজ্ঞান লাভ হইয়াছে। দুই এক জন করিয়া ধর্ম্মজ্ঞান লাভী গণনানুসারে অসংখ্য।

৯। সম্প্রতি আমি শাক্যমুনি, আমার শাসন বিস্তৃত, সার্ব্বজনীন, সমৃদ্ধ, প্রকাশিত এবং সুন্দর রূপে বিশোধিত হইয়াছে।

---

(ক) "মজ্ঝতো" (খ) "পকাসেসিং"



Visit: http://www.buddhistdownload.com

১০। অনাসবা বীতরাগা সন্তচিত্তা সমাহিতা,
ভিক্খূ'নেকসতা সব্বে পরিবারেন্তি মং সদা। ১২১৭ ॥

১১। ইদানি যে এতরহি জহন্তি মানুসং ভবং,
অপ্পত্তমানসা সেখা তে ভিক্খূ বিঞ্ঞূ গরহিতা। ১২১৮ ॥

১২। অরিয়ঞ্জসং থোমযন্তা সদা ধম্মরতা জনা,
বুজ্ঝিস্সন্তি সতিমন্তো সংসার সরিতা নরা। ১২১৯ ॥

১৩। নগরং কপিল বত্থু মে রাজা সুদ্ধোদনো পিতা,
মযহং জনেত্তিকা মাতা মায়াদেবীতি বুচ্চতি। ১২২০ ॥

১৪। একূন তিংস বস্সানি অগারং অজ্ঝহং বসিং,
* রম্মো সুরম্মো সুভকো তয়ো পাসাদমুত্তমা। ১২২১ ॥

---

১০। সমস্ত তৃষ্ণা বিরহিত, রাগবিগত, শান্তচিত্ত ও সমাহিত অনেক শত ভিক্ষু সর্ব্বদা আমাকে আশ্রয় করিয়া বাস করিতেছে।

১১। বর্ত্তমান সময় আমার শাসনে কেহ যদি অর্হত্ব লাভ না করিয়া পৃথুজ্জন অবস্থায় মানবজন্ম ত্যাগ করে অর্থাৎ মরিয়া যায়, তবে সে পণ্ডিত মণ্ডলীর মধ্যে অতিশয় নিন্দিত হইবে।

১২। সর্ব্বদা সদ্ধর্ম্ম-নিরত আর্য্য মার্গের প্রশংসাকারী, জনগণ ও সংসার সাগর উত্তরণের অভিলাষী, স্মৃতিমান নরেরা চতুরার্য্য সত্য বুঝিতে পারিবে।

১৩। আমার জন্মভূমি কপিলবস্তু নগর, পিতা শুদ্ধোদন নামক মহারাজা, আমার জননী মায়াদেবী বলিয়া খ্যাতা।

১৪। আমি ঊনত্রিশ বৎসর গৃহবাসে ছিলাম। রম্মো, সুরম্মো ও সুভকো নামে আমার তিন খানি উত্তম প্রাসাদ ছিল।

---

* "সুচন্দক, কোকনদ, কোঞ্চায়ো" অন্যত্র



Visit: http://www.buddhistdownload.com

১৫। চত্তালীস সহস্সানি নারিয়ো সমলঙ্কতা,
+ যসোধরা নাম নারী রাহুলো নাম অত্রজো। ১২২২ ॥

১৬। নিমিত্তে চতুরো দিস্বা অস্সয়ানেন নিক্খমিং,
ছব্বস্সং পধান চারং অচরিং দুক্করং অহং। ১২২৩ ॥

১৭। বারাণসিয়ং ইসিপতনে চক্কং পবত্তিতং ময়া,
অহং গোতমো সম্বুদ্ধো সরণং সব্বপাণিনং। ১২২৪ ॥

১৮। কোলিতো উপতিস্সো চ দ্বে ভিক্খূ অগ্গসাবকা,
আনন্দো নামুপট্ঠাকো সন্তিকাবচরো মম। ১২২৫ ॥

১৯। খেমা উপ্পলবণ্ণা চ ভিক্খুনী অগ্গসাবিকা,
চিত্তো চ হত্থালবকো পগ্গু পট্ঠাকুপাসকা। ১২২৬ ॥

---

১৫। আমার অলঙ্কার বিভূষিতা চল্লিশ হাজার পরিচারিকা, যশোধরা নাম্নী প্রধানা স্ত্রী ও রাহুল নামক পুত্র ছিল।

১৬। আমি চারি প্রকার নিমিত্ত দেখিয়া, অশ্বারোহণে নিষ্ক্রমণ করতঃ ছয় বৎসর দুষ্কর তপস্যাব্রত পালন করিয়াছিলাম।

১৭। বারাণসীর ঋষিপত্তন মৃগদায় নামক স্থানে, আমার দ্বারা ধর্ম্মচক্র প্রবর্ত্তিত হইয়াছে। আমি সকল প্রাণীর শরণ গৌতম সম্বুদ্ধ।

১৮। কৌলিত ও উপতিষ্য দুইজন ভিক্ষু অগ্রশ্রাবক, আনন্দ নামক ভিক্ষু আমার সহচর সেবক।

১৯। ক্ষেমা ও উৎপলবর্ণা নাম্নী দুইজন ভিক্ষুণী অগ্রশ্রাবিকা, চিত্ত ও হত্থালবক নামে দুইজন আমার অগ্র উপস্থায়ক।

---

+ "ভদ্দ কচ্চানা"



Visit: http://www.buddhistdownload.com

২০। নন্দমাতা চ উত্তরা অগ্‌গুপট্‌ঠিকুপাসিকা,
অহং অস্সত্থমূলম্হি পত্তো সম্বোধি মুত্তমং। ১২২৭॥

২১। ব্যামপ্পভা সদা মযহং সোল্‌স হত্থমুগ্‌গতো,
অপ্পং বস্সসতং আয়ু ইদানেতরহি বিজ্জতি। ১২২৮॥

২২। তাবতা তিট্‌ঠমানো'হং তারেমি জনতং বহুং,
ঠপয়িত্বান ধম্মুক্কং পচ্ছিমং জনবোধনং। ১২২৯॥

২৩। অহম্পি ন চিরস্সেব সদ্ধিং সাবক সংঘতো,
ইধেব পরিণিব্বিস্সং অগ্গিবাহার সঙ্খয়া ১২৩০॥

২৪। তানি চ অতুল তেজানি ইমানি চ দসবলানি,
অয়ং গুণবরং দেহো ছত্তিংস লক্খণাচিতো। ১২৩১॥

২৫। দসদিসা পভাসেত্বা সতরংসী'ব ছপ্পভা,
সব্বা সমন্তরহেস্সন্তি ননুরিত্তা সব্বসংখারাতি। ১২৩২॥

---

২০। উপাসিকা নন্দমাতা ও উত্তরা আমার অগ্র উপস্থায়িকা। আমি অশ্বত্থ বৃক্ষমূলে উত্তম সম্বোধি প্রাপ্ত হইয়াছি।

২১। আমার ব্যামপ্রভা সর্ব্বদা ষোড়শ হস্ত পরিমাণ উদ্গত হয়। আমার পরমায়ু বর্ত্তমান শতবর্ষ হইতে কম চলিতেছে।

২২। আমি তাবৎ কাল জীবিত থাকিয়া, বহু জনতাকে ত্রাণ করিব। অন্তিম ভক্তবৃন্দের প্রবুদ্ধ করণ মানসে ধর্ম্ম-মশাল প্রজ্জলিত করিয়া—

২৩। আমি ও শ্রাবক সংঘ সহ উপাদান বিহীন অগ্নীর ন্যায়, অচিরে এখানেই পরিনির্ব্বাণ প্রাপ্ত হইব।

২৪। অতুল তেজীয়ান অগ্রশ্রাবক যুগল, দশবিধ শারীরিক বল, বত্রিশ প্রকার মহাপুরুষ গুণ বিমণ্ডিত এই দেহ—

২৫। ষড় বর্ণের রশ্মি, দিবাকরের ন্যায় দিগন্ত উদ্ভাসিত করিয়া, সমস্ত অন্তর্হিত হইবে। সমস্ত সংস্কার ধর্ম্ম অনিত্য নহে কি!



Visit: http://www.buddhistdownload.com

# বুদ্ধ পকিণ্ণক কণ্ডং

১। অপরিমেয়্যে ইতো কপ্পে চতুরো আসুং বিনায়কা,
তণ্হঙ্করো মেধঙ্করো অথোপি সরণঙ্করো,
দীপঙ্করো চ সম্বুদ্ধো এককপ্পম্হি তে জিনা। ১২৩৩॥

২। দীপঙ্করস্স অপরেন কোণ্ডঞ্ঞো নাম নায়কো,
একো'ব এককপ্পম্হি তারেসি জনতং বহুং। ১২৩৪॥

৩। দীপঙ্করস্স ভগবতো কোণ্ডঞ্ঞস্স চ সত্থুনো,
এতেসং অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৫॥

৪। কোণ্ডঞ্ঞস্স অপরেন মঙ্গলো নাম নায়কো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৬॥

---

১। এই ভদ্র কল্প হইতে অসংখ্য কল্প অতীতে তণ্হঙ্কর, মেধঙ্কর, শরণঙ্কর ও দীপঙ্কর সম্যক্ সম্বুদ্ধ নামে এক কল্পের মধ্যে সেই চারিজন বিনায়ক জিন, আবির্ভূত হইয়াছিলেন।

২। দীপঙ্কর বুদ্ধের তিরোধানের পর, এক কল্পের মধ্যে কৌণ্ডিণ্য নামক একজন বুদ্ধ উৎপন্ন হইয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৩। ভগবান দীপঙ্কর ও শাস্তা কৌণ্ডিণ্য এই দুইজন বুদ্ধের মধ্যবর্ত্তী অবুদ্ধ কল্প গণনায় অসংখ্য।

৪। কৌণ্ডিণ্য বুদ্ধের পরে, মঙ্গল নামক লোকনায়ক আবির্ভূত হইয়াছিলেন, তাঁহাদের মধ্যবর্ত্তী অবুদ্ধ কাল অসংখ্য কল্প।

F—28



Visit: http://www.buddhistdownload.com

৫। মঙ্গলো চ সুমনো চ রেবতো সোভিতো মুনি,
তেপি বুদ্ধা এককপ্পে চক্খুমন্তা পভঙ্করা। ১২৩৭॥

৬। সোভিতস্স অপরেন অনোমদস্সী মহায়সো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসংখিয়া। ১২৩৮॥

৭। অনোমদস্সী পদুমো নারদো চাপি নায়কো,
তেপি বুদ্ধা এককপ্পে তমন্তকারকা মুনি। ১২৩৯॥

৮। নারদস্স অপরেন পদুমুত্তরো নাম নায়কো,
এককপ্পম্হি উপ্পন্নো তারেসি জনতং বহুং। ১২৪০॥

৯। নারদস্স ভগবতো পদুমুত্তরস্স সত্থুনো,
তেসম্পি অন্তরা কপ্পা গণনাতো অসঙ্খিয়া। ১২৪১॥

১০। কপ্পসত সহস্সম্হি একো আসি মহামুনি,
পদুমুত্তরো লোকবিদূ আহুতীনং পটিগ্গহো। ১২৪২॥

---

৫। চক্ষুষ্মান্ প্রভঙ্কর মঙ্গল, সুমন, রেবত ও সোভিত এই চারিজন বুদ্ধ এক কল্পে অবতীর্ণ হইয়াছিলেন।

৬। সোভিত বুদ্ধের পর, মহাযশস্বী অনোমদর্শী বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন। তাঁহাদেরও মধ্যবর্ত্তী অবুদ্ধকাল অসংখ্য কল্প।

৭। মোহান্ধকার বিনাশকারী লোকনায়ক মুনি, অনোমদর্শী ও নারদ বুদ্ধ এক কল্পে লোকে অবতীর্ণ হইয়াছিলেন।

৮। নারদ বুদ্ধের পর, পদুমুত্তর বুদ্ধ এক কল্পে অবতীর্ণ হইয়া বহু জনতাকে ত্রাণ করিয়াছিলেন।

৯। সেই নারদ ভগবান ও পদুমুত্তর শাস্তার মধ্যবর্ত্তী অবুদ্ধ কাল গণনানুসারে অসংখ্য কল্প।

১০। লক্ষ কল্পের মধ্যে, আহুতি প্রতিগ্রাহক, লোক বিদ্, মহামুনি একমাত্র পদুমুত্তর বুদ্ধ লোকে অবতীর্ণ হইয়াছিলেন।



Visit: http://www.buddhistdownload.com

১১। তিংস কপ্প সহস্সম্হি দুবে * আসুং বিনায়কা,
সুমেধো চ সুজাতো চ ওরসো + পদুমুত্তরা। ১২৪৩॥

১২। ‡ অট্ঠারসে কপ্পসতে তয়ো আসুং বিনায়কা,
পিয়দস্সী অত্থদস্সী ধম্মদস্সী চ নায়কা। ১২৪৪॥

১৩। ওরসো চ সুজাতস্স সম্বুদ্ধা দ্বিপদুত্তমা,
এককপ্পম্হি সম্বুদ্ধা লোকে অপ্পটিপুগ্গলা। ১২৪৫॥

১৪। চতুনবুতে ইতো কপ্পে একো আসি মহামুনি,
সিদ্ধত্থো সো লোকবিদূ সল্লকত্তো অনুত্তরো। ১২৪৬॥

১৫। দ্বেনবুতে ইতো কপ্পে দুবে আসুং বিনায়কা,
তিস্সো ফুস্সো চ সম্বুদ্ধা অসমা অপ্পটিপুগ্গলা। ১১৪৭॥

---

১১। পদুমুত্তর বুদ্ধের পরে, ত্রিশ হাজার কল্পের মধ্যে সুমেধ ও সুজাত নামে দুইজন বিনায়ক বুদ্ধ আবির্ভূত হইয়াছিলেন।

১২। আঠার শত কল্প পরে প্রিয়দর্শী, অর্থদর্শী ও ধর্ম্মদর্শী নামে তিনজন বিনায়ক উৎপন্ন হইয়াছিলেন।

১৩। সুজাত বুদ্ধের অন্তর্দ্ধানের পরে দ্বিপদোত্তম অপ্রতি পুদ্গল সম্বুদ্ধ গণ এক কল্পের মধ্যে আবির্ভূত হইয়াছিলেন।

১৪। এই হইতে চুরানব্বই কল্প অতীতে ক্লেশ ব্রণের শল্য চিকিৎসক অনুত্তর লোকবিদ্ সিদ্ধার্থ নামে একজন মাত্র মহামুনি উৎপন্ন হইয়াছিলেন।

১৫। এই হইতে বিরানব্বই কল্প পূর্ব্বে, অসামান্য অসদৃশ সম্যক্ সম্বুদ্ধ তিস্য ও ফুস্‌স নামে, দুইজন বিনায়ক, জগতে উৎপন্ন হইয়াছিলেন।

---

* "আসুংসু নায়কা" + "পদুমুত্তরো" ‡ "অট্ঠারসে ইতো কপ্পে"



Visit: http://www.buddhistdownload.com

১৬। একনবুতে ইতো কপ্পে বিপস্সী নাম নায়কো
সোপি বুদ্ধো কারুণিকো সত্তে মোচেসি বন্ধনা। ১২৪৮॥

১৭। একতিংসে ইতো কপ্পে দুবে আসুং বিনায়কা,
সিখী চ বেস্সভূ চেব অসমা অপ্পটিপুগ্গলা। ১২৪৯।

১৮। ইমম্হি ভদ্দকে কপ্পে তয়ো আসুং বিনায়কা,
ককুসন্ধো কোণাগমনো কস্সপো চাপি নায়কো। ১২৫০॥

১৯। অহমেতরহি সম্বুদ্ধো মেত্তেয়্যো চাপি হেস্সতি,
এতেপি পঞ্চ বুদ্ধা ধীরা লোকস্স অনুকম্পকা। ১২৫১ ॥

২০। এতেসং ধম্মরাজূনং অঞ্ঞেসং নেক কোটিনং,
আচিক্খিত্বান তং মগ্গং নিব্বুতা তে সসাবকা। ১২৫২ ॥

---

১৬। এই হইতে একান্নব্বই কল্প পূর্ব্বে মহামুনি বিপস্সী বুদ্ধ উৎপন্ন হইয়াছিলেন। সেই কারুণিক বুদ্ধ প্রাণীদিগকে সংসার বন্ধন হইতে মুক্ত করিয়াছিলেন।

১৭। এই হইতে একত্রিশ কল্প পূর্ব্বে অসম অপ্রতিপুদ্গল সিখী ও বেস্সভূ নামে দুইজন লোকনায়ক উৎপন্ন হইয়াছিলেন।

১৮। এই ভদ্রকল্পে ককুসন্ধ, কোনাগমন ও কশ্যপ নায়কসহ তিনজন লোক বিনয়নকারী বুদ্ধ অতীত হইয়া গিয়াছেন।

১৯।২০। বর্ত্তমান সময় আমি সম্যক্‌সম্বুদ্ধ হইয়াছি। ভবিষ্যতে আর্য্য-মিত্র বুদ্ধ উৎপন্ন হইবেন। এই কল্পে লোকানুকম্পাকারী এই পাঁচজন বুদ্ধ। এই ধর্ম্মরাজ বুদ্ধগণ, আরো অনেক কোটি বুদ্ধ, সেই আর্য্যমার্গ নির্দ্দেশ করিয়া স-শ্রাবক নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন।



Visit: http://www.buddhistdownload.com

# ধাতু ভাজনিয় কথা

১। মহা গোতমো জিনবরো কুসিনারামম্হি নিব্বুতো,
ধাতু বিত্থারিকং আসি তেসু তেসু পদেসতো। ১২৫৩॥

২। একো অজাতসত্তুস্স একো বেসালিয়া পুরে,
একো কপিল বত্থুম্হি একো চ অল্লকপ্পকে। ১২৫৪॥

৩। একো চ রামগামম্হি একো চ বেঠদীপকে,
একো পাবেয়্যকে মল্লে একো চ কোসিনারকে। ১২৫৫॥

৪। কুম্ভস্স থূপং কারেসি ব্রাহ্মণো দোণ সব্হয়ো,
অঙ্গার থূপং কারেসুং মোরিয়া তুট্ঠমানসা। ১২৫৬॥

৫। অট্ঠ সারীরিকা থূপা নবমো কুম্ভ চেতিয়ো,
অঙ্গার থূপো দসমো তদা য়েব পতিট্ঠিতো। ১২৫৭॥

---

১। জিনবর মহাগৌতম সম্বুদ্ধ কুশীনগরে মল্লদিগের শালোদ্যানে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন। তাঁহার শারীরিক ধাতু সেই সেই প্রদেশে বিস্তৃত হইয়াছে।

২। রাজা অজাতশত্রু একভাগ, বৈশালী নগরে একভাগ, কপিলবস্তু নগরে একভাগ, আর একভাগ অল্লকপ্পক নামক স্থানে,—

৩। আবার রামগ্রামে একভাগ, একভাগ বেঠদীপকে, একভাগ কুশী নগরে, আর একভাগ মল্লরাজাদের পাবা নগরে নীত হইয়াছে।

৪। দ্রোণ নামক ব্রাহ্মণ কুম্ভস্তূপ নির্ম্মাণ করিয়াছিলেন। মৌর্য্য বংশীয়েরা সন্তুষ্ট চিত্ত হইয়া চিতাভস্মের উপর চৈত্য নির্ম্মাণ করিয়াছিলেন।

৫। শারীরিক ধাতুচৈত্য আটটী, নবম কুম্ভচৈত্য ও দশম অঙ্গার চৈত্য তখনকার সময়ে প্রতিষ্ঠাপিত করা হইয়াছিল।



Visit: http://www.buddhistdownload.com

৬। * একা দাঠা তিদসপুরে একা নাগপুরে অহু,
একা গন্ধার বিসয়ে একা কালিঙ্গ রাজিনো। ১২৫৮ ॥
৭। চত্তালীস সমাদন্তা কেসা লোমা চ সব্বসো,
দেবা হরিংসু একেকং চক্কবাল পরম্পরা। ১২৫৯ ॥
৮। + মধুরায়ং ভগবতো পত্তো দণ্ডঞ্চ চীবরং,
নিবাসনং † কুসঘরে পচ্চত্থরণং কপিলবত্থুয়ে। ১২৬০ ॥

---

৬। বুদ্ধের চল্লিশটি দন্তের মধ্যে একটি ত্রিদশ স্বর্গে, একটি নাগ-লোকে, একটি গান্ধার রাজ্যে, আর একটি কলিঙ্গ রাজার নিকট আছে।

৭। চল্লিশটি দন্ত, কেশ ও লোমাদি সমস্ত দেবতারা চক্রবাল পরম্পরা একেকটি লইয়া গিয়াছেন। (ক)

৮। ভগবানের ভিক্ষাপাত্র, যষ্টি ও পারুপণের চীবর মাধুরাপুরে, পরিধেয় চীবর কুসঘরে, প্রত্যাস্তরণ কপিল পুরে—

---

* (ক) উণ্‌হীসং চতুরো দাঠা অক্‌খকা দ্বে চ ধাতুয়ো,
অসম্ভিন্না ইমা সত্ত সেসা ভিন্নাব ধাতুয়ো।
(খ) মহন্তা মুগ্‌গমত্তা চ মঝি্‌ঝমা ভিন্ন তণ্ডুলা,
খুদ্দকা সাসপমত্তা নানা বণ্ণা চ ধাতুয়ো।
(গ) মহন্তা সুবণ্ন বণ্ণা চ মুত্তা বণ্ণা চ মঝি্‌ঝমা,
খুদ্দকা মকুল বণ্ণা চ সোলস দোণিমত্তিকা।
(ঘ) মহন্তা পঞ্চ নালিয়ো নালিয়ো পঞ্চ মঝি্‌ঝমা,
খুদ্দকা চ ছনালী চ এতা সব্বাপি ধাতুয়ো।
(ঙ) উণ্‌হীসং সীহলে দীপে ব্রহ্মলোকে চ বামকং,
সীহলে দক্‌খিণক্‌খঞ্চ সব্বা পেতা পতিট্‌ঠিতা।

\+ "বজিরায়ং„
† "মকুট পুরে„

(ক) এই বিষয় অর্থকথাতে দৃষ্ট হয় না। অপরাপর গ্রন্থে দেখা যায়। অথচ চিরকাল ইহা সাধারণের মধ্যে সমাদ্রিত হইয়াছে বলিয়া মনে হয়।



Visit: http://www.buddhistdownload.com

৯। পাটলিপুত্ত নগরে করকং কায়বন্ধনং,
চম্পায়মুদকসাটিকা উণ্ণলোমঞ্চ কোসলে। ১২৬১ ॥

১০। কাসাবঞ্চ ব্রহ্মলোকে বেঠনং তিদসে পুরে,
পাসাণকে পদং সেট্ঠং যঞ্চাপি অচ্চুতিপ্পদং;
নিসীদনং অবন্তিপুরে রট্ঠে অত্থরণং তদা। ১২৬২ ॥

১১। অরণি চ মিথিলায়ং বিদেহে পরিস্সাবনং,
বাসি সূচিঘরঞ্চাপি ইন্দপত্তে পুরে তদা। ১২৬৩ ॥

১২। পরিক্খারং অবসেসং জনপদে অপরন্তকে,
পরিভুত্তঞ্চ মুনিনা অকংসু মনুজা তদা। ১২৬৪ ॥

১৩। ধাতু বিত্থারিকং আসি গোতমস্স মহেসিনো,
পাণীনং অনুকম্পায় আহু পোরাণিকা তদাতি। ১২৬৫ ॥

---

৯। জল ছাকনি ও কটিবন্ধনী পাটলিপুত্ত নগরে (পাটনা) স্নানবস্ত্র চম্পানগরে, ঊর্ণালোমীয় বস্ত্র কোশল রাজ্যে—

১০। কাষায় বস্ত্র ব্রহ্মলোকে, শির বেষ্টনী ত্রিদশস্বর্গে, যাহা অচ্চুতিপদ বলিয়া কথিত, সেই শ্রেষ্ঠ-পদ-চিহ্ন পাষাণের উপর, বসিবার আস্তরণ, অবন্তী-পুরে, সাধারণ আস্তরণ কুরুরাজ্যে স্থাপন করা হইয়াছে।

১১। অরণি (আগুন তুলিবার দণ্ড) মিথিলায়, জল ছাকিবার কাপড় বিদেহ নগরে, বাসি ও সূচিঘর ইন্দপত্ত পুরে আছে।

১২। মুনীন্দ্র গৌতম বুদ্ধের ব্যবহার্য্য বস্তু সমূহের মধ্যে অবশিষ্ট সমস্ত অপরন্তক জনপদবাসী মানুষেরা পূজা করিতেছে।

১৩। তখন প্রাণীদের প্রতি অনুগ্রহ করিয়া, মহর্ষি গৌতমের ধাতু সমূহ নানাস্থানে স্থাপন করা হইয়াছে, বলিয়া পৌরাণিকগণ নির্দ্দেশ করিয়া গিয়াছেন।



Visit: http://www.buddhistdownload.com

* গঙ্গায়া নর্মদায়াঃ সিত পুলিনতটে যক্ষ্ তং পাদ চিহ্নং
শৈলে যত্ তুঙ্গ শৃঙ্গে সুমন সুরপতের্ যদ্ গিরৌ সত্যবন্ধে,
যত্ প্রালেয়াদ্রিরাজ্ঞঃ শিরসি সুবিলসদ্যত্ পুরে যাবনেস্থং।
বন্দে তচ্ছুদ্ধ ভক্ত্যা সুরনরমহিতং শাস্তৃ পাদাঙ্ক মগ্র্যম্।

আরব দেশের নর্ম্মদা নদীর তীরে একটি, লঙ্কাদ্বীপে সমন্তকূট পর্ব্বতোপরি একটি, তিব্বতের সমীপবর্ত্তী হিমালয় পর্ব্বতে একটি ব্রহ্মদেশের নিকটবর্ত্তী সত্যবর্দ্ধ পর্ব্বতে একটি ও শ্যাম দেশের সমীপবর্ত্তী যবন রাষ্ট্রে একটি উক্ত পাঁচটি স্থানে বুদ্ধের শ্রীপদচিহ্ন আছে বলিয়া উক্ত শ্লোকের দ্বারা জানা যায়।

## সমাপ্ত।



Visit: http://www.buddhistdownload.com